শ্রীমতী জাহানারা খান : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ার কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন, এই আই.সি.ডি.এস. সেন্টারগুলোতে রান্নার ক্ষেত্রে যেভাবে জ্বালানির দাম দিনের পর দিন বেড়ে চলেছে, যখন আমরা তাদের কাছে প্রায়ই যাই, তখন আমরা দেখেছি প্রায়ই জ্বালানির সমস্যা আছে। কিন্তু বেশ কিছু জেলা তারা আই.সি.ডি.এস. সেন্টারগুলোতে গ্যাসের ব্যবস্থা করেছে। আমি জানতে চাইছি, যে সমস্ত মডেল সেন্টারগুলো আছে সেগুলো খুব ভালো, কিন্তু সেগুলোতে গ্যাসের ব্যবস্থা করার জন্য রাজ্য সরকারের কোনো পরিকল্পনা আছে, থাকলে জানাবেন।

ডাঃ শশী পাঁজা : এটা নিয়ে আমরা ভাবনা চিন্তা করছি। এটা ঠিক, কিছু জেলাগুলোতে তারা গ্যাসের ব্যবস্থা করেছে এবং তাদের কাছ থেকে আমরা সেই মডেলটাও তুলেছি। আমরা পুরোপুরি সারা পশ্চিম বাংলায় যে অঙ্গনওয়ারি সেন্টারগুলো আছে তাদের যদি গ্যাস কানেকশানটা করি তাহলেও তথ্য তুলে একটা বিরাট ফাইনান্সিয়াল ইমপ্লিকেশান রয়েছে, সেই হিসেবটাও করেছি, ওই পর্যায়ে রয়েছে, ভাবনা চিন্তার মধ্যে রয়েছে। হলে তো ভালো হয়, অবশ্যই হয়, পলিউশানের দিক দিয়ে, সব দিক দিয়ে ভালো। কিন্তু ব্যয়সাপেক্ষ, এর কোনো এ্যালটমেন্ট স্কিমে কিন্তু নেই। আপনারা জানেন যে, আই.সি.ডি.এস. স্কিম যেটা ১৯৭৫ সালে শুরু হয়েছে, এই স্কিমে কিন্তু এই গ্যাস কানেকশানের কোনো প্রভিশানই নেই। বর্তমানে যাঁরা সরকারে রয়েছেন, কেন্দ্রীয় সরকার, তাঁরা এবার দ্বিতীয়বার নির্বাচিত হওয়ার পরেও এই বাজেটে এটা নিয়ে কোনো প্রসঙ্গ তোলেননি, উল্লেখও করেননি তাঁরা।

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয়া মন্ত্রীমহোদয়াকে আমার অতিরিক্ত প্রশ্ন, আজকে হাওড়া জেলার বিভিন্ন প্রান্তে আই.সি.ডি.এস. সেন্টার আছে। মায়েরা এবং শিশুরা তাঁরা সেখান থেকে পঠন পাঠন থেকে আরম্ভ করে খাওয়া দাওয়া সব পায়। কিন্তু অনেক জায়গা আছে যেখানে কোনো বাথরুম নেই যার ফলে অনেকে অভিযোগ করছেন আমরা তো অনেক সকালবেলায় আসি, এখানে কোনো বাথরুম নেই, কিছু নেই, তাহলে আমরা কোথায় বাথরুমে যাব। দয়া করে জানাবেন কি এই বাথরুম করার কোনো পরিকল্পনা আছে কিনা।

ডাঃ শশী পাঁজা : পরিকল্পনা আছে এবং কাজও হচ্ছে। যেগুলো দেখবেন, নিজস্ব বাড়ি আছে, সেখানে স্যার এগুলো করার একটা স্কোপ থাকে। নিজস্ব বাড়িতে আমরা এই স্যানিটেশান এবং টয়লেট ফেসিলিটিগুলো করছি। কিন্তু সমস্যা হয়ে যায়, যখন আমরা একটা ভাড়াবাড়িতে থাকি, তখন সেই অনুমোদনটা আমরা পাই না। সেখানে একটা চ্যালেঞ্জ হয়ে দাঁড়াচ্ছে। তাই এই সমস্যাগুলো আপনি দেখছেন। তবে যে শিশু আলয় তৈরি হয়েছে কিংবা চাইল্ড ফ্রেন্ডলি মডেল, যেটা আমরা বালা মডেলে তৈরি করেছি, সেগুলোতে দেখবেন আমরা বাথরুমের প্রভিশান, টয়লেটের প্রভিশানটা রেখেছি।

শ্রী সওকত মোল্লা : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ার কাছে জানতে চাই, দক্ষিণ ২৪ পরগণা জেলার সুন্দরবন অধ্যুষিত এলাকায় এখনও অনেকগুলো গ্রাম আছে, যেখানে কোন ICDS সেন্টার আজও পর্যন্ত হয়নি। যার ফলে বাচ্চা বাচ্চা শিশুদের পড়াশোনার ও খাওয়ার খুব অসুবিধা হচ্ছে। নতুন করে সেইসব এলাকায় ICDS সেন্টার করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

ডাঃ শশী পাঁজা : একটা বিষয় বলে দিই NPR অনুযায়ী যে সেন্টারগুলো অনুমোদিত হয় সেটা ভারত সরকারের পক্ষ থেকে অনুমোদনটা নিতে হয়। অনুমোদিত সেন্টারের সংখ্যাটা হচ্ছে ১,১৯,৪৮০। তার মধ্যে অপারেশানাল আছে ১,১৬,২৮৫। এই গ্যাপটা থেকে যায় কারণ বিভিন্ন জায়গায় রিক্রুটমেন্ট প্রক্রিয়া আটকে রয়েছে সেইজন্য সেন্টার চালাতে অসুবিধা হয়। কিন্তু সেটা একটা আংশিক কারণ, আরেকটি কারণ হচ্ছে সেন্টারগুলি নির্দিষ্টভাবে চাওয়া হয়েছে কিন্তু খোলা হয়নি। সব জেলা মিলিয়ে এই সংখ্যাটা আমি বলছি। এর মধ্যে ২৩১১টি এবং ৭৮০টি নতুন সেন্টার আমরা পেয়েছিলাম গভর্ণমেন্ট অফ ইন্ডিয়ায় পক্ষ থেকে। সেগুলো আমাদের আগে খুলতে হবে, পুরো নম্বরটা আমাকে পূরণ করতে হবে, তারপরে আমাকে নতুন সেন্টার চাইতে হবে। আমরা সমস্ত জেলাগুলোকে নিয়ে বসেছি এবং বলেছি সেন্টার খুলতে। যদি সে না খোলে, তখন তার কাছ থেকে সেগুলো রিফান্ড নিয়ে re-allotment, re-conciliation করতে হবে। আপনি সেন্টারের জন্য জায়গাটা চিহ্নিত করুন, চিহ্নিত করার পরে আমরা সবটাই যে পূরণ করব তা নয়, কিন্তু যে জেলায় সেন্টারের অনুমোদন নিয়েও খুলছে না, তাদের কাছ থেকে নিয়ে আপনাদেরকে আমাকে দিতে হবে।

রাজ্যে সরকারি অনাথ আশ্রম ও আবাসিকের সংখ্যা

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬) **শ্রী জ্যোতির্ময় কর :** নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে রাজ্যে কতগুলি সরকারি অনাথ আশ্রম আছে; এবং

(খ) উক্ত আশ্রমগুলিতে আবাসিকের সংখ্যা কত?

ডাঃ শশী পাঁজা : ক) সরকারী হোম আছে মোট ১৯টি CMCP হোম, আরেকটা গভর্ণমেন্ট রাণ adoption agency।

খ) ছেলে-মেয়ে মিলিয়ে মোট ১৫০৫ জন।

শ্রী জ্যোতির্ময় কর : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন, এই অনাথ কথাটির সংজ্ঞা কি ? কারা কারা অনাথ পর্যায়ে পড়ে এবং একটি অনাথ শিশুর জন্য খাদ্য বা পোশাক বাবদ কত খরচা হয় এবং এই টাকাটা কে দেয় ? এর শেয়ারিংটা কি করে আসে ?

ডাঃ শশী পাঁজা : স্যার, অনাথ অর্থে আমাদের বিভিন্ন ক্যাটিগরির বাচ্চা আসে। একটা হচ্ছে স্যার, child in need of care and protection অর্থাৎ কোন একটা বিষয়ে তার পরিবার থাকতে পারে কিন্তু তার পরিবারের পরিবেশটা ভালো নয়, সেটাও একটা কারণ হতে পারে। কিংবা তার কোন পরিবার নেই। বিভিন্ন children in difficult circumstances যেটাকে বলি। এই রকম অনেক কারণ থাকে, তার জন্য তারা আমাদের হোমস্‌গুলোতে আসে। সেই অর্থে তারা অনাথ, আর আমরা হয়ে যাচ্ছি তাদের কাস্টোডিয়ান। সরকার তাদের দেখাশোনা করবে। এটা গেল এক নম্বর। দ্বিতীয় হল, এই স্কীমটা হল Integrated Child Protection Scheme। আর সদ্য আপনারা দেখেছেন Juvenile Justice Actটাও রিভিশান হয়েছে। এই স্কীমের অন্তর্গত শেয়ারিং প্যাটার্ণটা থাকছে গভর্ণমেন্ট অফ ইন্ডিয়া এবং গভর্ণমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গলের মধ্যে। কিন্তু যেমন ICDS ও ICPS -এ হয়েছে, কেন্দ্রীয় সরকার কিন্তু ক্রমাগতভাবে তার হাতটা গুটিয়ে নিচ্ছে। এটা প্রখর হয়েছে ICDS ও ICPS -এ। আপনি জিজ্ঞাসা করলেন একটি বাচ্চা যখন ভর্তি হয় এই সরকারী হোমেতে তাতে পার হেড, পার মান্থ্ তার জন্য বরাদ্দ হয় ২০৩৩ টাকা, এটা ২০১৮-১৯ সাল থেকে হয়েছে। এর মধ্যে আবার ভাগ রয়েছে - খাবারের জন্য ১৬৩৩ টাকা।

[11:50 a.m. – 12:00 Noon]

আর toiletries fees, bedding ইত্যাদি নিয়ে ৭০০ টাকা। এটা ২০১৫-১৬ সালে দুই হাজার ছিল, আর আগে ছিল ৭৯২টাকা। এই ক্ষেত্রে যেটা আমি sharingএ বলতে চাইছি এবং উল্লেখ করতে চাইছি যে government-run হোমে সেন্ট্রাল শেয়ার ২০১৫-১৬ সালে sharing pattern ছিল সেন্ট্রাল শেয়ার ছিল ৭৫ ভাগ দিত আর স্টেট দিত ২৫ ভাগ। এবার ২০১৫-১৬ সালের পরে এই রেশিওটা পাল্টে এখন Central Government দিচ্ছে ৬০ পার্সেন্ট, আর স্টেটের শেয়ারটা বেড়ে গেছে; এটা হচ্ছে ৪০ পার্সেন্ট।

মিঃ স্পীকার : জ্যোতির্ময়বাবু আপনার সাপ্লিমেন্টারি, আপনি তিনটে পড়ে নিয়েছেন। একটা সাপ্লিমেন্টারিতে তিনটে কোশ্চেন। You put three supplementaries in your first question. উনি ডিটেলস্ উত্তর দিয়ে দিয়েছেন।

শ্রী তন্ময় ভট্টাচার্য : স্যার, জ্যোতির্ময়বাবুর প্রশ্নের পরিপ্রেক্ষিতে একটু আপনার দৃষ্টি আকর্ষণ। দুলাল বরকে আজ সকালে অনাথ করে দিয়েছেন, অনাথ অর্থ দূর করা যায় কিনা ?

আমার নির্দিষ্ট প্রশ্ন যেটা, সেটা হচ্ছে যে অনাথের একটা সংজ্ঞা আছে, যেটা জ্যোতির্ময়বাবুও জানতে চেয়েছেন। আমি রাজ্য সরকারকে বিবেচনা করতে বলব, যে অনাথের আরও একটা নতুন সংজ্ঞা তৈরি হতে পারে কিনা। এতদিন পিতৃ-মাতৃহীনদের অনাথ বলা হত। এখন পিতা-মাতা আছেন সন্তানহীন কারণ অজস্র গোটা পশ্চিম বাংলা জুড়ে সল্ট লেকের সেক্টর ফাইভ, বৃদ্ধ মা-বাবা বাড়িতে আছেন সন্তানরা বাইরে কাজ করতে চলে গেছেন। গোটা পশ্চিম বাংলায় এই রকম কয়েক লক্ষ আছে, সংখ্যাটা কোটির দিকে যাচ্ছে। ফলে অনাথ এই বিবেচনার বোধটাকে পুরোনো ধারণায় রাখবেন না নতুন ধারণায় নিয়ে যাবে, এই ব্যাপারে সরকার কিছু ভাবনা-চিন্তা করবেন কিনা ?

ডাঃ শশী পাঁজা : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, আমরা তো এতক্ষণ শিশুদের নিয়ে কথা বলছিলাম এবং তার definitionটা হচ্ছে under 18। তাহলে সেখাতেন তো এই দায়িত্বটা আসছে না এবং adult ও বৃদ্ধ-বৃদ্ধাদের যে বিষয়টা আছে সেটা সমাজকল্যাণ বিভাগ থেকে আমরা দেখি। সেইগুলো হয়ে গেছে Sr. Citizens, কিংবা old-age homesএর এবং old-age homes এ সেগুলো হচ্ছে এবং old-age homesও, এখানে Government-run একটা, যেমন South Koreaতে আছে। এটা আলাদা প্রশ্ন হয়ে গেছে, তবুও জানি বলে এটার উত্তরটা দিচ্ছি, NGOর অনেক Old-age homes রয়েছে। সেখানে নির্দিষ্টভাবে দেখাশোনা সবটাই করি। সেটা তন্ময়বাবু যে প্রশ্নটা করলেন, যে তাঁরা অনাথ নয় - তাঁরা অনাথ কেন হবেন আমি আপনি আছি, আমরা কি করছি, তাঁরা অনাথ কেন হবেন, আমাদের সমাজের প্রতি একটা দায়িত্ব রয়েছে, আমরা তাঁদের দেখাশোনা করব। তাঁদের একাকিত্বের বিষয়টা আছে, যেটা থেকে তাঁরা বঞ্চিত থাকবেন তাঁদের পাশে আমরা থাকব।

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, আজকে আপনাকে অত্যন্ত ধন্যবাদ। তার কারণ একজন মন্ত্রী গোটা সভাটা চালিয়ে গেলেন। তাছাড়া আর কোন প্রশ্ন আসছে বলে আমার মনে হয় না।

মিঃ স্পীকার : অনেক মন্ত্রী আছেন, এর পরের প্রশ্নটা অন্য মন্ত্রীর হবে। আপনি ছোট করে প্রশ্নটা করুন।

শ্রী মনোজ চক্রবর্তী : হ্যাঁ স্যার, আমি ছোট করেই প্রশ্নটা করব। আপনি খুব দায়িত্ব নিয়ে এই দপ্তরটা চালাচ্ছেন সেটা আমরা সবাই জানি এবং কেন্দ্রীয় সরকার হাত গুটিয়ে নিচ্ছে সেটাও আমি জানি। আপনার কাছে খুব সামান্য জিজ্ঞাস্য, যে MLAরা যেমন ICDSএর Chairman ছিল, ওই মুর্শিদাবাদ জেলায় MLAদের কবে আপনি Chairman করবেন এবং এই ব্যাপারে আপনার কোন পরিকল্পনা আছে কিনা ICDSএর ?

ডাঃ শশী পাঁজা : স্যার, ওখানে District Level Selection Committee তৈরি হয়েছে এবং Chairman, Vice-Chairman আছেন, তাঁদের পক্ষে পুরো জেলাটা চালানোটা হয়তো সম্ভব নাও হতে পারে - block ভিত্তিক তার nominee করে - এটা তো সুন্দর করে একটা

আলোচনার মধ্যে হয়ে যায় স্যার। আমি এই directionটা দেব,.....(নয়েজ)..... আমি কোনদিন by-pass করি না, যেটা নিয়ম সেটা তো মানতে হবে।.....(নয়েজ).... district level selection committee-এর মাধ্যমে দেখুন কত জেলাতে কত সুন্দর কাজ হচ্ছে।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : ধন্যবাদ স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি, ঠিক question নয় একটা অর্ডার, ফেক একটা অর্ডার, কোন কু-চক্র আমাদের মালদা জেলায় ICDS-এর worker নিযুক্ত হবে বলে এবং সেখানে সই করছেন শিব সিংহ, Director of Integrated Child Development Service। অফিস level-এ একটা চিঠি করে বিভিন্ন জায়গা থেকে তিন লক্ষ-চার লক্ষ করে টাকা তুলছে যে worker নিযুক্ত করবে বলে এবং অনেকজন সেখানে চিট হচ্ছে। দয়া করে আপনি এটায় একটু উদ্যোগ দিয়ে যদি সেই কু-চক্রকে ধরার চেষ্টা করেন বা সরকারের পক্ষ থেকে একটা message দেন, তাহলে সাধারণ মানুষ ওই কু-চক্রের হাত থেকে উদ্ধার পাবে। স্যার আমি আপনাকে Whatsapp-এর মাধ্যমে দিয়ে দিচ্ছি, ধন্যবাদ স্যার।

ভাকুড়িয়া-চর এলাকায় "ফ্লাড শেল্টার ভবন" নির্মাণের পরিকল্পনা

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৯২) **শ্রী মোস্তাক আলম ঃ** বিপর্যয় ব্যবস্থাপন ও অসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হরিশচন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের ভাকুড়িয়া-চর এলাকায় বন্যার্ত মানুষের জন্য 'ফ্লাড শেল্টার ভবন' নির্মাণের পরিকল্পনা আছে;

(খ) সত্যি হলে, উক্ত নির্মাণ কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত পরিকল্পনায় বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

শ্রী জাভেদ আহমেদ খান :

(ক) হরিশচন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের ভাকুড়িয়া চর এলাকায় বন্যার্ত মানুষের জন্য ফ্লাড শেল্টার ভবন নির্মাণের কোনও প্রস্তাব এই মুহূর্তে জেলাস্তর থেকে আসেনি।

(খ) প্রাসঙ্গিক নয়।

(গ) প্রাসঙ্গিক নয়।

শ্রী মোস্তাক আলম : স্যার, আমাদের এই ভাকুড়িয়া চর এলাকায় চারটি বুথ আছে। বরাবর ফ্লাড এ্যাফেক্টেড এরিয়ার পিপ্‌ল্‌কে গত ২০১৭ সালে মাননীয় মন্ত্রী মহোদয় নিজেও জানেন ১৬ ই আগস্ট আমি এখানে একটা, স্পীড বোটের জন্য দাবী জানিয়েছিলাম। ২৯ শে আগস্ট আমি রিলিফের কথাও বলেছিলাম। গভর্নমেন্ট থেকে প্রতিবার রিভার সাইডে মহানন্দা এমব্যাঙ্কমেন্টে রিভার সাইডে মানুষ যে বরাবর এ্যাফেক্টেড হচ্ছে, তাতে সরকারের অনেক খরচ হচ্ছে। যদি এখানে একটা ফ্লাড সেন্টার না করা হয়, তাহলে দেখা যাচ্ছে সরকারের যে খরচ হচ্ছে, সেই

খরচটাকে মেটানোর জন্য আমি মনে করি, এটা কেন ভাবনার মধ্যে আসছে না, এটা মাননীয় মন্ত্রীর কাছ থেকে জানতে চাইছি। কেনইবা সরকার ডি.এম.-এর মাধ্যম দিয়ে, বি ডি ও -র মধ্য দিয়ে হচ্ছে, প্রস্তাবটা কেনইবা ওনারা নিতে চাইছেন না ?

শ্রী জাভেদ আহমেদ খান : ধন্যবাদ আপনাকে জানাই, আপনি এখানে যেমন প্রস্তাবটা এখানে এনেছেন, আপনি বলেছেন, সেই রকমই আমি আপনাকে বলব লিখিতভাবে আমাকে জানাবেন এবং তার সঙ্গে ডি. এম. -এর কাছে দেবেন, নিশ্চয়ই আমরা খুঁটিয়ে দেখব। যেগুলো প্রয়োজন হবে, সেগুলো করার চেষ্টা করব, সময় বিবেচনা করা হবে।

শ্রী মোস্তাক আলম : ইতিমধ্যে জেলার অন্যত্র যে ফ্লাড সেন্টারগুলো হয়েছে, সেগুলো মেইনটেনেন্সের দায়িত্ব কার ওপর দেওয়া হয়েছে ?

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, এটার মধ্যে অনেকগুলো ভাগ আছে। কিছু ফ্লাড সেন্টার এখনও যেটা আমাদের অধীনে আছে, পি. ডব্লু. ডি.-কে হ্যান্ড ওভার করা হয় নি সেটা আমরাই মেইনটেনেন্স করছি। কিছুটা পি.ডব্লু.ডি.-র যেটা এনলিস্টেড হয়েছে, রেজিস্ট্রারের মধ্যে আছে, তারা করছে। যদি বিশেষ কোন আইডেন্টিফাই থাকে মেইনটেনন্সের জন্য, লিখে দেবেন, আমরা নিশ্চয়ই সেটা দেখে নেব।

শ্রী মোস্তাক আলম : ওল্ড মালদায় কিছু ফ্লাড সেন্টার হয়েছে। দুর্ভাগ্যের বিষয় ২০১৭ সালে হয়েছে, সেই সময় ফ্লাড হয়েছিল, আজ পর্যন্ত তালাও খোলা হয় নি। এটা কোন সংস্থা গভর্নমেন্ট আন্ডারটেকিং সংস্থা থেকে রেগুলার যদি বিল্ডিংটা অন্ততঃ খোলা না হয়, আর যদি ব্যবহার হয়, তাহলে একটা সোর্স অফ্ ইনকাম হয় এবং তার ম্যানেজমেন্টও ঠিকঠাক থাকে। ২০১৭ সাল থেকে বন্ধ করে রাখা হয়েছে। তাহলে তো লাভ হবে না। বিল্ডিংটা নষ্ট হয়ে যাবে। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী জাভেদ আহমেদ খান : আপনি বলেছেন, আমার নজরে রয়েছে, আমি নিশ্চয়ই দেখব।

শ্রী ভুপেন্দ্রনাথ হালদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে আমার একটা অতিরিক্ত প্রশ্ন - ফ্লাড সেন্টারগুলো করার জন্য যে ফান্ড চিহ্নিত করা হয়েছে এবং ওয়ার্ক অর্ডার হয়েছে, ওয়ার্ক অর্ডার করার পর দেখা যাচ্ছে যে জায়গায় কাজটা হবে, সেখানে বন্যার জল আসছে। সেই ওয়ার্ক অফ অর্ডারটাকে বন্ধ করে যে জায়গায় জল আসবে না, সেখানে ফ্লাড সেন্টার করলে ফ্লাড এ্যাফেক্টেড মানুষগুলোকে নিয়ে এসে রাখা যাবে। যদি ওয়ার্ক অর্ডার হয়ে থাকে, সেই ওয়ার্ক অফ অর্ডার বাদ দিয়ে, জলা জায়গায় কাজ করা বাদ দিয়ে ডাঙ্গা জায়গায় করা যাবে কিনা, সেটা যদি একটু বলেন।

শ্রী জাভেদ আহমেদ খান : খুব ভাল প্রশ্ন আপনি রেখেছেন এবং এটাই নিয়ম। ফ্লাড সেন্টার করবার উদ্দেশ্য হচ্ছে, হাইল্যান্ড এবং যাতে খুব কাছাকাছি হয়। মানুষকে উদ্ধার করে

সেখানে রাখা হয়। এই রকম যদি স্পেশিফিক কিছু থাকে, যেখানে জল জমে এবং ফ্লাডের জল থাকে, সেখানে ফ্লাড সেন্টার করার চেয়ে আপনাকে বলব, ইমিডিয়েট আমাকে জানাবেন, আমরা সেটা বন্ধ করে অন্য জায়গায় করার চেষ্টা করব।

[12:00 Noon – 12:10 p.m.]

Shri Ram Sankar Halder : ধন্যবাদ স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আপনার মাধ্যমে আমার প্রশ্ন যে, ১৯৮১ সালে একটা নোনা-বন্যা হয়েছিল দক্ষিণ চব্বিশ পরগণায়। ঐ সময় কেন্দ্রীয় সরকারের দেওয়া টাকাতে কিছু ফ্লাড্ সেন্টার হয়েছিল। আমার দক্ষিণ চব্বিশ পরগণা জেলায় বহু ফ্লাড সেন্টার পুরনো এবং সেগুলো খুব খারাপ অবস্থায় আছে। আমার বিধানসভা এলাকায় কয়েকটা এমন আছে যেগুলোর বারান্দা ঝুলছে। সেগুলো খুব খারাপ অবস্থায় আছে। তারপরে ২০১৭ সালে আয়লার পরে যেগুলো হয়েছে সেগুলো ঐখানেই ওর পাশেই হয়েছে। সেগুলোরও অবস্থা খুব খারাপ। যে কোন সময় এ্যাক্সিডেন্ট হয়ে যেতে পারে। পথচলতি রাস্তার কাছে আছে। এই সব পুরনো ফ্লাড্ সেন্টারগুলো আপনি ডেসট্রয় করা বা এ করার কোন পরিকল্পনা আছে কি?

Shri Javen Ahmed Khan : মাননীয় সদস্যকে জানাই, উনি ঠিকই বলেছেন। অনেকগুলো ফ্লাড সেন্টার দেখাশোনার অভাবে খারাপ অবস্থায় আছে। আমরা অলরেডি প্রত্যেকটি জেলায়, প্রত্যেকটি ব্লকে যেখানে যেখানে আছে স্ট্যাটাস রিপোর্ট-টা চেয়েছি এবং যেগুলো রিপেয়ার হতে পারবে না, যেগুলো সারানো যাবে না সেগুলোকে condemned declare করার পদ্ধতি আছে, সিস্টেম আছে তার মাধ্যমে সেটা পরে আমরা demolish করার ব্যবস্থা করবো। এবং নতুনগুলোর যাতে maintenance হয় তার জন্য একটি কমিটি করেছি। প্রত্যেকটা সেটা flood shelter হোক relief home হোক সেইসব জায়গায় কমিটি হবে এবং তারা দেখাশোনা করবে। এবং তার জন্য ফান্ডও দেওয়া হবে।

Starred Questions

(to which answer was laid on the 'Table')

"কন্যাশ্রী প্রকল্পে সাহায্য প্রাপকের সংখ্যা"

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৯) **শ্রী আব্দুল খালেক মোল্লা ঃ** নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে রাজ্যে কন্যাশ্রী প্রকল্পে সাহায্য প্রাপ্তের সংখ্যা কত (জেলাওয়াড়ি হিসেব সহ)?

নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া :

৩১ শে জুলাই, ২০১৯ সাপেক্ষে মোট ৫৬,২৬,৫৮৯ (ছাপ্পান্ন লক্ষ ছাবিবশ হাজার পাঁচশত ঊননব্বই) জন কন্যাশ্রী আবেদনকারী ছাত্রীকে অনুমোদন করা হয়েছে যার জেলাওয়াড়ি তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রমিক সং	জেলা	অনুমোদিত ছাত্রীর সংখ্যা
১	আলিপুরদুয়ার	৬৬১৬৭
২	বাঁকুড়া	২৪৬৩৮২
৩	বর্ধমান পশ্চিম	৩৬৯৯৫
৪	বর্ধমান পূর্ব	৩৬৬৮৬৯
৫	বীরভূম	২১৮৯৬৪
৬	কোচবিহার	২০২৩২৫
৭	দক্ষিণ দিনাজপুর	১১৮৪৩১
৮	দার্জিলিং	৩২১৯৮
৯	হুগলী	৩১৯২৩৭
১০	হাওড়া	২৬০২৭১
১১	জলপাইগুড়ি	১৮৯৮৮৯
১২	ঝাড়গ্রাম	১৮৮২২
১৩	কালিম্পং	৫৩০৯
১৪	কলকাতা	১৩৯১১৬
১৫	মালদা	৩১০১০৩
১৬	মুর্শিদাবাদ	৫০৮৯৮৩
১৭	নদিয়া	৩৬১৮২০
১৮	উত্তর ২৪ পরগণা	৫৩৭৫৬৬
১৯	পশ্চিম মেদিনীপুর	৩৬৫২৭৭
২০	পূর্ব মেদিনীপুর	৩৩৪৮৬১
২১	পুরুলিয়া	১৮৭৭৭৬
২২	শিলিগুড়ি	৬২১০৪
২৩	দক্ষিণ ২৪ পরগণা	৫১১৬০৭
২৪	উত্তর দিনাজপুর	২২৫৫১৭
	মোট	৫৬২৬৫৮৯

Held Over Starred Questions

(to which answers were held over)

রাজ্যে নির্মিত নতুন বিদ্যালয় ভবন, রান্নাঘর ও খাবার ঘরের সংখ্যা

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫) শ্রী সমীর কুমার জানা ঃ বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে রাজ্যে মোট কতগুলি নতুন বিদ্যালয় ভবন, কতগুলি রান্নাঘর ও কতগুলি খাবার ঘর নির্মিত হয়েছে; এবং

(খ) উক্ত নির্মাণে ব্যয়িত অর্থের পরিমাণ কত?

পড়ুয়াদের সময়সীমা বৃদ্ধি

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২০৪) শ্রীমতী রমা বিশ্বাস ঃ বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কেন্দ্রীয় শিক্ষানীতিতে পড়ুয়াদের সময়সীমা বৃদ্ধির যে সুপারিশ আছে সেই বিষয়ে রাজ্য সরকারের ভূমিকা কীরূপ?

Mr. Speaker : Question Hour is over.

Adjournment Motion

Shri Abdul Mannan : স্যার, B.A. Committee-র মিটিং-এ গিয়ে আমাদের অনারেবল member-রা আপনার সামনেই বলেছিলেন - পরিষদীয় মন্ত্রীও ছিলেন, সবাই ছিলেন - যে আমরা adjournment মোশান একটাই নেব আলোচনার জন্য। এটা একটা convention, এটা একটা tradition আমরা সমস্ত সরকার পক্ষ, বিরোধী পক্ষ যখন B.A. Committee-তে থাকি, তারা বসে আলোচনার মধ্য দিয়ে আমরা ঠিক করি যে, ক'বে এটা হবে, concerned মন্ত্রীও থাকবেন। কথা না দিলেও আমরা একটা ইঙ্গিত পেয়েছিলাম যে, সোমবার দিনই হবে। সোমবার মন্ত্রীরা থাকবেন। আমরা বলেছিলাম যে, Chief Minister ব্যস্ত থাকবেন, State Minister-ই আমাদের উত্তর দেবেন বা পরিষদীয় মন্ত্রী উত্তর দেবেন, তাতেই হবে। আজকে দেখতে পাচ্ছি, দু'জনের কেউই নেই। তাই আমার মনে হয় যে, আজকে এটা দেব না। কালকে অথবা পরশু আপনার সঙ্গে আর একবার কথা বলে নিয়ে আমরা সেই দিনই adjournment motion দেব। আমরা বলছি, যদি এরপরে আমরা indication না পাই তাহলে অন্য ব্যবস্থা নেওয়ার কথা ভাববো। আমরা সহযোগিতা করছি, আপনিও সহযোগিতা করছেন আমাদের কাছে। আমাদের বক্তব্য যদি না রাখতে পারি সেটা খুব অসুবিধা হবে। Dengu নিয়ে আমরা adjournment motion চাই, তা না হলে আমরা বিকল্প অন্য কোন কিছু নিতে বাধ্য হব। আজকে সেই জন্য

আমি withdraw করে নিচ্ছি। আমরা এরপরে আপনার সঙ্গে কথা বলে নিয়ে adjournment motion দেব, thank you.

Mr. Speaker : Adjournment Motion stands withdrawn.

Calling Attention

Mr. Speaker : Today, I have received three(3) notices of Calling Attention on the following subjects, namely.

Mr. Speaker : ১ নম্বরটা যাবে না। Number one(1) will not go.

	Subject	Name
i)	Reported incident of damage of some Buildings at Boubazar over Metro tunnel on 31st August, 2019	: Shri Asit Mitra
ii)	Urge for development of drainage system at Sarisha Gram Panchayat area under Diamond Harbour Assembly Constituency.	: Shri Dipak Kumar Halder

I have selected the notice of Shri Dipak Kumar Halder on the subject of Urge for development of drainage system at Sarisha Gram Panchayat under Diamond Harbour Assembly Constituency.

The Minister-in-charge may please make a statement , if possible or give a date.

Shri Sovandeb Chattopadhyay : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলছি যে, দপ্তরের মন্ত্রীকে আমি জানিয়ে দেব যাতে এই বিধানসভার মধ্যেই এর উত্তরটা আপনাকে দিয়ে দেওয়া হয়।

MENTION CASES

Smt. Jahanara Khan : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২০১৪ সালে ৭ই মে রাজ্যের গৃহ পরিচারিকাদের পথ চলা শুরু। বর্তমানে সাতটি জেলায় ৬ হাজার ১৩৪জন সদস্য আছে। গত ২৮শে মে, ২০১৮ পশ্চিমবঙ্গ গৃহ পরিচারিকা সমিতি ট্রেড ইউনিয়ন স্বীকৃতি পায়। বর্তমানে রাজ্য সরকার গৃহ পরিচারিকাদের জন্য দক্ষতার বৃদ্ধির প্রশিক্ষণ শুরু করেছে। এই হাজার হাজার গৃহ পরিচারিকাদের কাজকে নিরাপদ, সুনিশ্চিত এবং নির্দিষ্ট রোজগারের পথকে সুগম করার জন্য কিছু দাবী জানাই। গৃহ পরিচারিকাদের জন্য

একটি পূর্ণাঙ্গ আইন তৈরির অনুরোধ জানাই। বিশেষত ওয়েলফেয়ার বোর্ডের ন্যূনতম মজুরি, নির্দিষ্ট চুক্তি, মাসে চারদিন এবং বছরে দশদিন সবেতনে ছুটি। সরকারি নির্দেশনামা অনুসারে মাতৃত্বকালীন সবেতনে ছুটি এবং ৫৫ বছর বয়সে বার্ধক্যকালীন পেনশানের জন্য অনুরোধ জানাচ্ছি।

গৃহ পরিচারিকাদের নিয়োগ করার ক্ষেত্রে আয়া সেন্টারগুলোর সক্রিয় কাজ-কর্মকে সরকারের নির্দিষ্ট নিয়ম-নীতির আওতায় আনার অনুরোধ জানাচ্ছি। রাজ্যে গৃহ পরিচারিকাদের জন্য ওয়েল ফেয়ার বোর্ড গঠন করা খুবই জরুরী। পরিচারিকাদের সন্তানদের জন্য ক্রেশের ব্যবস্থা করা অত্যন্ত জরুরী।

শ্রী রুনু দত্ত : স্যার, রানীগঞ্জ বিধানসভা এলাকায় ব্যাপকভাবে অবৈধ কয়লা খনি চলছে যা ইতিপূর্বে বহুবার বলা হয়েছে কিন্তু কোন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়নি। এলাকার পুকুর জোর করে দখল করে অবৈধ কয়লা খাদান করছে। পুকুর এলাকার মহিলারা, সাধারণ মানুষ নানাভাবে ব্যবহার করে। এলাকার মানুষ খুব অসুবিধার মধ্যে আছে। এলাকার চাষের জমি জোর করে দখল করে উচ্ছেদ করে কয়লা খাদান করছে। ভুক্তভোগী এই জেলার মানুষ। শাসকদলের মদতে এবং পুলিশের সহযোগিতায় সর্বস্তরে এই অভিযান চলছে। লিখিতভাবে এলাকার মানুষ বিভিন্ন জায়গায় জানিয়েছে, প্রশাসনেও জানানো হয়েছে। তা সত্ত্বেও কোন কিছু করা হচ্ছে না এবং আটকানো হচ্ছে না। আমার হরিশপুর এলাকায় ধান্যাডিহি গ্রাম, বক্তারনগর গ্রাম, মঙ্গলপুর গ্রাম, দক্ষিণখন্ড – এইসব জায়গায় প্রতিদিন কৃষিজমি এবং পুকুরকে কেটে কয়লা তোলা হচ্ছে। রাজ্য সরকারের মদতে দেশের অন্যতম গুরুত্বপূর্ণ সম্পদ কয়লা লুঠ করা হচ্ছে। রাজ্যের রয়ালটি মার খাচ্ছে। অন্যদিকে স্যার, কেন্দ্রীয় সরকার নানা রকম নীতি প্রয়োগ করে দেশের সমস্ত সম্পদ বিক্রি করে দিতে চলেছে। কয়লা ক্ষেত্রে ১০০ শতাংশ FDI-সহ নানাভাবে দেশের সম্পদ বিক্রি করে দেওয়া হচ্ছে। একদিকে কেন্দ্রীয় সরকার, অন্যদিকে রাজ্য সরকার ..... (এই সময় বক্তার মাইক বন্ধ হয়ে যায়।) ....

মিঃ স্পীকার : আপনি দিলেন এক আর বলছেন আরেক। আপনি সাবজেক্টের বাইরে। গিয়ে কয়লাখনি নিয়ে বলতে শুরু করলেন। রুনু দত্ত, আপনি দিয়েছেন 'ব্যক্তিগত কৃষিজমি ও পুকুর জোরপূর্বক দখল'। এখানে কয়লা নিয়ে কোথায় উল্লেখ করা আছে ? 'কয়লা' বলে কোন শব্দ নেই। এখানে কয়লা খাদান সম্বন্ধে একটাও শব্দ নেই। অথচ আপনি কয়লা খাদান নিয়ে বলে যাচ্ছেন। দেখে বলবেন তো ! ... (নয়েজ) ...দেখে যান যেটা দিয়েছেন।

শ্রী সুজিত চক্রবর্তী : রাজ্য সরকারের ঘোষিত নীতি অনুযায়ী ২০১৯ সালে যাঁরা মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিকে 60-65% নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছেন তাঁরা স্কলারসীপের জন্য দূরদূরান্তের বিভিন্ন গ্রাম থেকে নবান্নতে আবেদনপত্র জমা দিচ্ছেন। গত বছর এই আবেদনপত্র জমা দেওয়ার সময় কম্পিউটার receipt দেওয়া হচ্ছিল ; আবেদন-টা রিসিভ করা হয়েছে বলে। কিন্তু এবারে সারাদিন ধরে লাইনে দাঁড়িয়ে থেকে ছাত্রছাত্রীদের কোন রকম receipt কিছু দেওয়া হচ্ছেনা।

সেই কারণে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি এই বিষয়টা কী? এটা কী ভবিষ্যতে ছাত্রছাত্রীদের সাথে প্রতারণা হতে পারে? এটাই আমি জানতে চাইছি।

শ্রী অজিত রায় : স্যার, আপনার মাধ্যমে আমি সভায় একটা গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। সোনামুখী বিধানসভার ইছারিয়া হতে সোনামুখী , বদলহাটি থেকে রাধামোহনপুর এবং ধানসিমলা রেলগেট থেকে কুন্দ- পুষ্করিণী পর্যন্ত নতুন রাস্তা যা প্রধানমন্ত্রী সড়ক যোজনায় হচ্ছে তাতে কর্তৃপক্ষের যে ধরনের নজরদারী থাকা প্রয়োজন তা একেবারেই নেই। ফলে রূপায়ণকারী সংস্থা তার নিজের খেয়ালখুশী মতো কাজ করছে এবং রাস্তার কাজ খুব নিম্নমানের হচ্ছে। তাই কাজটি যাতে সঠিক ভাবে রূপায়িত হয় তা দেখার জন্য আমি সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী প্রদীপ কুমার সাহা : স্যার, আমরা দেখছি আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন প্রাণী সম্পদ বিকাশের জন্য গরু দেবেন এবং প্রাণী সম্পদ বিকাশ দপ্তর হাঁস, মুরগী পালনের ক্ষেত্রে গ্রামে গ্রামে তা বন্টন করছে।

[12:10 – 12:20 p.m.]

কিন্তু বিষয়টা হচ্ছে এগুলো দেখভাল করবে কে? আমাদের রাজ্যের Livestock Development Assistant তার পোস্ট আছে 3358 টি। এই মুহূর্তে কাজ করছেন 688 জন। 2670 টি পোস্ট ভ্যাকেন্ট। স্যার, আমাদের রাজ্যে তিন বছরে 1260 জন পাশ করে বসে আছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে একথা বলতে চাইছি শুধু Livestock Development Assistant নয়, এই দপ্তরে অসংখ্য পদ শূন্য হয়ে পড়ে আছে। তাহলে সরকার যে চেষ্টা করছেন প্রাণী সম্পদ বিকাশ ঘটাবেন, ঘটানোটা কিভাবে যাবে? শুধু কি এই কিছু দান করলেই রক্ষণাবেক্ষণের ক্ষেত্রটা দেখা যাবে? আমরা ঠিকঠাক করতে পারবো? তাই বিভিন্ন পোস্টে অবিলম্বে নিয়োগ করার আমি দাবি জানাচ্ছি।

শ্রী দীপক কুমার হালদার : ধন্যবাদ আপনাকে স্যার। ডায়মন্ড হারবারে পৌরসভা থেকে সরিষা হাট পর্যন্ত যানজটে বিপর্যস্ত। প্রতিদিন মানুষের জীবনযাত্রা ব্যাহত হচ্ছে। এই সাত আট কিলোমিটার যাতায়াত করতে প্রায় এক ঘণ্টা থেকে দেড় ঘণ্টা সময় লেগে যাচ্ছে। সে কারণে পরিবহন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই অবিলম্বে যাতে যানজট নিয়ন্ত্রণ হয় এবং ডায়মন্ড হারবার স্টেশনে একটি বাস স্ট্যান্ড যাতে নির্মিত হয় সে ব্যাপারে উদ্যোগ নেওয়ার জন্য অনুরোধ রাখছি। তার কারণ ডায়মন্ড হারবার স্টেশন রোডে জায়গা দেওয়া সম্ভব। ধন্যবাদ।

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের দানেশ শেখ লেন থেকে আপ টু হাঁসখালি পোল প্রায় এক বছর হয়ে গেল, সেই রাস্তা খোঁড়া হয়েছিল, পাইপ লাইন গিয়েছিল। স্যার অত্যন্ত ভাইটাল রাস্তা

যেখান দিয়ে হাজার হাজার গাড়ি পাশ করে, সেখান দিয়ে যাতায়াত করে। সেই জায়গাতে আজ পর্যন্ত মুখে বলা হচ্ছে হবে হবে, আমি পি.ডব্লউ.ডি.র এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারের সঙ্গেও দেখা করেছি। আপনারা পাইপ লাইনের জন্য রাস্তা খুঁড়লেন; তারপরে রাস্তাটা কবে তৈরি হবে? মাঝে মাঝে একটা ঝামা ঘসে দিচ্ছে, ইট ফেলে দিচ্ছে হয়ে যাচ্ছে। রাস্তাটি না হওয়ায় যখন তখন বড় বড় অ্যাক্সিডেন্ট হচ্ছে, বহু ছেলে মেয়েরও ক্ষতি হচ্ছে স্যার। ঠিক সময়ে অফিসযাত্রীরা অফিস যেতে পারছে না স্যার। এই রাস্তাটি যাতে তাড়াতাড়ি তৈরি করা হয় তার ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী আব্দুল খালেক মোল্লা : মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী ও মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্যের দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে বক্তব্য রাখছি। স্যার, আমার মেটিয়াবুরুজ বিধানসভা কেন্দ্রে মেটিয়াবুরুজ সুপার স্পেশালিটি হাসপাতাল আছে যেখানে প্রত্যেকদিন প্রায় ৪ হাজার পেশেন্ট আউটডোরে আসেন এবং তিনশো থেকে চারশো পেশেন্ট ইন্ডোরে আসেন। স্যার, ডাক্তারের অভাবে চিকিৎসার কাজ দারুণভাবে ব্যাহত হচ্ছে। তাই আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীদের কাছে আমি অনুরোধ করছি অবিলম্বে একজন ফিজিসিয়ান, একজন সার্জেন এবং একজন। Anaesthetist দেওয়ার জন্য আপনার মাধ্যমে অনুরোধ করছি।

Dr. Rohit Sharma : Hon'ble Sir, I would like to point out one important issue regarding GTA (Gorkhaland Territorial Administration). Sir, GTA is totally manned by paybanned employees. There are around 3000 paybanned employees working there and apart from that in the Health Department there are around 500 paybanned employees. They are neither contractual nor casual employees. They are in a peculiar situation. So I would like to know whether the Government has any plan to regularise these paybanned employees in GTA. Thank You Sir.

মিঃ স্পিকার : মান্নান সাহেব আপনি যেটা দিয়েছেন এটা পুলিশ তদন্তে রয়েছে। কালকের আমাদের একজন মাননীয় সাংসদ সম্পর্কে যে ঘটনা কাগজে রিপোর্টেড হয়েছে। এটা নিয়ে তো পুলিশ তদন্ত চলছে। এটা নিয়ে আর কি বলবেন।

শ্রী আব্দুল মান্নান : আমি স্যার, তদন্তে ব্যহত হবে এমন কিছু আমি বলবো না। যে মর্মান্তিক ঘটনাগুলো ঘটছে ২০১৯ সালের লোকসভা ইলেকশানের পরে কেন্দ্রের শাসক দল সারা রাজ্যে....

মিঃ স্পিকার : আমি একটা কথা বলি, মেনশানে আপনি এত বলতে পারবেন না। মেনশানের স্পিরিটে স্পেশিফিক ওটার সম্বন্ধে প্রিসাইসলি বলুন। আপনি এত ব্যাক গ্রাউন্ড বলতে পারবেন না।

শ্রী আব্দুল মান্নান : কালকে ব্যারাকপুরে যে ঘটনা ঘটেছে, শুধু ব্যারাকপুরে নয় এই রকম ঘটনা গোটা রাজ্যে ঘটছে। একটা রাজ্যের আইন শৃঙ্খলার প্রচণ্ড অবনতি ঘটিয়ে কেন্দ্রের শাসক দল সুবিধা নেওয়ার জন্য একটা চক্রান্ত করছে স্যার। এই ঘটনাগুলো খুব বিচ্ছিন্নভাবে ঘটনা নয়। কে কি দোষ করেছেন সেটাতে আমি যাচ্ছি না। এই যে লাগাতার এই ঘটনাগুলো ঘটছে, ব্যারাকপুরে কাল যা ঘটেছে, আরো অন্যান্য জায়গায় যে ঘটনাগুলো ঘটছে, আমাদের জেলাতেও ঘটেছে, সব জায়গাতে - স্যার,এই যে ঘটনাগুলো ঘটছে এটা আমাদের পক্ষে খুবই উদ্বেগের বিষয়। এটা শুধু শাসকদল কে আছেন সেটা বড় কথা নয়, মানুষ আজ আতঙ্কিত। নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে স্যার। তারা একটা আতঙ্কের মধ্যে রয়েছে। আমি সেটা উল্লেখ করতে চাইছি। সরকারকে বলবো এই ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার জন্য - শুধু ব্যারাকপুর নয় সর্বত্র, এই চক্রান্ত হচ্ছে রাজ্যের আইন শৃঙ্খলার অবনতি ঘটানোর।

শ্রী শেখ ইব্রাহিম আলি : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সেচ ও জলপথ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমার পাঁশকুড়া পূর্ব বিধানসভার অন্তর্গত কোলাঘাট ব্লকে রূপনারায়ণ নদীর পশ্চিমপাড় কোলাঘাট রেলব্রিজ থেকে দেনান পর্যন্ত প্রায় ১৫০ মিটার রাস্তা নদীবাঁধ বসে গেছে। হাজার হাজার মানুষ ওই রাস্তা দিয়ে চলাফেরা করে। বর্তমানে কোন গাড়ি ট্রেকার থেকে টোটো চলাফেরা করতে পারছে না। অতি দ্রুত যাতে বাঁধ মেরামত করা হয় তার জন্য অনুরোধ করছি।

শ্রী মানস মুখার্জী : (অনুপস্থিত)

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যে একটা জরুরী বিষয়ে - আমি রাজ্যের বাইরে যেতে পারছি না কারণ আমার এক্তিয়ার নেই। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই বিষয়ে যে, NRC -র যে ভয়াবহ সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন তার ফলে আসামে তো ঘটছে, সারা পশ্চিমবাংলা সহ অন্যান্য জায়গায়, সীমান্তবর্তী এলাকায় চরম হতাশা দেখা দিয়েছে।

মিঃ স্পিকার : আপনি মেনশানের স্পিরিটে বলবেন, এটা জেনারেল বক্তৃতা নয়।

শ্রী অসিত মিত্র : আমি বলছি স্যার, আমাদের পশ্চিম বাংলার যে অধিবাসীরা আছেন তাঁরা শঙ্কিত হয়ে যাচ্ছেন। ওখানে ২৯ লক্ষ যাচ্ছে না, ১৯ লক্ষ যাচ্ছে তার পরবর্তী পর্যায়ে আমাদের এখানকার মানুষ যাঁরা ওপার বাংলা থেকে এখানে এসেছেন অথবা অন্য রাজ্য থেকে এসেছেন তাঁদের যে কোন ভাবেই হোক না কেন তাঁরা আতঙ্কিত হয়ে পড়ছেন। এই NRC যদি চলে তাহলে, তাঁদের চিরকালের জন্য অন্য জায়গায় চলে যেতে বাধ্য হতে হবে। তাই স্যার, আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের যে চরম মানুষের বিরুদ্ধে সিদ্ধান্ত, সেই সিদ্ধান্তের বিরোধিতা করছি এবং অবিলম্বে কেন্দ্রীয় সরকারকে এটা প্রত্যাহার করতে বলছি।

জিরো আওয়ার

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, আপনাকে ধন্যবাদ আপনি জিরো আওয়ারে বলবার সুযোগ দিয়েছেন। অত্যন্ত জরুরী প্রসঙ্গ আমাদের রাজ্যের বটে। আমি বলবো শুধু বাংলাভাষী মানুষ বলে কথা নয়, ১৯ লক্ষ মানুষের নাম ফাইনাল লিস্ট থেকে বাদ।

[12:20 – 12:30 p.m.]

কাজেই তাদের নাগরিক অধিকার হরণ হচ্ছে। প্রচণ্ড শঙ্কা, দুশ্চিন্তা, তার প্রতিফলনগুলো আমরা দেখতে পাচ্ছি এবং ফকরুদ্দিন আলি আহমেদের পরিবার - তাঁর নাম নেই। কার্গিলের যুদ্ধে অংশ নিয়েছেন, তাঁর নাম নেই। সারা জীবন আমাদের দেশের অথবা রাজ্যের সরকারের কাজ করেছেন, তাঁর নাম নেই। এটা তো ভূতের শ্রাদ্ধ হচ্ছে। কি হচ্ছে এটা ? স্বাধীনতার এতগুলো বছর পর বাংলার মানুষ একবার উদ্বাস্তু হয়েছে। বাংলার মানুষকে আর একবার উদ্বাস্তু করার চক্রান্ত কাজ করছে কিনা, আমাদের সেই ব্যাপারে যথেষ্ট সন্দেহ থাকাটা সঙ্গত এবং স্বাভাবিক এবং এই শঙ্কাটা গোটা রাজ্যের মানুষের - আমি বলব শুধু বাংলাভাষী মানুষ না, এটা মানবতার বিরুদ্ধে একটা আক্রমণ, যেভাবে যা ঘটনাগুলো ঘটছে। যেহেতু এই ঘটনার পর আজকে - ৩১ তারিখ লিস্ট বেরিয়েছে, আজকে বিধানসভা চলছে, যদি পশ্চিমবঙ্গ বিধানসভা এই নিয়ে চর্চা করতে না পারে তাহলে কে করবে ? আজকেই সেই চর্চা করাটা অত্যন্ত জরুরী উইদ দি স্পিরিট যে নো টু এন আর সি, এন আর সি চলতে পারে না বিশেষ করে পশ্চিম বাংলায়। আমার মত হচ্ছে আমাদের সবার এখানে সর্বসম্মত মনোভাব নেওয়া উচিত এবং সঙ্গত হবে দ্যাট নো এন আর সি ইন বেঙ্গল, এই মনোভাবে আমাদের একটা আলোচনা হওয়া উচিত। আমি বলব অন্য কাজ ছেড়ে দিয়ে হলেও আজকে এই বিধানসভাতে আপনি এই আলোচনার সুযোগ করে দিন। আজকে বিধানসভা বসছে পশ্চিম বাংলায়, সেখানে আমরা যদি আলোচনাটা করতে না পারি, সেটা মানবতার বিরুদ্ধে আমাদের মনোভাব হয়ে যাবে, সেটা বাস্তবতার বিরুদ্ধে আমাদের মনোভাব হয়ে যাবে। আমার অনুরোধ হচ্ছে আজকে এই আলোচনাটা সব কাজ বন্ধ করে হলেও এই বিধানসভা চর্চা করুক, নো টু এন আর সি ইন বেঙ্গল। এই হচ্ছে আমার বক্তব্য, এই হচ্ছে আমার প্রস্তাব।

মিঃ স্পিকার : শুনুন আমি একটা কথা বলি। মন্ত্রিসভার অনেক মাননীয় সদস্য এখানে রয়েছেন। আপনি প্রসঙ্গটা উত্থাপন করেছেন। কিন্তু এইভাবে জিরো আওয়ারে আলোচনা করার মতো কোন - আপনি বলছেন যে আলোচনার দিন ফিক্সড আপ করা, সেটা দিস ইজ নট পার্মিসিব্‌ল্ আন্ডার দি রুল।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, মাননীয় সদস্য ডঃ সুজন চক্রবর্তী যে প্রসঙ্গের উত্থাপন করেছেন, এটা আরও বিস্তারিতভাবে আলোচনার যোগ্য নিশ্চিতভাবে। আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী সম্ভবতঃ ভারতবর্ষের সবথেকে বেশি প্রতিবাদী চরিত্র এই বিষয়ে। এই বিষয়ে

তাঁর ক্ষোভের কথা, দুঃখের কথা, অমানবিক সিদ্ধান্তের কথা এবং অমানবিক কাজের কথা তিনি বিভিন্ন সময়ে ব্যক্ত করেছেন এবং বারবার কেন্দ্রীয় সরকারকে এবং আসাম সরকারের কাছে তিনি বলেছেন যে মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে বিষয়টি বিচার করা হোক। সুজনবাবু নিশ্চয় জানেন যে এই আইনটা কিন্তু তৈরি হয়েছিল ১৯৫১ সালে এবং এই আইনটি পাশ হয়েছিল ১৯৫৫ সালে। তার পরবর্তীকালে ২০১৩ সালে আসাম সরকার এই আইনটি প্রয়োগ করে তাদের রাজ্যে। প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য যে আইন তৈরি থেকে শুরু করে এই প্রয়োগ - গোটা সময়টাতেই কেন্দ্রে কিন্তু কংগ্রেস সরকার ছিল। আইনটা তৈরি, আইনটা গ্রহণ এবং আইনটা প্রয়োগ - এই তিনটে সময়েই কিন্তু কেন্দ্রে কংগ্রেস সরকার ছিল। আমি কাউকে দোষ দিচ্ছি না।

মিঃ স্পিকার : আপনি তো বলছেন এটার পূর্ণাঙ্গ আলোচনা হওয়া দরকার। যদি আলোচনা হয় তাহলে আলোচনার সময়েই আপনার এটা বলাটা সঙ্গত হবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পিকার যেটা বলছেন আমি সেটা মেনে নিচ্ছি। এখন আমি কোন বিস্তারিত আলোচনায় যাচ্ছি না। আমি শুধু এইটুকু বলছি যে এটা অত্যন্ত বেদনাদায়ক সিদ্ধান্ত। আপনি যেটা বলেছেন যে যারা ৫২ সালে ফুটবল খেলেছে আসামের হয়ে, তার ছেলেও বাদ চলে গেছে। ফলে এটা নিয়ে বিধানসভায় একটা পূর্ণাঙ্গ আলোচনা হওয়া উচিত।

শ্রী শেখ আজমাদ হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে পান্ডুয়া থানার অন্তর্গত বেরেলা কোচমালি গ্রাম পঞ্চায়েতের অধীন একটা বড় রাস্তা চার পাঁচ কিলোমিটার, যেটা বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প থেকে সম্ভব নয়। সেই রাস্তাটির কথা আমরা বারবার জেলা পরিষদকেও জানিয়েছি কিন্তু স্যার কিছুই হচ্ছে না।

এই রাস্তাটা যাতে করে বৈঁচি চারাবাগান থেকে শুরু করে বেড়ালা, গ্রাম হয়ে কোচমালি হোটেল পর্যন্ত দ্রুততার সঙ্গে সরকার করার জন্য উদ্যোগ গ্রহণ করেন, তার জন্য অনুরোধ রাখছি।

শ্রী সুজিত চক্রবর্তী : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটা বিষয় উত্থাপন করছি। ইতিপূর্বে এই বিষয়টা যখন সূচনা হয়েছিল তখন আমি উত্থাপন করেছিলাম কিন্তু কোন স্টেপ হয়নি। সেটা হচ্ছে ২০১৬ সালে। আমার বড়জোড়া ব্লকের বেলিয়াতোড় গ্রাম। সেখানে সুপ্রাচীন একটা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় আছে, বেলিয়াতোড় উচ্চ মাধ্যমিক বিদ্যালয়। এটা ১৯৪২ সাল থেকে চালু। আমার গ্রাম এলাকার বিভিন্ন মানুষ ওই বিদ্যালয়কে এক সময়ে ফুটবল মাঠ, হোস্টেল গ্রাউন্ড, হোস্টেল, টিচার্স কোয়ার্টার এবং স্কুল প্রেমিসেস করার জন্য মূল্যবান জায়গা দান করেছিল। স্কুলের জায়গার উপর রাস্তা করা হয়েছে। এটা যাতে ইমিডিয়েট বন্ধ করা হয় তার জন্য বিশেষ ব্যবস্থা করতে হবে।

মিঃ স্পীকার : মাননীয় বিধায়ক মুস্তাক আলম আপনি প্রতিদিন প্রশ্ন দিচ্ছেন, জিরো আওয়ার দিচ্ছেন, প্রত্যেক দিন সাপ্লিমেন্টারি দিচ্ছেন। অন্যান্য সদস্যরাও তো রয়েছেন। আমি

দেখেছি অনেক মাননীয় বিধায়ক সুযোগই পান না। সবটাই আপনার কেন্দ্রীভূত হয়ে যায়। অন্যান্য বিধায়কদের তো আমাদের সুবিধা দিতে হবে। আপনি তো সব কিছুতেই বলেন। অন্যদেরও তো সুযোগ দেওয়া উচিত।

শ্রী মুস্তাক আলম : স্যার, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় বলছি। আমাদের জেলায় গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ে দেড় লক্ষ ছাত্রছাত্রী, ২৩টা কলেজ একটা অব্যবস্থার মধ্যে দিয়ে চলছে। ২০১৮-১৯ সালে ফুড এবং নিউট্রিশন ডিপার্টমেন্টে ১২ জন ছাত্রছাত্রী ভর্তি হয়েছে। এদের দুই বছরে চারটা সেমিস্টার হওয়ার কথা। স্যার, ১৪ মাস হয়ে গেল ৬ মাস পর পর, একটিও হয়নি। বাকি দশ মাস থাকল। তাহলে এদের ভবিষ্যতটা কি হবে? আর একটা ব্যাপার স্যার, আপনার নলেজে দিচ্ছি - পরীক্ষা হচ্ছে পাস কোর্সে। স্যার, ২৩টা কলেজেই হচ্ছে। মালদা কলেজে এগারোশোটা সিট আছে বসার জন্য আর বত্রিশশো ছেলে পরীক্ষা দিচ্ছে। একটা বেঞ্চে ৪ জন, ৫ জন, ৭ জন করে। টি.ভি নিউজে দেখাচ্ছে। পাশাপাশি যারা ফেল করছে, ফেল করার সার্টিফিকেট তারপর গিয়ে জোগাড় করছে। সেখানে গিয়ে আবার পাশ করিয়ে দেওয়া হচ্ছে। বাইরের কোন সংস্থার দুই টাকার বিনিময়ে কম্পিউটার জেরক্স হচ্ছে। সেখানে পাঁচ টাকা দিয়ে সরস্বতী প্রেসকে দেখিয়ে বকলমে বার করছেন। ওখানে আর.এস.এস.-এর একটা আখড়া করেছেন। একটা শিক্ষা প্রতিষ্ঠান, এখানে রাজনৈতিক দলের মিটিং করার জায়গা নয়। ছাত্ররা যখন আন্দোলন করছে, বলেছে মন্ত্রীকে ডেকে বন্ধ করে দেব। স্যার, আপনার মাধ্যমে আমি অনুরোধ করছি মাননীয় শিক্ষা মন্ত্রী ও মাননীয়া মুখ্যমন্ত্রীর বিষয়টি নিয়ে দ্রুততার সঙ্গে দেখা দরকার।

মিঃ স্পিকার : শ্যামলবাবু আপনি রোজ রোজ জিরো আওয়ার দেবেন না। অন্যরাও দিক। সবাই আপনাকে দেখে যে শ্যামলবাবু সব বলে দিচ্ছে।

শ্রী শ্যামল মন্ডল : স্যার, কয়েক দিন ধরে লক্ষ্য করছি আমাদের ট্রেজারি বেঞ্চের সদস্যরা বলতে বলতেই বিরোধীরা উঠে দাঁড়িয়ে বলে দিচ্ছে সেটাও অ্যালাউ হয়ে যাচ্ছে। কয়েকদিন আগে দেখতে পেয়েছি স্যার। মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে পূর্ত বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। একটু ভাল কাজেরও আলোচনা হওয়ার দরকার আছে স্যার। পিছন থেকে যাঁরা রাজনৈতিক অস্থিরতার জন্য যাঁরা মদত দিচ্ছেন তাঁদের কথাও ভাবতে হবে। যখন স্বাধীনতা আন্দোলন চলছে, যখন নেতাজী এগিয়ে আসছেন জাপান, জার্মান থেকে তোজর কুত্তা কারা বলেছিল ?

[12:30 – 1:30 p.m. (Including Recess)]

স্যার, আমি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, এই দপ্তরের ৩৬১২ কিলোমিটার রাজ্যসড়ক, ৯৫২০ কিলোমিটার প্রধান জেলা সড়ক, ২৪১৭ কিলোমিটার গ্রামীণ সড়ক, তৎসহ প্রায় ২০০০ টি সেতু এবং উড়ালপুল রক্ষণাবেক্ষণ করছে। এছাড়াও এই দপ্তর

৪৭০০ কিলোমিটার পশ্চিমবঙ্গের পৌরসভা এবং জেলা পরিষদের রাস্তার দায়িত্ব নিয়েছে। পি.ডবলিউ.ডি (ডাইরেক্টরেট) এবং পি.ডবলিউ.ডি (রোড্‌স্) - এই দুটো উইংসকে কেন্দ্র করে পি.ডবলিউ.ডি -র মন্ত্রী খুব এনার্জেটিক, তিনি অত্যন্ত ভালোভাবে কাজ করে যাচ্ছেন। এই শান্তির জায়গায়, কাজের জায়গায় কারা অশান্তি করার চেষ্টা করছেন স্যার ? তবে একটা কথা বলি স্যার, আজকে আমি ক্যানিং থেকে আসার সময় সোনারপুরে দেখলাম কিছু কিছু প্রধান সড়ক বিশেষ করে বেশি বৃষ্টিপাতের ফলে সেগুলো খারাপ হয়ে গিয়েছে। সেগুলো অবিলম্বে সারাতে হবে এবং বিশেষ করে স্যার আমাদের পি.ডবলিউ.ডি(রোড্‌স্) উইংসকে আরও তৎপর হতে হবে। কাজের গতি প্রচণ্ড বেড়েছে, কিন্তু স্যার আমি চাই যে, নজরদারি এবং মনিটরিংটা এই দপ্তর থেকে করতে হবে।

শ্রী জ্যোতির্ময় কর : স্যার, বাংলা বাঙালি চিন্তার ক্ষেত্রে মুক্তমনা। এমন কেউ অভিযোগ করতে পারবে না যে, শিল্প বা সংস্কৃতির ক্ষেত্রে বাঙালি কখনও মৌলবাদী। কিন্তু সাম্প্রতিক একটি সিনেমা বেরিয়েছে যেখানে গুমনামী সাধুকে নেতাজী বলে এক ব্র্যাকেটে বসানো হয়েছে। আমার প্রতিবাদ সেইখানেই স্যার। খোসলা কমিশন থেকে মুখার্জী কমিশন কেউ বলল না, ঐতিহাসিকদের বছরের পর বছর ধরে গবেষণা থেকে কোন কেউ বলল না, আমরা যখন দেখতে পাচ্ছি নেতাজীর যাঁরা সহযোদ্ধা ছিলেন, তাঁরা কেউ বললেননা, আমরা দেখতে পাচ্ছি আজকে যাঁরা গবেষণা করেছেন, তাঁরা কেউ বললেননা, ঐতিহাসিকরা বললেন না কিন্তু কোথা থেকে পেলেন এই আজগুবি তথ্য যে নেতাজী সুভাষ চন্দ্র বোসের মত ব্যক্তিত্ব, যিনি বিশ্বের বিস্ময়, ভারতের সূর্য, তাঁকে একটা সাধুর মত বেশে লুকিয়ে থাকতে হবে, এই তথ্যটা কোথায় পেলেন? স্যার পরিচালক বলছেন - এটা মারাত্মক কথা স্যার , তার যুক্তিটা হচ্ছে ভারতের যে সেনসর বোর্ড, সেই সেনসর বোর্ড সেটার অ্যাপ্রুভাল দিয়েছে। এটা আরও মারাত্মক অভিসন্ধি স্যার যে, নেতাজীকে ছোটো করে এইরকমভাবে ভারতের সংস্কৃতির জগৎকে একটা crippled করা, ক্ষুদ্র করা – এর আগে স্যার আপনি জানেন শৌলমারীর সাধু যিনি নাকি নেতাজীর ছদ্মবেশে থাকেন - ইতিপূর্বে এই বাংলায় এমন সংবাদ হয়েছে - তিনি একদিন আমাদের এম.পি ছিলেন - তিনি নেতাজীকে দেখাবেন বলে একটা ফটো বের করলেন। আমাদের যিনি এখন মন্ত্রী সুব্রত মুখার্জী তিনি বলেছিলেন এটা super-imposed অর্থাৎ এইভাবে নেতাজীকে, নিয়ে ছেলেখেলা এটা আমার মনে হয় বাংলার স্বাভিমানের, বাংলার মর্যাদার পক্ষে খুব ক্ষতিকর। তাই আমি মনে করলাম যে, এই নেতাজী বিষয়ক যে শিল্পকে নিয়ে বাণিজ্যিকীকরণ এটার আমি তীব্র প্রতিবাদ করছি স্যার।

মিঃ স্পিকার : আপনি তথ্য সংস্কৃতি দপ্তরের মাননীয় মন্ত্রীর কাছে এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করুন।

(At this stage the House was adjourned till 01:30 pm)

[1:30 – 1:35 p.m.]

AFTER ADJOURNMENT

শ্রী আব্দুল মান্নান : আজকে তো হাউসে একটা বিজনেস আছে দেখছি। আমরা চাই যে বিলটা আছে সেটা মুভ করা হোক এবং আমাদের বক্তাদের নাম নেওয়া হোক। আমরা যখন বক্তাদের নাম দিতে গিয়েছিলাম তখন বলা হয়েছিল বক্তাদের নাম নেওয়া যাবে না। আমি তো এই ব্যাপারটা বুঝতে পারছি না কি হচ্ছে। নিয়ম হচ্ছে বিল নিয়ে ডিসকাশান হবে যখন বিজনেসে আছে। স্বাভাবিক কারণে আমাদের একটা টাইম আছে, আমরা সেই টাইম দেব। কিন্তু সেটাও নেওয়া হল না। আমি স্যার, আপনার ব্যাখ্যা চাইছি। আমাদের খুবই দুর্ভাগ্য আজকে হাউসে, কারণ আমরা বার বার সরকারের উপর বিশ্বাস রেখে চলেছি। হাউসে অ্যাডজর্নমেন্ট মোশান আনব বলে ঠিক করেছিলাম। মন্ত্রী নেই। ঠিক অ্যাডজর্নমেন্ট মোশানের টাইমটা চলে যাওয়ার পরে কনসার্ন্ড মন্ত্রী এসে গেলেন। স্যার, এইরকম যদি হাউস চলে তাহলে বলে দিন আমরা হাউসে আসব না। আমরা স্যার, তাহলে বাধ্য হব আমাদের লাস্ট অস্ত্রটা প্রয়োগ করতে অনাস্থা আনতে।

মিঃ স্পিকার : এইসব কিছু যাবে না। This will not go on record. কারণ বি.এ. কমিটিতে আমাদের ডিসকাশান হয়েছিল। সুজনবাবু ছিলেন। বি.এ. কমিটিতে আপনি ছিলেন না। মনোজবাবুরা সবাই ছিলেন। দে এগ্রিড টু দিস। মাননীয় মন্ত্রী বলেছেন আমি খুব অসুবিধার মধ্যে পড়ে গিয়েছি, আমি হয়তো ওইদিন যদি না আসতে পারি তাহলে বিলটা অন্যদিন নেবেন। আপনাকে কনভে করা উচিত ছিল। অসিতবাবু ছিল, মনোজবাবু ছিলেন, সুজন চক্রবর্তী ছিলেন। আপনাকে এটা কনভে করা দরকার ছিল। একটা আলোচনা বি.এ. কমিটিতে হবে তারপর এখানে এসে অন্যরকম, এটা হতে পারে না। আপনাকে প্রপারলি ওনারা কনভে করেন নি।

শ্রী আব্দুল মান্নান : বি.এ. কমিটিতে যদি ঠিক হয়ে থাকে তাহলে বিজনেসে দিলেন কেন?

মিঃ স্পীকার : ওটা তো দিতে হবে। একটা গভর্নমেন্ট বিজনেস দেখাতে হবে। এই আলোচনা হল সেদিন - শুনুন আপনি যদি প্রেস মিডিয়াকে জানাবার জন্য এইসব করেন দ্যাটস্ এ ডিফারেন্ট ম্যাটার। এটা আলোচনা করে ঠিক হয়েছে। এখানে আমার কোনো ভূমিকাই নেই। এতে বি.এ. কমিটির অসম্মান করা হয়। বি.এ. কমিটিতে সর্বসম্মত সিদ্ধান্ত হল, সেই সিদ্ধান্ত অনুযায়ী তৈরী হয়েছে। ....(Noise)..... না, এটা নিয়ে আর আলোচনা হবে না। এটা তো কোনো ক্লাবের সভা না, যে সকালবেলায় মোশান নিয়ে ক্লাবে আলোচনা হবে। এটা তো বিধানসভা। বিধানসভা আইন অনুযায়ী চলবে। ক্লাবে হতে পারে, পার্টিতে হতে পারে। বিধানসভায় এইসব হয়না।

Announcement From The Chair

Mr. Speaker : Hon'ble Members, the Business scheduled for today is the Swami Vivekananda University Bill, 2019. I have received an intimation from the Member-in-Charge of the Bill that it would not be possible for him to attend the House today due to some unavoidable circumstances. He has proposed to take up the aforesaid Bill on a later date to be fixed by the House.

Now, as proposed by the Member-in-Charge of the Bill, the aforesaid Bill may be taken up in the House on a subsequent day. Therefore, I propose that the said Bill be taken up in the House on 4th September, 2019.

I think the House has consent to it.

ADJOURNMENT

The House was then adjourned at 1.35 p.m. till 11.00 a.m. on Tuesday, the 3rd September, 2019 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 3rd September, 2019 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 19 Ministers-in-Charge, 15 Ministers of State and 182 Members.

[11:00 – 11:10 a.m.]

Held Over Starred Questions

(to which oral answers were given)

উত্তর ২৪পরগনা জেলায় ব্রিজ নির্মাণ

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫) **শ্রী রফিকুল ইসলাম মন্ডল** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৮-২০১৯ অর্থবর্ষে উত্তর ২৪ পরগনা জেলায় কোনো ব্রিজ নির্মাণ করা হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, উক্ত জেলায় নির্মিত ব্রিজের সংখ্যা কত?

হেল্ড ওভার * প্রশ্ন ৫

শ্রী শুভেন্দু অধিকারী : সম্মানীয় অধ্যক্ষ মহাশয়, সম্মানীয় সদস্য রফিকুল ইসলাম মন্ডল মহাশয়ের (ক) হচ্ছে, সেচ ও জলপথ বিভাগ ২০১৮-১৯ অর্থবর্ষে উত্তর ২৪পরগনা জেলায় মোট ৪টি নতুন পাকা কংক্রিটের সেতু নির্মাণ করেছে। (খ) হচ্ছে উত্তর ২৪ পরগণা জেলায় মূলতঃ নিকাশী খালগুলির উপর সেচ ও জলপথ বিভাগের মোট ২৩৭টি পাকা সেতু এবং ১২৩ টি কাঠের সেতু রয়েছে। এর মধ্যে মে, ২০১১ থেকে জুলাই, ২০১৯ অবধি মোট ২৪টি সেতু নির্মিত হয়েছে।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : স্যার আমার অতিরিক্ত প্রশ্ন যে, আমার বিধানসভা কেন্দ্র বসিরহাট উত্তর বিধানসভা দুটি ব্লক নিয়ে গঠিত, একটি হাসনাবাদ ব্লক, আর একটি বসিরহাট ব্লক ২, এই দুটি ব্লকের মাঝখানে একটা ছোট্ট নদী আছে বিদ্যাধরীর শাখানদী, যার ডাক নাম হলো গাড়াকুপ নদী। এটা দুটি ব্লককে বিভক্ত করে রেখেছে, বহু বছর আগে একটা সরু ব্রিজ হয়েছিল, যেটা দিয়ে সাইকেল, মোটর বাইক, মানুষ যেতে পারে। কিন্তু কোন চার চাকার গাড়ি যেতে পারে না। ফলে দুটি ব্লকের সংযোগ রাখতে গেলে ১২ থেকে ১৫ কিঃমিঃ দূর ঘুরে এসে তবে যোগাযোগ রাখতে হয়। দয়াকরে যদি এখানে একটা ব্রীজের ব্যবস্থা করেন, তাহলে এই

বিধানসভার মানুষকে এত দূরে ঘুরে আর যাতায়াত করতে হয় না, খুব উপকৃত হয়। দয়া করে আপনি উদ্যোগ নেবেন কি ?

শ্রী শুভেন্দু অধিকারী : বর্তমানে বসিরহাট-২ ব্লকের শিবচন্দ্রপুরে গেঁওখালির উপরে একটি নতুন সেতুর নিমার্ণ কাজ চলছে। আর আপনি যে প্রস্তাবটি দিয়েছেন এই প্রস্তাবটি এর আগে আপনি কখনও উল্লেখপর্বে বা লিখিত ভাবে কখনও দেন নি, আজকে দিলেন। আপনারা জানেন এর আগেই আমি বলেছি ২০১৭ সালে রাজ্য সরকারের অনেকগুলি দপ্তর একসঙ্গে বসে কোনগুলো সেচ ও জলপথ বিভাগ করবে, কোনগুলি জেলাপরিষদ বা পঞ্চায়েত সমিতি করবে এবং কোনগুলি পি.ডব্লু.ডি. করবে সে রকম একটা সিদ্ধান্ত হয়েছিল। তাতে আমাদের সেচ ও জলপথ বিভাগের অন্তর্ভুক্ত আপনার প্রস্তাবিত সেতু থাকে দৈর্ঘ্যে মাপ অনুযায়ী তাহলে বিষয়টি আমি খতিয়ে দেখে বিবেচনার চেষ্টা করবো।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : এটা ১৫০ থেকে ২০০ মিটারের মধ্যে হবে লম্বায়। স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন, আমার বসিরহাট ২ ব্লকের অন্তর্গত রাজেন্দ্রপুর জি.পি. আছে। এই জি.পি. তে একটা বুথ বা গ্রাম আছে এটার নাম শ্রীখোলকাঠি। এটা মূল জি.পি. থেকে আলাদা হয়ে আছে। বিদ্যাধরীর একটা শাখানদী দিয়ে। প্রায় ৩ হাজার লোকের বসবাস। এই নদীর উপর একটা ছোট্ট ব্রীজ নির্মানের জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এই ব্যাপারে আমি একাধিকবার ২০১৬, ২০১৭ এবং ২০১৮তে মেনশন করেছি এবং একবার কলিং অ্যাটেনশনও করেছি। দয়া করে যদি একটু উদ্যোগ নেন উপকৃত হবো।

শ্রী শুভেন্দু অধিকারী : দেখুন আমরা আগেই বলেছি যে, আমাদের স্পেশাল ইনফ্রাস্ট্রাকচার যে প্রজেক্ট আছে, তাতে রাজ্যের সমস্ত কাঠের সেতুগুলিকে পর্যায়ক্রমে পাকা সেতুতে পরিবর্তন করার সিদ্ধান্ত ইতিমধ্যে নেওয়া হয়েছে। একেবারে নতুন সেতু নির্মাণের প্রস্তাব এই মুহূর্তে আমাদের নেই। ওখানে যদি সাঁকো বা কাঠের সেতু থাকে সেই সেতুকে পাকা সেতুতে পরিবর্তন করার যে কর্মসূচী চলছে, তাতে আপনার প্রস্তাবিত সেতুটি আমি অগ্রাধিকারের তালিকায় রাখতে পারি।

কিন্তু ওখানে যদি আমাদের কোনভাবে কাঠের বা সাঁকো কিছুই না থেকে থাকে তাহলে নতুন করে এই মুহূর্তে এই অর্থবর্ষে গ্রহণ করা বা বিবেচনা করা সম্ভব নয়।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : স্যার, একটি কাঠের ব্রিজ করে দিলেও চলবে।

শ্রী শুভেন্দু অধিকারী : কাঠের ব্রিজটা আমি করে দেব।

শ্রী আখরুজ্জামান : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মন্ত্রী মহোদয় আপনি নিজে অবগত আছেন জঙ্গিপুর মহকুমা শহর রঘুনাথগঞ্জ এক, রঘুনাথগঞ্জ জি ব্লক এবং সুতী ব্লক এই দুটো ব্লকের মধ্যে একটা ক্যানেল রয়েছে। যে ক্যানেলটা গঙ্গার সঙ্গে পদ্মার যোগসূত্র যেটা গভর্ণমেন্ট অফ ইন্ডিয়ার। এটা সরকারি ব্যারেজের ক্যানেল। তো ঐ ক্যানেল থেকে এই এলাকার লোকের সুতী ওয়ান থেকে সুতী টু থেকে এটা সহজ একটা

পথ জঙ্গিপুর শহরে আসার জন্য। এই পথটা ধরে কয়েক হাজার লোক প্রতিদিন যাতায়াত করে। যখন ইউপিএ টু সরকার ছিল ওখানে একটা আলিগড় বিশ্ববিদ্যালয় হওয়ার কারণেই ইউপিএ টু সরকার আশ্বস্ত করেছিল যে গঙ্গার উপর দিয়ে একটা ব্রিজ হবে। এই ব্রিজ হওয়ার কারণে যোগাযোগ সূত্রটা আরও বেড়ে যাবে। কিন্তু তার আগে স্যার, আমরা ওই ক্যানেলটার উপর ইউপিএ টু সরকারের মাধ্যমে একটা ওভার ব্রিজ করার জন্য প্রস্তাব দিয়েছিলাম এবং ভেটিংও হয়েছিল। কিন্তু ইউপিএ টু সরকার চলে গিয়ে যে সরকার এসেছে আমার মনে হয় যে তারা এই কাজটা করবে না। আলিগড় বিশ্ববিদ্যালয়ের ওখানে গঙ্গার উপর যে ব্রিজটা হওয়ার কথা তার কোন ব্যবস্থা আমরা দেখছি না। আপনি কি স্যার, আপনার দপ্তর থেকে উদ্যোগ গ্রহণ করে এই জঙ্গিপুর শহরে আসার জন্য রঘুনাথগঞ্জ টু ব্লকের মাধ্যমে সুতী ওয়ান এবং সুতী টু-এ কয়েক হাজার মানুষের যাতায়াত যাতে সহজ হয় তার কোন প্রকল্প গ্রহণ করবেন কি স্যার?

শ্রী শুভেন্দু অধিকারী : প্রথমত আমি কারেশান করে দিই ইউপিএ টু আপনার আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় করতে পারত না যদি না মুখ্যমন্ত্রীর নাম মমতা ব্যানার্জী না হত। তার কারণ আপনি জানেন তিনি ২৫৮ একর জমির ব্যবস্থা করে দিয়েছিলেন। আর আপনি যে ব্রিজটা বলছেন ওই জায়গা দিয়ে তো আমি প্রায় যাতায়াত করি, আমি জানি ওটা আমার দপ্তরের মধ্যে পড়ে না। ওই বৃহৎ মাপের ব্রিজটি জাতীয় জলপথকে, জাতীয় সড়ক কর্তৃপক্ষকে অথবা পি.ডব্লু.ডিকে করতে হবে। ওটা সেচ ও জলপথের মধ্যে পড়বে না।

শ্রী আমিরুল ইসলাম : ধন্যবাদ স্যার। আমার সামসেরগঞ্জ বিধানসভার অন্তর্গত ভাসাইপাইকড় গ্রাম পঞ্চায়েতের অধীন অদৈতনগর গ্রাম। সেখানে প্রায় ১০ হাজার মানুষ বসবাস করে। সেখানে যাতায়াত করতে গিয়ে একটা মাসনা নদী পড়ে। আমাদের ছেলেমেয়েরা স্কুলে আসতে গিয়ে অনেক সমস্যার মধ্যে পড়ে। মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, সেই মাসনা নদীর উপরে অদৈতনগরের মানুষের যাতায়াত করার জন্য কোন ব্রিজ নির্মাণের পরিকল্পনা আছে কিনা।

শ্রী শুভেন্দু অধিকারী : আমি বারেবারেই বলেছি কোন ব্রিজ কে করবে তার একটা নিয়ম আছে। যেহেতু এটা টেকনিক্যালিটির ব্যাপার রয়েছে তাই ইতিমধ্যে রাজ্য সরকার একটা পলিসি তৈরী করেছে। আপনি লিখিত ভাবে প্রস্তাবটি আমার দপ্তরে দিন আমি সয়েল টেস্ট এবং এগজামিন করে আপনাকে উত্তর জানিয়ে দেব।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অতিরিক্ত প্রশ্ন করে। আমার বিধানসভা কেন্দ্র হচ্ছে কুশমুন্ডি। এই বিধানসভা কেন্দ্রের উদয়পুর অঞ্চল যেটা বাংলাদেশ থেকে নদী বয়ে টাঙ্গন নদীতে মিশেছে এবং ঠিক টাঙ্গন নদীতে মেশার আগের মুখে যেহেতু তিন নম্বর অঞ্চলে খাড়াখাড়ি ভাগ করে নদী বয়ে এসেছে সেই নদীর উপর একটা ব্রিজ আপনার দপ্তর করেছে। আগে যে মন্ত্রী রাজীব ব্যানার্জী ছিলেন তিনি করেছিলেন। কিন্তু এত উঁচু ব্রিজ করেছেন যে, দুই দিকে পাকা রাস্তা আছে কিন্তু অ্যাপ্রোচ না হওয়ার ফলে যাতায়াত হচ্ছে না কি হাট-বাজার, কৃষিকাজ, স্কুল-কলেজ ব্রিজ হয়েছে কিন্তু এই সমস্ত মানুষ সুবিধা পাচ্ছে না। এই ব্যাপারে আপনি কি উদ্যোগ নেবেন? যে অবিলম্বে ওই

অ্যাপ্রোচটা করে যে জন্যে মানুষের সুবিধার জন্যে ব্রিজটা হয়েছে সেটার কাজটা তরান্বিত করবেন।

শ্রী শুভেন্দু অধিকারী : অ্যাপ্রোচের সমস্যা থাকলে আমাদের দপ্তর ওটা করে দেবে। কিন্তু জমি অধিগ্রহণের প্রশ্ন যদি থাকে ব্যক্তি মালিকানাধীন জমি বা রায়েত জমি সেটা আমার দ্বারা সম্ভব নয়। যদি সরকারি জমি থাকে আমরা অ্যাপ্রোচটা করে দেব। এই সরকারের সময় যদি ব্রিজ হয়ে থাকে তার উপযোগিতা যাতে মানুষ পায়, উপভোক্তারা পায় এটাই তো আমাদের লক্ষ্য। সেটা আমি দুদিকের অ্যাপ্রোচটা যাতে জুড়ে দেওয়া যায় প্রোভাইডেড যদি সরকারি ল্যান্ড থাকে প্রাইভেট ল্যান্ড থাকলে জমি অধিগ্রহণ করে রায়েত জমিতে আমি করতে পারব না।

[11:10–11:20 a.m.]

শ্রী স্বপন কুমার বেলথারিয়া : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়কে জানাই যে, ২০১৭তে আমার ২৪৪ নং কাশীপুর বিধানসভার কাশীপুর ব্লকের মধ্যে দুটো ব্রীজের ব্যাপারে মন্ত্রী মহাশয়কে চিঠি দেওয়া হয়েছিল এবং সেটা soil testও হয়ে গিয়েছিল। তার পরে দেখা যায় দ্বারকেশ্বর নদীর উপরে সুতাবই ঘাট গোরাভীহি গ্রাম পঞ্চায়েতের এবং চাপড়ী ঘাট এটা হচ্ছে আপনার বড়রা গ্রাম পঞ্চায়েতের। এই সুতাবই ঘাট গোরাভীহি গ্রাম পঞ্চায়েতের এবং চাপড়ী ঘাট বড়রা গ্রাম পঞ্চায়েতের এই দুটি এখন কি অবস্থায় আছে সেটা মন্ত্রী মহোদয় জানালে ভালো হয়।

শ্রী শুভেন্দু অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, ঝাড়গ্রাম মিলে নতুন প্রায় ৮৫টি ব্রীজ তৈরি হচ্ছে - টেন্ডার প্রক্রিয়ার মধ্যে আছে। আমরা আশা করছি, আগামী এক মাসের মধ্যে work order issue করে দেওয়া যেতে পারে।

শ্রীমতী মিতালী রায় : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন যে, আমার বিধানসভায় ২০০৮ এবং ২০০৯ অর্থবর্ষে শালবাড়ী এক নম্বর গ্রাম পঞ্চায়েত এবং ঝাড়ালতা দুই নম্বর গ্রাম পঞ্চায়েতের মধ্যিখানে নোনাই নদীর উপর বীরুপাক একটি ক্যানেল রয়েছে। তার উপরে একটা স্লুইস গেটও হয়েছিল। কিন্তু বর্তমানে সেই স্লুইস গেটটা ভেঙ্গেচুড়ে গেছে এবং সেই ক্যানেলটা আপনার চারটি গ্রাম পঞ্চায়েত শালবাড়ী এক, ঝাড়ালতা দুই, মাগুরডি ওয়ান এবং শাঁকোয়াজোড়া দুই এই চারটা গ্রাম পঞ্চায়েতের উপর দিয়ে গিয়ে গ্যালান্ডি নদীতে পড়েছে। এই ক্যানেলটার কোনো সংস্কার এখনও পর্যন্ত হয়নি। আমি এর আগে ২০১৬ সালে তৎকালীন সেচমন্ত্রীর কাছে চিঠিও পাঠিয়েছিলাম এবং পরবর্তীতে আপনার দপ্তরের SDO সাহেব সুব্রত শূর মহাশয় এবং কোচবিহারের AC সাহেব শুভঙ্কর রায় মহাশয় তাঁরা একটি surveyও করেছিল। এই মুহূর্তে আপনার এই দপ্তরে এই বীরুপাক ক্যানেলের সংস্কারের কোনো পরিকল্পনা আছে কি না ?

শ্রী শুভেন্দু অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রথমতঃ স্লুইসটা আশু মেরামতের জন্য আমি নির্দেশ দিয়ে দেব। স্লুইসটা মেরামত immediate হয়ে যায়। আর বাকি যেটা বললেন

নিকাশি আপনার ওই খালের যে সংস্কার তার DPR, estimate বানিয়ে আমাদের বাজেট টাকার মধ্যে কতটা করা যাবে আমি work out করে আপনাকে জানিয়ে দেব।

শ্রীমতী সেলিমা বিবি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য যে, আমাদের কাঁসাই নদী, সেই নদীর উপরে ট্যাবাগেড়া ব্রিজ নিয়ে মানুষের দীর্ঘদিনের দাবি, চারটি অঞ্চলের প্রায় লক্ষাধিক মানুষ বর্ষার সময় ওই নদী পার হয়ে অত্যন্ত কষ্টের মাধ্যমে আসে। স্কুল-কলেজ থেকে শুরু করে বি. ডি. ও. অফিস, থানা সমস্ত কিছু নদীর এপারে। তাই ২০১৫ সালে এটার DPR করা হয়েছিল irrigation department থেকে ব্রীজ করার জন্য। এই ব্রীজ করার কোনো পরিকল্পনা আছে কিনা আমি সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে জানতে চাইছি। ধন্যবাদ স্যার।

শ্রী শুভেন্দু অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ওই ব্রীজটাতো PWD take up করেছে আপনি জানেন এবং DM অনেকবার মিটিংও করেছেন। কিছু ল্যান্ডের সমস্যা আছে, তাতে PWD, Irrigation, Civil administration সবাই একসঙ্গে খোঁজ করছে। এই সমস্যাগুলো মিটে গেলে কাজ নিশ্চয়ই শুরু হবে।

Starred Questions

(to which oral answers were given)

সেচ প্রকল্প রূপায়ণে কেন্দ্রের অসহযোগিতা

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০) **শ্রী আব্দুল মান্নান** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কেন্দ্রের অসহযোগিতার ফলে রাজ্যে কয়েকটি সেচ প্রকল্প দ্রুত কার্যকরী করা যাচ্ছে না;

(খ) সত্যি হলে, সেই প্রকল্পগুলি কী কী; এবং

(গ) এ ব্যাপারে রাজ্য কেন্দ্রের কাছে অর্থ আদায়ের জন্য কী ব্যবস্থা গ্রহণ করেছে/করছে?

শ্রী শুভেন্দু অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই,

(ক) এটা সত্যি যে, প্রয়োজনের তুলনায় কেন্দ্রীয় অনুদানের অপ্রতুলতার এবং অনিশ্চয়তার কারণে রাজ্যে কয়েকটি বন্যা নিয়ন্ত্রণ এবং নিকাশী উন্নয়নের প্রকল্প দ্রুত রূপায়ণ করা যাচ্ছে না, যেগুলি রূপায়িত হলে বন্যাজনিত কারণে ফসলের ক্ষতি ও সম্পত্তি হানি কমবে।

(খ) এই প্রকল্পগুলির মধ্যে আছে ঃ-

১) আয়লায় ক্ষতিগ্রস্ত সুন্দরবন নদীবাঁধ পুনঃনির্মাণ প্রকল্প। কেন্দ্রীয় অনুদানের জন্য অনুমোদিত ব্যয়মূল্য ১৩৩৯.৫০ কোটি টাকা।

২) পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলার "কেলেঘাই-কপালেশ্বরী-বাঘাই নিকাশী" প্রকল্প। কেন্দ্রীয় অনুদানের জন্য অনুমোদিত ব্যয়মূল্য ৩২৫.২০ কোটি টাকা।

৩) বীরভূম এবং মুর্শিদাবাদ জেলার "কান্দী মাস্টার প্ল্যান" - এই বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প। কেন্দ্রীয় অনুদানের জন্য অনুমোদিত ব্যয় মূল্য ৪৩৮.৯৪ কোটি টাকা।

৪) পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলার "ঘাটাল মাস্টার প্ল্যান"-এই বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প। প্রকল্পটির মোট ব্যয়মূল্য ১২৩৮.৯৪ কোটি টাকা, যা কেন্দ্রীয় জলমন্ত্রকের আর্থ-কারিগরী অনুমোদন লাভ করেছে মে, ২০১৫-তে। কিন্তু এখনও কেন্দ্রীয় অনুদানের জন্য বিবেচ্য হয়নি।

৫) মুর্শিদাবাদ থেকে দক্ষিণ ২৪-পরগণা অবধি ভাগিরথী-হুগলী নদীর বিভিন্ন ভাঙনপ্রবণ অংশে মোট ১০০.২২ কিমি দৈর্ঘ্যের ভাঙনরোধী প্রকল্প, যার আনুমানিক ব্যয়মূল্য ৭৯৩.৯৩ কোটি টাকা।

(গ) উপরে উল্লেখিত চারটি প্রকল্পে সঠিক সময়ে পর্যাপ্ত কেন্দ্রীয় অনুদান পাওয়ার জন্য রাজ্য সরকারের গৃহীত পদক্ষেপগুলি নিম্নরূপ :

১) আয়লা বিধ্বস্ত সুন্দরবন নদীবাঁধ প্রকল্পে ২০১৮-১৯ সালে ১২০ কোটি টাকার কেন্দ্রীয় অনুদানের প্রস্তাব পাঠানো হলেও মাত্র ২৩৬৫ কোটি টাকা বরাদ্দ হয়েছে। ২০১৯-২০ তে মে মাসে আবার নতুন ক'রে ১৩০ কোটি টাকা কেন্দ্রীয় অনুদানের প্রস্তাব পাঠানোর পর সম্প্রতি জুলাই, ২০১৯-এ ১১৭.১২ কোটি টাকা বরাদ্দ হয়েছে।

২) "কেলেঘাই-কপালেশ্বরী-বাঘাই নিকাশ" প্রকল্পে, সঠিক সময়ে প্রস্তাব পাঠানো সত্ত্বেও ২০১৫-১৬ এবং ২০১৬-১৭ সালে কোন কেন্দ্রীয় অনুদান পাওয়া যায়নি। ২০১৭- ১৮ সালে ৫৫.৪৭৫ কোটি টাকা কেন্দ্রীয় অনুদানের প্রস্তাব পাঠানো হলেও মাত্র ৮.০৮ কোটি টাকা কেন্দ্রীয় অনুদান পাওয়া গেছে।

৩) "কান্দী মাস্টার প্ল্যান" প্রকল্পে, ২০১৬-১৭ সালে ১৫০.৪১ কোটি টাকার কেন্দ্রীয় অনুদানের প্রস্তাব পাঠানো হলেও মাত্র ১২.৬১ কোটি টাকা বরাদ্দ হয়। এরপর ২০১৭-১৮ সালে ১৫০, ৬১ কোটি টাকার কেন্দ্রীয় অনুদানের প্রস্তাবে মাত্র ৫৬ কোটি টাকা পাওয়া গেছে।

তিনটি প্রকল্পেই প্রাথমিকভাবে ৭৫% কেন্দ্রীয় অনুদানের সম্মতি থাকলেও, ২০১৫-১৬ সাল থেকে এফ. এম. পি. খাতে কেন্দ্রীয় অনুদান ৫০%-এ নামিয়ে এনেছে কেন্দ্রীয় সরকার। ফলে রাজ্য সরকারকে ২৮৪.৯৮ কোটি টাকার অতিরিক্ত ব্যয়ভার বহন করতে হচ্ছে। অনিশ্চয়তার কারণে, প্রকল্পগুলির গতি অক্ষুণ্ণ রাখতে রাজ্য সরকার মার্চ, ২০১৮ অবধি মোট ২৪১ কোটি টাকা অতিরিক্ত খরচ করছে। কেন্দ্রীয় সরকার এই অতিরিক্ত ব্যয়ভারের ৫০% বহন করার প্রস্তাবও নাকচ করেছে।

৪) "ঘাটাল মাস্টার প্ল্যান" প্রকল্পটি এফ. এম. পি. খাতে কেন্দ্রীয় অনুদানের প্রস্তাব ২০১৫-১৬ থেকে বারবার পাঠানো সত্ত্বেও তা বিবেচ্চ হয়নি। মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে জুন, ২০১৭-তে মাননীয় প্রধানমন্ত্রীকে ঘাটাল মাস্টার প্ল্যান প্রকল্পটিতে এফ. এম. পি. খাতে ৭৫% কেন্দ্রীয় অনুদানের অনুদানের অনুরোধ জানান। কিন্তু কেন্দ্রীয় জলমন্ত্রক এখনও কোন অনুমোদন দেয়নি। যাইহোক, ঘাটাল ও সন্নিহিত এলাকার বন্যা নিরসনে রাজ্য সরকারের দায়বদ্ধতার কথা মাথায় রেখে, রাজ্য সরকার তার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যেই ৭৩.০৩ কোটি টাকা ব্যায়মূল্যের একটি নদীসংস্কারের কাজ প্রায় সম্পন্ন করেছে। ২০১৯-এর বর্ষা মরশুমের পর ১১৬ কোটি টাকা ব্যয়মূল্যের আরও ২টি নদী সংস্কারের কাজ শুরু করা হবে।

৫) কেন্দ্রীয় জাহাজমন্ত্রকের সচিবের সঙ্গে রাজ্যের মুখ্যসচিবের গত ১৭ই মার্চ, ২০১৮ তে অনুষ্ঠিত বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী রাজ্য সেচ ও জলপথ বিভাগ ইনল্যান্ড অথরিটি অফ ইন্ডিয়া (আই ডব্লিউ এ আই) ও কলকাতা পোর্ট ট্রাস্টের (কে.ও.পিটি) প্রধানদের নিয়ে গঠিত যৌথ কমিটির সুপারিশক্রমে, রাজ্যের ভগীরথী-হুগলী নদীতে মোট ১০০,২২ কিমি দৈর্ঘ্যে ভাঙনরোধী কালের আশু প্রয়োজন। এর অনুমিত ব্যায় ৭৯৩.৯৩ কোটি টাকা। জাহাজমন্ত্রকের সচিব ও মখ্যসচিবের আলোচনা অনুযায়ী রাজ্য সরকার মুর্শিদাবাদ ও নদীয়া জেলাতে চিহ্নিত অংশে নতুন ভাঙনরোধী কাজ করবে, যার অনুমিত ব্যয় ১৫৬.৩৩ কোটি টাকা। ভাগীরথী-হুগলী ১ নং জলপথের অংশ হিসাবে। ঘোষিত হওয়ার পরিপ্রেক্ষিতে বাকি অংশে কেন্দ্রীয় সরকারের তরফে কাজ করবে আই ডব্লিউ এ আই ও কে.ও. পি.টি। যৌথ কমিটির রিপোর্ট গত ১লা ফেব্রুয়ারী ২০১৯-এ কেন্দ্রীয় জাহাজমন্ত্রকে পাঠানো হয়েছে। রাজ্য সরকার তিন বছর সময়সীমার মধ্যে তাদের অংশের কাজ রূপায়ণের লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা নিলেও কেন্দ্রীয় সরকারের উপরিউক্ত দুটি সংস্থা কোন কাজ শুরু করেনি।

শ্রী আব্দুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মন্ত্রী মহাশয় তাঁর উত্তর দিয়েছেন। Supplimentaryতে অনেকগুলো উত্তর এসে গেছে। এখন আমি সেটা পড়তে বলব না। Supplimentaryতে প্রত্যেকটা প্রকল্প নিয়ে পড়তে গেলে অনেকটা সময় লেগে যাবে। আমি শুধু কয়েকটি প্রশ্ন ওনাকে করবো, একটা হচ্ছে, ওই কান্দি মাস্টার প্ল্যান এবং ঘাটাল মাস্টার প্ল্যান। ঘাটাল মাস্টার প্ল্যানে এখনও পর্যন্ত দেখা যাচ্ছে যে একটা পয়সাও দেয় নি কেন্দ্রীয় সরকার। এটা বহুদিন ধরে স্যার, আমি যখন বিধানসভায় এসেছি, তখন থেকেই ঘাটাল মাস্টার প্ল্যান নিয়ে আমরা সবাই বলেছি। কিন্তু আজ পর্যন্ত ওরা কোনোদিনই টাকাপয়সা দেয়নি এবং চেঁচিয়ে মেচিয়ে গেছি আমরা সবাই। অনেক deligationএও গেছি। আমি বলছি যে, আপনার এখানটায় দেখছি যে, একটা নদীর কিছু সংস্কার করেছেন এবং আর একটা করবেন। একটা নদী - কোন নদীটা করেছেন ? এবং বাকিটা আর ওই আপনার যা খরচ দেখছি তা কিন্তু total project যেখানে হচ্ছে, আপনার যেখানে হচ্ছে ৪৩৮ কোটি টাকা, সেখানে আপনি sorry, total project যেখানে হচ্ছে ৪০০ - কান্দি মাস্টার প্ল্যানে।

টোটাল প্রজেক্ট, ঘাটাল মাস্টার প্লান যেটা ১২৩৮.৯৪ কোটি টাকার প্রজেক্ট, সেখানে আপনি খরচ করেছেন, নিজস্ব তহবিল থেকে। দুটো নদীকে সংস্কার করার চিন্তা - ভাবনা করছেন পরবর্তী ক্ষেত্রে। আর বাকিটা একটা যেটা করেছেন সেই সংখ্যাটার পরিমাণও খুবই কম। ১৬কোটি টাকায় কাজ করবেন বলেছেন আর ৭৩ কোটি টাকায় কাজ করেছেন। তাই বলছি যে, এটা সম্পূর্ণ হতে আর কি কি বাকি আছে ? রাজস্ব খাতে যেটা করছেন, এই দুটো নদী সংস্কার করবেন কবে থেকে ? আর যেটা পরিষ্কার হয়েছে কিনা, সেই নদীগুলোর কাজ কি, তাতে কতটুকু এরিয়া কভার করছে ? ঘাটাল মাস্টার প্লানের সঙ্গে আরামবাগের বন্যা জড়িত আছে। সেই জন্য কতটা আপনি এগিয়েছেন একটু ডিটেলসে যদি বলেন আর কি ?

শ্রী শুভেন্দু অধিকারী : প্রথমতঃ কান্দী মাস্টার প্লানের কাজ সমাপ্ত হওয়ার পথে। কান্দী মাস্টার প্লানে আমাদের রি-এমবার্সমেন্ট এর যে টাকা দেওয়ার কথা ছিল কেন্দ্রীয় সরকারের কেলেঘাই কপালেশ্বরী এবং কান্দী মাস্টার প্লানে ২৪১ কোটি টাকা যেটা রাজ্য সরকার ইতিমধ্যে খরচ করে ফেলেছে। সেটা কিন্তু দেওয়ার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের মনোভাব নেতিবাচক। ঘাটাল মাস্টার প্লানের ক্ষেত্রে আপনারা জানেন এটা মাননীয় মুখ্যমন্ত্রীর স্বপ্নের প্রজেক্ট এবং এটার খুব প্রয়োজনীয়তা রয়েছে। বিস্তীর্ণ এলাকার মানুষ প্রত্যেক বছর বন্যাতে ভেসে যায়। এবং হুগলী জেলার গ্রামীণ এলাকা পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর বিরাট একটা এলাকা এবং বাঁকুড়ার একটা অংশ বিষ্ণুপুরের পাশাপাশি বিস্তীর্ণ এলাকা চলে যায়। সেখানে ঘাটাল মাস্টার প্লানে কেন্দ্রীয় সরকার ২০১৫তে টেকনো ইকনমিক যে এ্যাপ্রুভাল সেটা তারা লিখিতভাবেই দিয়েছিল। তাতে মোট ব্যয়মূল্য ছিল ১২১৪.৯২কোটি টাকা। কিন্তু এর পরবর্তী সময়ে, আগে যে স্কিমটা ছিল, তাতে বিশেষ করে এন. ডি. এ. আসার আগে ১৪সালের আগে ছিল ৭৫ আর ২৫। সেন্ট্রাল গভর্ণমেন্ট দেয় ৭৫ আর ২৫দেয় রাজ্য। কিন্তু এরা ১৮সাল থেকে চেঞ্জ করে দিয়েছে, ৫০:৫০। স্বাভাবিকভাবে, তাতেও রাজ্য সরকার ঘাটাল মাস্টার প্লানের ব্যাপারে মাননীয়া মুখ্যমন্ত্রী এবং আমরা সবাই ইতিবাচক দৃষ্টিভঙ্গী রেখেছিলাম। কিন্তু কেন্দ্রীয় সরকার এখনও পর্য্যন্ত কোন টাকা দেন নি। আপনি যে স্পেশিফিক প্রশ্ন করেছেন যে একটি নদী সংস্কার হয়েছে, সেটি হল পলাশপাই। আর যে দুটি সংস্কার করার কথা , আমি লিখিতভাবে উত্তর দিয়েছি। তার জন্য আমাদের অর্থ দপ্তর, বিভাগীয় দপ্তর থেকে তাদের সব প্রাথমিক অনুমোদন পাওয়া গিয়েছে, আমাদের প্লান হেডের টাকা থেকেই এই বছর আমরা জনস্বার্থে খরচ করবো, সেটা হচ্ছে দুর্বাচটী এবং চন্দ্রেশ্বর। এবং তার মোট মূল্য হচ্ছে ১১৬কোটি টাকা। এর ফলে দাশপুর ১ এবং ২ নম্বর ব্লকের মানুষ বিশেষভাবে উপকৃত হবে।

শ্রী আব্দুল মান্নান : স্যার, আর একটি অতিরিক্ত প্রশ্ন করি। এর সঙ্গে তো বন্যা জড়িত, আপনার এই নদীগুলির সব সংস্কার এবং অন্যান্যতে রাজ্যে এবারে, আমি এর সঙ্গে প্রত্যক্ষভাবে না হলেও পরোক্ষভাবে খুবই জড়িত। বর্ষা এবারে জেলাওয়াইজ ঘাটতির পরিমাণটা কত ? এবং আপনি জানেন হচ্ছেও সব জেলাতে, বিভিন্ন জেলাতে বর্ষার ঘাটতির জন্য যে পাটচাষীরা এখন পাট কাটছে, সেই পাটকে তারা তৈরী করতে পারছে না। বাধ্য হয়ে পচা জলে পরিষ্কার করে যেটা

করতে হয় সেটা করতে পারছে না, ফলে খুব নিম্নমানের পাট বেরুবে, সেই পাটগুলো জুটমিল নেবে না। ফলে জুটের মধ্যে, জুট ইনডাস্ট্রিতে একটা প্রবলেম হবে। এই ব্যাপারে আপনার কাছে কোন তথ্য আছে কিনা, আপনি যদি জানান তাহলে ভাল হয়।

শ্রী শুভেন্দু অধিকারী : সঠিকভাবেই আপনি বলেছেন। এবারে স্বাভাবিক বৃষ্টিপাত অনেকটাই কম। রাজ্যে পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, উত্তর ২৪পরগণা, দার্জিলিং এবং জলপাইগুড়ি, এই ৫টি জেলাতে কেবলমাত্র স্বাভাবিক বৃষ্টিপাত হয়েছে। বাকি জেলাতে বৃষ্টির ঘাটতির পরিমাণ ২০ থেকে ৪৭শতাংশ। আর সবচেয়ে বেশী পাট নদীয়া এবং মুর্শিদাবাদে হয়। মুর্শিদাবাদে ঘাটতি ৪৭শতাংশ, হায়েস্ট। এবং এতে সত্যিকারের পাটের চাষীরা একটা সমস্যার মধ্যে আছে এটা আমি স্বীকার করি।

শ্রী আব্দুল মান্নান : আমি আর একটি প্রশ্ন করছি সেটা হচ্ছে যে, এই যে তিনটে জলাধার যেটা বর্ষার জলকে ধরে রাখে, সেই জলাধারগুলোর জল ছাড়ার পরিমাণ কত হয়েছে এর উত্তরটা আছে কিনা আপনার কাছে ? আমাদের রাজ্যে যে তিনটে জলাধার আছে, যার জলগুলো কখনো আমাদের বন্যায় প্লাবিত করে দেয়, আবার কখনো আমাদের চাষের জল থেকে বঞ্চিত করে, সেই ব্যাপারে আপনার কাছে কোন তথ্য আছে কিনা ?

[11:20 – 11:30 a.m.]

শ্রী শুভেন্দু অধিকারী : আমাদের কংসাবতী জলাধারের অবস্থাটা ঠিক আছে, ডি.ভি.সি.-রও ঠিক আছে। ময়ুরাক্ষীতে আমাদের সমস্যা আছে। ইতিমধ্যে আমরা একবার জল ছেড়েছি আর পশ্চিম মেদিনীপুরে যেটা নতুন অ্যানিকেট বাঁধ তৈরি হয়েছিল, সেখানে এই প্রথম সাক্সেসফুলি জল ছাড়া হয়েছে এবং কয়েক হাজার হেক্টর জমি - যখন বীজতলা তৈরি হচ্ছিল, সেই সময় ছাড়া হয়েছে। দ্বিতীয় জল ছাড়তেও আমাদের সমস্যা হবে না। তৃতীয় জল ছাড়ার ক্ষেত্রে এখনো পর্যন্ত যা অবস্থা আছে, তাতে সেপ্টেম্বরে যদি ইম্প্রুভ না করে তাহলে সমস্যা দেখা দিতে পারে।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, শুভেন্দুবাবুকে একটা ধন্যবাদ জানাই - উনি বাস দিয়েছেন, কিন্তু ডোমকলের লোকেরা এ.সি. বাস চাইছে। ওটা একটু দেখবেন। আমি যে প্রশ্নটা মাননীয় মন্ত্রী মহাশয়কে করতে চাইছি সেটা হ'ল, এই কান্দি মাষ্টার প্ল্যান - দীর্ঘদিনের সমস্যা। কতবার যে দিল্লীতে গিয়েছি, তার কোনো ঠিক নেই। আমার স্পেশিফিক প্রশ্ন হচ্ছে, এই কান্দি মাষ্টার প্ল্যানে দিলী কত দিয়েছে আর আপনারা কত দিয়েছেন ? আর সেই কাজ রূপায়ণের ক্ষেত্রে কি অবস্থায় আছে, দয়া করে জানাবেন।

শ্রী শুভেন্দু অধিকারী : আমাদের কান্দি মাষ্টার প্ল্যানে আপনাকে বলেছি যে, যা ডি.পি. আর. ছিল, তাতে কাজ প্রায় সম্পূর্ণ হওয়ার পথে। তাতে কেন্দ্রীয় সরকারের এফ.এম পি.তে. অনুমোদিত ছিল ৪৩৮.৯৪ কোটি টাকা। আমরা কেন্দ্রীয় অনুদান যেটা পেয়েছি, সেটা হচ্ছে ৫৭.৪৫ কোটি টাকা আর রাজ্য সরকার খরচ করেছে ২০৯.৫৮ কোটি টাকা এবং এক্ষেত্রে রাজ্য সরকার অতিরিক্ত ১৬৬.৫৬ কোটি টাকা খরচ করেছে।

শ্রী কল্লোল খান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য, কেন্দ্রীয় সরকার গঙ্গা ড্রেজিং করবার যে পরিকল্পনার কথা ঘোষণা করেছিল, পশ্চিমবঙ্গে বাহিত গঙ্গায় সেই ড্রেজিং পরিকল্পনার অর্থ বরাদ্দ কি করেছে ? যদি দয়া করে জানান।

শ্রী শুভেন্দু অধিকারী : আপনি সম্মানীয় বিরোধী দলনেতা মাননীয় আব্দুল মান্নান মহোদয়ের প্রশ্নের যে উত্তরটা পড়বেন, তার গ-এর ৫, তাতে দেখবেন ১৭ই মার্চ, ২০১৮ মাননীয় মুখ্য সচিবের পৌরহিত্যে যে মিটিং হয়েছিল, সেই মিটিং-এ কেন্দ্রীয় সরকারের জাহাজ দপ্তর, জাতীয় জলপথ দপ্তর এবং তৎকালীন জলসম্পদ - এখন জলশক্তি দপ্তর, আমাদের সেচ ও জলপথ এবং আমাদের ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষসহ সবাই থেকে আলোচনা করে কে কোন কাজটা করবে সেটা নির্দিষ্ট হয়েছিল এবং আপনি যে জেলা থেকে নিবাচিত - নদীয়া - নদীয়া, মুর্শিদাবাদ, মালদা সহ ভাগিরথীতে অনেকগুলি কাজ করবার জন্য ওরা কমিটমেন্ট করেছিল। আমাদের পার্টে রাজ্য সরকারের যে কাজ ছিল, সেই কাজ কিন্তু আমরা করে ফেলেছি। কেন্দ্রীয় সরকারের পার্টে যে কমিটমেন্ট তারা দিয়েছিল, সেই কাজটা তারা এখনো করেনি।

যাবজ্জীবন দণ্ডপ্রাপ্ত কয়েদিদের সময়সীমার পূর্বে মুক্তি

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪) **শ্রী বংকিম চন্দ্র হাজরা ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ আর্থিক বছরে এ রাজ্যে যাবজ্জীবন দণ্ডপ্রাপ্ত কয়েদিদের সময়সীমার পূর্বে মুক্তির বিষয়ে কোনো বিবেচনা করা হয়েছে কি না;

(খ) হয়ে থাকলে, মোট কতগুলি ক্ষেত্রে বিবেচনা করা হয়েছে; এবং

(গ) উক্ত ক্ষেত্রে মুক্তিপ্রাপ্ত কয়েদিদের সংখ্যা কত?

শ্রী মলয় ঘটক :

(ক) ২০১৬- ১৭, ২০১৭- ১৮ও ২০ ১৮-১৯ আর্থিক বছরে এরাজ্যে যাবজ্জীবন দন্ডপ্রাপ্ত কয়েদীদের সময়সীমার পূর্বে মুক্তির বিষয়ে বিবেচনা করা হয়েছে।

(খ) মোট ৭০৮টি ক্ষেত্রে বিবেচনা করা হয়েছে।

(গ) উক্ত ক্ষেত্রে মুক্তিপ্রাপ্ত কয়েদীদের সংখ্যা ৫ জন।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেব্‌ল্ স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। তিনি বলেছেন যে দণ্ডপ্রাপ্ত কয়েদীদের মধ্যে ৭০৮ জনের ক্ষেত্রে বিবেচনা করা হয়েছে। তার মধ্যে মুক্তি পেয়েছে মাত্র ৫ জন। তাহলে ৭০৩ জন তারা কোন্ কারণে মুক্তি পাননি, দয়া করে জানাবেন কি ?

শ্রী মলয় ঘটক : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই, বন্দীদের মুক্তির জন্য একটি কমিটি আছে। সেই কমিটি রেকমেন্ড করে। রেকমেন্ড

করার পরে বন্দীরা মুক্তি পেয়ে থাকত এতদিন। কিন্তু মহামান্য সুপ্রিম কোর্টের একটি আদেশে In the matter of Sangeet and another vs State of Haryana - Criminal Appeal Nos.490-491 60 তে একটা ডাইরেকশান দিয়েছেন সুপ্রিম কোর্ট যে এ্যাকচুয়াল ছাড়ার আগে যেটা confirming or committing court সেই confirming or committing court এর কাছে এই যে remission of ১৪ বছরের পর ছেড়ে দেওয়ার ব্যাপারটা আছে, তার একটা কনফার্মেশান নিতে হবে from the committing court এবং আমরা এই প্রতিটি ক্ষেত্রেই হাই কোর্টের কাছে পাঠিয়েছি। তার মধ্যে ৫টি ফেরৎ এসেছে। সেই পাঁচজনকে ইতিমধ্যেই ছাড়া হয়েছে এবং কিছু কিছু ক্ষেত্রে Rejected হয়েছে। সেই Rejected ছাড়াও এখনো অনেকগুলো কেস আছে যেগুলো Pending. Confirming or committing court এর আমাদের কাছে এখনো কোনো উত্তর আসেনি।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে। আমাদের এই বন্দীদের মধ্যে কোনো রাজনৈতিক বন্দী আছে কিনা। রাজনৈতিক বন্দীদের মুক্তির ব্যাপারে রাজ্য সরকারের কোনো কি শর্ত আছে বা এই ব্যাপারে কি কোনো চিন্তা ভাবনা করছেন ?

শ্রী মলয় ঘটক : স্যার, মাননীয় সদস্যের দ্বিতীয় অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই, রাজনৈতিক বন্দী বলে এখানে কোনো বিবেচনার বিষয় নেই। কিন্তু যে কটা প্রতি বছরে বা প্রতি মিটিঙে হয়েছে সেই নাম্বারটা আমি বলে দিতে পারি। ফাইনান্সিয়াল ইয়ার ২০১৬-১৭তে consideration এর জন্য ৬২জনকে পাঠানো হয়েছিল। ১৭-১৮তে ৮২ জন, ১৮-১৯এ ৪জন, ১৭-১৮তে আবার পাঠানো হয়েছিল ৬৮ জন, ১৮-১৯এ ৩০৪ জন, ১৮-১৯এ আবার সেকেন্ড ও থার্ড biddingএ ১জন এবং ১জন করে, তার পরে ১৮-১৯এ আরো ৪ জন এবং ১৯-২০তে ১জন। এর মধ্যে রাজনতিক বন্দী বলে কোনো উল্লেখ নেই।

শ্রী কমলেশ চ্যাটার্জী : ধন্যবাদ স্যার। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে একটি সুনির্দিষ্ট প্রশ্ন জানতে চাইছি। যাদের যাবজ্জীবন জেল হচ্ছে, কেউ ১৫বছর, ১৬বছর, ১৭ বছর, ১৮ বছর, ২২ বছরও বন্দী আছে। এইরকম জেলবন্দী প্রচুর আছে। স্যার আপনি বললেন যে, সুপ্রিম কোর্টের একটা নির্দেশ আছে ১৪ বছর পরে তাদের একটা বিচার বিবেচনা আছে। আপনার এই যে বন্দী মুক্তি কমিটি আছে সেই কমিটিতে কারা আছেন ? এটা আমি জানতে চাই। আর দ্বিতীয় কথা, কমিটির কাছে কিভাবে তারা আবেদন করবে, কোন্ কোন বিষয়গুলো বিচার বিবেচনা করে তাদেরকে মুক্তি দেওয়া হয়, যদি একটু জানান ভালো হয়।

শ্রী মলয় ঘটক : স্যার, এই বন্দী মুক্তি কমিটি - এর কনভেনার হচ্ছেন আমাদের জুডিসিয়াল সেক্রেটারি। জুডিসিয়াল ডিপার্টমেন্টের সেক্রেটারি তিনি হচ্ছেন কনভেনার এবং কারেকশানাল ডিপার্টমেন্টের যিনি হেড তিনি একজন মেম্বার, এ ছাড়া পুলিশের থেকে ১-২জন মেম্বার থাকেন। কিন্তু স্যার নিয়ম হচ্ছে, যে জেলে সেই বন্দী আছেন, সেই জেলের সুপারিন্টেন্ডেন্টকে তার

বিহেভিয়ার উল্লেখ করে রেকমেন্ডেশান পাঠাতে হবে। আগে রেকমেন্ডেশান পাঠানোর পরে এই কমিটি বিচার করতেন এবং তার পরে তাদেরকে ছাড়ার ব্যবস্থা করতে হত।

[11:30 – 11:40 a.m.]

কিন্তু মহামান্য সুপ্রীম কোর্টের যে আদেশের কথা আমি বললাম, সেই আদেশ বলে রেকমেন্ডেশানগুলি হাইকোর্টের কাছে আমাদের পাঠাতে হবে। হাইকোর্ট সেগুলো কনফার্মিং কোর্টে পাঠাবে এবং তাদের কাছ থেকে যতক্ষণ না সদুত্তর আসবে ততক্ষণ পর্য্যন্ত আমরা তাদের ছাড়তে পারব না।

শ্রী বিশ্বনাথ চৌধুরি : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য, পশ্চিম বাংলার জেলে বিচারাধীন বন্দীর সংখ্যা কত ?

শ্রী মলয় ঘটক : স্যার, বিশ্বনাথ বাবু খুবই সিনিয়ার মেম্বার এই সদনের। ওনার এই প্রশ্নটা কারা দপ্তর বা জেল দপ্তরের অধীন, এটা আমার ডিপার্টমেন্টের অধীন নয়। কারা দপ্তরের কাছে আপনি প্রশ্নটা করলে এর সদুত্তর পাবেন।

শ্রীমতী শ্যামলী প্রধান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এই যাবজ্জীবন সাজাপ্রাপ্ত বন্দী যারা রয়েছে তাদের কারোর বয়স ষাট-পঁয়ষট্টি বা সত্তরের কাছাকাছি হয়ে গেছে। তাদেরকে মুক্তি দেওয়ার জন্য কোন ব্যবস্থা সরকারের থেকে কি নেওয়া হয়েছে।

শ্রী মলয় ঘটক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর আগে দু'জন মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানিয়েছি, যাবজ্জীবন সাজাপ্রাপ্ত বন্দীদের মুক্তি দেওয়ার জন্য একটা কমিটি আছে। সেই কমিটি বিষয়টি বিচার করে থাকেন। কোন কোন ক্ষেত্রে সাজাপ্রাপ্ত বন্দীদেরকে ছাড়া যেতে পারে। সেই রেকমেন্ডেশানটা আসে জেলের সুপারিনটেন্টের কাছ থেকে। তিনি যতদিন জেলে আছেন তার বিহেভিয়ারের উপরে এটা নির্ভর করে এবং যে এলাকায় ঘটনাটি ঘটেছিল সেই এলাকার পুলিশ রিপোর্টের উপরে এটা নির্ভর করে। রিপোর্টটা কমিটির কাছে আসে এবং যারা যারা কমিটির সদস্য তারা তখন বসে সেই রেকমেন্ডেশানগুলো বিচার করে হাইকোর্টের কাছে পাঠানো হয়।

শ্রী যোগরঞ্জন হালদার : যাঁরা জেলে বন্দী থাকছেন তাঁদের ডেইলি ওয়েজেস বাড়াবার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

শ্রী মলয় ঘটক : স্যার আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, এটা জেল দপ্তরের দায়িত্বে যিনি আছেন তিনিই বলতে পারবেন। এই ব্যাপারটা জেল দপ্তরই করেন, এটা আইন বা বিচার দপ্তরের মধ্যে পড়ে না।

শ্রীমতী নার্গিস বেগম : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ২০১৮-১৯ সালে কতগুলো নতুন স্টেট অ্যাক্ট পাবলিশড করা হয়েছে এবং এর মধ্যে কতগুলো বাংলা ভাষায় তর্জমা করে প্রকাশিত হয়েছে।

শ্রী মলয় ঘটক : স্যার, উনি যে প্রশ্নটা করলেন এটা আমার আজকের মূল প্রশ্নের সঙ্গে জড়িত নয়, এই ব্যাপারে উনি আমাকে আলাদা ভাবে প্রশ্ন করলে আমি লিখিতভাবে তা জানিয়ে দেব।

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৪) **শ্রীমতী জাহানারা খান ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম বর্ধমান জেলাতে অসংগঠিত ইটভাটা শ্রমিকদের সংখ্যা কত;

(খ) জামুড়িয়া বিধানসভা এলাকায় উক্ত শ্রমিকের সংখ্যা কত; এবং

(গ) উক্ত শ্রমিকদের মধ্যে কতজনকে সামাজিক সুরক্ষা প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে?

শ্রী মলয় ঘটক : ক) ইটভাটার বহু সংখ্যক শ্রমিক হল পরিযায়ী। তাই সঠিক পরিসংখ্যান শ্রম দপ্তরের পক্ষে দেওয়া সম্ভব নয়। বিভিন্ন সংগঠন ও অন্যান্য উৎস থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে পশ্চিম বর্ধমান জেলাতে অসংগঠিত ইটভাটা শ্রমিকের সংখ্যা ১৫,৯৬০।

খ) জামুড়িয়া বিধানসভা এলাকা উক্ত শ্রমিকের সংখ্যা ৬,৪৮০।

গ) (১) পশ্চিম বর্ধমান জেলায় ইটভাটা শ্রমিকদের মধ্যে ৯,২৯৭ জনকে সামাজিক সুরক্ষা প্রকল্পে অন্তর্ভুক্ত করা হয়েছে।

(২) জামুড়িয়া বিধানসভা এলাকায় ইটভাটা শ্রমিকদের মধ্যে ৩, ৯৯৭ জনকে সামাজিক সুরক্ষা প্রকল্পে অন্তর্ভুক্ত করা হয়েছে।

শ্রীমতী জাহানারা খান : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের নিকট আমার অতিরিক্ত প্রশ্ন, উনি এখানে আনুমানিক বলেছেন, জেলার অসংগঠিত ইট ভাটা শ্রমিকের সংখ্যা, যদিও জানি, এটা আনুমানিক হলেও বলছেন, কিন্তু স্থানীয় এলাকার বহু মানুষ তারা ইট ভাটার কাজের সঙ্গে যুক্ত। এস.সি. , এস.টি. পরিবারের, আমাদের ওখানে দেখি বহু মানুষকে তাদের পুরো পরিবারেরই লোক এই কাজের সঙ্গে যুক্ত এবং এই কাজের সঙ্গে যুক্ত শুধু ইট ভাটার শ্রমিকই নয়। তার সঙ্গে বহু মানুষ - ট্রাক্টর এবং লেবার তারাও এই কাজের সঙ্গে যুক্ত। এবং এই লেবারদের, ইটভাটার তাদের কোনো রেজিস্টার্ড আপনার কাছে আছে কি? এবং রেজিস্টার্ড যাদের নেই, কতদিন নাগাদ তাদের রেজিস্টার্ডের মধ্যে নিয়ে আসা যাবে যদি বলেন। ধন্যবাদ।

শ্রী মলয় ঘটক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয়া সদস্যার অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই, যে ইট ভাটার শ্রমিকদের একটা অংশ হচ্ছে পরিযায়ী। তারা অন্যান্য প্রদেশ থেকে আসেন এবং এখানে ইট ভাটায় কাজ করেন এবং ইট ভাটার কাজ শেষ হয়ে গেলে তাঁরা আবার ফেরৎ চলে যান। সুতরাং এই ধরনের পরিযায়ী শ্রমিক যারা তাঁদের পরিসংখ্যান আমাদের কাছে নেই। কিন্তু যারা আমাদের রাজ্যের শ্রমিক, ইট ভাটাতে কাজ করেন তাঁদের একটা পরিসংখ্যান আমাদের কাছে আছে এবং সেটা জেলাওয়াইজ যদি বলেন, তাহলে

সেটা হচ্ছে - ইস্ট মেদিনীপুরে ২ হাজার ৩৫০, হুগলীতে ৬৬ হাজার ৫৩০, বীরভূমে ৭ হাজার ৫৩, ওয়েস্ট মেদিনীপুরে ৪ হাজার ৩০০, নর্থ চব্বিশ পরগণাতে ১৭ হাজার, উত্তর দিনাজপুরে ৭ হাজার ৫০০, দক্ষিণ দিনাজপুরে ৪ হাজার ৯৪০, সাউথ চব্বিশ পরগণাতে ৭৯৪, মালদাতে ২৬হাজার, ১৫০, মুর্শিদাবাদে ৫৬ হাজার, কোচবিহারে ১৫৮২, নদীয়াতে ৩০ হাজার, হাওড়াতে ১২ হাজার, ঝাড়গ্রামে ৫হাজার ৪০, বর্ধমান - মানে পূর্বতন সংযুক্ত বর্ধমান ২১ হাজার ৮৫৯, জলপাইগুড়িতে কোনো ইটভাটা নেই। দার্জিলিংয়ে ১২০, আলিপুরদুয়ারে ৯৮৫ এবং পুরুলিয়াতে ২ হাজার ৬২৫। মোট সংখ্যা হচ্ছে ২ লক্ষ ৬৬৮৩২।

শ্রীমতী জাহানারা খান : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, ইট ভাটার শ্রমিক যে ১৫হাজার ৯৬০, তার মধ্যে ৯ হাজার ২৯৭ জনকে সামাজিক সুরক্ষা প্রকল্প ভুক্ত করা গেছে এবং জামুরিয়াতে ৬ হাজার ৪৮০-র মধ্যে ৩ হাজার ৯৯৭ জনকে সামাজিক সুরক্ষায় আনা গেছে। বাকী বহু মানুষ আছে যারা এখনো পর্যন্ত সামাজিক সুরক্ষায় অন্তর্ভুক্ত হয়নি। এই যে সমস্ত মানুষ বাকী আছে তাদেরকে কতদিন নাগাদ সামাজিক সুরক্ষা প্রকল্পের মধ্যে অন্তর্ভূক্ত করা হবে, এটা যদি বলেন।

শ্রী মলয় ঘটক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয়া সদস্যা শ্রীমতী জাহানারা খানের প্রশ্নের উত্তরে জানাই, আপনি জানেন, সামাজিক সুরক্ষা যোজনা, আপনি জানেন, যে ২০১৭ সালে মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি রাজ্যের যে ৩ - ৪ টি আলাদা আলাদা স্কীম ছিলো একটি হচ্ছে পরিবহণ শ্রমিকদের - একটি ট্রান্সপোর্ট ওয়ার্ককারদের, একটি সাসফাও এবং বিড়ি শ্রমিক সবাইকে একত্রিত করে সামাজিক সুরক্ষা যোজনা তিনি ঘোষণা করেছেন এবং এই সামাজিক সুরক্ষা যোজনার কিছু কিছু স্কীম ২০০০ সাল থেকে শুরু হয়েছিলো। তখন আপনাদের সরকার ছিলো। ২০০০ থেকে ২০১১ এই সামাজিক সুরক্ষা যোজনাতে যে বেনিফিট এই বেনিফিট ১১ বছরে আপনাদের সময়ে দেওয়া হয়েছিলো মাত্র ৯ কোটি টাকা। আর এই সময়ে ৮ বছরে সেটা দেওয়া হয়েছে ১৫৩০ কোটি টাকা। ৯ কোটি ১১ বছরে, আর ৮ বছরে ১৫৩০ কোটি। আপনি এর থেকেই উপলব্ধি করতে পারবেন যে মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে, সামাজিক সুরক্ষা যোজনাতে কতটা কাজ হয়েছে এবং আজকের দিনে ১ কোটি ১০ লক্ষের বেশী সামাজিক সুরক্ষা যোজনাতে রেজিস্টার্ড করা হয়েছে। আর ইট ভাটার ক্ষেত্রে আমি বার বার আপনাকে বললাম যে কিছু শ্রমিক হচ্ছে পরিযায়ী। এবারে সামাজিক সুরক্ষা যোজনাতে আমাদের রাজ্যের মানুষ যারা তারাই এই সামাজিক সুরক্ষাতে রেজিস্টার্ড হতে পারেন এবং তার বেনিফিট নিতে পারেন। তাই ৬ হাজার ৪০০ র মধ্যে কিছু নিশ্চয় পরিযায়ী আছে যারা অন্য রাজ্যের। যদি কেউ বাকী থাকেন, আপনি সেই এলাকার বিধায়িকা, আপনাকে আমি বলবো যে আমাদের এখন অন লাইন রেজিস্ট্রেশান হয়ে গেছে। আপনি তাদেরকে বলুন বা আপনার যদি কোনো সেরকম কেউ লোক থাকে, তাদেরকে বলুন, তাদের নামগুলো অলাইনে রেজিস্ট্রেশান করে দিতে কোনো অসুবিধে নেই।

[11:40 – 11:50 a.m.]

শ্রী কালিপদ মন্ডল : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা প্রশ্ন করতে চাই, যে সামাজিক সুরক্ষা প্রকল্পে গ্রামবাংলায় বুকে একটা আলোড়ন সৃষ্টি করেছে ঠিকই। কিন্তু আপনার ব্লকে ব্লকে inspector থাকার minimum wage inspector বলুন, আর কর্মচারী বলুন - আপনি যদি খতিয়ে দেখন এক একটা জায়গায় শূন্য পড়ে আছে। পক্ষান্তরে হচ্ছেটা কি - সামাজিক সুরক্ষা প্রকল্পের আওতাভুক্ত এতদিন যা খাতা-কলমে ছিল, এখন বলা হয়েছে আপনার দপ্তর থেকে তাদের নাম অনলাইনে নথিভুক্ত করতে হবে, registration করতে হবে। এখন অনলাইনে registration করতে হবে, এতে SLO-ও একটা সুযোগ পেয়ে গেছে। ১০০ থেকে ১৫০ টাকা নিচ্ছে এক একটা কর্মচারীর কাছ থেকে। আপনার অফিসে যদি একজন কর্মচারী হেল্প করে তাহলে গরিব মানুষগুলোর নাম নথিভুক্ত করতে পারেন। এমতাবস্থায় এই যে কঠিন পরিস্থিতি যেমন আমার শ্যামপুর ১ নং ব্লকে আছে ৫৫ হাজার মতন social assistance programme আওতাভুক্ত কর্মচারী। তাদের registration-এ এই যে বাড়িতে খরচ বোঝা কর্মচারীর অভাবে এই ব্যাপারে আপনি কি করবেন।

শ্রী মলয় ঘটক: স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই, যে অনলাইন registration আমরা শুরু করেছি এটা ঠিক, কিন্তু অনলাইনের সঙ্গে আমরা off line registration-ও করছি। যদি আপনার এই রকম কেউ থাকেন, যিনি অনলাইন registration করতে পারছেন না বা তাঁর কাছে কেউ অতিরিক্ত টাকা চাইছেন সেক্ষেত্রে আমাদের যেখানে যেখানে অফিস আছে, সেখানে তিনি form fill up করে জমা দিলে, সেটা আমাদের দপ্তর থেকেই অনলাইনে আপলোড করে দেওয়া হচ্ছে। সুতরাং সেই দিক থেকে কোন অসুবিধা নেই। আপনি আপনার এলাকায় বলে দিতে পারেন। যদি কেউ অনলাইন registration করতে না পারেন, তাহলে আপনার এলাকায় যে অফিস আছে সেখানে যেন অফলাইনে registration করে।

শ্রীমতী সাবিনা ইয়াস্মিন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য, যে কলকাতায় একটা tradition শুরু হয়ে গেছে যেটা আমরা জেলা বা গ্রামে দেখতে পাই না, যে ছোট ছোট বাচ্চাকে দিয়ে মায়েরা বসে থাকছে, ছোট ছোট বাচ্চাদেরকে দিয়ে ভিক্ষাবৃত্তি করাচ্ছে এবং গাড়ি slow হলে বাচ্চারা যে ভাবে দৌড়ে এসে আমাদের কাছে টাকা চায় - এটা কিন্তু বিরাট একটা ক্রাইম এবং অন্যদিকে এটা শিশু শ্রমের মধ্যে পড়ে - এটা বন্ধ করার জন্য আপনার ডিপার্টমেন্ট কোন উদ্যোগ নেবেন কি ? ধন্যবাদ স্যার।

শ্রী মলয় ঘটক : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয়া সদস্যার প্রশ্নের উত্তরে জানাই, যে এই ধরনের কোন অভিযোগ যদি থাকে আপনি সরাসরি জানাবেন, কারণ শিশু শ্রমিকদের যে ব্যাপারটা আছে সেটা আপনারা জানেন, যে শিশু শ্রমিকদের জন্য স্কুল আছে এবং আমাদের রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে প্রত্যেকটা জেলায় residential শিশু শ্রমিকদের জন্য স্কুল

করা হবে। ইতিমধ্যে বেশি কিছু জেলাতে হয়েছে। প্রত্যেকটা জেলার সদরে এই শিশু শ্রমিকদের residential school করা হচ্ছে। সেখানে কোন কিছু জায়গাতে আপনি লক্ষ রাখেন, সরাসরি চিঠির মাধ্যমে আমাদের জানাবেন, আমরা তার ব্যবস্থা নেব।

অগ্নিকাণ্ডের ঘটনার সংখ্যা

***৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৪) শ্রী আব্দুল খালেক মোল্লা ঃ** অগ্নি নির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে কলকাতায় মোট কত সংখ্যক অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে; এবং

(খ) ওইরূপ ঘটনায় ক্ষয়ক্ষতির পরিমাণ কত?

শ্রী সুজিত বসু :

(ক) ১লা জানুয়ারী, ২০১৯ থেকে ৩১শে জুলাই, ২০১৯ পর্যন্ত কলকাতায় মোট অগ্নিকাণ্ডের ঘটনার সংখ্যা ১২৩১ টি।

(খ) ঐরূপ ঘটনায় ক্ষয়ক্ষতির পরিমাণ (আনুমানিক) ৮,৭৭,৫৫,০০০ (আট কোটি সাতাত্তর লক্ষ পঞ্চান্ন হাজার) টাকা।

শ্রী আব্দুল খালেক মোল্লা : ৩১ শে জুলাই ২০১৯ পর্যন্ত দক্ষিণ ২৪ পরগণায় মোট কত অগ্নি সংযোগের ঘটনা ঘটেছে এবং হাওড়ায় কতগুলো অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে ?

শ্রী সুজিত বসু : আপনি কলকাতা সংক্রান্ত বিষয় বলেছেন। আপনাকে জেলাওয়াড়ি বলতে হবে। সাউথ ২৪ পরগণায় টোটাল নাম্বার অফ বিগ ফায়ার একটা হয়েছে, টোটাল নাম্বার অফ মিডিয়াম ফায়ার চারটি হয়েছে, টোটাল নাম্বার অফ স্মল ফায়ার ইনসিডেন্ট ৪৭৫ টি হয়েছে, টোটাল ক্ষতির পরিমাণ ১.৫৪ কোটি। হাওড়ায় বিগ ফায়ার কিছু ঘটে নি। টোটাল নাম্বার অফ মিডিয়াম ফায়ার চারটি হয়েছে, টোটাল নাম্বার অফ স্মল ফায়ার হাওড়ায় ২৯৫ টি, টোটাল ক্ষতির পরিমাণ ৬৯.১৬ লক্ষ।

শ্রী আব্দুল খালেক মোল্লা : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন – এই সমস্ত অগ্নিকাণ্ডে কোন প্রাণহানির ঘটনা ঘটেছে কিনা ?

শ্রী সুজিত বসু : আপনারা জানেন, কিছু দিন আগে নিউ ব্যারাকপুরে একটা ঘটনা ঘটেছিল। খড়দা বিধানসভার মধ্যে চেয়ার ফ্যাক্টারিতে একটা আগুন লেগেছিল। সেখানে পাঁচজন মানুষ মারা গিয়েছিল। সেখানকার লাইসেন্স আমরা বাতিল করেছি। সেই কারখানা আমরা বন্ধ করেছি।

শ্রী আখরুজ্জামান : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন এবং জিজ্ঞাসা আমরা বিভিন্ন সংবাদ মাধ্যমে দেখছি মুর্শিদাবাদ জেলায় জঙ্গিপুর, জঙ্গিপুর একটা মহাকুমা শহর, প্রায় ওখানে অগ্নি সংযোগ হয়ে থাকে। বিগত এক মাস আগে

রোহা শহরে বেশ কয়েকটা দোকান পুড়ে গেছে। সেখানে একটা ফায়ার স্টেশন হওয়ার কথা আমরা সংবাদ মাধ্যমে দেখছি। এটা কি সত্যি ? যদি সত্যি হয়ে থাকে, তাহলে কি অবস্থায় আছে জানাবেন। আর সত্যি না হলে অবিলম্বে যাতে একটা ফায়ার স্টেশনের ব্যবস্থা করা যায়, সেই ব্যাপারে মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন ?

শ্রী সুজিত বসু : আপনি ঠিকই বলেছেন। আমরা কিছুদিন আগে ডোমকলে একটা ফায়ার স্টেশন ওপেনিং করেছি। সেখানে আমি বলেছিলাম যে, জঙ্গিপুর আমাদের প্রপোজালের মধ্যে আছে। জঙ্গিপুরের কাজ আমরা খুব তাড়াতাড়ি শুরু করছি। জমি মোটামুটি আমরা আইডেন্টিফাই করে ফেলেছি। আমরা জঙ্গিপুরে ফায়ার স্টেশন করব। আমার প্রপোজালের মধ্যে ৫৯ টি ফায়ার স্টেশন আছে। তার মধ্যে জঙ্গিপুরও আছে।

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য – আপনারা জানেন যে সাঁকরাইলে ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ফুড পার্ক এবং পলি পার্ক আছে। কম করে তিনশো থেকে চারশো ফ্যাক্টরী সেখানে তৈরী হয়েছে। প্রচুর শ্রমিক কর্মচারী সেখানে কাজ করে। ওখানে যদি একটা অগ্নি নির্বাপক তৈরী করা হয়, তাহলে অনেক বড় দুর্ঘটনা থেকে রক্ষা পাবে। ওখানে আপনার কোন অগ্নি নির্বাপক করার কোন পরিকল্পনা আছে কিনা ?

মিঃ স্পিকার : সবাই যদি তাঁর নিজের কনস্টিটিউয়েন্সীতে ফায়ার স্টেশন চান, তাহলে আপনারা এমনি আবেদন করবেন। মাননীয় মন্ত্রী নিশ্চয়ই বিবেচনা করবেন।

শ্রী সুজিত বসু : আপনি আমাকে যে প্রশ্নটা করলেন, আমি আপনাকে শুধু উত্তরটা দিয়ে দিই। পাড়ায় পাড়ায় তো আর ফায়ার স্টেশন হয় না। আপনি শুনে খুশী হবেন যে, জগদীশপুরে একটা খুব বড় গেঞ্জি হোসিয়ারী ফ্যাক্টরী হচ্ছে। বড় শিল্প সেখানে একটা হচ্ছে। সেখানে ওরা আমাদের একটা প্রপোজাল দিয়েছে, জমি দেবে বলেছে, আমরা ওটা করব। আর আপনি যে সাঁকরাইলের কথা বলেছেন, আপনি যে প্রস্তাবটা দিয়েছেন, আমরা দেখব। আমরা যদি প্রয়োজন মনে করি তাহলে নিশ্চয়ই আমরা দেখব।

শ্রীমতী সোনালি গুহ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন – এই অগ্নিকাণ্ডের যে সমস্ত ঘটনা আপনি বললেন, যারা মারা গেছে, তাদেরকে রাজ্য সরকারের তরফ থেকে কত টাকা ক্ষতিপূরণ দেওয়া হয়েছে ?

মিঃ স্পিকার : উনি অলরেডি উত্তর দিয়েছেন, শ্রী খালেক মোল্লার প্রশ্নে।

শ্রী সুজিত বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সোনালিদি যে প্রশ্নটা করেছেন, এখানে তো আমরা প্রথমেই দু' লক্ষ টাকা করে দিয়েছি। যে পাঁচজন মারা গিয়েছিল, তারা প্রত্যেকে দু' লক্ষ টাকা করে পেয়েছে।

[11:50 a.m.–12:00 Noon]

তাঁত শিল্পকে বাঁচানোর পরিকল্পনা

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫) শ্রী বংকিম চন্দ্র হাজরা ঃ ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের তাঁত শিল্পকে বাঁচানোর জন্য সরকার কী কী পরিকল্পনা গ্রহণ করেছে/করছে?

Dr. Amit Mitra : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে প্রশ্নের উত্তরে জানাই

রাজ্যের তাঁত শিল্পের উন্নয়নের স্বার্থে বিগত ৮ বছরে রাজ্য সরকারের কিছু পরিকল্পনার খতিয়ান তুলে ধরা হলো :

১) হ্যান্ডলুম ক্লাস্টার উন্নয়ন প্রকল্প:

বর্তমানে ৮৪,৫৬৪ জন তাঁতশিল্পীকে অন্তর্ভুক্ত করে ১৭৬টি ক্লাস্টার উন্নয়ন প্রকল্প রূপায়ণ করার কাজ চলছে যা ২০১১ সালে ছিল মাত্র ২৮ টি অর্থাৎ ক্লাস্টার প্রকল্পের সংখ্যা বিগত ৮ বছরে ৬ গুণ বৃদ্ধি পেয়েছে। ৬৩টি সাধারণ পরিসেবা কেন্দ্র (Common Facility Centre)। স্থাপন করা হয়েছে।

২) ১,০২,০০০ তাঁতশিল্পীকে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

৩) ১,০৮,০০০ তাঁতশিল্পীকে নূতন পিট-লুম অথবা ফ্রেম-লুম বিতরণ করা হয়েছে।

৪) তাঁতশিল্পীদের তাঁতবস্ত্র বিপনণের সুবিধার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে ৪টি সুসংহত (Integrated) তাঁতের হাট স্থাপিত হয়েছে। এর দ্বারা আনুমানিক ১,৫০,০০০ তাঁতশিল্পী উপকৃত হচ্ছেন।

৫) তাঁতশিল্পীদের জন্য ৬,৩০০টি তাঁতঘর (Workshed) নির্মাণ করা হয়েছে। এছাড়া, আরও ৫,০০০ তাঁতশিল্পীদের জন্য তাঁতঘর (Workshed) নির্মাণ করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

৬) বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে ১,৮০০) জন তাঁতশিল্পী নিয়ে বালুচরী শাড়ীর Revival Scheme রূপায়িত হয়েছে। কলকাতার পার্ক স্ট্রীটে বালুচরী শাড়ী বিক্রয়ের জন্য একটি স্বতন্ত্র শো-রুম চালু করা হয়েছে।

৭) ঐতিহ্যবাহী বালুচরী, শান্তিপুরী ও ধনেখালি শাড়ীর জি.আই. রেজিস্ট্রেশান পাওয়া গেছে।

৮) এই পরিপ্রেক্ষিতে উল্লেখযোগ্য যে তন্তুজ-এর বিক্রয়ের পরিমাণ ২০১৮-১৯ আর্থিক বছরে ২৫২.৫৮ কোটি টাকা হয়েছে যা ২০১০-১১ সালে ছিল মাত্র ৫৫ কোটি টাকা। ২০১০-১১ সালে তন্তুজের লোকসানের পরিমাণ ছিল ১২.৬০ কোটি টাকা, যেখান

থেকে ঘুরে দাঁড়িয়ে, ২০১৮-১৯ সালে তন্তুজের অপারেটিং প্রফিট (Operating Profit) ১৪.৩৭ কোটি টাকা হয়েছে।

৯) এই সমস্ত পরিকল্পনা গ্রহণ করার ফলে ৫ কোটি ৮৩ লক্ষ অতিরিক্ত শ্রম দিবস সৃষ্টি হয়েছে।

এখানে স্বপনবাবু আছেন, উনি Ministry of State, এইটা দেখেন। ওনারও তরফ থেকে উত্তরটা দিলাম।

Shri Bankim Chandra Hazra : অনারে্বল্ স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী মহোদয় যে তথ্য উপস্থাপিত করেছেন তার থেকে আমরা দেখতে পাচ্ছি যে, ২০১১ সালে তাঁতশিল্পীকে অন্তর্ভুক্ত করে মাত্র ১৮টি ক্লাস্টারের প্রকল্প ছিল। আর মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার পর আমাদের সেখানে ৮৪ হাজার ৫৬৪জন তাঁতশিল্পীকে অন্তর্ভুক্ত করে ১৭৬টি ক্লাস্টারের উন্নয়ন প্রকল্প রূপায়িত হতে চলেছে।

দেখা যাচ্ছে এই ৮ বছরে প্রায় ৬ গুণ বৃদ্ধি পেয়েছে। তারই পরিপ্রেক্ষিতে স্যার আমাদের মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় এবং মাননীয় অর্থমন্ত্রী শ্রী অমিত মিত্র মহাশয়কে আমি আন্তরিকভাবে শ্রদ্ধা এবং কৃতজ্ঞতা জানাই। স্যার, আরো দেখতে পাবেন, তন্তুজ বিক্রির ক্ষেত্রে ২০১০-১১ সালে যেখানে ৫৫ কোটি টাকা ছিল সেখানে ২০১৮-১৯ আর্থিক বছরে ২৫২.৫৮ কোটি টাকাতে দাঁড়িয়েছে। আমাদের একটা বিরাট সাফল্য তন্তুজের ক্ষেত্রে এসেছে অথচ আগের সরকারের আমলে লস ছিল ১২.৬ কোটি টাকা।

স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের কাছে। উনি বলেছেন ঐতিহ্যবাহী বালুচরী, শান্তিপুরী, ধনেখালী শাড়ীর জি.আই. রেজিস্ট্রেশন করা গেছে। এই জি.আই.-টা যদি একটু ডিটেলে ব্যাখ্যা করেন তাহলে বোধ হয় ভালো হয়, আমরা ডিটেল-টা বুঝতে পারি। জি.আই. বিষয়টা কী ?

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন করেছেন। G.I. কথাটি আমি বলেছি। Geographical indication. এ সম্বন্ধে উনি জানতে চেয়েছেন। একটি ভৌগোলিক ইঙ্গিত, এমন একটি নাম, চিহ্ন যা একটি নির্দিষ্ট পণ্যের উৎস হিসাবে ভৌগোলিক অবস্থান বা শহর বা অঞ্চল বা দেশ শনাক্ত করে। মাননীয় অধ্যক্ষ মহোদয় আমরা WTO-র সদস্য, World Trade Organisation, তারই মধ্যে আছে 'ট্রিপস'। Agreement on Trade Related Aspects of Intellectual Property - তারই মাধ্যমে স্যার intellectual property-র ওপরে, বৌদ্ধিক সম্পত্তির অধিকার হিসাবে, যেখানে একটি প্রদত্ত গুণমান খ্যাতি বা পন্যটির বৈশিষ্ট্য, মূলতঃ দাবি এর ভৌগোলিক উৎসের ওপর। স্যার এই আইন অনুযায়ী যে সমস্ত পণ্যের নিরিখে নিবন্ধীকরণ করা হয়েছে সেই সেই ক্ষেত্রে নিবন্ধীকরণের পরে ওপরি উক্ত অনুমোদিত ব্যবহারকারীরাই ভৌগোলিক সূচক ব্যবহারের একমাত্র আইনী

অধিকারী। তার মানে পেটেন্টের মত স্যার। ভৌগোলিক সূচক নিবন্ধীকরণের মেয়াদ ১০ বছর পর্যন্ত থাকে। তার পর এটা নবীকরণ করা যেতে পারে। আশাকরি জি.আই. সম্বন্ধে মাননীয় সদস্য যেটা জানতে চেয়েছিলেন তার উত্তর পেয়েছেন।

মিষ্টার স্পীকার : রসগোল্লা নিয়েও তো জি.আই., পেটেন্ট হয়েছে।

Shri Bankim Chandra Hazra : মাননীয় মন্ত্রী মহোদয়, তাঁতশিল্পীদের জন্য বিভিন্ন ব্যবস্থা নিয়েছেন। আমি জানতে চাইছি, তাঁতশিল্পীদের 'স্বাস্থ্যসাথী'র আওতায় আনা হয়েছে কী ?

Dr. Amit Mitra : স্যার, স্বাস্থ্যসাথী বলে যে scheme-টা আছে তার মধ্যে যাঁরাই আসবেন তাঁদের আনা হয়েছে। আপনি যে প্রশ্নটা করেছেন তার detail আপনাকে দিয়ে দেব।

আর, মাননীয় অধ্যক্ষ মহোদয় রসগোল্লা নিয়ে যেটা বললেন তার পরিপ্রেক্ষিতে বলি, 20-টি item already G.I. পেয়েছে যার মধ্যে তিনটি handloom-এ, ১১টি MSME-র এবং বাকি non-MSME, non -Handloom, যার মধ্যে রসগোল্লা তো আছেই স্যার। আরো আছে ফজলি আম, জয়নগরের মোয়া, হিমসাগর আম, গোবিন্দভোগ , সীতাভোগ , তুলাইপাঞ্জি চাল, ইত্যাদি। সব মিলিয়ে ২০টির ক্ষেত্রে সরকার already G.I. পেয়েছে এবং আরো তিনটি ক্ষেত্রে apply করা আছে।

শ্রী নগেন্দ্রনাথ রায় : ধন্যবাদ স্যার। কোচবিহার জেলার দিনহাটা, পুন্ডিবাড়ি এবং চকচকা আমাদের এখানে মন্ত্রী মহোদয় আছেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষের বাড়ি যেখানে বাবুরহাট, অনেক তাঁত চলতো একটা সময়। কিন্তু বর্তমানে ছেলেমেয়েরা অন্যান্য পেশায় যুক্ত হয়েছে। ওখানে কিছু মুষ্টিমেয় তাঁত শিল্পী আছে, বাকিদের জন্য আপনি সেখানকার যে তাঁত সেটা পুনরুজ্জীবিত করার কোন পরিকল্পনা নেবেন কিনা জানাবেন?

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, নিশ্চয়ই এ সম্বন্ধে আমি খতিয়ে দেখবো। ১৭৬ টি ক্লাস্টারের মধ্যে কতগুলো এই এলাকায় পড়ে দেখবো। আর আপনি যদি কোন লিখিত প্রস্তাব দেন এই এই এলাকাতে ক্লাস্টার তৈরি করা যায়, ক্লাস্টারের যে প্রিন্সিপ্‌ল্‌ আছে তার মাধ্যমে নিশ্চয়ই এগজামিন করবো যে সেখানে ক্লাস্টার তৈরি করা যায় কিনা যাতে সরকারের সহায়তা তারা পেতে পারে। ধন্যবাদ।

Mr. Speaker : The Question Hour is over.

[12:00 Noon – 12:10 p.m.]

Announcement from the chair

Mr. Speaker : Hon'ble Members, I am to inform you that the time limit fixed for the presentation of the Report of the Committee of Privileges,

2018-2019, West Bengal Legislative Assembly, on the privilege matter against Shri Arunava Ghosh, Ex-MLA, for allegedly casting aspersion on the Chair and also on the other Members of the House by making some comments in an interview to Channel Hindustan, telecast in You Tube Channel, the notice of which was given by Shri Jyotirmoy Kar, MLA, was earlier extended for a period of three months expiring on the 26th July, 2019.

Now, as the Committee of Privileges, 2018-2019, West Bengal Legislative Assembly, was not able to complete its work, the time-limit for the presentation of the Report of Committee of Privileges, 2018-2019 and 2019-2020, on the aforesaid privilege matter, has been extended for a further period of three months, consequent upon the relevant proposal of the Committee.

LEAVE OF ABSENCE

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from Smt. Rahima Mondal desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read it out.

"আমি রহিমা মন্ডল, ১২০ দেগঙ্গা বিধানসভার বিধায়িকা। আমার স্বামী বর্তমানে খুবই অসুস্থ। সেইজন্য ওনাকে ভেলোর সিএমসিতে চিকিৎসার জন্য ডাক্তার অ্যাডভাইস দিয়েছেন। সেই জন্য আমি আগামী ২.৯.২০১৯ তারিখ সোমবার আমার স্বামীকে নিয়ে চলে যেতে হচ্ছে। অতত্রব মহাশয়, আপনার নিকট আমার ছুটি প্রার্থনা করছি। আমার ছুটি মঞ্জুর করিয়া বাধিত করা হোক। নমস্কারান্তে রহিমা মন্ডল।"

I now ask whether Smt. Rahima Mondal has the permission of the Assembly asked for by her.

There is no dissentient voice. I declare that Smt. Rahima Mondal has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 2nd September, 2019 to the last sitting of the current Session of the Assembly.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received two notices of Adjournment Motion. The first one is jointly from Shri Abdul Mannan, Dr. Sujan Chakraborty, Shri Manoj Chakraborty, Shri Asit Mitra, Shri Sk. Amjad Hossain and

Shri Ali Imran Ramz on the subject of price hike of essential commodities. And the second one is jointly from Shri Swadhin Kumar Sarkar, Shri Ashis Kumar Biswas, Shri Joyel Murmu, Shri Manoj Tigga and Shri Neeraj Tamang Zimba on the subject of law and order situation in the State.

The subject matter of both the Motions are not such that may call for the adjournment of the business of the House. Members may invite attention of the Ministers concerned through Calling Attention, Mention, Questions, etc.

I, therefore, withhold my consent to both the Motions.

One Member of each party may, however, read the text of the Motion as amended.

ডঃ সুজন চক্রবর্তী : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সম্প্রতি একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতবী রাখছে। বিষয়টি হল - রাজ্যে ভয়ানক মূল্যবৃদ্ধির কারণে সাধারণ মানুষ জেরবার। নিত্য প্রয়োজনীয় দ্রব্য সহ সমস্ত পণ্যের দাম ক্রমশঃ উর্ধমুখী। রান্নার গ্যাস সহ পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধির মতই অসহনীয় দুধ ও বিদ্যুতের দাম 1 মানুষের সংসার চালাতে নাভিশ্বাস উঠছে। অপর দিকে দেশের ভয়ঙ্কর অর্থনীতির মন্দা সত্ত্বেও রাজ্য সরকার এর বিরুদ্ধে কোথায়ও কেন ব্যবস্থা নিতে পারছে না। জীবনযাপনের প্রতিটি ক্ষেত্রেই বিপজ্জনকভাবে এসবের প্রভাব পড়ছে। এই সার্বিক অবস্থায় বিশেষতঃ মূল্যবৃদ্ধির সমাধানে রাজ্য সরকার অসফল।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী স্বাধীন কুমার সরকার : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সম্প্রতি একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতবী রাখছে। বিষয়টি হল - রাজ্যের বিভিন্ন প্রান্তে আইনশৃঙ্খলার চরম অবনতি হচ্ছে বলে অভিযোগ এবং আরো অভিযোগ রাজ্যে হত্যা, শ্লীলতাহানি, রাহাজানি ও ডাকাতি সহ বিরোধী রাজনৈতিক দলের নেতা, নেত্রীদের ও কর্মীদের উপর আক্রমণের ঘটনা বেড়ে গেছে। সিভিক ভলান্টিয়ার ও পুলিশের বলপূর্বক অর্থ আদায় এমন পর্যায়ে গেছে যে তাতে সাধারণ মানুষের প্রাণ ওষ্ঠাগত। এছাড়া এক বিধায়ক, সাংসদ ও বিজেপি রাজ্য সভাপতিকেও হেনাস্তা করা হচ্ছে। এই রকম ঘটনা ....

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

(এই সময় বামফ্রন্ট, কংগ্রেস এবং বিজেপি পরিষদীয় দল ওয়েলে নেমে স্লোগান দিতে থাকেন।)

... (Noise) ...

CALLING ATTENTION

Mr. Speaker: Hon'ble Members, today, I have received five (5) notices of Calling Attention on the following subjects, namely:

	Subject		Name
(i)	Reported severe damage of some residential buildings over the East-West Metro Tunnel at Bowbazar in Kolkata on the 31st August, 2019	:	Shri Asit Mitra
(ii)	Urge for setting up of a Secondary Girls School at Chuprijhara in Jaynagar Block-II	:	Shri Ram Shankar Halder
(iii)	Reported incident of attack on some people's Representatives in the State	:	Shri Dulal Chandra Bar
(iv)	Deprivation of the Workers of the closed BKM Industries Limited in Barjora Assembly Constituency Area	:	Shri Sujit Chakraborty
(v)	Urge for widening and strengthening of the metal road from Purba Dwarakapur Mouja to Joyguru Polli Primary School in Patharpratima Block	:	Shri Samir Kumar Jana

I have selected the notice of Shri Asit Mitra on the subject of Reported severe damage of some residential buildings over the East-West Metro Tunnel at Bowbazar in Kolkata on the 31st August, 2019.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

(At this stage several Hon'ble Members of the Opposition Parties came down to the Well of the House)

... (Noise)...

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিষয়টি নিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী নিজেই গিয়েছিলেন কালকে। কেন্দ্রীয় সরকারের বিষয় এটি মেট্রোর তলায় যা হয়েছে। তার বিস্তারিত খবর পেলে নিশ্চয় আপনাদের জানানো হবে।

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Annual Accounts along with Audit Reports and Audit Certificates in respect of the Hooghly River Bridge Commissioners for the year 2016-2017

Shri Suvendu Adhikari: Hon'ble Speaker, Sir, I beg to lay The Annual Accounts along with Audit Reports and Audit Certificates in respect of the Hooghly River Bridge Commissioners for the year 2016-2017.

The 22nd Annual Report containing Annual Accounts, Audit Report and Audit Certificate thereon, of the West Bengal Transport Infrastructure Development Corporation Limited for the year 2017-2018

Shri Suvendu Adhikari: Hon'ble Speaker, Sir, I beg to lay The 22nd Annual Report containing Annual Accounts, Audit Report and Audit Certificate thereon, of the West Bengal Transport Infrastructure Development Corporation Limited for the year 2017-2018.

The Annual Reports containing Annual Accounts along with Audit report thereon, of the Shalimar Works (1980) Limited for the years 2015-2016 and 2016-2017

Shri Suvendu Adhikari: Hon'ble Speaker, Sir, I beg to lay The Annual Reports containing Annual Accounts along with Audit report thereon, of the Shalimar Works (1980) Limited for the years 2015-2016 and 2016-2017.

The 27th and the 28th Annual Reports containing Annual Accounts and Audit Reports in respect of the West Bengal Surface Transport Corporation Limited for the years 2015-2016 and 2016-2017 respectively

Shri Suvendu Adhikari: Hon'ble Speaker, Sir, I beg to lay The 27th and the 28th Annual Reports containing Annual Accounts and Audit Reports in respect of the West Bengal Surface Transport Corporation Limited for the years 2015-2016 and 2016-2017 respectively.

[12:10 – 12:20 p.m.]

(মেনশান)

শ্রীমতী রমা বিশ্বাস : স্যার, আপনার মাধ্যমে জানাই যে ২০০০সালে United Nation's Convention on the Elimination of All Forms of Discrimination Against Women-র রিপোর্ট অনুযায়ী পশ্চিম বাংলায় মেয়ে পাচার হয়েছে ৩৫৭৯ জনের বেশি। ২০১৮ তে এই সংখ্যা কত বা ২০১৯ এর প্রথম ছয় মাসে এই সংখ্যা কত বৃদ্ধি পেয়েছে ? Convention of Elimination of All Forms of Discrimination Against Womenঅনুযায়ী আমাদের রাজ্যে গত আট বছরে কী উদ্যোগ নেওয়া হয়েছে ?

স্যার, মেনশানের উত্তর আবার কদিনে পাওয়া যাবে এটাও একটা বিষয়। গত সেসানে যা মেনশান করেছিলাম তার উত্তর এখনও পাওয়া যায় নি।

(এই সময়ে বি.জে.পি. দলের মাননীয় সদস্যরা সভাকক্ষ ত্যাগ করেন।)

শ্রী রফিকুল ইসলাম: স্যার, আমার হরিরামপুর ব্লক পুরো কৃষি নির্ভর। মোট জনসংখ্যার প্রায় ৪৯% সংখ্যালঘু মুসলমান, যাদের পেশা একমাত্র কৃষিকাজ। জমি ক্রয়-বিক্রয় এবং অন্যান্য বিষয়ে তাদের রেজিস্ট্রীর জন্য সাব ডিভিশন রেজিস্ট্রী অফিসে যেতে হয়। কাজেই ব্লকে একটা নতুন সাব রেজিস্ট্রার অফিস করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রীর আমি দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মনোজ চক্রবর্তী : এটা খুব গুরুত্বপূর্ণ বিষয়। মাননীয় মন্ত্রী এখানে আছেন। আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি কাউকে ছোট করা বা হিউমিলিয়েট করার জন্য নয়, তাঁর জানা দরকার এবং পাশাপাশি আমি মাননীয়া মুখ্যমন্ত্রী কাছেও বিষয়টি দেখার জন্য আবেদন করছি। আমি টেব্‌ল করব আপনার কাছে। Strengthening of ex-Zamindari Bandh on the bank of river Dwarka, এর টোটাল প্রজেক্টের কস্ট ছিল ১ কোটি ৮৭ লক্ষ ৬৪ হাজার ৯০২টাকা। কন্ট্রাক্টার ৬৪%, কোথাও আবার ৬২% লেস দিয়ে কাজ করছে। তার মানে এক কোটি টাকার কাজে ৬২ লাখ টাকা বাদ! তাহলে বাকি টাকায় কি করে সেই কাজটা উঠছে? মাননীয় মন্ত্রী, বিষয়টি আপনার দৃষ্টিতে আছে কিনা জানিনা। এটা খুব গুরুত্বপূর্ণ প্রশ্ন। ৪৪% লেস দিয়ে কাজ ধরেছে। কোনটার কাজ হয়ে গেছে, আবার কোনটা রানিং, কোনটা হচ্ছে। এই অবস্থায় মানুষকে বাঁচানোর জন্য embankment-র এই বাঁধ যদি ধ্বসে যায় তাহলে মানুষ মরে যাবে। কি করে এরা টেন্ডার পেল ? হয় এস্টিমেট বাড়ানো আছে, না হয় কাজ না করে পয়সাগুলো নিয়েছে।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী হাউসে উপস্থিত আছেন এবং বিষয়টি শুনেছেন। মাননীয় মন্ত্রী আপনার প্রশ্নের উত্তর দিচ্ছেন।

শ্রী শুভেন্দু অধিকারী : প্রথমতঃ বলে রাখা দরকার অন লাইন টেন্ডারে বিষয়টি হয় এবং এটা আমাদের মন্ত্রক বা দপ্তর থেকে হয় না। এটা এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার, SE লেভেলে,

ওখানে হয়। তাতে আপনি বলেছেন যে লেস দিয়ে কাজ কেন পেয়েছে ? সেটা পদ্ধতি মেনে, ফিনান্স ডিপার্টমেন্টের সার্কুলার আছে, সেই অনুযায়ী পেয়েছে। কিন্তু আপনি কাজটা হওয়ার পরে বাঁধটা ভেঙ্গে যাবে কিনা যে আশঙ্কা করেছেন, আমি টেকনিক্যাল এক্সপার্টদের দিয়ে এনকোয়্যারি করে দেখিয়ে দেব যাতে কাজটার গুনগতমান অ্যাজ পার এস্টিমেট ঠিক থাকে।

শ্রী মনোজ চক্রবর্তী : আমি একটা ছোট্ট কথা বলি ৬৪ % লেসে কি করে ধরল ?

শ্রী শুভেন্দু অধিকারী : আমি আপনার দ্বিতীয় পয়েন্টটাতে আসছি , জনস্বার্থে দেখে, নেব যাতে না বাড়ে। কিন্তু লেস দিয়ে কাজটা পেতে পারে এটা তো on line এবং এটা ফিনান্সের ডাইরেকশান অনুযায়ী হয়। এল-ওয়ানকে টেকনিক্যাল বিড বা ফিনান্সিয়াল বিডে ক্যান্সেল করা যায় না সেটা আপনিও ভাল করে জানেন। কিন্তু আপনি যে সেকেন্ড পার্ট বলেছেন যে কাজের গুণগত মান সেটা নিশ্চয়ই দপ্তর দেখবে। আপনি যখন এতজন সম্মানীয় সদস্যদের সামনে বলেছেন আমি নিশ্চয়ই দেখব।

শ্রী সুজিত চক্রবর্তী : ধন্যবাদ স্যার। রাজ্যে আয়ুষ চিকিৎসা ব্যবস্থা চালু হয়েছিল। ১৯৮৮ সালে। তখন গভর্ণমেন্ট ঠিক করেছিল একজন গ্রামীণ চিকিৎসক যতদিন সুস্থ সবল। থাকবেন ততদি পঞ্চায়েত ও ব্লক স্তরে ডাক্তারী পরিষেবার কাজ করতে পারবেন। বর্তমানে লক্ষ্য করা যাচ্ছে ১৯৮৮ সালের সরকারের অর্ডার তা বাতিল না করে পঞ্চায়েত স্তরে গ্রামীণ চিকিৎসকদের টার্মিনেট করা হচ্ছে। স্যার, অবিলম্বে এই টার্মিনেটের যে বিষয়টা এটা বাতিল করতে হবে অথবা চিকিৎসক এবং কমপাউন্ডার যাঁরা ওখানে নিযুক্ত ছিলেন। পঞ্চায়েতগুলিতে তাঁদের একটা বেনিফিট দেওয়ার ব্যবস্থা করতে হবে। স্যার, জেলাতে জেলাতে যে সমস্ত মডার্ন মেডিসিন আছে এই মেডিসিনের যে পরিকাঠামো আছে ঠিক সেই রকমই পরিকাঠামো যাতে আয়ুষের করা যায় তার চেষ্টা করার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সাথে সাথে রাজ্যের সাতটি বেসরকারী হোমিও কলেজ আছে। তাদের যাতে আরও উন্নতি করা যায় এবং পড়াশুনার পরিবেশ ফিরিয়ে আনা যায় তার ব্যবস্থা করার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী দুলাল বর : ধন্যবাদ স্যার। আমি আপনার মাধ্যমে এমন একটা ঘটনা আজকে এই পবিত্র সদনে জানাব যে ঘটনা বাঙালী হিসাবে, পশ্চিম বাংলার মানুষ হিসাবে আমাদের মাথা হেট হতে হতে একেবারে মাটির তলায় চলে গেছে। গত ১লা আগস্ট ভোরবেলায় বাসন্তী থানার চড় বিদ্যা হালদার পাড়ার ঘটনা। যে রাজ্যের মুখ্যমন্ত্রী একজন মহিলা স্যার.....

মিঃ স্পীকার : এটা ভাষণ তো নয়, মেনশান কেস। সুতরাং স্পেশিফিকালি মেনশান করুন এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করুন। আপনি ভাষণ দিতে পারবেন না।

শ্রী দুলাল বর : স্যার, পাঁচ বছর শিশু কন্যার সামনে মাকে ধর্ষণ করেছে। মাকে ধর্ষণ। করে তার মুখে কাপড় গুঁজে দিয়ে ...

মিঃ স্পীকার : এগুলি বিচারাধীন। এগুলি সাবজুডিসিয়াল ম্যাটার।

..(গোলমাল)...

শ্রী নগেন্দ্র নাথ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে ...(গোলমাল)... স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ার দৃষ্টি আকর্ষণ করছি যে ...(গোলমাল)... আমার কোচবিহার জেলায় ৩৩ জন আর.এন.টি.সি .পি.(টি.বি)। চুক্তিভিত্তিক কর্মচারী দীর্ঘ ১৯ বছর ধরে কাজ করছে। ...(গোলমাল)...তারা হাসপাতাল ও সাবসেন্টারের ওষুধ বিতরণ সহ রোগীদের দেখাশোনার কাজও করছে। কিন্তু তারা সরকারী সুযোগ সুবিধা থেকে বঞ্চিত। তাদের বৈধ প্রাপ্য গ্র্যাচুয়িটি, ই.পি.এফ সহ অবসরকালীন বেনিফিট ও ইন সার্ভিস ডেথ বেনিফিট প্রদানের জন্য আমি বিশেষ ভাবে দাবি রাখছি।

শ্রী অজিত রায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে সোনামুখী বিধানসভার অধীন ধুলাই ও কুড়ুপুষ্করিনী প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে পার্মানেন্ট কোন। ডাক্তার না থাকার কারণে ওই এলাকার জনগণ প্রচণ্ড অসুবিধার সম্মুখীন হচ্ছে। তাই মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে আমার অনুরোধ যাতে করে ওই দুটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে পার্মানেন্ট ডাক্তার থাকে তার জন্য আমি অনুরোধ করছি।

[12:20 – 12:30 p.m.]

শ্রী ইব্রাহিম আলি : মাননীয় অধ্যক্ষ মহোদয় , আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে কোলাঘাট রবীন্দ্রভারতী মহাবিদ্যালয় পূর্বতন বামফ্রন্ট সরকারের আমলে ভাড়া বাড়িতে চলত। বর্তমানে কোলা ইঞ্জিন উচ্চ বিদ্যালয়ে এটা চলছে, যার জন্য প্রচুর সমস্যার সম্মুখীন হচ্ছে। এই কোলাঘাট রবীন্দ্রভারতী মহাবিদ্যালয় যাতে নিজস্ব জায়গায় গড়ে উঠতে পারে তার জন্য অনুরোধ করছি।

শ্রী ইদ্রিশ আলি : অনারে্বল্ স্পিকার স্যার , আমি আপনার মাধ্যমে দমকল দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী সুজিৎ বসু মহাশয়ের কাছে একটি আবেদন জানাচ্ছি। আমার উলুবেড়িয়া নির্বাচনী এলাকার বাউড়িয়াতে যাতে একটি দমকল কেন্দ্র স্থাপন করা হয় তার জন্য আমি আবেদন জানাচ্ছি।

শ্রী সমীর কুমার জানা : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে ইরিগেশান এবং ওয়াটারওয়েজ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী শুভেন্দু বাবুর দৃষ্টি আকর্ষণ করে বলি যে, উনি নিজস্ব প্রচেষ্টার মাধ্যমে অনেক গুরুত্বপূর্ণ জায়গায় বাঁধ নির্মাণের চেষ্টা করেছেন। তবুও কয়েকটি গুরুত্বপূর্ণ একদম মোস্ট ভারনারেব্ল পয়েন্টে এখন থেকে প্রস্তুতি না নিলে, স্থায়ীবন্দোবস্ত না করলে ভবিষ্যতে খুবই অসুবিধার সম্মুখীন হবে। এই রকম কয়েকটি পয়েন্টের কথা উল্লেখ করছি যাতে ভবিষ্যতে এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হয়।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে পরিবহন দপ্তরে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, ধর্মতলা থেকে ন্যাজার্ডগামী

একটা বাস যায় ডব্লিউ.বি.টি.সি। এই বাসগুলো রাজাবাজার ডিপো থেকে ধর্মতলা আসে। ফলে এই গাড়িগুলো আসতে একটা সময় লেগে যায়। তাই নির্দ্ধারিত সময়ে গাড়িগুলো ছাড়তে পারে না, প্রায় প্রতিদিনই দেরি হয়। তাই আমি এই ব্যাপারে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, রাজাবাজার ডিপো থেকে যদি গাড়িগুলো না ছেড়ে ধর্মতলা ডিপো থেকে ছাড়ার ব্যবস্থা করা হয় তাহলে এই সমস্যার সমাধান হবে বলে আশা রাখি।

মিঃ স্পিকার : মাননীয় মন্ত্রী এখানে উপস্থিত আছেন। তাই তাঁকে এই বিষয়ে উত্তর দিতে বলব।

শ্রী শুভেন্দু অধিকারী : আগে প্রথমেই বলে রাখা দরকার যে, ধর্মতলা বাসস্ট্যান্ডের ব্যাপারে কলিকাতা উচ্চ আদালতের আইনগতভাবে একটা নিষেধাজ্ঞা আছে। ফলে ধর্মতলায় ডিপো বা বাসস্ট্যান্ড সরকারীভাবে আমরা করতে পারি না। কিন্তু যে সমস্যাটা আপনি বলেছেন এটা অত্যন্ত যুক্তিগ্রাহ্য কারণ প্রায় এর জন্য আধ ঘন্টা - চল্লিশ মিনিট এদিক ওদিক হয়ে যাচ্ছে। আমি তাই টাইমটা যাতে মেনটেন করা যায় বা প্রায়র টাইমটা বাড়িয়ে যাতে আগে ওখান থেকে স্টার্ট করতে পারে সেই ব্যবস্থা করব।

শ্রীমতী নার্গিস বেগম : স্যার আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাসা এখনও পর্যন্ত রাজ্যের কতজন তাঁতীকে তাঁতীর পরিচয়পত্র প্রদান করা হয়েছে এবং কতজন তাঁতীকে স্কিল ডেভেলপমেন্ট ট্রেনিং দেওয়া হয়েছে জানাবেন। তার মধ্যে পূর্ব বর্ধমান জেলার কতজন আছেন সেটা মাননীয় ক্ষুদ্র, মাঝারি শিল্প উদ্যোগ বিভাগের মাননীয় মন্ত্রী যদি জানান ভাল হয়।

শ্রী উজ্জ্বল চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার কাছে আমার বিনীত অনুরোধ কুলটি বিধানসভা কেন্দ্রে বি.এন.আর এলাকাতে অরবিন্দ ভবন নামে একটি এলাকা রয়েছে সেই এলাকা প্রতি বছর বর্ষার জলে ভেসে যায়। নগরোন্নয়ন দপ্তর থেকে এ.ডি.বি.এ এর মাধ্যমে ৪ কোটি ১১ লক্ষ টাকা স্যাংশান হয়েছিল কাজ করবার জন্য। কিন্তু এ.ডি.বি.এ-এর পক্ষ থেকে জানানো হয়েছে যে, সেটা পি.ডব্লিউ.ডি-র জমি। সুতরাং সেখানে কোনমতেই এ.ডি.বি.এ.-এর পক্ষে এনক্রোচমেন্ট দূর করা সম্ভব নয়। সেখানে লোকেরা অনেক কষ্ট পাচ্ছে। এখানে মাননীয় পি.ডব্লিউ.ডি. মন্ত্রী রয়েছেন। আমি কাছে আপনার মাধ্যমে একান্ত অনুরোধ করছি উনি যদি এনক্রোচমেন্ট দূর করার জন্য উদ্যোগ গ্রহণ করেন।

শ্রী কল্লোখ খাঁ- স্যার, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই এই বিষয়টি যেন কেন্দ্রীয় সরকারকে জানানো হয় যে, এন.এইচ- ৩৪ এই রাস্তাটির অবস্থা অত্যন্ত খারাপ। বিশেষ করে কৃষ্ণনগর এবং রাণাঘাট এলাকায় এতো যানজট যে ....

বহু মারাত্মক রুগী জীবন যন্ত্রণায় কাতরান ঘণ্টার পর ঘণ্টা। প্রশাসনের সঙ্গে কথা বলে যাতে দ্রুততার সঙ্গে এই সমস্যার সমাধান হয় তার অনুরোধ রাখছি।

শ্রী পার্থ ভৌমিক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রীর কাছে আমার একটা বিনীত নিবেদন যে, আপনি অনেক পরিশ্রম করে নৈহাটির মানুষের দীর্ঘদিনের চাহিদা বাস টার্মিনাস করে দিয়েছিলেন। কিন্তু লোকসভা নির্বাচনের পরে একদল হার্মাদ সেই বাস টার্মিনাসের উপর আক্রমণ করে বাস চলাচল বন্ধ করে দিয়েছিল। মানুষের চাপে আবার পরিবেশ পরিস্থিতি বদল হয়েছে। আমি অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আপনার কাছে বিনীতভাবে আবেদন করতে চাই পূর্বের মতো বাসের পরিষেবা যদি ফিরিয়ে আনা যায় তাহলে নৈহাটি এবং ওই অঞ্চলের মানুষ উপকৃত হবে।

শ্রী শুভেন্দু অধিকারী : আপনার ওখানে যে বাস স্ট্যান্ডের সমস্যাটা আপনি বললেন, আমার মনে হয় এখন অনেকটা ঠিক হয়ে গিয়েছে। বাকি যে সমস্যা আছে তা মিটে যাবে অসুবিধা হবে না। আপনি আর একটা চিঠিও আমাকে দিয়েছেন পুজোর আগে রামঘাটটা ঠিক করার জন্য। ওটাও আমরা দেখে নিচ্ছি।

শ্রী নির্মল ঘোষ : স্যার, অতি পরিতাপের বিষয় দুলাল বর, পরিষদীয় দল হিসেবে আমরা দেখছি কেউ তার দায়িত্ব গ্রহণ করছে না। বিশেষ করে যেভাবে উনি চেয়ারের দিকে নিশানা করছেন এবং যে সকল কথাবার্তা বলছেন সেটা রুলস্ অ্যান্ড প্রসিডিয়োরের সম্পূর্ণ বিরোধী। একটি মানুষকে নিয়ে যদি হাউসের গরিমা নষ্ট হয় এবং প্রতিদিন উনি চেষ্টা করছেন হাউসকে ডিসঅর্ডার করতে। স্যার, ওনাকে এর থেকে বিরত করার জন্য আমার প্রস্তাব ওনাকে হাউস থেকে যদি বের না করেন তাহলে এই হাউসের গরিমা নষ্ট হবে এবং প্রতিদিন অশান্ত পরিবেশ তৈরি করবে।

Suspension of Member from the Service of the House

Mr. Speaker: It is a motion under Rule 348 of the Rules of Procedure and Conduct of Business আপনি আমাকে একটা লিখিত মোশান দেবেন, যেহেতু ভার্বালি বলেছেন। দেখুন আমাদের Rules 347 and 348, it is very clear on this point. And all the Hon'ble Members must have noticed that the manner in which he has obstructed the business of the House and his utterances made inside the House also is very derogatory. And in view of the motion that has been made raised by the Chief Government Whip Shri Nirmal Ghosh, I propose that for the remaining period of the Session, he should be suspended from the business of the House. I think the opinion of the House, I think the Members have consent to this. আরো provision আছে। (ভয়েস) রুলে অ্যাডভান্টেজের কোনো ব্যাপার নেই। This is strictly in accordance with law. ....(**ভয়েস : এই সময় মাননীয় সদস্য ডঃ সুজন চক্রবর্তী উঠে দাঁড়িয়ে কিছু বলার চেষ্টা করেন**)....These things will not go on record. This will not go on record. আপনি মোশানের বিরুদ্ধে ভোট দিন। যদি বলেন আমি ভোট করে দেব।

If you support his conduct I put it to vote. If you want I put it to vote. If you support his conduct in that case, I will note it down. No, no. I think the manner in which he is behaving inside the House, the peaceful atmosphere of the House is being disturbed constantly, even yesterday, even today, every time he is doing so. Please, As many as are of the opinion in favour of the motion moved by Shri Nirmal Chandra Ghosh please say Aye. So Ayes have it. Ayes have it. The motion is carried. Shri Dulal Chandra Bar, Member of West Bengal Legislative Assembly, is suspended for the remaining period of the business of House.

জিরো আওয়ার

শ্রী সুজিত চক্রবর্তী : স্যার, বড়জোড়া বিধানসভার বড়জোড়া ব্লকে একটি গুরুত্বপূর্ণ রাস্তা বাঁধকানা ভৈরবডাঙা যে রাস্তার মাধ্যমে খুব কম সময়ে প্রায় ১০ হাজার মানুষজন সোনামুখী এবং দুর্গাপুর যাতাযাত করতে পারে। কিন্তু দীর্ঘদিন ধরে বন্যার কারণে শালীনদীর উপর রাউতোড়া ভৈরবডাঙা সেতুটি ভেঙে যাওয়ার কারণে - সম্প্রতি বহু অর্থ ব্যয় করে পিচ রাস্তা তৈরী হলেও কোনো যানবাহন চলাচল করতে পারছে না। ফলে এলাকার মানুষকে। দারুণভাবে অসুবিধায় পড়তে হচ্ছে। তাই আপনার মাধ্যমে মাননীয় সেচ ও জলসম্পদ মন্ত্রীর কাছে অনুরোধ এই সেতুটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা করলে এলাকার মানুষ উপকৃত হবে।

শ্রীমতী সোনালী গুহ : স্যার, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর বা সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করতে চাই। ৩১ আগস্ট খুব সম্ভবত রাত্রিবেলা বউবাজারের স্যাকরাপট্টির মধ্যে কিছু বাড়ি ছিল।

মিঃ স্পিকার : এটা অলরেডি আমরা অ্যাডমিট করে নিয়েছি। মেনশান কেসে মাননীয় সদস্য অসিত মিত্র এটা উল্লেখ করেছেন। যিনি মাননীয় কনসার্নড মিনিস্টার রয়েছেন তাঁকেও বলেছি এটার সম্বন্ধে জানাতে। উনি যদি হাউসে জানান ভাল, নাহলে উনি উত্তর দিয়ে দেবেন। আপনি এটা মেনশান করলেন, ঠিক আছে।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় স্পিকার স্যার, এখানে অর্থ মন্ত্রী আছেন। আমার, against the system of the unification of the nationalized bank - আপনি জানেন ইকোনমিক থিয়োরি অনুযায়ী উইকার ব্যাঙ্ককে স্ট্রংগার ব্যাঙ্কের সঙ্গে মাজার করা যায় but prior to that assets and liabilities determine করতে হয় otherwise both the banks will incur loss. আবার একটা থিয়োরি হচ্ছে unification of the banks। একটা মাজার, একটা ইউনিফিকেশান। ইন অল দ্যা কেসেস তাকে অ্যাসেট ডিটারমিন করতে হবে, লায়েবিলিটি ডিটারমিন করতে হবে, লসটাকে ডিটারমিন করতে হবে। All these are prior activities before taking the decision কিন্তু আমরা এখান থেকে দেখছি কি ডিসিসান হয়ে গেল কিন্তু অ্যাসেট, লায়েবিলিটি, লস কিছুই ডিটারমিন হল না। অর্থমন্ত্রী এখানে আছেন, এর যে বিপজ্জনক ইঙ্গিত, মানে একটা ফুঁটোর সঙ্গে আর একটা ফুঁটো যোগ করলে ওটা ফুঁটোই থাকে

এবং বড় ফুটো হয়ে যায়। সুতরাং এন্টায়ার ব্যাঙ্কিং ব্যবস্থাটাকে নষ্ট করে রাজ্যের অর্থনীতিকে বিধ্বস্ত করবে এইরকম একটা সম্ভাবনা থেকে যাচ্ছে। এটা কোনো অর্থনীতিতে পার্মিট করে না af before assessment of liabilities and all these things। এই ইউনিফিকেশানটা হয়। সেই জন্য আর এর স্ট্রংলি অপোজ করছি। এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য যথোপযুক্ত জায়গায় অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করছি।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : স্যার, আপনার মাধ্যমে জানাই এখানে আমাদের পূর্ত দপ্তরের মন্ত্রী রয়েছেন। ওনার কাছে আবেদন জানাই আমাদের এন.এইচ. ৩৪, ফারাক্কা থেকে মালদহ পর্যন্ত রাস্তাটা ২০০৯ সালে ফোর লেনের কাজ শুরু হয়েছিল। তখনকার অর্থমন্ত্রী প্রণববাবু এই রাস্তাটি স্যাংসান্ড করেছিলেন। এখন ২০১৯ চলছে। ১০ বছর অতিক্রান্ত হয়ে গেল এখনও রাস্তার কাজ কমপ্লিট হয়নি। দু'বছর আগে থেকে ওই রাস্তার উপর আমরা টোল ট্যাক্স দিচ্ছি অলরেডি। এটা নিয়ে বহুবার আমি ডিপার্টমেন্টে গিয়েছি। এন.এইচ.এইচ.সি.সি. কাজ করছে। আমি পরিবহণ দপ্তরের মন্ত্রীর সঙ্গেও কথা বলেছি। এমনকি টোলট্যাক্স অফিসেও পর্যন্ত ঘেরাও করেছি। এন.এইচ.এ.আই. অফিসে আমি ডেপুটেশানও পর্যন্ত দিয়েছি। কিন্তু ওনারা বলছেন এক বছর ধরে কেন্দ্রীয় সরকার কোনো টাকা দিচ্ছে না। যদুপুর, সুজাপুর, জালানপুর এই পোর্শানের রাস্তাটা এত খারাপ হয়ে গিয়েছে, যে পাথরগুলো ফেলেছিল রাস্তার উপরে, সেই পাথর গুলোও সব উঠে গিয়েছে। প্রতিনিয়ত অ্যাকসিডেন্ট হচ্ছে এবং পথযাত্রীরা মারা যাচ্ছে। এর পরিপ্রেক্ষিতে আমি বুঝতে পারছি না কোথায় যাব এবং কার কাছে গিয়ে বললে রাস্তাটা হবে। যদি দয়া করে আপনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে, কিংবা আপনার ডিপার্টমেন্টের সঙ্গে কথা বলে অন্তত পক্ষে রিপেয়ারের কাজটা করে দেন তাহলে খুব উপকৃত হব।

[12:30 – 1:45 p.m. (Including Recess)]

শ্রী তমোনাশ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার কাছে একটি বিশেষ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। গত এক বছর আগে এই বিষয়টা হাউসে বলেছিলাম। আশা করেছিলাম তার একটা কিছু পদক্ষেপ দেখতে পাবো। সেটা হচ্ছে যে, সামনেই দুর্গাপূজা আসছে। গোটা ভারতবর্ষের একমাত্র সর্বধর্মীয় পূজা হচ্ছে এই দুগা পুজা এবং সেই দুগা পূজার প্রথম যে আবহাওয়াটা তৈরি হয় মহালয়ার মধ্য দিয়ে, সেটা হয় বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের কণ্ঠের মাধ্যমে। সেই বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রকে স্মরণ করে আমি এই হাউসে মেনশান দিয়েছিলাম যে, তাঁর একটা মূর্তি এবং শ্যামবাজার মেট্রো স্টেশনটা - কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানানোর জন্য তাঁর নামকরণটা করার ব্যাপারে। কিন্তু স্যার দুঃখের বিষয়, এক বছর হয়ে গেলো কিছুই হ'ল না। তাই আবার আপনার মাধ্যমে হাউসকে জানাচ্ছি যদি এই বিষয়ে ব্যবস্থা নেন, খুশি হবো। ধন্যবাদ।

মিঃ স্পিকার : আমরা এটা আমাদের আই.এন.সি. ডিপার্টমেন্টের কাছে পাঠিয়ে দেবো, তারা কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে যদি করেন। আমি এটা পাঠিয়ে দেবো।

শ্রী রামশঙ্কর হালদার : স্যার, গুরুত্বপুর্ণ বিষয় হ'ল, আমার বিধানসভাতে দুটো রাস্তা - একটা হচ্ছে ঘটিহারানীয়া বাজার থেকে জয়নালের ব্রীজ - ৮ কিলোমিটার। আরেকটা হচ্ছে

দেবীপুর শনির মোড় থেকে মাঝের খেয়া - ৭ কিলোমিটার। দুটো রাস্তার প্রথমটা সুন্দরবন দপ্তর করে, দ্বিতীয়টা জেলা পরিষদ করে। গত বছর সব টেন্ডার হয়। এজেন্সি কাজ করতে করতে গত বছরই চলে যায়। তার পরে আর ঐ রাস্তার কাজকর্ম হয়নি। আমি মন্ত্রীকে বলেছি, দপ্তরকে বলেছি। এজেন্সিকে জিজ্ঞাসা করলে বলছে কাজ করবো না। তাহলে রাস্তা কি পড়ে থাকবে স্যার ? আমি বিভাগীয় মন্ত্রী ও সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। অজ্ঞাত কারণে এই দুটো রাস্তার কাজ করতে করতে এজেন্সি চলে গেছে। কেন চলে গেছে, কি বিষয় জানিনা। এখন যাতে দ্রুত সেই রাস্তাটার মেরামত করা যায়, তার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অরূপ বিশ্বাস : স্যার, একটা হচ্ছে পঞ্চায়েত দপ্তরের, আর একটা হচ্ছে সুন্দরবন দপ্তরের। এর সঙ্গে পি.ডাব্লু.ডি.-র কোনো যোগাযোগ নেই।

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রী রামশঙ্কর হালদারের প্রশ্নের উত্তরে জানাচ্ছি, অলরেডি আমরা প্রথমে চেষ্টা করেছিলাম পি.ডাব্লু.ডি. যাতে এটাকে টেকআপ্ করে। কিন্তু তার পরে সেই অবস্থা না থাকার জন্য পরবর্তীকালে ঐ রাস্তাটা আমরা নিজেরা টেকাআপ করেছি এবং আমি আপনাকে এর আগেও বলেছি, আপনি নিজেও চিঠি দিয়েছেন, আমরা প্রসেস্ করেছি এবং এই বর্ষাকালের পরে এই রাস্তা আমরা আপ্রেডেশান্ করবো, ভালোভাবে রাস্তা তৈরি করে দেবো।

(At this stage, the House was adjourned till 1:45 p.m.)

[1:45 – 1:50 p.m. (After Recess)]

Legislation

Mr. Speaker : Hon'ble Members, you are aware that the Hon'ble Minister, Dr. Partha Chatterjee, moved the Motion for consideration of The West Bengal Staff Selection Commission (Repealing) (Repealing) Bill, 2019 on the 29th August, 2019. Thereafter, a very lively discussion took place in which five Members of the House participated. The discussion was adjourned on that day and it is to be resumed today.

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগের দিন Bill no. 22 of 2019 "The West Bengal Staff Selection Commission (Repealing) (Repealing) Bill, 2019" যেটি স্থগিত ছিল এবং স্থগিত থাকার কারণ যেটা ছিল সেটা হচ্ছে, আমাদের মাননীয় বিরোধী দলের নেতা তিনি বক্তব্য রাখার সময় বলেছিলেন যে, এই বিলটির একটা পোর্শান আছে, যে পোর্শানটা হচ্ছে There is no financial implication involved in giving effect of the provisions of the Bill. এটা এই বিলের সঙ্গে সংযুক্ত হতে পারে না অথবা এটাকে পরিবর্তন করা দরকার, এটা আইনগতভাবে আমাদের মনে হয়েছিল যে, এটা ঠিক নয়।

সুতরাং এটা যদি ঠিক না হয় অথচ বিলটা যদি পাশ হয় তাহলে হয়তো বিলটা পরবর্তী পর্যায়ে কোর্টে গেলে বা আইনগতভাবে কোথাও গেলে চ্যালেঞ্জ করলে এই বিলটা বাতিল হয়ে যেতে পারে। তার জন্যই উনি বলেছিলেন যে, কোন আইনজ্ঞের সঙ্গে কথা বলে এই বিলটা সম্পর্কে আবার আলোচনা হোক। আমি জানি না, আপনারা এই বিষয়ে নিশ্চয়ই আলোচনা করেছেন এবং তার পরে এই বিলকে আবার এখানে নিয়ে এসেছেন একইভাবে। আমি বিলটিতে যে বিষয় আছে কথাটা There is no financial implication involved in giving effect of the provisions of the Bill. স্যার, আপনি বলেছেন যে এটা ডিসকন্টিনিউ না, এটা আমরা আবার সেই জায়গায় থেকেই শুরু করছি। আমি স্যার, সেই দিনও বলেছিলাম, আমি আজকেও আবার বলছি আপনাদের কাছে সেটা হচ্ছে আমরা যখন repeal থেকে repeal এই যে জায়গাটায় আমরা গেলাম, এটা স্যার, আমার যতদূর মনে হচ্ছে, আমরা তো দীর্ঘদিন আছি বিধানসভায়, তার আগেও যাঁরা থেকেছেন বা দেখেছেন repeal to repeal এটা কোনোদিন কোনোভাবে কেউ দেখেছেন বা এটা এসেছে ৫০ বছরে, ৪০ বছরের মধ্যে এটা কিন্তু জানা যায়নি, আমরা অন্তত যতটুকু খবর নিয়ে জেনেছি যে, repeal to repeal, repeal থেকে repeal এটা হয়নি কোনোদিন। কিন্তু তা সত্বেও আইনগত ভাবে তার হয়তো provision আছে, কিন্তু provision থাকলেও এই repeal থেকে repeal এটা হয় নি কোন দিন। তার উদাহরণ আমরা পাই নি।

আমি আপনাদের কাছে আর একটা কথা বলছি সেটা হচ্ছে যে Bengal General Clauses Act. or General Clauses Act. যাই ব্যবহার করুন না কেন, সেটা ব্যবহার করলে তাতে তো provision আছে, কিন্তু ব্যবহার হয় নি। Provision আছে এমন অনেক কিছু আমাদের Indian Constitution-এ কিন্তু সচরাচর তার ব্যবহার হয়নি এ রকম ঘটনাও আছে। আমি আপনার কাছে বলছি আমার মনে হয় এ ক্ষেত্রে এই বিলটাকে আবার এই জায়গায় নিয়ে আসা এটা বোধ হয় সঠিকবার্তা বহন করছে না। এটা তো আমি আইনগত দিকের কথা বললাম। দুটি কথা বললাম স্যার, repeal to repeal এর ব্যবহার বোধ হয় এর আগে হয় নি। আর দ্বিতীয় কথা Bengal General Clauses Act. বা General Clauses Act.-এ যে provision আছে, সেই provision কিন্তু ব্যবহার হয় নি।

[1:50 – 2:00 p.m.]

আমি আপনাদের কাছে আর একটা কথা বলছি স্যার, এবার যে কথাটা বলছি সেটা হচ্ছে actual তার ব্যবহার কীভাবে আপনারা তো চেষ্টা করেছেন যে, আমরা যাতে করে বেশি appointment দিতে পারি। মান্নানবাবু বলেই এ কথা শুরু করেছিলেন যে, আমরা চাই অনেক বেশি বেকার যুবক যুবতীদের চাকরি হোক এবং সেক্ষেত্রে যেন কোন বাধানিষেধ না আসে। এটা আমদেরও কথা এবং আপনারা যেটা করছেন তার জন্যে নিশ্চয়ই সেই পথটা ধরে আপনারা এগোতে চাইছেন। আমি মাননীয় পার্থবাবু যে বিলটি রেখেছেন সেই বিষয় আপনাদের কাছে একটি কথা বলছি। ২০১১ পর্যন্ত PSC ছিল। ২০১১-র পর PSC থেকে আপনি Staff Selection-এ গেলেন। এই যে Staff Selection-এ গেলেন তাতে একটা কারণ ছিল যে PSC বোধ হয় কাজ

করতে পারছে না অথবা তাদের infrastructure নেই অথবা তাদের inability আছে সুতরাং আমরা PSC থেকে Staff Selection-এ গেলাম। কখন গেলেন? যখন বামফ্রন্ট সরকার চলে গেলেন এবং তার পর যাও তাদের ব্যর্থতা থেকে। তাহলে আপনারা সঠিকভাবে এগিয়ে যাওয়ার জন্যে এই জায়গায় এলেন যে PSCতে আমরা থাকব না আমরা Staff Selection-এ যাব। আবার ২০১১-র পর আপনারা ২০১৭তে এসে Staff Selection থেকে PSCতে চলে গেলেন। আমাকে বলবেন ব্যাখ্যা করে যে আমরা যে জায়গাটায় যাচ্ছি একবার হতে পারে যে PSC থেকে Staff Selection-এ গেলাম। এটা হতে পারে যে PSC-র যে infrastructure আছে সেই infrastructure দিয়ে Staff Selection-এ আমাদের পক্ষে যাওয়া ছাড়া দ্বিতীয় কোন রাস্তা নেই। সে ক্ষেত্রে ছেলেদের চাকরি দেওয়া অথবা অন্যান্য জায়গাতে তাদের ব্যবহার করা এটা হতে পারে। কিন্তু PSC থেকে Staff Selection করার পর ২০১১ থেকে ২০১৭ - মাননীয় মন্ত্রী মহোদয় আপনি বলবেন যে, আপনাদের কি infrastructure-এর পরিবর্তন হয়েছে? এবং কেনই বা ২০১১ থেকে ২০১৭ ছ'বছর অপেক্ষা করার পর কেন আমাদের মনে হল যে, না আমরা ভুল করেছি। দিল্লি থেকে দেবগিরি-দেবগিরি থেকে দিল্লি এই অবস্থাটায় আমরা আবার পড়লাম। আবার ২০১৭তে Staff Selection to PSC আপনি করবার পর, কেন করলেন এই ব্যাখ্যাটা আমরা নিশ্চয়ই আপনার কাছ থেকে চাইব, অথাৎ ২০১১ থেকে ২০১৭য় কেন গেলেন। ২০১১ তে PSC to Staff Selection-এ গেলেন আবার ২০১১ থেকে ২০১৭ যখন হল Staff Selection থেকে PSCতে চলে গেলেন। আবার এইটাও জানতে চাইব আপনার কাছ থেকে অন্য কোন কারণে নয়, অন্যভাবে বিরোধিতা করবার জন্য নয় Actually what was the reason behind it? কিসের জন্য আমরা গেলাম? যে ২০১৭তে আমাকে চেঞ্জ করতে হল? যদি মনে হয় যে আমরা fail করেছি, আমরা চাকরি দিতে পারলাম না, infrastructure নেই তাহলে সেটা এই সরকারের চরম ব্যর্থতা এই বিষয় কোন সন্দেহ নেই। ২০১৯ তার পর এলেন এবারে আবার PSC থেকে Staff Selection করছেন। এতে কিন্তু PSC র কোন Rule চেঞ্জ হয়নি by this time. PSC-র কোন Rule চেঞ্জ হয়নি যে PSC কেন fail করল আবার, PSC কেন fail করল? তাহলে PSC যদি fail করে থাকে তাহলে Staff Selection সেটা কি আবার নতুন করে এমন একটা জায়গায় এল যে, Staff Selection আপনি নিয়ে এলেন যে, ওখানে গেলে আমার পক্ষে চাকরি দেওয়া, হাজার-হাজার ছেলেমেয়ের চাকরি দেওয়া এটা খুব সুবিধা হবে। আপনারা সেই জায়গাটায় পৌঁছতে পারলেন না। সব থেকে বড় কথা হল without any reason এই যে Billটা আপনি দিয়েছেন, যে Billটা place করেছেন। আপনি সেখানে যে reasonগুলো দিয়েছেন "A large number of vacancies need to be filled up for non Public Service Commission posts in the State Government establishments within a short period of time in the public interest and in the absence of proper infrastructure and resources it would not be possible for the Government to process with the huge recruitment." তার মানে সরকারের অনেক post চাই মানে অনেক ছেলেকে প্রয়োজন, অনেক employee-র প্রয়োজন। অনেক employee-র প্রয়োজন

যখন আপনি বলছেন "it would not be possible for the Government to process with huge recruitment."

এই huge requirement করতে গেলে আপনাকে যেটা হচ্ছে কিনা এটাকে পরিবর্তন করতে হবে এবং তার জন্যে আবার আপনি staff selectionএ যাচ্ছেন। মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি চেষ্টা করছেন হয়তো। কিন্তু আমি আপনাকে জিজ্ঞাসা করবো যে, শুধু এটার মধ্যে যাওয়া এর মধ্যে কোনো অর্থনৈতিক কারণ আছে, এর মধ্যে কোনো চাকরি দেওয়ার খুব সুষ্ঠ পদ্ধতি প্রয়োজন তার জন্যে এটা আছে, এটার মধ্যে কোনো আইনগত সমস্যা নেই, এটা আপনি দেখেছেন। অথবা এটার মধ্যে কোনো রাজনৈতিক কারণ আছে। আমি জানি না। কিন্তু আমার নিজের যেটা মনে হয়েছে সেটা হচ্ছে এই স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে এইটুকু বলতে চাই যে, এটার মধ্যে আমরা বাহ্যত যেটা পড়ছি সেটা পড়ার পর আমাদের একবারও মনে হয়নি যে, আপনি সেখানে কোনো explanation দিয়েছেন। আপনি শুধু একটা কথা বলেছেন যে, আমাদের Public Service Commission এর posts to be filled up for non-Public Service Commission posts in the State Government establishments within a short period of time in the public interest and in the absence of proper infrastructure. আপনি বলেছেন, in the absence of proper infrastructure. In the absence of proper infrastructure এটা একটা সরকারের দায়িত্বশীল যে কোনো officer দায়িত্বশীল যে কোনো ব্যক্তিত্ব তারা নিশ্চয় এটা ভাববেন যে, এই দায়িত্বশীল ব্যবস্থার মধ্যে থেকে দাঁড়িয়ে আমাকে এটা পরিবর্তন করতে হচ্ছে এবং পরিবর্তন করে আমি আবার আর একটা জায়গায় যাচ্ছি। সুতরাং এই যে জায়গাটা করলেন এটা এই যে তিনটে change হল স্যার, এটা আমার নিজের মনে হয়েছে। এটা একটা রাজ্য সরকারের পক্ষে মন্ত্রী করুন বা অন্য যে কেউ করুন এটা চরম ব্যর্থতা এবং এই ব্যর্থতার জন্যে আর একটা Bill যে জায়গায় নিয়ে যাচ্ছে পরবর্তী পর্যায়ে যদি আবার ব্যর্থ হয় তাহলে ওই ২০১৯ এর পর থেকে আবার অন্য জায়গায় গিয়ে আবার change করতে হবে। স্যার, আমি খুব বেশি বক্তব্য রাখতে চাইছি না, আমি শুধু এইটুকু বলতে চাইছি যে, এটা তো বটেই আমাদের রাজ্যে unemployment অনেক বেশি। অনেক বেশি unemployment। এই unemploymentকে resolve করতে গেলে আমরা যদি তাকে নিয়ে আসতে চাই তাহলে আমাদের চেষ্টা করতে হবে যত তাড়াতাড়ি যাতে appointment দেওয়া যায়। আর খুব তাড়াতাড়ি appointment দিতে গেলে দেওয়ার কারণ কি, যে, আমরা এই রাজ্য সরকার অথবা বর্তমান Assembly এটা খুব তাড়াতাড়ি closed হয়ে যেতে পারে, next electionএ যেতে হতে পারে। তার জন্যে আমাকে খুব appointmentগুলো দিতে হতে পারে তার জন্যে একটা নতুন পথ খুঁজছেন। আমি জানি না। যদি তার কোনো সদুত্তর থাকে আপনি দেবেন, আপনি পড়বেন তাহলে নিশ্চয় আমরা যারা এখানে আছি আমরা গ্রহণ করবো। আর একটা স্যার, আমি this is my last submission. আমি শেষ উদাহরণটা আপনার কাছে দিচ্ছি, আপনি এবারেও কিন্তু বলেননি, আমি আপনাকে আবার বলছি ২০৭ (৩) নম্বর আমাদের

constitutionএ যেটা বলা হয়েছে। সেটা বলছে, "A Bill which, if enacted and brought into operation, would involve expenditure from the Consolidated Fund of a State shall not be passed by a House of the Legislature of the State unless the Governor has recommended to that House the consideration of the Bill." আপনি কি Governorএর কাছ থেকে অন্যান্য যে বিলগুলোতে Governorএর consent থাকে, যেটা বলা হয়, আপনি যে জায়গায় ছিল সেই জায়গাতেই বলছেন। এবং আমি আবার বলছি স্যার, আমি repeat করে বলছি যে, A Bill which, if enacted and brought into operation, যে বিলটাকে আমরা operate করতে যাচ্ছি would involve expenditure from the Consolidated Fund of a State, State এর Consolidated Fund এর পক্ষ থেকে shall not be passed by a House of the Legislature. আমরা যদি এখানে সকলে একমত হয়ে ২৯৪ জন সকলেই যদি একমত হয়ে বলি যে না এটাই ঠিক এবং এই বিলের পক্ষে আমরা সকলে মিলে vote দিলাম, আমাদের ২০৭ এর যে ধারা তাতে বলছে যে, unless the Governor has recommended to that House the consideration of the Bill. Governor যদি এই বিলের consideration করেন তাহলেই স্যার এই বিলটা justified হবে। আমি আমার বক্তব্যে এই কথাই বলব যে, আমাদের শেষ কথা, আমি এই কথাই বলব যে,

[2:00 – 2:10 p.m.]

আমরা যে কাজগুলো করেছি এর আগে, ২০১১ ২০১৭ ;তার আগে বামফ্রন্ট যা করেছিলেন, ২০১১-২০১৭আবার ২০১৯, আবার ২০১৯তে দাঁড়িয়ে আমরা যেটা করছি, সেটাও যদি আইনগতভাবে সিদ্ধ না হয় তাহলে স্যার, আমরা, আমাদের যদি শুধুমাত্র সংখ্যাগরিষ্ঠতায় এই বিল পাস হয় তাহলে আমার নিজের মনে হচ্ছে এই বিলকে যে কেউ চ্যালেঞ্জ করতে পারে, এই বিলকে আবার যে কেউ কোর্টে নিয়ে যেতে পারে অথবা এই বিলটা নিয়ে অন্য যে কেউ কিছু করতে পারে, এই বিলটা নিয়ে বিতর্ক হতে পারে, আলোচনা হতে পারে। তাই আমি মাননীয় মন্ত্রীকে বলব, এই যে সমস্ত বিষয়টা নিয়ে আলোচনা হয়েছে, এই আলোচনার পরেও আমরা কিন্তু গভর্ণরের নির্দেশ ছাড়া যদি আমরা আমাদের কনসিডারেশানে যেটা বলেছেন, সেটা যদি আমরা করি, আমার মনে হয় ঠিক হবে না। স্যার, আমি আপনাকে ধন্যবাদ জানাই, আপনি আমাকে বলার সময় দিয়েছেন এবং আপনাদের সকলের কাছে আবেদন রাখছি বিষয়টাকে সম্পূর্ণভাবে বিবেচনা করার জন্য।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : স্যার, যে বিলটি এসেছে এই পবিত্র সদনে, ওয়েস্ট বেঙ্গল স্টাফ সিলেকশান কমিশন, রিপিলিং, রিপিলিং বিল, ২০১৯ ; স্যার, সেদিন যখন বিলটি উপস্থাপন করা হয়েছিল, তখন স্যার, অনেকের আপত্তিতে বিলটি স্থগিত রাখা হয়েছিল এবং আপনার নির্দেশ মত স্যার, আজকে আবার নতুন করে এই বিলটির উপর আলোচনার জন্য আমরা এই সদনে এসেছি স্যার। স্যার, মাননীয় বিধায়ক অসিত মিত্র যে কথা বললেন, তাতে আমার মনে হয়েছে, সেদিন হয়ত স্থগিত রাখার প্রয়োজন ছিল না কারণ আপনি মেনে নিয়েছেন যে এই বিলের বৈধতা আছে, কিন্তু সচরাচর হয় না। যা সচরাচর হয়না, তা কোনোদিনই হবেনা, এমন কিন্তু কোনো

বাধ্যবাধকতা সরকারের নেই। আপনাকে শুধু আমি একটু মনে করিয়ে দিই। সচরাচর অনেক কিছুই, অনেক জায়গায় হয়না। কিন্তু ২০০৬ সালে আপনি তখন এই সদনের সদস্য, আমরা অনেকেই নই, সেদিন ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল কর্পোরেশান বিল, ২০০৬ সেটা এখানে এই সদনে পাস হয়েছিল। তার পর প্রেসিডেন্ট এ্যাসেন্ট এর জন্য রাষ্ট্রপতির অনুমোদনের জন্য সেটি পাঠানো হয়েছিল। রাষ্ট্রপতির অনুমোদন তখনও হয়নি। তখনই ২০০৭ সালে একটি এ্যামেন্ডমেন্ট বিল আবার আনা হল অর্থাৎ বিলটি এ্যাক্টে পরিণত হয়নি, তার পরেও কিন্তু বিলের একটা এ্যামেন্ডমেন্ট নিয়ে আসা হয়েছিল। এই সদনে সেটা পাস হয়েছিল। এবং দুটি একত্রিতভাবে তার কাছে অথাৎ তৎকালীন রাষ্ট্রপতির কাছে পাঠানো হয়েছিল এবং তার পরে সেটি অনুমোদিত হয়েছিল। সুতরাং সচরাচর যা হয়না, তা কোনো সময় হয়, এটাই কিন্তু এই সদনের বৈশিষ্ট্য স্যার। আমাদের এই লেজিসলেটিভ এ্যাসেম্বলির বৈশিষ্ট্য। উনি মেনে নিয়েছেন, এখানে আর্টিকল ৩০৯ যে পাওয়ার আছে স্টেট গভর্ণমেন্ট এর রিক্রুটমেন্ট করার, সে বিষয়ে আপনার কোন ভিন্ন মত নেই। পাওয়ার আছে এটা আপনি মানবেনই, আর্টিকল ৩০৯। আর এই সিলেকশন কমিশন গঠন করতে পারে রাজ্য সরকার অর্থাৎ রাজ্যের লেজিসলেচার, এটাও কিন্তু পাওয়ারটা এন্ট্রিজ ৪১, দেওয়া আছে সেভেনথ্ সিডিউলে, লিস্ট ২তে। সেটাও নিশ্চয় আপনি মানেন কারণ আগেও স্টাফ সিলেকশান কমিশনের এখানে এই বিল পাস হয়েছে। এখন প্রশ্ন শুধু রিপিলে রিপিল হয় কিনা ? স্যার, রিপিলে রিপিল হয়। স্যার, জেনারেল ক্লজেজ এ্যাক্টে যে কথাটি উনি বলেছেন এবং মেনেও নিয়েছেন যে এই প্রভিসান আছে। আমি স্যার, শুধু এই প্রভিসানটা একটু পড়ে দিই। সেকশান 9 -"in any Bengal Act or West Bengal Act made after the commencement of this Act, অর্থাৎ যেটা যে আইন জেনারেল ক্লজেজ এ্যাক্ট ১৮৯৭, সেই এ্যাক্টে it shall be necessary for the purpose of reviving either wholly or partially, any enactment wholly or partially repealed, expressly to state for that purpose."

অর্থাৎ কেন করা হচ্ছে সেই পার্পাসটাকে expressly state করতে হবে। স্যার, আমি এই কথা বলার জন্য যখন সুযোগ পেয়েছি, একটা অত্যন্ত সুন্দর প্যাসেজ, আমরা সবাই জানি স্যার, Maxwell এর interpretation এবং সেটা ধরেই কিন্তু আমরা চলি। সুতরাং Maxwell এর interpretation বলছে যে Where an Act is repealed and the repealing enactment is repealed by another which manifests no intention that the original Act shall continue repealed the common law rule was that the repeal of the second Act revive the first an initio and not merely from the passing of the reviving Act but this rule does not apply to repealing Acts passed since 1850 where an Act repealing and whole are in part a former Act is itself repealed the last repeal does not now revive the Act or provision before repealed unless words added reviving them. স্যার, এই যে নতুন আইনটা, আজকে ২০১৯ এর যে (repealing)

(repealing) Act টা নিয়ে এসেছে স্যার, সেটা যদি আমরা দেখি তাহলে স্যার সেকশান টু তে বলা হয়েছে, "The West Bengal Staff Selection Commission (Repealing) Act, 2017 is hereby repealed." অর্থাৎ Maxwell এর interpretation যেটা বলছে, আগে হলে ab initio হয়ে যেত। কিন্তু সেই ab initio এখন হবে না after ১৮৫০। সেই ক্ষেত্রে রিপিলিংটা বলতে হবে। you have to express your intention and that has been expressly said in the Act itself Sir. সুতরাং এখানে কোনো অবৈধতা নেই। আমি স্যার এই জন্য বলছি যে এই আইনে যখন কোনো অবৈধতা নেই, এই আইন নিশ্চিতভাবে এই সদনে পাশ করা যায় এবং সর্বসম্মতিক্রমেই তো পাশ হওয়া উচিত। আইনে যখন অবৈধতা নেই, তখন পাশ করতে তো অসুবিধা কোথাও নেই। স্যার, এখানে তো দৃষ্টান্ত তৈরি করা হয়, সেই দৃষ্টান্ত তৈরি করে আজকে এই (রিপিলিং) (রিপিলিং) এ্যাক্টটা পাশ করুন, সদনের সবাই সর্বসম্মতভাবে, আমার আবেদন সব সদস্যদের কাছে এটাই থাকবে। নমস্কার।

শ্রী শেখ ইব্রাহিম আলি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, শিক্ষামন্ত্রী আনীত বিল নং ২২, দ্য ওয়েষ্ট বেঙ্গল স্টাফ সিলেকশান কমিশন (রিপিলিং)(রিপিলিং), বিল, ২০১৯, ২০১১ তে Act, '১২তে এই বিল আনা হয়েছে। বিলের নিট ফল কি? মুখ্যমন্ত্রীর দপ্তর যেটার দায়িত্ব ২০১৭তে পেয়েছে, রিপিল করলেন, '১৯এ এসে আবার রিপিলের রিপিল। কেনই বা তখন রিপিল করতে গিয়েছিলেন, কেন আবার পূর্বের অবস্থায় ফিরতে চাইছেন, এটা বোঝা বড় দায়। সত্যি সত্যি যদি আপনারা চাইতেন যে নন পি. এস. সি. সরকারি শূন্যপদগুলিতে নির্দিষ্ট সময়ে স্বচ্ছতার সঙ্গে পূরণ করতে চাইতেন, তাহলে এই রিপিলের খেলা খেলতে হত না বলে আমি মনে করি। এর পূর্বে কোনো বিলের রিপিলের রিপিলিং নজির আছে কিনা আমার জানা নেই। মাননীয় অধ্যক্ষ মহোদয় আইনের লোক, প্রাক্তন মন্ত্রীও আছেন, আইন মন্ত্রীও আছেন। আমার মনে হয়, এই বিলটা ভারতীয় সংবিধানের আর্টিক্যাল ২০৭(৩)কে ভায়োলেট করছে। আপনাদের সরকারের আমলে নিয়োগ আর স্বচ্ছতা - আমি মনে করি এই দুয়ের মধ্যে শতেক যোজন দূরত্ব। এই বিলের objects and Reasonsএ বলেছেন, খুব তাড়াতাড়ি, বেশ কিছু সরকারি শূন্যপদ পূরণ করার জন্য এই বিল। কে বিশ্বাস করবে আপনাদের? '১২ সালের মার্চের পর থেকে '১৭ সালের জুন মাসে রিপিল করার আগে পর্যন্ত এই আইনকে মান্যতা দিয়ে যে কমিশান আপনারা বানিয়েছিলেন তার কতটুকু কার্যকরী ভূমিকা পালন করতে আপনারা সক্ষম হয়েছেন?

[2:10 – 2:20 p.m.]

কতজনকে আপনারা শূণ্যপদে নিয়োগ করতে পেরেছেন সেটা আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে জানতে চাই। মাননীয় মন্ত্রীমহাশয় রাগও করতে পারেন, কিন্তু আমরা জানি এবং এই রাজ্যের সবাই এখন জেনে গেছে স্কুল সার্ভিস কমিশান, কলেজ সার্ভিস কমিশান , স্টাফ সিলেকশান কমিশান, পাব্লিক সার্ভিস কমিশান-এর নিয়োগের প্রধান প্যারামিটার হল সেটি। যা করতে হবে বা যা হয়েছে আপনাদের ছোট-বড়-মাঝারি নেতাদের সঙ্গে। আপনি কি

অস্বীকার করতে পারেন, এই কাটমানি ফেরতের কান্ডকারখানা চলছে সারা রাজ্য জুড়ে এখানে তো স্কুলে চাকরি দেওয়ার নাম করে লক্ষ লক্ষ টাকা কাটমানি নেওয়া হয়েছে। পাব্লিক সার্ভিস কমিশানে আপনারা আপনাদের দলের এক প্রভাবশালী মন্ত্রীর দাদাকে বসিয়েছিলেন। রেজাল্ট কি ? স্বাধীনতার উত্তর ভারতে পাব্লিক। সার্ভিস কমিশানের যে বিশ্বাসযোগ্যতা ছিল এই তৃণমূল কংগ্রেসের আমলে সেই বিশ্বাসযোগ্যতা নষ্ট হয়ে গিয়েছে। বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত হওয়ায় আমরা জানতে পেরেছি, জিরো পাওয়া প্রার্থীও যোগ্যতামানের তালিকায় উত্তীর্ণ হিসাবে চিহ্নিত হয়েছে। মেধার ভিত্তিতে নিয়োগ করতে বাধা কোথায় ছিল ? স্কুল সার্ভিস কমিশানের মেধা তালিকায় উত্তরবঙ্গের এক প্রার্থী মেধা তালিকার শেষের দিকে নাম থাকার কথা আমরা সকলেই জেনেছিলাম। কিন্তু কি এমন হল রাতারাতি যে তার নামটা উপরের দিকে চলে এল। এসব ব্যাপার আমরা সকলেই জানি। একটা নির্দিষ্ট দল তিনি করতেন, তার পরে আপনাদের দলে সে যোগ দেওয়ায় তার ক্যান্ডিডেটের নাম উপরের দিকে চলে এল, তার চাকরি হয়ে গিয়েছে। সাপ-লুডোর খেলা হয় না, সেই সাপ-লুডোর খেলার মত শূন্য থেকে নিরানব্বইতে সে চলে এল। বারে বারে আপনারা কমিশান করছেন, কিন্তু আপনাদের কোন বিশ্বাসযোগ্যতা নেই। আপাতদৃষ্টিতে সরকারি চাকরিতে শূন্য পদে নিয়োগের জন্য এই ধরণের কিছু উদ্যোগ। নিলে তার তো বিরোধিতা করা যায় না। আপনাদের হাঁড়ির চাল সবাই আমরা জানি। হাঁড়ির চাল যেভাবেই ফুটুক না কেন, সেই হাঁড়ি থেকে একটা চালকে যদি আমরা টিপে দেখতে পারি তবে ব্যাপারটা আমরা বুঝে যাব। আপনারা হাজার হাজার সরকারি শূন্যপদের তালিকা ঝুলিয়ে রেখে নিজেদের পছন্দ মাফিক মানুষদের নিয়ে তালিকা তৈরি করেন। এখন আবার, একটি আলংকারিক কমিশান শুরু করতে চলেছেন। তাতে এ রাজ্যের মেধাবী যুবক-যুবতীদের কতটা লাভ হবে জানি না। সত্যি কথা বলতে কি একজন প্রতিনিধি হিসাবে আমার মনে এই ব্যাপারে বিস্তর সংশয় আছে। এ রাজ্যে লাখো লাখো যুবকদের আজকে কর্মসংস্থানের সুযোগ নেই। রাজ্যে সিঙ্গুর থেকে শালবনী, সমস্ত জায়গার শিল্প আপনারা বন্ধ করে দিয়েছেন। এ রাজ্যের লক্ষ লক্ষ বেকার ছেলে-মেয়েরা আগামী ১২ এবং ১৩ই সিঙ্গুর থেকে নবান্ন অভিযান করবে। এ রাজ্যের ছাত্ররা কম খরচে যাতে পড়াশোনা করতে পারে এবং শিক্ষাশেষে সকলের চাকরির ব্যবস্থা করতে হবে। এ রাজ্যের মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন বেকারদের যুবশ্রী ভাতা হবে। আমরা বলছি যাদের চাকরি দিতে পারবেন না। তাদের ছয় হাজার টাকা করে ভাতা দেওয়ার দাবিতে আমরা নবান্ন অভিযান করব। আপনাদের কমিশানের পর কমিশান করাতে কোন বিশ্বাসযোগ্যতা নেই। আপনি নতুন করে আবার রিপিলিং এর রিপিলিং বিল এনেছেন। আমি আপনাদের কাছে বলব এখানে যেহেতু নিয়োগের প্রশ্ন আছে তাই আমরা এর বিরোধিতা করতে পারি না। কিন্তু স্বচ্ছতার সঙ্গে মেধাবী ছেলে-মেয়েরা যাতে সুযোগ পায় এই কমিশনের মাধ্যমে সেটা দেখবেন। এই কথা বলে সবাইকে আরেকবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : ধন্যবাদ স্যার, আমরা বর্তমান আইনমন্ত্রীর ব্যাখ্যা শুনেছি, প্রাক্তন আইনমন্ত্রীও একটু আগে আমাদেরকে আলোকিত করেছেন। সচরাচর হয়না যা তা আইনে হয়না এমন নয়। আইনে হয়, আইনে হয়না এই ব্যাপারে আমি যাব না কারণ আমি আইনবিদ নই। উনি যা ব্যাখ্যা করেছেন তার থেকে মনে হয়েছে উনি ঠিক বলেছেন। আমার জিজ্ঞাস্য স্যার, আমাদের রাজ্য বিধানসভায় এর কোন পূর্ব নজির আছে কিনা।

অবশ্যই তার মানে কোনো ভবিষ্যৎ নজির হবে না, এটা না। আমাদের দেশের কোনো রাজ্যের আইনসভায় কি এর পূর্ব নজির আছে? আমি যতটুকু তথ্য সংগ্রহ করতে পেরেছি তাতে নেইটাই পেয়েছি স্যার। সেইটা আমরা করতে যাচ্ছি। যদি বিকল্প থাকতো বিকল্পটা না করে এটাতে গেলাম কেন? স্যার, আমরা সবাই এটা জানি, যে কাজের অনেক সুযোগ আছে। কাজ দিতে হবে। এবং নতুন কাজ দেওয়ার ক্ষেত্রে কিছু আইনগত, আইন কাউকে কাজ দেয় না এটা যেমন ঠিক, তেমন কাজ দিতে হলে আইন মেনেই দিতে হয় এটাও ততটাই ঠিক। স্যার, এখন গত বছর এই আইনসভায় মাননীয় অর্থমন্ত্রী একটি সংখ্যা তথ্য দিয়েছিলেন যে ৯৮ লক্ষ ৫ হাজার কাজ আমরা দিয়েছি এই রাজ্যে। এখন ৯৮ লক্ষ ৫ হাজার কাজ দেওয়ার পরে নতুন কাজ দেওয়ার লোক কোথায় পাবো আমি জানিনা। এত এত শূন্যপদ পূরণ করতে হবে এবং সেটার জন্য স্টাফ সিলেকশন কমিশন, পি.এস.সি.কে একা দিয়ে হবে না। এটাই যদি বাস্তবতা হয় তাহলে এত এত শূন্যপদ আছে, কাজের সুযোগ আছে। সরকার দ্রুত দিতে চায়। এই সব সত্যকে মানলে ৯৮লক্ষ ৫হাজারটাকে অসত্য বলতে হয়। আমি জানি না সরকার সে দায় নিতে রাজী হবেন কিনা। এখন ২০১০-২০১১ - এর সঙ্গে আমরা সব বিষয়ের তুলনা করি। আজকেও সকালে প্রশ্নের উত্তরে মাননীয় অর্থমন্ত্রী বলছিলেন যে তন্তুজ ৫০ কোটি টাকা, ২৩৮ কোটি টাকা ইত্যাদি ইত্যাদি। স্যার, আমি যদি জিজ্ঞেস করি যে, তন্তুজ , তনুশ্রী, মঞ্জুষা ২০১০ -২০১১ সালে কত কর্মী কাজ করতেন, আর এখন কত কর্মী কাজ করেন? মাননীয় অর্থমন্ত্রীকে এ প্রশ্নটা করার জন্য হাত তুলেছিলাম সুযোগ পাইনি। আমি বলছি স্যার, একটা সেক্রেটারিয়েট অফিস বলুন, সব মন্ত্রীদের সেক্রেটারিয়েট আছে যেখানে গত বার ২০১০-২০১১ - এর তুলনায় অন্তত ৪০ শতাংশ কর্মচারী কম নেই। একটা ডি.এম, অফিস বলুন, ২০১০-২০১১ -এর তুলনায় অন্তত ৫০ শতাংশ কর্মচারী কম নেই। একটা বি.ডি.ও. অফিসের নাম বলুন যেখানে ২০১০ -২০১১-এর তুলনায় ৬০ শতাংশ কর্মচারী কম নেই। একটাও খুঁজে পাবেন না। এত হসপিটাল, একটা হসপিটাল বলুন, যে হসপিটালে রোগী পিছু ডাক্তার, নার্স, টেকনিসিয়ান, গ্রুপ ডি ২০১০ -২০১১-এর তুলনায় কম নেই, বেড়েছে। একটা হসপিটাল বলুন, গোটা রাজ্যে। একটা স্কুল। কম আছে বলছি, বেড়েছে এটা বলিনি। স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় একটা বলুন যেটায় গ্রুপ সি, গ্রুপ ডি কর্মচারী ২০১০-২০১১ - এর তুলনায় বেড়েছে, একটা বলুন। রাজ্য সরকারের যেকোনো একটা দপতর বলুন, যে দপতরে ২০১০ ২০১১ - এর তুলনায় কর্মচারী বেড়েছে। কোথাও পাওয়া যাবে না স্যার। আমরা জানি যে প্রতি বছর আমাদের রাজ্যে রাজ্য সরকারি কর্মচারী গড়ে ৪ শতাংশ রিটায়ার করেন। এইটা যখন ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার এলো ১৯৯০ সাল পর্যন্ত, গড়ে

৪ শতাংশই ফিলআপ হতো। ১৯৯১ সাল থেকে এটা কমতে থাকে, বাম আমল থেকেই কমতে থাকে। তথ্য বলছে ১৯৯১ থেকে ২০০০ পর্যন্ত প্রায় ৩ শতাংশ এটা পূরণ হয়েছে। ২০০০ এর পর থেকে, ২০০১ থেকে, ২০১০ পর্যন্ত ২ থেকে আড়াই শতাংশ পূরণ হয়েছে। সর্বনিম্ন পূরণ হয়েছে যেবার সেটা হচ্ছে ২.২ শতাংশ। আর, স্যার, ২০১১ উত্তরকালে কটা পূরণ হয়েছে? সেটা শতাংশর হিসাবে আসে কিনা জিরো পয়েন্টে আসে, না ফিগারে আসে এই সমস্ত প্রশ্নগুলোর সদুত্তর না পেলে কার্যত হচ্ছে, স্যার, যে আইনটা আমরা - করতে যাচ্ছি, আইন হিসাবে যদি আইনগত বাধা না থাকে এই আইনের বিরোধিতা করবো না। কিন্তু অবশ্যই এই রকম একটা জরুরী বিষয় যা রাজ্যে হয়নি, দেশে হয়নি, সে রকম একটা জরুরী বিষয়ে অবশ্যই ওপিনিয়নের জন্য পাঠানো উচিত। এলিটিস্ট ওপিনিয়ন প্রয়োজন স্যার। স্যার, প্রয়োজনে সিলেক্ট কমিটি গড়া যেতে পারে। যে কোনো ভাবেই হোক না কেন এই সাবজেক্টটাকে কেন্দ্র করে জনমত, অনেক আইনবিদদের মত, আইনের বিভিন্ন ব্যাখ্যা এই সবকিছু সম্পর্কে সচেতন না হয়ে এই রকম একটা আইনকে প্রয়োগ করতে যাওয়া বা কার্যকর করতে যাওয়া, স্যার , আমি জানি, তথ্যে দেখেছি আজকে যিনি জবাব দেবেন, মাননীয় পার্থ চট্টোপাধ্যায় তিনি বিরোধী নেতা ছিলেন এই বিধানসভায় এবং তিনি বিরোধী নেতা থাকাকালীন এই বিধানসভায় অন্ততপক্ষে তার দশটা বক্তৃতার রেফারেন্স আমি দিতে পারি যেখানে তিনি তৎকালীন রাজ্য সরকারকে সতর্ক করেছেন পাব্লিক সার্ভিস কমিশানের গুরুত্ব যেন না কমানো হয়।

বারবার তিনি এই কথা বলেছেন। এটা আমি মনে করি ঠিক বলেছেন। আজকে স্যার, যেখানে নিয়োগই হচ্ছে না, নিয়োগই করছি না, সেখানে পাব্লিক সার্ভিস কমিশান। তার জায়গায় নতুন নিয়োগের জন্য এস.এস.সি. করলাম, এস.এস.সি. বাতিল করলাম, এস.এস.সি. আবার ফেরত আনছি। সব এনেছি নিয়োগের জন্য, আইন বদলাচ্ছি, নিয়োগের জন্য আইন করছি - এইটা স্যর প্রচার হচ্ছে, কিন্তু নিয়োগের ঘরে লবডঙ্কা, নিয়োগ কিছু হচ্ছে না। সুতরাং স্যার, পাব্লিক সার্ভিস কমিশান enough বলে আমি মনে করি, এস.এস.সি.ও প্রয়োজন হতে পারে তাতেও আমার আপত্তি নেই - কিন্তু অবশ্যই এটা elicit opinionএর জন্য যাওয়া উচিত। এটা আপনি বিবেচনা করবেন এই দাবি উত্থাপন করে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার কথা শেষ করছি।

[2:20 – 2:30 p.m.]

শ্রী মলয় ঘটক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই ধন্যবাদ জানাচ্ছি যে আজকে এই যে বিল মোট আলোচনা হচ্ছে The West Bengal Staff Selection Commission (Repealing) (Repealing) Bill, 2019 - সেই ব্যাপারে কিছু বলার সুযোগ দেওয়ার জন্য। এর আগের দিনও আলোচনা হয়েছে, মাননীয় বিরোধী দল নেতা শ্রী আব্দুল মান্নান বক্তব্য রেখেছিলেন। শ্রী প্রদীপ কুমার সাহা, শ্রী অসিত মিত্র, ব্রজমোহন মজুমদার এবং জ্যোর্তিময় কর-এর বক্তব্য আমি শুনেছি। জ্যোর্তিময় কর তাঁর বক্তব্যে ইতিমধ্যেই একটা জিনিস পরিষ্কার করেছেন যেটা মান্নান সাহেব প্রথম প্রশ্ন তুলেছিলেন, যে Article 207, Special provisions

as to finance bills, Clause -366 A Bill which, if enacted and brought into operation, would involve expenditure from the Consolidated Fund of a State shall not be passed by a House of the Legislature of the State unless the Governor has recommended to that House for consideraion। স্যার, এই সদনে এখন যে বিলটি পেশ হয়েছে, সেটি হচ্ছে The West Bengal Staff Selection (Repealing) (Repealing) Bill, 2019। এই বিলে পরিষ্কার লেখা আছে, এর জন্য financial implication নেই। শুধুমাত্র এই বিল পাশ করার জন্য financial memorandum বা assent from the Governor - এটার কোন প্রয়োজন নেই এবং এই বিল পাশ করার জন্য যে বিল revive হবে ২০১১এর সেই bill-এ finance এর assent নেওয়া আছে, অর্থাৎ, Governorএর assent নেওয়া আছে এবং financial momorandumও ছিল। সুতরাং এটা পরিষ্কার যে উনি যে প্রশ্ন তুলেছিলেন যে তার কোন আইনের বৈধ্তা নেই। তিনি আরও একটা প্রশ্ন তুলেছিলেন, যে (Repealing) (Repealing) Bill, একটা বিল repeal হয়ে গেল, সেই বিলটা repeal করা যায় না। কিন্তু সেই প্রসঙ্গে আমাদের ইতিমধ্যেই মাননীয়া মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য পরিষ্কার করে বলে দিয়েছেন, আমিও স্যার পরিষ্কার করে বলে দিই, যে repealing bill যে repeal করা যায় এবং সেই repeal করলে যদি Repealing Billএ intention বলা থাকে, তাহলে আইনিভাবে পুরানো বিলটা revive করা সম্ভব। যে General Clauses Act নিয়ে আমাদের অসিতবাবু বলেছেন, মাননীয়া চন্দ্রিমা ভট্টাচার্যও বলেছেন। একটা হচ্ছে সেন্ট্রাল অ্যাক্ট, এই সেন্ট্রাল অ্যাক্টের Section 7। এই Section 7এ পরিষ্কার বলা আছে, যে একটা বিল যদি Repeal হয়ে থাকে তাহলে আবার যদি Repeal করা হয় তাহলে automatically যেটা পুরানো বিল সেটা revive হয় এবং তাতে intentionটা বলতে হবে। আমি স্যার, এটা পড়ে দিচ্ছি - In any Central Act or Regulation made after the commencement of this Act, it shall be necessary, for the purpose of reviving, either wholly or partially, any enactment wholly or partially repealed, expressly to state that purpose. Expressly to state that purpose, মানে কি purposeযে সেটা Repeal হয়েছিল আবার কেন Repeal বিল এনে Repeal করা হচ্ছে সেটা express করতে হবে।

বর্তমানে পেশ করা Bill-এ বলা আছে পার্পাস হচ্ছে টু রিভাইভ। আমি স্যার পরে ওটা পড়ে দিচ্ছি। এই প্রসঙ্গে বিভিন্ন কোর্টে মামলা হয়েছে। সেই মামলাতেও কিন্তু পরিষ্কার বলা আছে, যে যদি intention of the legislature বলা থাকে, তাহলে সেটা ভ্যালিড। "Where an Act is repealed and the repealing enactment is then repealed by another, which manifests no intention that the original Act shall continue, the common law rule was that the repeal of the second Act revived the first ab initio." যদি বলা থাকে স্যার, তাহলে পরের আইনটা অটোমেটিক্যালি রিভাইভ হবে। আমাদের ওয়েস্ট বেঙ্গলে স্যার General Clauses Act. আছে। আমাদের বেঙ্গলে যে General Clauses Act., সেটা

অনেক পুরনো। তার সেকশান ৯-এ পরিষ্কার বলা আছে যে কীভাবে একটা বিল যদি repeal করা হয়ে থাকে, সেটা আবার রিভাইভ করা সম্ভব হবে। আমাদের অ্যাডভোকেট জেনারেলের ওপিনিয়নও আমি পরে পড়ে শোনাব। If any Bengal Act. or West Bengal Act. made after the commencement of this Act, it shall be necessary for the purpose of reviving, either wholly or partially, any enactment wholly or partially repealed, expressly to state that purpose. স্যার, যে আইন এই সদনে পেশ করা হয়েছে, সেটা হচ্ছে - বিল নং ২২ অফ ২০১৯, The West Bengal Staff Selection Commission (Repealing) (Repealing) Bill, 2019 তার Section 2, Clause 2, তাতে পরিষ্কার বলা আছে Repealing of The West Bengal Staff Selection Commission (Repealing) Act, 2017 under Clause-1 of The West Bengal Staff Selection Commission Act, 2011 is hereby revived. একদম স্পেশিফিক্যালি এই বিলে বলা আছে পার্পাসটা কি এবং Statement of Objects and Reasons-এ বলা আছে যে কেন এটা প্রয়োজন হচ্ছে। সেখানেও বলা আছে -"A large number of vacancies need to be filled up for non-Public Service Commission posts in the State Government establishments within a short period of time in the public interest and in the absence of proper infrastructure and resources it would not be possible for the Government to process with the huge recruitment. সুতরাং স্যার কি প্রয়োজনে এটা করা হচ্ছে, সেটাও বলা আছে এবং উদ্দেশ্যটা কি রিভাইভ করার, সেটাও স্যার বলা আছে। সুতরাং repealing of the repealing, যেটা নিয়ে স্যার আমি দেখেছি, ওনারা বক্তব্য রেখেছেন, এখন বলছেন আমাদের কোথাও নেই, কিন্তু repealing of the repealing করা সম্ভব এবং যেটা উনি এখন আবার বললেন যে, আমি প্রথমেই বলেছিলাম যে, কনস্টিটিউশানে যেটা বলা আছে - ফাইনান্সিয়াল মেমোরেন্ডাম দরকার সেটা রিপিলিং বিলের জন্য কোন ফাইনান্সিয়াল এক্সপেন্ডিচার নেই। সেই জন্য আমরা লিখে দিয়েছি, সেটা মেনশান করা আছে। রিপিলিং বিলে বলা আছে যে কোনো ফাইনান্সিয়াল ইমপ্লিকেশন নেই। এর ফলে যে রিভাইভ হবে যে বিলটা, সেটার জন্য অলরেডি নেওয়া আছে। সুতরাং সেটার কোন প্রয়োজন নেই। যে বিল রিভাইভ হবে, সেই বিলে অলরেডি ফাইনান্সিয়াল অ্যাসেন্ট নেওয়া আছে, ফাইনান্সিয়াল মেমোরেণ্ডাম দেওয়া ছিল ২০১১ -র বিলে। একটা বিলে তো আর দু' বার হবে না। অলরেডি তো নেওয়া আছে। আমরা এই ব্যাপারে অ্যাডভোকেট জেনারেলের সাথে পরামর্শ করেছি। তাঁর কাছে আমি ওপিনিয়ন নিয়েছি। স্যার, যদি আমায় একটু সময় দেন তাহলে তাঁর ওপিনিয়নটা পড়ে দিচ্ছি - "The matter pertains to The West Bengal Staff Selection Commission (Repealing)(Repealing) Bill, 2019 which seeks to repeal the West Bengal Staff Selection Commission (Repealing) Act, 2017."

[2:30 – 2:40 p.m.]

Section 2 of the Bill reads as follows: "2. (1) The West Bengal Staff Selection Commission (Repealing) Act, 2017 is hereby repealed.

(2) On repeal of the West Bengal Staff Selection Commission (Repealing) Act, 2017, under sub-section (1), the West Bengal Staff Selection Commission Act, 2011 is hereby revived."

The Statements of Objects and Reasons of the Bill are as follows:

"A large number of vacancies need to be filled up for non-Public Service Commission posts in the State Government establishments within a short period of time in the public interest and in the absence of proper infrastructure and resources it would not be possible for the Government to process with the huge recruitment.

2. In view of the above, it is felt necessary to revive the erstwhile West Bengal Staff Selection commission established under the West Bengal Staff Selection Commission Act, 2011 (West Ben. Act XVII of 2011) (Hereinafter referred to as the said Act), which was subsequently repealed by the West Bengal Staff Selection Commission (Repealing) Act, 2017 (West Ben. Act XXIII of 2017), in order to ensure effective implementation of the provisions of the said Act.

3. The Bill has been framed with the above object in view.

4. there is no financial implication involved in giving effect to the provision of this Bill."

A point has been raised in the Assembly that there cannot be a repeal of a Repealing Act and the Minister-in-Charge, Department of Law, is to address to Assembly on the issue.

There are pari materia provisions in cognate statutes on this aspect which are quoted below:

a) Section 7 of the General Clauses Act, 1897:

"Revival of repealed enactments – (1) In any Central Act or Regulation made after the commencement of this Act, it shall be necessary, for the purpose

of reviving, either wholly or partially, any enactment wholly or partially repealed, expressly to state that purpose.

(2) This section applies also to all Central Acts made after the third day of January, 1868, and to all Regulations made on or after the fourteen day of January, 1887.";

b) Section 9 of The Bengal Clauses Act, 1899, states as follows: "Revival of repealed enactments - 9(1) In any Bengal Act or West Bengal Act made after the commencement of this Act is shall be necessary, for the purpose of reviving, either wholly or partially, any enactment wholly or p`artially repealed, expressly to state that purpose."

The aforesaid provisions, more particularly Section 9 of the Bengal General Clauses Act, 1899 prescribes for legislative action for reviving a repealed enactment. When the legislature intends to do away with a particular statute, it is done through the process of repeal by enacting a repeal act. On the passing of the repeal act the statute gets repealed or is stuck off from the statute book. If, subsequently, legislature intends to revive the repealed act it can do so by passing a repealing act to the repeal act.

Maxwell on The Interpretation of Statutes has said as follows:

"Where an Act is repealed and the repealing enactment is then repealed by another, which manifests no intention that the original Act shall continue repealed, the common law rule was that the repeal of the second Act revived the first ab initio."

The Hon'ble Supreme Court of India in the judgment reported in AIR 1955 SC 352 [Ameerunnissa Begum Vs. Mahboob Begum], inter alia, held that "under the English Common Law when a repealing enactment was repealed by another statute, the repeal of the second statute revived the former Act ab initio. But this rule does not apply to repealing Acts passed since 1850. So now, if an Act, repealing a former Act is itself repealed, the last repeal does not revive such former Act unless words are added reviving it. The present, rule, however, is based on the statutory provisions introduced by the Interpretation Act. The Supreme Court is not bound by the provisions of the said statute, but it can still apply the English Law rule if it appears to be reasonable and proper.

[3rd September, 2019]

According to the common law doctrine, the repeal of the repealing enactment would not revive the original Act if the second repealing enactment manifests an intention to the contrary.".

From the aforesaid discussion it is evident that the legislature can always revive a repealed Act by passing a second repealing enactment. The only essential element is that the second repealing enactment must manifest an intention to revive the parent statute.

In the present Bill, Section 2(2) specifically manifests revival of the parent statute i.e. West Bengal Staff Selection Commission Act, 2011.

It goes without saying that revival of the West Bengal Staff Selection Commission Act, 2011 will not entail any financial implication.

Hence the Bill is valid and should be passed by the Assembly.

স্যার, আমাদের অ্যাডভোকেট জেনারেলের ওপিনিয়ন সদনে পড়ে শোনালাম। এর থেকে পরিষ্কার যে বিল সদনে আনা হয়েছে তা পুরোটাই আইন মেনে আনা হয়েছে। এবং তাতে বিরোধী পক্ষের যাঁরা প্রশ্ন তুলেছিলেন আমাদের মনে হয় এখন তারা স্যাটিসফাইড় তাঁরা যে প্রশ্নগুলো তুলেছিলেন তার আইনী কোন বৈধতা নেই।

... (এই সময় মাননীয় সদস্য শ্রীআবদুল মান্নানকে কিছু বলার জন্য মাননীয় স্পীকারের দৃষ্টি আকর্ষন করতে দেখা যায়।) ...

মিষ্টার স্পীকার : দেখুন এটা তো কোর্ট না। This is not a court, this is Assembly. ওনার বক্তব্য বলেছেন। ... (নয়েজ) ... না, না, আপনি থার্ড রিডিঙে বলবেন। ... (নয়েজ) ... এখনে list of speakers-এ আপনার নাম নেই। থার্ড রিডিঙে বলুন, আমি নেব।

ডঃ পার্থ চ্যাটার্জি: মাননীয় অধ্যক্ষ মহোদয়, যখন বিলটি প্রথম আমি উত্থাপন করি তখন বিরোধী দলের, বিশেষ করে বিরোধী দলনেতা, অসিত মিত্র এবং সুজন চক্রবর্তী, এঁরা বিশেষ কয়েকটি প্রশ্ন তুলেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি নিজে জানেন যে, তাঁরা যখন প্রশ্ন তুলেছিলেন সেই সময় আইনমন্ত্রী, তাঁকে বলা হয়েছিল কাগজগুলো নিয়ে আসার জন্য। কিন্তু তার আগেই সভা সিদ্ধান্ত নেয় যে বিলটি যেখান পর্যন্ত আলোচনা হয়েছে তার পর পরবর্তী আলোচনা আমরা আজকে করবো। আমার বিশেষ কিছু বলার নেই এই কারণে যে আজকের বিলে যে আইনগত দিকগুলো তাঁরা তুলেছিলেন সেই আইনগত দিকগুলো রাজ্যের আইনমন্ত্রী নিজে অংশগ্রহণ করে এবং সঠিক ভাবেই আপনারা চেয়েছিলেন এ.জি.-র বক্তব্য কী তা এই সদনে পেশ করা হোক, উনি সেটা আজকে করেছেন। প্রাক্তন আইনমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যও আলোচনায় অংশ নিয়েছেন। ফলতঃ, এর আইনগত দিকগুলো আমাদের সরকারের তরফ

থেকে, সদনে উপস্থিত সমস্ত সদস্যের কাছে, তার আইনগত বৈধতা যে আছে তা তাঁদের বক্তব্যের মধ্যে দিয়ে, তাঁদের ডকুমেন্টসের মধ্যে দিয়ে তারা প্রমান করেছেন।

আমি শুধু আপনাদের দুটো জিনিস বলবো। তন্ময়বাবু অনেক তথ্য-টথ্য দিয়ে বলেছেন, বলেনও। কিন্তু তন্ময়বাবু যেটা বলেননি সেটা আমি দেখতে বলবো। হঠাৎ, ২০১০-এ কী কারণ পড়লো প্রায় বিভিন্ন ভাবে আড়াই লক্ষ লোককে, কোনটা PTTI, কোনটা CWT, কোনটা guest lecturer, কোনটা para-teacher, কোনটা SSK, MSK -এই যে বিভিন্ন নামে আড়াই লক্ষ বেকার যুবক-যুবতিদের আপনারা দিয়ে চলে গেলেন তাদেরকে তো নিয়মিত করছি আমরা।

[2:40 – 2:50 p.m.]

এর চেয়ে আর নতুন করে কি পেলাম আমরা? আমরা তো যারা বসে থাকছে সুজনবাবু জল খাওয়াতে যাচ্ছে, দিলীপবাবু জল খাওয়াতে যাচ্ছে, আরো নেতারা জল খাওয়াতে যাচ্ছে কিন্তু এগুলো তো আমাদের কাছে ইভ্যালুয়েট করা। তাদেরকে নিয়মিতকরণ বা তাঁদের বেতন বৃদ্ধির দাবিতে আমরা তো নিজেরাই বুঝতে পারছি না যে আমাদের লিস্ট যেটা পড়লেন আপনি বসে বসে ঠিকই তো আমাদের সুযোগ কই? আমাদের সুযোগ থাকত যদি ২০১১ তে এসে এই অতিরিক্ত সাময়িক নিয়োগগুলোকে আমরা বাতিল করতাম। কিন্তু আমরা তো মানবিক সরকার। যাঁরা নিযুক্ত হয়েছিলেন যে নামেই হোক তাঁদের যদি দক্ষতা এবং তাঁদের যদি -মেধা যে কাজের জন্য নেওয়া হয়েছে তাঁকে, তাহলে তাঁদেরকে সময়ে অসময়ে যেরকম করে। প্রয়োজন রাজ্যের আর্থিক অবস্থা দেখে নিশ্চয়ই নিয়োগ করা হচ্ছে। আপনি এর পরে টু পার্সেন্ট,। থ্রি পার্সেন্ট কত পার্সেন্ট যে সেই সময় 30 পার্সেন্ট অবধি বললেন, এই যে এগুলোর প্রয়োজনীয়তা কতটুকু ছিল? তা তো কেউ বলছেন না। যেমন ধরুন আমি ছোট্ট কথা যেহেতু উঠল, প্রাইমারি টিচারদের কতগুলো স্কুল আছে, আর কতগুলো টিচার আছে? এটা আমি এর আগেও হাউসে বলেছিলাম। এর পুনর্বিন্যাস কিন্তু হয়নি নিতে হয় নিয়ে নিয়েছি। না না তখন তো সর্বশিক্ষা অভিযান টাকা পয়সা দিত। প্রকল্পের নামে নেওয়া হত কিন্তু প্রকল্প আর শেষ হত না। সেই প্রকল্পের -রাস্তা ধরে ধরে আমরা তার স্থায়ীকরণের দাবিতে পতাকা ধরে রাস্তায় নেমে পড়ছি। ফলে এই সরকার সত্যিই দুঃখিত। এখানে অর্থমন্ত্রী বসে আছেন। এই সরকার কর্মসংস্থানের যে সুযোগগুলো করছে তার সঙ্গে কোন রাজনীতি নেই। যে নবীন বিধায়ক বললেন তিনিও ভাল মতন জানেন এখানে যাঁরা ঢুকেছেন তাঁরা দল বদল করে আজকে সরকারপক্ষের সমর্থক হয়েছেন। কিন্তু তাঁদের অভ্যেস বদল হয় নি। আমি আপনাদের কাছে বলবো এই সরকার সারা দেশে বেকারিত্বের হার যা তার সঙ্গে যদি আমাদের তুলনা করেন দেখবেন আমাদের সরকার কতটা বেকারিত্ব কমাবার জন্য চেষ্টা করেছে। আর আমরা সেই বক্রেশ্বরের জন্য রক্ত দিয়েছি বলে ড্রেনে রক্ত পড়ে থাকবে না বা তরুণ বিধায়ক যেটা বললেন শালবনি থেকে সিঙ্গুর, সিঙ্গুর থেকে ঝাড়গ্রাম, শালবনি এসব কথাগুলো রাস্তায় মেঠো হয়ে গেছে। এখন আরো প্রযুক্তির যুগ। সার্ভিস সেক্টরে কাজ বাড়ে। এগুলো বোঝার দরকার আছে। আরেকটু বোঝার দরকার আছে

যা করতে গিয়ে বলিয়েছেন সুজনবাবু আমি তাঁকে বলছি যে ম্যানুফ্যাকচারিং শিল্পের একটা বড় অংশ হচ্ছে মোটর গাড়ির যন্ত্রাংশ বা মোটর গাড়ি বিক্রি। তার অবস্থানটাই বেশি হয়। সুতরাং সবটাই যে একেবারে মেঠো বক্তৃতা দিয়ে এই ধরনের বিধানসভাকে ব্যবহার করবেন, এটা বোধ হয় ঠিক না, এটা মাঠে ঘাটে চলে। আমি আপনাদের কাছে বলবো সরকারের যে সীমিত ক্ষমতা আছে তাতে তার পাহাড়-প্রমাণ সমস্যার তো রাতারাতি সমাধান হবে না। এগুলো সমাধান নয়। যেমন তন্ময়বাবুর বক্তব্য ছিল যেটা আমারও বক্তব্য ছিল ঠিকই বলেছেন, একটু খুঁজে দেখবেন যে কারা কারা ছিল সেই সময়। এটা মূলত সেই সময় যেরকমভাবে আজকে কেন্দ্রীয় সরকার পুরস্কার দিচ্ছেন যারা সরকারের হয়ে কাজ করেছেন সেদিনও পুরস্কার দিচ্ছিলেন আমাদের আগের সরকার এ রাজ্যে।

পি.এস.সি. নিশ্চয় সেইভাবে থাকবে। আমি বহুবার দেখেছি। সুজনবাবু আমাকে একটা চিঠি দিয়েছিলেন, আমি তার তদন্ত করেছি।

মিঃ স্পিকার : সভার অনুমতি নিয়ে ১০ মিনিট সময় বাড়ানো হল।

ডঃ পার্থ চ্যাটার্জী : কোর্টে গিয়েছিলেন, কোর্ট তো এখনও পর্যন্ত কিছু বলল না। আমি তো অপেক্ষা করছি। কবে হবে তাকে ধরবো। কোর্টে ওঠে না, আমি জানি না কবে উঠবে। এটা আমাদের প্রাক্তন মেয়র বলতে পারবেন। আমাদের সরকার যথেষ্ঠ স্বচ্ছতার সঙ্গে করে এবং রাজনীতির গন্ধ দেখে করে না। পতাকার রং দেখেও করে না। যেটা করে সেটা মেধার ভিত্তিতেই এবং সরকারের উপর আস্থা আছে বলেই মমতা বন্দ্যোপাধ্যায়ের শুধু নবান্নে নয়, বাড়িতেও মিছিল করে লোক যায়। তার কিছুটাও আঁচ আজকে সকালে দেখলাম আমার বাড়িতে আছে, প্রতিদিন যায়। মানুষের বিশ্বাস, আস্থা আছে। হ্যাঁ, এই সরকারের কাছে বললে দেরি হতে পারে কিন্তু এই সরকার নিশ্চয় যদি যুক্তি থাকে, বাস্তবতা মেনে রাজনীতির রং না দেখে তারা ব্যবস্থা নেয়। যেহেতু আইনগত দিক ছিল বলে আমি তখন আপনাদের কথা শুনে অধ্যক্ষ মহোদয়কে অনুরোধ করেছিলাম, তিনি রাজি হয়েছিলেন। আজকে আইনগত ব্যাখ্যা দুজনে দিয়েছেন। আপনাদের কথা শোনার পর আমি আশা করি, আজকে বিতর্কে যাঁরা অংশগ্রহণ করেছেন সবাইকে আমি ধন্যবাদ জানাই। আশা করি আমাদের রাজ্যে দ্রুততার সঙ্গে যে সমস্ত পোস্টগুলো আমরা বলেছি - আমরা ইন্টারভিউ নেওয়ার ব্যবস্থা করবো, পরীক্ষার ব্যবস্থা করবো। সরকারের আর্থিক ভিত্তির উপরে দাঁড়িয়ে আমরা দেখবো কতটা করা যায়। আসুন সবাই মিলে এই বিলকে সমর্থন করুন।

Mr. Speaker: There are three amendments to the Motion by Shri Asit Mitra(Amendment No.1), Dr. Sujan Chakraborty (Amendment No.2) and Shri Abdul Mannan (Amendment No.3). Now I call upon Hon'ble Members to move their respective Motions.

Shri Asit Mitra : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th Novermber, 2019.

Dr. Sujan Chakraborty : Sir, beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 2019.

Shri Abdul Mannan : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 2019.

Mr. Speaker : I understand that Hon'ble Member Shri Asit Mitra is seeking division on his Motion.

(At this stage as instructed by Mr. Speaker Division bell rang.)

[2:50 – 3:00 p.m.]

Mr. Speaker: Hon'ble Members, now, I am declaring the result.

AYES: 27

NOES: 96

Now, the question before the House is that the Bill be circulated for the purpose of eliciting opinion, thereon - moved by Shri Sujan Chakraborty.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion please say No.

Noes have it. Noes have it.

Now, the question before the House is that the Bill be circulated for the purpose of eliciting opinion, thereon - moved by Shri Abdul Mannan.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion please say No.

Noes have it. Noes have it.

Now, the question before the House is that the Bill be taken into consideration.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion please say No.

Ayes have it. Ayes have it.

CLAUSE 2

Mr. Speaker: There is an amendment to Clause 2, (Amendment No. 4) by Shri Nirmal Ghosh.

Now, I call upon Shri Nirmal Ghosh to move his amendment.

Shri Nirmal Ghosh: I beg to move that in clause 2, after sub-clause (2), the following sub-clause be added:

"(3) Anything done or any action taken before the commencement of this Act, shall be deemed to have been taken under the West Bengal Staff Selection Commission Act, 2011.".

Dr. Partha Chatterjee: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এটা গ্রহণ করলাম।

Mr. Speaker: Now, the question before the House is that the amendment, Amendment No. 4 moved by Shri Nirmal Ghosh.

As many as are of that opinion will please say Aye..

As many as are of the contrary opinion please say No.

Ayes have it. Ayes have it.

Now, the question before the House is that Clause 2, as amended, do stand part of the Bill.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion please say No.

Ayes have it. Ayes have it.

CLAUSE 1, The Enacting Formula, The Preamble and The Title of the Bill

Mr. Speaker: Now, the question before the House is that CLAUSE 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion please say No.

Ayes have it. Ayes have it.

Now, Hon'ble Minister Shri Partha Chatterjeee may move the Motion for of the Bill.

Dr. Partha Chatterjee: Hon'ble Speaker, Sir, I beg to move that The West Bengal Staff Selection Commission (Repealing) (Repealing) Bill, 2019 as settled in the Assembly be passed.

[3:00 – 3:17 p.m.]

Shri Abdul Mannan: স্যার, ধন্যবাদ জানিয়েছি, সরকার পক্ষকেও জানিয়ে ছিলাম যে বিলটাকে সেদিন স্থগিত রাখতে, আপনি রেখেছিলেন। আমি সেদিনও বলেছিলাম আমি আইনজীবী নই, আমি প্র্যাকটিশনার নই - লিগ্যাল প্র্যাকটিশনার নই, যাঁরা আছেন তাঁরা ভালো ওপিনিয়ন দিতে পারবেন, এ্যাডভোকেট জেনারেলকে ডেকে ছিলেন। আজকে মাননীয় আইনমন্ত্রী মহাশয় যেটা অ্যাডভোকেট জেনারেলের মন্তব্যকে প্লেস করলেন, আর একজন লিগ্যাল প্র্যাকটিশনার-এর বক্তব্য শুনলাম চন্দ্রিমা ভট্টাচার্য্যের। পার্থবাবু আইনের ব্যাখ্যা না দিলেও ওনারা দুজনে আইনের ব্যাখ্যাটা দিয়েছেন। এঁরা যে বক্তব্যগুলো রাখলেন আমি সেগুলো কন্ট্রাডিক্ট করছি না কারণ এই প্রশ্নগুলোতো আমরা তুলি নি যে (repealing) (repealing) bill আনা যাবে না এই প্রশ্নটা আমরা তুলি নি।

যে রিপিলিং বিল, রিপিলিং বিল আনা যাবে না এই প্রশ্ন তো আমরা তুলিনি। আমরা শুধু একটা প্রশ্নই তুলেছি। এতগুলো যুক্তি আমাদের দরকার ছিল না, এত আইনি ব্যাখ্যাও আমরা চাইনি, আইনি ব্যাপার নেই। আমরা এগুলো নিয়ে কোন প্রশ্নও তুলিনি। আমরা প্রশ্ন যেটা তুলেছিলাম স্যার, আপনি জানেন সেটা জানেন যে রিপিলিং করার পর স্টাফ সিলেকশান আবার অস্তিত্ব পাচ্ছে, যেটা অস্তিত্বহীন ছিল। সেই অস্তিত্ব পাওয়ার জন্য স্টাফ সিলেকশান এখন তো মৃত। তার কোন চেয়ারম্যান নেই, কোন বোর্ড নেই, কোন মেম্বার নেই, কোন অফিস নেই, কোন পিওন নেই, কোন চেয়ার-টেবিল পর্যন্ত নেই। ফলে এইগুলোর কিন্তু একটা – টাকা লাগবে। তাহলে একটা ফিনান্সিয়াল লায়েবিলিটিজ এসে যাচ্ছে। সেই জন্যেই আমরা বলেছিলাম এই ফিনান্সিয়াল মেমোর‍্যান্ডামটা এখানে দরকার কারণ রিপিলিংয়ের কথা বলা হলে ফিনান্সিয়াল লায়েবিলিটিস আছে কি না সেখানে কোথাও বলা নেই। আমরা সেই প্রশ্নটাই তুলেছিলাম। আপনি প্রশ্নটা শুনে স্যার, সময় দিয়েছেন যে আর একবার আলোচনা হোক। আজকে এ্যাডভোকেট জেনারেল না আসলেও তাঁর উত্তরটা দিয়েছেন। কিন্তু আমরা যেটা চেয়েছিলাম ঐ যে আবার চেয়ার-টেবিলগুলোকে কিনতে হবে, আবার চেয়ারম্যানকে এ্যাপয়েন্টমেন্ট দিতে হবে, আবার তাদের বোর্ড গঠন করতে হবে, সিলেকশন কমিটি করতে গেলে নানা রকম, অফিস চালাতে গেলে যেগুলো খরচ হয় সেই টাকাটা কে দেবে? সেটা কিভাবে আসবে? সেটা বাজেটারি প্রভিশনে আসবে কি? সেইটাই আমরা প্রশ্ন তুলেছিলাম কিন্তু সেই উত্তরটা আমরা কেউ পেলাম না এটা দুভাগ্য। সেই জন্যে আমরা আমাদের স্ট্যান্ড পয়েন্টটায় ঠিকই আছি।

মিঃ স্পীকার : এটা, আমার মনে হয় আমাদের যেটা রয়েছে, আপনি ভালো করে শোনেননি বোধ হয় - আমাদের এ্যাডভোকেট জেনারেল এই পয়েন্টটাও ক্লিয়ার করেছেন। মাননীয় আইনমন্ত্রীও এই পয়েন্টটা ক্লিয়ার করেছেন। আইনমন্ত্রী অলরেডি বলে দিয়েছেন। এটা

পরিষ্কার বলা রয়েছে। এটা নতুন করে বলার দরকার নেই। আমি ওনার বক্তব্যটা পুরোটাই শুনেছি, তাতেও উনি এই পয়েন্টটা এক্সপ্লেন করেছেন।

Now the question before the House is the motion of Dr. Partha Chatterjee that the West Bengal Staff Selection Commission (Repealing) (Repealing) Bill, 2019, as settled in the Assembly, be passed.

As many as are of that opinion, please say Aye.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it; Ayes have it.

The Bill is passed, the Bill is passed.

ADJOURNMENT

The House was then adjourned at 3/17 p.m. till 11.00 a.m. on Wednesday, the 4th September, 2019 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 4th September, 2019 at 11:00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 25 Ministers-in-Charge, 18 Ministers of State and 164 Members.

[11:00 – 11:10 a.m.]

Held Over Starred Questions
(to which oral answers were given)

দুগ্ধ উৎপাদন ও চাহিদার পরিমাণ

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *২৬) শ্রীমতী গীতারানী ভুঞ্যা ঃ প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০শে জুন, ২০১৯ সাপেক্ষে রাজ্যে দুগ্ধ উৎপাদন ও চাহিদার পরিমাণ কত; এবং

(খ) চাহিদা পূরণে কী কী পদক্ষেপ নেওয়া হয়েছে?

শ্রী স্বপন দেবনাথ : সম্মানীয় স্পীকার মহোদয়, মাননীয়া বিধায়িকা শ্রীমতী গীতারানী ভুঞ্যা মহাশয়া কর্তৃক উত্থাপিত প্রশ্নের উত্তরে জানাই যে,

(ক) ৩০শে জুন, ২০১৯ সাপেক্ষে রাজ্যে দুগ্ধ উৎপাদিত হয়েছে ১৯৩৩.৬০ হাজার মেট্রিক টন। ২০১৯-২০ সালে দুগ্ধ উৎপাদনের গড়পরতা চাহিদা হচ্ছে ৬৭০৫ হাজার মেট্রিক টন। এবং

(খ) চাহিদা পূরণের লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করা হয়েছে তা হ'ল,

কম উৎপাদনোক্ষম দেশী প্রজাতির গরু মহিষের কৃত্রিম প্রজননের মাধ্যমে সংকরায়ণের কাজ চলছে। ২০১১-১২ সাল থেকে ২০১৮-১৯ সাল পর্যন্ত বিগত ৮ বছরে ৩০৬.২০ লক্ষ কৃত্রিম প্রজনন করা হয়েছে যা থেকে ৫১.১০ লক্ষ উন্নত জাতের বকনা বাছুর তৈরি হয়েছে।

রাজ্যের তিনটি কেন্দ্র থেকে ২০১১-১২ থেকে ২০১৮-১৯ সাল পর্যন্ত বিগত ৮ বছরে ২৯৯.৩০ লক্ষ হিমায়িত গো-বীজ তৈরি হয়েছে। ২০১৯-২০ বর্ষে ৫৬ লক্ষ হিমায়িত গো-বীজ তৈরির লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে।

তিনটি হিমায়িত গো-বীজ কেন্দ্র আছে। হরিণঘাটা, শালবনি এবং বেলডাঙ্গা। ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে হরিণঘাটা ও শালবনি হিমায়িত গো-বীজ কেন্দ্রের উৎপাদনের লক্ষ্যমাত্রা ২৩.৭ লক্ষ থেকে ২০১৭-১৮ বর্ষের মধ্যে ৪৮.০১ লক্ষ করার জন্য পরিকাঠামো তৈরির কাজ সম্পন্ন হয়েছে। স্যার, শুনলে খুশি হবেন যে, ভারতবর্ষে ৫৭টি হিমায়িত গো-বীজ কেন্দ্র আছে। ভারতবর্ষের কোনো রাজ্য দেখাতে পারবেন না যে, তিনটি হিমায়িত গো-বীজ কেন্দ্রই ভারত সরকার দ্বারা 'A' grade স্বীকৃতি লাভ করেছে সম্প্রতি হরিণঘাটা, শালবনি এবং বেলডাঙ্গা।

হিমায়িত গো-বীজ উৎপাদনের জন্যে প্রয়োজনীয় উন্নতমানের ষাঁড় তৈরির লক্ষ্যে হরিণঘাটা ও শালবনিতে এই সংস্থার দুটি বুল মাদার ফার্ম ছিল। ৬১৩.৭৩ লক্ষ টাকা ব্যয়ে কল্যাণীতে আরো একটি নতুন বুল মাদার ফার্ম তৈরি করা হয়েছে।

ভ্রূণ স্থানান্তরণ প্রযুক্তি দ্বারা দ্রুত সংকর খমানোন্নত ষাঁড় ও গাভী তৈরির লক্ষ্যে শালবনীতে একটি ভ্রূণ প্রতিস্থাপন পরীক্ষাগার তৈরি হয়েছে। জার্সি ও হলস্টিন প্রজাতির ষাঁড় ও গাভী তৈরির লক্ষ্যে পূর্বতন হরিনঘাটার ভ্রূণ প্রতিস্থাপন পরীক্ষাগারের মানোন্নয়নের কাজ করা হয়েছে। গোপালকের দোরগোড়ায় ভ্রূণ স্থানান্তরণ প্রযুক্তির মাধ্যমে সংকর গাভী তৈরির কাজ শুরু করা হয়েছে।

চলতি আর্থিক বছরে বকনা বাছুর উপভোক্তাদের মধ্যে বিতরণের পরিকল্পনা রয়েছে।

তা ছাড়াও উদ্যোগী গোপালকদের স্বনিযুক্তির লক্ষ্যে NABARD এর মাধ্যমে ভর্তুকিযুক্ত (২৫-৩৩ শতাংশ) ব্যাঙ্ক ঋণের ব্যবস্থা করা হয়েছে।

শ্রীমতী গীতারানী ভুঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের অধীনে বর্তমান হিমায়িত গো-বীজ উৎপাদন কেন্দ্রের সংখ্যা কয়টি এবং এই কেন্দ্রগুলি থেকে উৎপাদিত গো-বীজের সংখ্যা কত ?

শ্রী স্বপন দেবনাথ : পশ্চিমবঙ্গে মোট তিনটি হিমায়িত গো-বীজ উৎপাদন কেন্দ্র আছে। তিনটির নাম এর আগে আমি উল্লেখ করেছি এবং প্রত্যেকটি ভারত সরকার দ্বারা এ গ্রেড প্রাপ্ত হয়েছে। হরিণঘাটা - মোট বুলের সংখ্যা ১২৭। ১২৭এর মধ্যে সিমেন সংগৃহীত হয় ৯৩টি থেকে। শালবনীতে- ১২১, তার মধ্যে সিমেন সংগৃহীত হয় ৮৬টি থেকে। বেলডাঙাতে - বুলের সংখ্যা ২৭, সিমেন সংগৃহীত হয় ২৪টি থেকে। মোট বুলের সংখ্যা ২৭৫, তার মধ্যে। ২০৩টি থেকে সংগৃহীত হয়। মোট ২৭৫টি বুল আছে। তার মধ্যে ২০৩টি বুল থেকে সিমেন সংগৃহীত হয়।

শ্রীমতী গীতারানী ভুঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের অধীনে মোট কয়টি বুল মাদার ফার্ম আছে ? এবং তাদের অবস্থান কোথায় এবং এই ফার্মগুলোর গাভীর সংখ্যা কত ?

শ্রী স্বপন দেবনাথ : বর্তমানে রাজ্যে বুল মাদার ফার্মের সংখ্যা উল্লেখ করেছি, এগুলি হচ্ছে কল্যাণী, নদীয়া, শালবনী, পশ্চিম মেদিনীপুর এবং হরিণঘাটা নদীয়াতে। হরিণঘাটাতে গাভী হচ্ছে ২৫০, বখনা ৪০, এঁড়ে বাছুর ১৯৮, বখনা বাছুর ১০৩, মোট ৫১১। শালবনীতে গাভী ১২৭, ২২টি বখনা, ৭৫টি এঁড়ে বাছুর, ৫৪বখনা বাছুর, মোট ২৭৮। কল্যাণীতে গাভী ১০৫, বখনা ৬৫, এঁড়ে বাছুর ৪৬, বখনা ৩৯, মোট ২৪৭। মোট ৪৮২টি গাভী, ১২৭ বখনা, এঁড়ে বাছুর ২৩৯, বখনা বাছুর ১৮৮। মোট ১০৩৬।

শ্রী প্রদীপ সাহা : ধন্যবাদ স্যার। এখানে মাননীয় মন্ত্রী মহাশয়, দুগ্ধ উৎপাদনের চাহিদা, পরিমাণ ইত্যাদির কথা বলেছেন। এখন বিষয়টা হচ্ছে, রাস্তা দিয়ে যখন যাই আর কি, আমরা প্রত্যেকদিন দেখি, মাঝে মাঝে যেখানে সব ভ্যাটগুলো আছে, এই ভ্যাটগুলোতে যেভাবে ভেজাল মেশানো হচ্ছে, দেখবেন বাজার থেকে দুধ কিনে নিয়ে যাওয়ার পর, যখন সেটা গরম করা হচ্ছে ছানা কেটে যাচ্ছে। তাহলে এই যে শিশুদের খাদ্য যে দুধ, সেই দুধে এইভাবে প্রত্যেকদিন ভেজাল মেশানো হচ্ছে, এই ব্যাপারে মাননীয় মন্ত্রী এই ভেজাল মুক্ত দুধ সরবরাহের ক্ষেত্রে কতটুকু কি ভূমিকা পালন করবেন, যদি তিনি সভাকে জানান।

শ্রী স্বপন দেবনাথ : প্রত্যেক জেলাতে একজন ফুড সেফটি অফিসার আছেন, ডেপুটি যিনি আছেন। হাসপাতালে, সেই ব্যাপারে আরো বেশি করে নিয়োগের ব্যবস্থা করা হয়েছে ইতিমধ্যে, দুধের ভেজাল ধরবার জন্যে।

শ্রীমতী সেলিমা খাতুন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য, ডেবরা ব্লকে গত বছর আলসা রোগে অনেক গরু মারা যায়, অনেক ক্ষতি হয় চাষীদের। সেই জায়গায় আলসা রোগ প্রতিরোধের জন্য কোনো ব্যবস্থা আছে কিনা বা যাদের পরিবারের এই রকম গরু মারা গেছে তাদের কোনো ক্ষতিপূরণের ব্যবস্থা আছে কিনা ? এবং এস.এইচ.জি. গ্রুপ বাংলার অর্থনৈতিক ক্ষেত্রে গ্রাম্য পরিবারের অর্থনৈতিক ক্ষেত্রে অনেক বড় ভূমিকা গ্রহণ করে, সেই জায়গায় এস.এইচ.জি. গ্রুপের মাধ্যমে গো পালনের মাধ্যমে তাদের আর্থিক উন্নতির কোনো ব্যবস্থা আছে কিনা জানালে বাধিত হবো।

শ্রী স্বপন দেবনাথ : এর জন্যে আমাদের পশু বিমা চালু আছে। এবং গাভী যদি মারা যায়, বীমা যাদের আছে, সর্বাধিক ১৮হাজার টাকা ক্ষতিপূরণ পাওয়া যায়, কিন্তু তার বিমা থাকতে হবে। এখনও প্রায় ১ লক্ষ ৩০ হাজার বিমাকরণ করা হয়েছে এর মধ্যে। আমরা উৎসাহিত করছি গো পালকদের বিমা করবার জন্যে, তার জন্যে, প্রতিদিন গো পালন যিনি করেন তাঁকে ১০০ টাকা দিতে হয়, বাদ বাকিটা রাজ্য সরকার গ্রহণ করে তার প্রিমিয়াম দেওয়ার ক্ষেত্রে।

[11:10 – 11:20 a.m.]

শ্রী আনিসুর রহমান : স্যার, মাননীয় মন্ত্রী ঠিকই বলেছেন যে আমাদের রাজ্যে দুধের ঘাটতি আছে। আবার কোনো সময় সেইসব মানুষরা দুধের দাম ঠিকমত পায় না। কোথাও ঘাটতি হচ্ছে, আবার কোথাও বাড়তি হচ্ছে। আমাদের রাজ্যে প্রায় ১২হাজার সোস্যাইটি আছে। আমার

প্রশ্ন হচ্ছে, এই ১২হাজার সোস্যাইটিকে দুধের দাম দেওয়ার জন্য ডেয়ারি খোলা হল - একটা মাদার ডেয়ারি, একটা মেট্রো ডেয়ারি। মাদার ডেয়ারি গভর্ণমেন্টের, আর মেট্রো ডেয়ারি জয়েন্ট ভেঞ্চারে খোলা হল। সেই মেট্রো ডেয়ারির সব টাকা শোধ করে দেওয়া হয়েছে। মেট্রো ডেয়ারি লাভে চলে। এইরকমভাবে দুধের ডেয়ারিগুলো উৎপাদন বৃদ্ধি করবে। গভর্ণমেন্ট সেটাকে বিক্রি করে দিয়েছে। শুনে আমি অবাক হলাম। আমি জানতে চাইছি, এই মেট্রো ডেয়ারি বিক্রি করেছেন কিনা।

শ্রী স্বপন দেবনাথ : এই ব্যাপারে আপনি লিখিতভাবে জানাবেন, আমি উত্তর দেব।

মিঃ স্পিকার : ঠিক আছে, মাননীয় মন্ত্রী বলেছেন, লিখিতভাবে জানালে উনি উত্তর দেবেন।

শ্রী সমর হাজরা : স্যার, এই দুধের উৎপাদন বৃদ্ধি বলতে আমি মাননীয় মন্ত্রীকে বলব যাদের দাঁত উঠে গেছে তাদের দুধের প্রয়োজন আছে। দুধ খায় আসলে বৃদ্ধ আর বাচ্চা। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাইছি, আপনি গ্রাম বাংলায় শঙ্কর জাতীয় গাই কত গরু পালকদের মধ্যে বিলি করেছেন, জানাবেন কি?

শ্রী স্বপন দেবনাথ : আমাদের হিপার দেওয়ার সিস্টেম আছে যেটা বখনা বাছুর বলা হয়। যেমন করে গাভী উৎপাদন কত হচ্ছে - আমাদের দুধ উৎপাদন তো ষাঁড়ে হবে না, গাভীতে হবে - গাভী তৈরি করার জন্য কতটা দেওয়া হচ্ছে সেই হিসেব আমি আপনাদের বলেছি। গাভী বিলি হচ্ছে, গত বছর আমরা এক হাজার দিয়েছি, এই বছরও টার্গেট যেমন যেমন গাভী উৎপাদন হবে, তেমনি সরকারীভাবে যেগুলো দেওয়া হচ্ছে, সেগুলো তো দেওয়া হবে। বেসরকারীভাবে গ্রামে বহু লোক তো গরু পোষে, আপনি গ্রামের লোক, জামালপুরের, আমিও গ্রামের লোক, সেখানেও তো হয়। তাদের তো কৃত্রিম প্রজননের জন্য আপ্রাণ চেষ্টা হচ্ছে, তার জন্য প্রাণী বন্ধু আছে, প্রাণী মিত্রা আছে, প্রাণী সেবী আছে। আপনারা দেখতে পাচ্ছেন গাঁয়ে গাঁয়ে তাঁরা যাচ্ছেন। সেগুলো করা হচ্ছে।

শ্রী স্বপন বেলথারিয়া : ধন্যবাদ স্যার। আমাদের ২৪৪ কাশীপুর বিধানসভার মধ্যে কাশীপুর ব্লকে ভেটেরেনারি হসপিটাল আছে। কিন্তু দেখা যায় দীর্ঘদিন সেখানে ডাক্তার নেই। একেবারে গ্রামে গঞ্জে, প্রাইভেটে যারা হয়তো ২-৪-১০ খানা গরু গাভী রেখেছে, সেই গাভীগুলো হয়তো বিভিন্ন অসুখে মারা যাচ্ছে, তাঁরা কোনো সুরাহা খুঁজে পাচ্ছে না। তারা প্রায়ই আমাদের কাছে এই সমস্যার ব্যাপারে বলেন। আমি জানতে চাইব সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে যে এই মুহূর্তে ডাক্তার দেওয়া যাবে কি?

শ্রী স্বপন দেবনাথ : আপনি ইতিমধ্যে এটা বলেছেন। আপনি জানেন, গ্রামীণ এলাকাতে, যেটা বললাম প্রাণী বন্ধু, প্রাণী মিত্রা, প্রাণী সেবী, প্রত্যেকটি জি পিতে দুজন করে প্রাণী বন্ধু, প্রাণী মিত্রা, প্রাণী সেবী আছেন। তাঁদের দিয়ে প্রাথমিক চিকিৎসা হচ্ছে, বি.এল ডি, ওর কথা যদি বলেন, ইতিমধ্যে পাব্লিক সার্ভিস কমিশান থেকে প্রায় ২৩৫ জন নতুন করে নিয়োগের প্রক্রিয়ার কাজ শেষ হতে চলেছে।

সরকারি খামারে উৎপাদিত পশুখাদ্য

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২০) শ্রী সুজিত চক্রবর্তী ঃ প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে সরকারি খামারগুলিতে উৎপাদিত পশুখাদ্যের পরিমাণ ও তার আর্থিক মূল্য কত;

(খ) বর্তমানে রাজ্যে পশুখাদ্যের বাৎসরিক চাহিদা কত; এবং

(গ) রাজ্যে প্রাকৃতিক বিপর্যয় হলে গবাদি পশুদের প্রতিপালকের কাছে পশুখাদ্য পৌঁছে দেওয়ার সরকারি উদ্যোগে কোনো ব্যবস্থা আছে কি না?

শ্রী স্বপন দেবনাথ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্য শ্রী সুজিত চক্রবর্তী মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই,

(ক) বর্তমান আর্থিক বছরে ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে পশ্চিমবঙ্গ উন্নয়ন নিগম লিমিটেড কর্তৃক উৎপাদিত পশুখাদ্যের উৎপাদন হল ৯, ১৭২ (নয় হাজার একশত বাহাত্তর) মেট্রিক টন ও উৎপাদন মূল্য হল ১৭.৬১ (সতেরো দশমিক ছয় এক) কোটি টাকা।

(খ) বর্তমানে রাজ্যে পশু খাদ্যের বাৎসরিক চাহিদা ২৬২৮০০০ মেট্রিক টন (সংকর গাই ও মহিষের সংখ্যা হিসাবে)।

(গ) হ্যাঁ আছে। বিপর্যয় মোকাবিলা তহবিল ব্যবহারের মাধ্যমে এরূপ সহায়তা প্রদান করা হয়।

শ্রী সুজিত চক্রবর্তী : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমি অতিরিক্ত প্রথম প্রশ্ন যেটা করব, সেটা হচ্ছে যে, ২০১৭-১৮ অর্থবর্ষে অতি বৃষ্টির কারণে বন্যা হয়েছিল এবং আপনার দপ্তর থেকে এই বন্যাতে গো খাদ্য সরবরাহ মানে আপনি লিখেছেন যে বিপর্যয় মোকাবিলা তহবিলের মাধ্যমে সহায়তা প্রদান করা হয়। এইরকম কোনো খবর আছে কি আপনার দপ্তরের কাছে যে এই ধরনের কোনো ক্যাম্প করে কোনো বন্যা কবলিত এলাকাতে গো খাদ্য সরবরাহ করা হয়েছে ?

শ্রী স্বপন দেবনাথ : ২০১৭-১৮ আর্থিক বছরে বিপর্যয় মোকাবিলা তহবিল থেকে যেমন পশুখাদ্য, টিকাকরণ, ওষুধ বাবদ নয়টি জেলা - পশ্চিম মেদিনীপুর, দক্ষিণ দিনাজপুর, কোচবিহার, বাঁকুড়া, জলপাইগুড়ি এবং দক্ষিণ দিনাজপুর জেলায় মোট ৭.৬৪ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। প্রত্যেকটি উল্লেখিত জেলাগুলিতে সেই টাকা পাঠানো হয়েছে।

শ্রী সুজিত চক্রবর্তী : স্যার, আমার প্রশ্নের উত্তরটা কিন্তু আমি সঠিক পাইনি। তবুও আমি আমার দ্বিতীয় সাপ্লিমেন্টারি করছি, উনি বলেছেন আমাদের রাজ্যে গো-খাদ্যের যা চাহিদা আছে

তার তুলনায় উৎপাদন কম। ফরেস্ট ডিপার্টমেন্টের বহু পতিত জমি আছে রাজ্যের বিভিন্ন জায়গাতে। এইসব জায়গাগুলোতে S.G.S.R Group বা S.H.G. Group-এর মাধ্যমে ভূট্টা চাষের কোনো পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ?

মিঃ স্পীকার : এটা ওনার দপ্তরের মধ্যে পড়ে না। It is not a related question.

(নয়েজ)

শ্রী মনোজ চক্রবর্তী : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রীমহাশয়ের সঙ্গে আমার রিলেশান খুব সুন্দর। আপনি কি গরু খাদ্যের অভাবে না লিকুইডেশানের অভাবে মেট্রো ডেয়ারি বিক্রি করে দিয়েছেন। শোনা যাচ্ছে আপনি সিঙ্গাপুরের যে কোম্পানিকে মেট্রো ডেয়ারি বিক্রি করেছেন তারা আবার ফিফটিন পারসেন্ট শেয়ার ১৬৭ কোটি টাকায় বিক্রি করেছে।

মিঃ স্পীকার : মনোজ বাবু প্লীজ, এর আগে মাননীয় সদস্য আনিসুর রহমান প্রশ্নটা করেছিলেন, তাঁর উত্তরে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন লিখিতভাবে এর উত্তর পরে দেবেন। তাই এই প্রশ্নটা যাবেনা।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনার দপ্তরের অধীনে মোট কতগুলো ফীড প্ল্যান্ট আছে এবং সেগুলো কোথায় কোথায়। ২০১৮-১৯ সালে তাতে উৎপাদনের পরিমাণ কত ?

শ্রী স্বপন দেবনাথ : প্রাণী সম্পদ উন্নয়ণের অধীনে মোট পাঁচটি ফীড প্ল্যান্ট আছে। সেগুলো কল্যাণী, শালবনী, দূর্গাপুর, গাজোল এবং শিলিগুড়িতে অবস্থিত। ২০১৮-১৯ সালে ফীড উৎপাদনের পরিমাণ হ'ল ২৬, ৮২১ মেট্রিক টন।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য, ফীড প্ল্যান্ট তৈরির যে পরিকল্পনার কথা উনি বললেন, সেই ব্যাপারে আমি জানতে চাই, বিগত সরকারের আমলে কতগুলো ফিড প্ল্যান্ট ছিল এবং আমাদের সরকার ক্ষমতায় আসার পরে উনি কতগুলো ফীড প্ল্যান্ট তৈরি করেছেন তা জানাবেন কি ?

[11:20 – 11:30 a.m.]

শ্রী স্বপন দেবনাথ : আমরা সরকারে আসার পর শ্রদ্ধেয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর উদ্যোগে এই ফিট প্ল্যান্ট বানানোর পরিকল্পনা তিনি নিতে বলেছেন, ইতিমধ্যে আমাদের দপ্তর দুটি নতুন ফিট প্ল্যান্ট তৈরির পরিকল্পনা করেছে। সেগুলো হচ্ছে কল্যাণী এবং শিলিগুড়িতে। প্রতিটি প্ল্যান্টের দৈনিক উৎপাদন ক্ষমতা এই মুহূর্তে প্রায় ২০০ মেট্রিকটন হবে। তার প্রস্তুতি প্রায় শেষ।

শ্রী ধীরেন্দ্রনাথ লায়েক: স্যার, এবছর ছাতনা তথা বাঁকুড়া জেলাতে মাত্র ১০ পার্সেন্ট জমিতে চাষ আবাদ হয়েছে। গরু বাছুর সাধারণত খড়টাই তারা বেশি খায়। এমতবস্থায়, সরকারীভাবে যদি গরীব মানুষদের জন্য পশু খাদ্যর ব্যবস্থা করা হয়, সে ধরনের কোনো পরিকল্পনা আমাদের মাননীয় মন্ত্রী মহাশয়ের আছে কি?

শ্রী স্বপন দেবনাথ: আপনি আপনার যেখানে বললেন, সেখানে যদি আমাদের সরকারী ফার্মে ফিট প্ল্যান্টে যে উৎপাদন হয়, আপনি প্রস্তাব দিন, ওগুলো দেখবো বিকল্প কী খাবার দেওয়া যায়। কিন্তু গ্রামে জানেন খোল আরও ঘাস ইত্যাদি সেগুলো ব্যবহার হয়। আপনারা সবাই জানেন যে পঞ্চায়েতের থেকে অ্যাজোলা চাষকে উৎসাহিত করা হচ্ছে, যেটা প্রোটিন জাতীয় খাবার। একটা চৌবাচ্চার মধ্যে ৭ দিন অন্তর অন্তর অ্যাজোলা, আমি আপনাকে একটু পরামর্শ দিতে চাই যদি আপনার এলাকায় আপনি অ্যাজোলা চাষ বাড়ান, আমি যেকোনো ভাবে আপনাকে সহযোগিতা করবো, তাতে অন্য খাদ্যের প্রভাব, প্রোটিন জাতীয় খাবার কিন্তু পাবেন।

শ্রীমতী নার্গিস বেগম: স্যার, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনার দপ্তরের অধীনে পশ্চিমবঙ্গ প্রাণী সম্পদ উন্নয়ন নিগম ২০১১ সালের পর-থেকে কী কী উন্নয়ন করেছে?

শ্রী স্বপন দেবনাথ: স্যার, আমি লিখিত দিতে রাজী আছি। কিন্তু কিছু কিছু বলা দরকার। হরিণঘাটা মিট প্ল্যান্টের আধুনিকীকরণ ও ক্ষমতা বৃদ্ধি করা হয়েছে এবং মুরগির মাংসের দৈনিক উৎপাদন ক্ষমতা ১০০ শতাংশ বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে প্রতিদিন ১০ মেট্রিকটন। কলকাতার বেলগাছিয়াতে ৩০ মেট্রিকটন ক্ষমতাসম্পন্ন কোল্ড স্টোরেজ স্থাপন করা হয়েছে। ২০১০-২০১১ সালে হরিণঘাটা মিটের বিপণন কেন্দ্রের সংখ্যা ছিলো ৬, সেটা থেকে ২০১৮-২০১৯ এ তা বৃদ্ধি পেয়ে এসে দাঁড়িয়েছে ২৪৪ টি। সমগ্র পশ্চিমবঙ্গে হরিণঘাটা মিটের ভ্রাম্যমান বিক্রয় কেন্দ্রের মাধ্যমে মাংস এবং মাংসজাত দ্রব্য সুলভ মূল্যে পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে এবং ২০১০-২০১১ সালে এপিক যেটা আমাদের সরকারী ফিট ফিল্ড - এপিকের বিক্রয় কেন্দ্রে ডিলারের সংখ্যা ১৮৪ থেকে ২০১৮-২০১৯ এ তা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ২৭৫ টি এবং কল্যাণী ফিট প্ল্যান্ট আন্তর্জাতিক মানের আই.এস.ও.৯০০১ ও ২০১৫ উন্নতিকরণ সম্ভব হয়েছে। ২০১০-২০১১ সালে হরিণঘাটা মিটের বাৎসরিক উৎপাদন ছিলো ২৫.৩৮মেট্রিকটন থেকে ২০১৮-২০১৯ এ, তা ৫ হাজার ৯৭৩ শতাংশ বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ১৫৪১.৩০ যেখানে ২৫.৩৮ মেট্রিকটন ছিলো। । মমতাদির নির্দেশে কাজ করে তা বেড়েছে ১৫৪১.৩০ মেট্রিকটন এবং শুধু তাই নয় হরিণঘাটা মিটের বাৎসরিক আয় যেখানে ৪০.৬১ লাখ থেকে ২০১৮-২০১৯ এ, বৃদ্ধি পেয়ে তা হচ্ছে ৪ হাজার ২৯৯ শতাংশ, এটা বৃদ্ধি পেয়ে হয়ে দাঁড়িয়েছে ১৭কোটি ৮৪ এবং ২০১০-২০১১ সালে এপিক ফিল্ডের বাৎসরিক আয় ৪৩.২৭ কোটি থেকে ২০১৮-২০১৯ এ, তা বৃদ্ধি পেয়ে ৫১.৫৭ কোটিতে দাঁড়িয়েছে এবং আপনারা জানেন যে ক্রেতাদের কাছে স্বাস্থ্যকর মাংস পৌঁছে দেওয়ার লক্ষ্যে সমগ্র পশ্চিমবঙ্গে ৫০ টি হাইজিনিক চিকেন ড্রেসিং ইউনিট স্থাপন করা হয়েছে। উত্তরবঙ্গে নিজস্ব অফিস তৈরি হয়েছে। নদীয়া জেলার কল্যাণীতে ৫ হাজার ধারণ ক্ষমতাসম্পন্ন

হাঁসের বিডিং ফার্ম এবং ৩ লাখ ডিম উৎপাদন ক্ষমতাসম্পন্ন মুরগীর ফার্মের কাজ শেষ হয়েছে। জলপাইগুড়ি জেলার মোহিত নগরে প্রতি বছরে ১২ হাজার শূকর ছানা উৎপাদনক্ষম শূকরের ফার্ম স্থাপন করা হয়েছে।

জলপাইগুড়ি জেলিয়াখালিতে ৩০,০০০ ধারণ ক্ষমতা, আধুনিক ব্রয়লার ব্রিডিং ফার্ম স্থাপনের কাজ শেষের মুখে এবং মাংসের ক্রমাগত চাহিদা বৃদ্ধি মেটাতে শিলিগুড়ির ফাঁসি দেওয়াতে একটি আধুনিক সেমি অটোমেটিক চিকেন প্রসেসিং ইউনিট স্থাপন করা হয়েছে। মাংস সংরক্ষণ এবং বিপণনের জন্য রাজ্যের শিলিগুড়ি, বর্ধমান, মেদিনীপুর, কৃষ্ণনগরে দশ মেট্রিকটন ধারণ ক্ষমতাসম্পন্ন মোট চারটি কোলস্টোরেজ স্থাপন করা হয়েছে।

Starred Questions

(to which oral answers were given)

রাজ্যে সংশোধনাগারের সংখ্যা

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩) শ্রী জ্যোতির্ময় কর ঃ সংশোধন-প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সংশোধনাগারগুলিকে মানবিক করতে সরকার যত্নশীল;

(খ) সত্যি হলে, সরকার মানবিক করতে কী কী ব্যবস্থা নিয়েছে। নিচ্ছে;

(গ) বর্তমানে রাজ্যে কতগুলি সংশোধনাগার আছে; এবং

(ঘ) সংশোধনাগারগুলির আবাসিকের সংখ্যা কত?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : (ক) হ্যাঁ

(খ) (১) সমস্ত সংশোধনাগারগুলির পরিকাঠামো বৃদ্ধি ক্রমাগত হয়েছে এবং হচ্ছে যাতে আবাসিকদের সু-বাসস্থান প্রদান করা যায়।

(২) বিভিন্ন সংশোধনাগারে আবাসিকদের উন্নতমানের চিকিৎসার সুযোগ গ্রহণের ব্যবস্থা আছে।

(৩) প্রায় সমস্ত নিরক্ষক আবাসিকদের স্বাক্ষরতা কর্মসূচির আওতাভুক্ত করা হয়েছে এবং বিশেষ computer প্রশিক্ষণ দেওয়ার কর্মসূচি সাফল্যের সঙ্গে সারা বছর ধরেই রাজ্যের বিভিন্ন সংশোধনাগারে চালু আছে।

(৪) "আবাসিক কল্যাণ তহবিল বিধির" মাধ্যমে "আবাসিক কল্যাণ তহবিল" গঠন করা হয়েছে এবং এই তহবিল থেকে পাঠরত দুঃস্থ আবাসিকদের সন্তানদের বিশেষ আর্থিক অনুদান মঞ্জুর করা হয়।

৫) সংশোধন পরিষেবা সঠিকভাবে প্রদানের লক্ষ্যে কর্মী আবাসিক সহ Welfare officer দের প্রশিক্ষণ দেওয়া হয়।

৬) বিভিন্ন সংশোধনাগারে বছরের বিভিন্ন সময় আবাসিকদের ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৭) উন্নতমানের বিভিন্ন প্রশিক্ষণ আবাসিকদের আর্থিকভাবে স্বাবলম্বী করার উদ্দেশ্যে দেওয়া হয়।

৮) এছাড়া আবাসিকদের মধ্যে যারা অঙ্কন, ভাস্কর্য, কারুশিল্প, সূচীশিল্প ইত্যাদিতে উৎসাহী তাদের বিভিন্ন প্রকার প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা নেওয়া হয়েছে।

(গ) রাজ্যে মোট ৬০ টি সংশোধনাগার আছে।

(ঘ) বর্তমানে ১লা আগষ্ট, ২০১৯ এর সাপেক্ষে সংশোধনাগারগুলির আবাসিক সংখ্যা ২৪, ৭৮২ জন।

শ্রী জ্যোর্তিময় কর : মাননীয় স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী যতগুলো মানবিক দৃষ্টিভঙ্গির কথা বলেছেন তার মধ্যে শিক্ষাও আছে - আমার নির্দিষ্ট প্রশ্ন মাধ্যমিক বা হায়ার সেকেন্ডারি বা কলেজ স্তরে কতজন আবাসিক পরীক্ষা দিয়েছে - আমরা মাঝে মাঝে দেখি তো পরীক্ষা দিয়ে সাফল্য, সেই সাফল্যটা কি রকম - কতজন শিক্ষার্থী আজকে এইট পাচ্ছে যদি দয়া করে জানান ?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় স্পীকার স্যার, যাঁরা শিক্ষার্থী, যাঁরা শিক্ষা গ্রহণ করে এবং যাঁদের বয়স আছে তারা পরীক্ষা দিতে পারবেন, যে বয়স অনুযায়ী বিভিন্ন স্কুলে XI, XI-এ হয়। এই ধরনের যারা পড়াশোনা করতে করতে আন্ডার ট্রায়ালে থাকে বা কেসের জন্য ভিতরে থাকে, প্রতি বছরই একটি-দুটি মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকের সময় তারা পরীক্ষা দেওয়ার সুযোগ পায় এবং তাদেরকে সেই সুযোগ দেওয়া হয়।

[11:30 – 11:40 a.m.]

এবং তাদের সুযোগ দেওয়া হয়। তাদের জন্য বিশেষ ভাবে এই সেন্টারে কিংবা আলাদা করে সেন্টার করে আমাদের বোর্ড, হাই সেকেণ্ডারি বোর্ড, সেকেণ্ডারি বোর্ড আলাদা করে পরীক্ষার ব্যবস্থা করে। সেখানেই পরীক্ষার্থীরা পরীক্ষা দেয়। সেই হিসাবে এই শিক্ষা ব্যবস্থার সঙ্গে যুক্ত একটি সংগঠন এন.জি.ও স্বাক্ষরতা কর্মসূচীর সঙ্গে সঙ্গে এই ব্যাপারটা তারা বিশেষভাবে লক্ষ্য করে। প্রজেক্ট 'সন্দীপন' আবাসিকদের জন্য এবং নেতাজী সুভাষ চন্দ্র মুক্ত বিশ্ববিদ্যালয় সংশোধনাগারের জন্য আলাদা ভাবে প্রস্তাব নিয়ে এসেছেন। আরও বয়স্করা যদি শিক্ষা নিতে চায়, তবে সেই সুযোগটা তাদেরকে দেবে। এখানে বিভিন্ন আবাসিক যারা থাকে, মাঝেমাঝেই তাদের বিভিন্ন চিন্তার উদ্বেগ হয়। এই চিন্তা থেকে মুক্তি পাওয়ার জন্য শিক্ষা বা অন্যান্য সাংস্কৃতিক শিক্ষা দেওয়া হয় এবং ট্রেনিং, বৃত্তিমূলক শিক্ষা দেওয়া হয়, সেটা আমরা দেখেছি। এর ফলে তাদের মানসিকতার অনেক পরিবর্তন আসে এবং খেলাধূলার মাধ্যমেও তাদের মানসিকতার অনেক পরিবর্তন আসে। এই আবাসিকদের মানসিকতার আরও বেশি

পরিবর্তন সম্ভব হয়েছে, আবাসিকদের থাকবার যে জায়গাগুলো আছে, একটি জায়গায় তাদের জন্য টি.ভি -র ব্যবস্থা করেছিলাম, কিন্তু এমনভাবে তাদের নিজেদের মধ্যে মতবিরোধ লেগে গেল, বুঝতেই পারছেন যে নিজের ঘরে বসেই নিজেদের পরিবারের মধ্যে টি.ভি দেখার জন্য বা সিরিয়াল দেখার জন্য মতবিরোধ হয়, আমরা যখন একটা টি.ভি দিয়ে পারিনি, তখন আমরা আর একটা টি.ভি দেওয়ার ব্যবস্থা করেছি। দুটো সাইডে দুটো টি.ভি দেওয়ার ব্যবস্থা করেছি। তাহলে বুঝতেই পারছেন আমাদের পশ্চিম বাংলায় এখন সংশোধনাগারের মধ্যে সম্পূর্ণ পরিবর্তনের রূপ তৈরি হয়েছে।

শ্রী জ্যোতির্ময় কর : এই যে আপনি বৃত্তিমূলক প্রশিক্ষণ বা স্কীল ডেভেলপমেন্টের কথা বললেন, ওটা কি কাজে লাগে, কি কাজে লাগান ?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : টেকনিক্যাল এডুকেশানের মাধ্যমে বিশেষত ইলেকট্রিশিয়ান- ট্রেইন্ড ইলেকট্রিশিয়ানদের দিয়ে আমরা যে ট্রেনিংটা করিয়েছি, তার ফলে প্রত্যেকটি সংশোধনাগারে যে ইলেকট্রিক বিষয়গুলো আছে, বহু জায়গার আবাসিকরা এই টেকনিক্যাল বিষয়টা নিজেরাই দেখাশোনা করতে পারে। যখনই আমাদের কোন রকম ইলেকট্রিক বিষয় নিয়ে অসুবিধা হয়, তখন আবাসিকরা নিজেরাই এই সমস্যার সমাধান করে। এছাড়াও বস্ত্র দপ্তরের বা হ্যান্ডলুম বিভিন্ন জায়গায় যারা তাঁতের শাড়ি তৈরি করে, আমাদের বস্ত্র দপ্তরের মন্ত্রী শ্রী স্বপন দেবনাথ মহাশয়কে নিয়ে ইতিমধ্যে দুটি জায়গায় তাঁতের ট্রেনিং সেন্টার তৈরি করা হয়েছে। সেখানে প্রায় ৪০ টি তাঁত দেওয়া হয়েছে, তারা শাড়ি তৈরি করে। এই বছরের পুজোয় সেখান থেকে, বস্ত্র দপ্তর থেকে, তন্তুজ থেকে শাড়ি কিনে নিয়ে গেছি, তাদেরকে আলাদা করে পয়সা দেওয়া হয়েছে। যারা ট্রেনিং নিয়ে শাড়ি তৈরি করে, তারা তাদের পরিবারকে অর্থ দিয়ে সাহায্য করে এবং এর পরিমাণটা বাড়াতে আমরা সাহায্য করি। বিভিন্ন দপ্তরের মাধ্যমে আমরা এই রকম ব্যবস্থা করি। এক দিকে আমাদের যেমন সংশোধনাগার প্রশাসনের লাভ হয়, তার সঙ্গে সঙ্গে আবাসিকদের পরিবারের জন্য সহযোগিতা এবং সাহায্যের ক্ষেত্রে একটু সুবিধা আমরা গ্রহণ করতে পারি।

Shri Rafiqul Islam Mandol: মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার একটি প্রশ্ন যে, সংশোধনাগারে যে সকল আবাসিকরা থাকে তারা বেরিয়ে আসার পর তারা বলে, অনেক সময় তাদের খাবারদাবারের অসুবিধা হয়েছে। এ বিষয়ে মাননীয় মন্ত্রীর কাছে আমি জিজ্ঞাসা করতে চাই যে, আবাসিকদের দৈনিক কত টাকা করে খাবারের জন্য বরাদ্দ আছে এবং সেই টাকা সঠিকভাবে ব্যয় হয় কিনা, দয়া করে একটু জানাবেন।

Shri Ujjal Biswas: স্পীকার স্যার, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই - আমি জানি না, উনি কোথা থেকে শুনলেন, কেউ কেউ বলে - আমরা ইতিমধ্যেই পশ্চিমবঙ্গের সব থেকে বেশি খাদ্যের ব্যাপারে আজকে আবাসিকদের ওপর সব থেকে বেশি নজর দেওয়ার হয় তাহলে আমাদের এই রাজ্য সরকার সব থেকে বেশি নজর দেয় এবং আমরা জানি, আপনারা

দেখেছেন আমাদের এই আবাসিকরা এবং তাদের জন্য যারা যারা আন্ডার ট্রায়াল আছে অর্থাৎ, কেসের সঙ্গে যারা আছে তারা বিভিন্ন জায়গায় কেসের সঙ্গে সঙ্গে সেই দিনকে হয়তো তাদের সাথে আপনি কথা বলতে পারেন যদি আপনার সাথে কোন জানাশুনা থাকে। কিন্তু যারা অনেক বছর ধরে আছে যাবৎ জীবন কারাপ্রাপ্ত বা অন্যান্য আবাসিক যারা আছে তারা জানে, আমাদের ইতিমধ্যেই সংশোধনাগারের প্রশাসন তাদের জন্য যেখান থেকে খাবারের ব্যবস্থা করেছে সেটা একেবারে সম্পূর্ণ থ্রি-স্টার হোটেলের মত। আমাদের যে সমস্ত আবাসিক সংশোধনাগার করা হয়েছে সেখানে সেই ব্যবস্থা তৈরি করা হয়েছে। তার মধ্যে আমাদের সেন্ট্রাল জেলগুলিতে বিশেষভাবে ব্যবস্থা করা হয়েছে। আপনারা জানেন যে, আমরা ইতিমধ্যেই বারুইপুরে যে সেন্ট্রাল জেলটি তৈরি করেছি সেখানে যে রান্না হয় সেটা সম্পূর্ণ আধুনিকভাবে যেমন বড় বড় হোটেলে যেরকমভাবে হয় অর্থাৎ, ভাত-রুটি থেকে শুরু করে অন্যান্য যে সমস্ত সামগ্রী তৈরি হয় সেই একই ধরনের পদ্ধতিতে তৈরি হয়। তাদের বসার জন্য আলাদা জায়গা আছে। আপনি যেটা খাবার নিয়ে বলেছেন সে ব্যাপারে বলি যে, সপ্তাহে চারদিন করে ডিম-মাছ-মাংসের মেনু ভাগ করা থাকে। আপনারা নিশ্চিত থাকুন যে, খাদ্যের ব্যাপারে সংশোধনাগারে আমাদের মা-মাটি-মানুষের সরকারের সময় থেকে এক বিশাল পরিবর্তন হয়েছে। আজকে সংশোধনাগার মানে খাদ্য-শিক্ষা-স্বাস্থ্য - সব দিক থেকে একজন আবাসিককে সুন্দর, সুস্থভাবে গড়ে তোলা জন্য আমরা আমাদের দায়িত্ব পালন করি।

Shri Biswajit Kundu : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়কে একটি প্রশ্ন করছি যে, সশ্রম কারাদণ্ড বলতে জেলখানায় আবাসিকদের কি কাজ করানো হয়? এ বিষয়টি আমাদরে জানা নেই, যদি জানান তাহলে উপকৃত হব।

Shri Ujjal Biswas : স্পীকার স্যার, সশ্রম বলতে আমি বিধায়ক মহাশয়কে জানাই, সশ্রম কারাদণ্ডে যে কাজগুলো আমরা মনে করি তাতে ঘরে বসে বসে কিছু পরিশ্রমের মাধ্যমে কিছু পয়সা দেওয়ার বিষয়টি নির্ধারণ করা হয়। তা ছাড়া তাদেরকে সবরকমভাবে সহযোগিতা করার জন্য আমরা ব্যবস্থা করি। সশ্রমে আগে যে অর্থ দেওয়া হ'ত তার পরিমাণ ছিল ত্রিশ টাকা। সশ্রম কারাদণ্ডের যে আবাসিক তার জন্য আমাদের মা-মাটি-মানুষের সরকার মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে আসার পর সেটা পরিবর্তন করে। আবাসিকদের জন্য একশো টাকা করে মজুরি দেওয়ার নিয়ম তৈরি করা হয়েছে। আমাদের বিভিন্ন জায়গায় অনেক জমি আছে সেখানে আমরা চেষ্টা করি যে, সশ্রম কারাদণ্ডে তাদের দিয়ে যাতে চাষাবাদটা করানো যায়। আমাদের আবাসিকদের যে জায়গা আছে সেখানে তারা খাবারের জন্য সবজি থেকে শুরু করে সবকিছু উৎপাদন করে। সেখানে শীতকালে এত কফি চাষ হয় যে, দু'টি বড় গোডাউনে রেখেও, তাদের সারা মাস খাইয়েও আমরা বিভিন্ন জায়গায় বিভিন্ন সংশোধনাগারে তাদের জন্য পাঠাতে সক্ষম হই।

আরও জানিয়ে রাখি, মুড়ি তৈরি করার জন্য মেশিন দেওয়া হয়েছে। তারা মুড়ি তৈরি করে এবং তার জন্য মজুরি দেওয়া হয় এবং বিক্রি করে এক্সট্রা যে লাভ হয় তার জন্য তাদের আলাদা পয়সা দেওয়া হয়। ।

[11:40 – 11:50 a.m.]

জেলবন্দির সংখ্যা

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৬) শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ সংশোধন-প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে মোট জেলবন্দির সংখ্যা কত; এবং

(খ) তন্মধ্যে, বিচারাধীন বন্দির সংখ্যা কত?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় স্পীকার স্যার, মাননীয় বিধায়ক শ্রী বিশ্বনাথ চৌধুরী মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই—

(ক) বর্তমানে ১লা আগস্ট, ২০১৯-এর সাপেক্ষে রাজ্যে মোট জেল বন্দির সংখ্যা ২৪, ৭৮২ জন।

(খ) তন্মধ্যে, ১লা আগস্ট, ২০১৯-এর সাপেক্ষে বিচারাধীন বন্দির সংখ্যা ১৮, ৮৬৮ জন।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এর মধ্যে মহিলা বন্দির সংখ্যা কত?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় স্পীকার স্যার, আমাদের পশ্চিম বাংলায় ১-লা আগস্ট ২০১৯ পর্যন্ত মহিলা বন্দির সংখ্যা ১, ৬২৫ জন।

শ্রীবিশ্বনাথ চৌধুরী : ফাঁসির আসামি কতজন জেলে বন্দি আছেন ?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : এখন পর্যন্ত ২৭ জন সাজাপ্রাপ্ত ফাঁসির আসামি আছেন।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : এই যারা বিচারাধীন বন্দি আছেন, এত বিচারাধীন বন্দি আছেন, সেই কেসগুলো ফয়সালা করবার জন্য আপনার দপ্তরের পক্ষ থেকে কী ধরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে?

মিস্টার স্পীকার : এটা জুডিশিয়াল ডিপার্টমেন্টের কোশ্চেন। উনি শুধু জেলের বন্দিদের সম্বন্ধে খবরা-খবর রাখেন। মামলা-মোকদ্দমা নিষ্পত্তি করা জুডিশিয়াল ডিপার্টমেন্টের আওতায় পড়ে।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় স্পীকার স্যার, সংবিধান একটিমাত্র দায়িত্ব দিয়েছে সরকারকে, আমাদের এই দপ্তর তাদেরকে নিয়ে এসে সুস্থ ভাবে, তাদের খাইয়ে-দাইয়ে এবং আইন বিভাগ যদি তাদের ছেড়ে দেয় তাহলে আমরা তাদের বাড়িতে পৌঁছে দিতে পারি।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : সেটা আমি জানি। আপনি পার হেড কত করে খাবার দেন?

মিস্টার স্পীকার : উনি এর উত্তর দিয়েছেন। ইতিমধ্যে এই প্রশ্ন করা হয়েছে। একটু আগে একজন মাননীয় সদস্য এই প্রশ্ন করেছিল তার উত্তর দেওয়া হয়েছে।

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই। উনি একটা হিসাব দিলেন, ২৪ হাজারের বেশি মোট বন্দি, ১৮ হাজারের কিছু বেশি বিচারাধীন বন্দি এবং মহিলা বন্দির কথাও বলেছেন। আমি শুধু বলছি যেটা এর আগের বারও বলেছিলাম, এই বন্দিদের বিচার-টিচার কিছুই হচ্ছে না। কিন্তু বন্দি হয়েই আছে। এই রকম কোন বন্দি আছে কী আপনার নলেজে ? যদি থাকে তার সংখ্যা কত ? যদি না থাকে তাহলে বলুন নেই।

মিস্টার স্পীকার : এটাও ওনার দপ্তরের প্রশ্ন নয়।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : আমি মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি- আপনি যেটা দেখালেন আমি তো জানিয়েছি দুজন বিধায়ক আজকে প্রশ্নটা করলেন- মোট ২৪, ৮৬৮ জন বন্দি আছে সব মিলিয়ে মহিলা, শিশু, পুরুষ, আবাসিকদের মধ্যে কেউ দণ্ডাজ্ঞাপ্রাপ্ত, মৃত্যু দণ্ডাজ্ঞাপ্রাপ্ত এবং আন্ডার ট্রায়াল সব কিছু মিলিয়ে। তারই মধ্যে আপনি টোটাল জেনে রাখুন এর মধ্যে আপনি যেটা চাইছেন অথাৎ এদেরকে আপনি কোনভাবে- আমরা জোর করে রাখবো - না। এটা বিচার ব্যবস্থায় মাননীয় বিচারক আন্ডার ট্রায়াল প্রিজনারদের যখন যখন কল ফর করবে তখন তখন আমরা তাদের পৌঁছে দেবো। আর এটাও জানিয়ে রাখি এর জন্য প্রতি মাসে এখন যে কমিটি হয়েছে তাতে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট হচ্ছেন চেয়ারম্যান।

শ্রীমতী ফিরোজা বেগম : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের আমার প্রশ্ন - মন্ত্রী মহাশয় এক্ষুনি বললেন যে বিচারাধীন বন্দিদেরকে থ্রি স্টার লেভেলের ট্রিটমেন্ট দেওয়া হয় খাওয়া দাওয়া। আমার শুধু নির্দিষ্ট প্রশ্ন একদিনে সকাল থেকে রাত্রি পর্যন্ত তাদেরকে কি কি খাবার দেওয়া হয় মন্ত্রী মহাশয় যদি একটু দয়া করে বলেন?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : আপনাদের জানিয়ে রাখি সকালবেলা ঘুম থেকে উঠে চা থেকে আরম্ভ করে বিস্কুট এবং মুড়ি এটা হচ্ছে প্রথম প্রাতঃকালীন বিচারাধীন বন্দি বা যে কোনো বন্দি সবাইকে দেওয়া হয়। বারোটার পরে তাদেরকে সমস্ত জায়গায় বিচারাধীন বন্দি বা সাজাপ্রাপ্ত বন্দি সবাইকে আলাদা করে ডাকা হয় এবং সেখানে বসার জায়গায় যেখানে যেখানে আছে, কেউ কেউ আবার থালায় করে নিয়ে যায় নিজের ঘরে। নিয়ে গিয়ে সেখানে এর আগে যেটা বলে দিয়েছি আপনাকে আমাদের খাওয়ার ব্যবস্থা কি কি আছে, সেখানে ভাত আছে, যারা রুটি খায় রুটি আছে। তার সঙ্গে শাক সবজি থেকে আরম্ভ করে ডাল, তার পরে ডিম, তার পরে মাছ যেদিন মাংস হয় সেদিন মাংস সবকিছু তাদেরকে দেওয়া হয়। এর পরে বিকেলবেলা একইভাবে ৫ টার সময় যখন ঘরে ঢোকে। তার আগে সমস্ত কিছু তারা নিজের ঘরে নিয়ে যায়। আবার অন্য জায়গায় যদি মনে করে খাওয়ার ব্যবস্থা করবো সেখানে খাওয়ার ব্যবস্থা করা আছে।

একশো দিনের কাজে পুকুর খনন

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২২৮) শ্রী দেবেশ মণ্ডল ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমান কেন্দ্রীয় সরকারের ঘোষণা অনুসারে ১০০ দিনের কাজে পুরানো ও নূতন পুকুর খনন করা যাবে না; এবং

(খ) সত্যি হলে, রাজ্যে "জল ধর জল ভর" প্রকল্পটি বাস্তবায়িত হবে কীরূপে?

শ্রী সুব্রত মুখার্জী : (ক) ১০০ দিনের কাজে নতুন পুকুর খননে কোন নিষেধাজ্ঞা নেই, বরং এই কাজটিকে অগ্রাধিকার দেওয়ার নির্দেশ দেওয়া আছে। পুকুর পুনঃখননের ক্ষেত্রে অবশ্য কেবলমাত্র সরকারি বা পঞ্চায়েতের বা কোন সরকারি বা সরকার পোষিত পুকুরে কাজের অনুমতি আছে। কোনও ব্যক্তিগত মালিকানার একক বা সমষ্টির পুকুরে পুনঃখননের কাজ এই প্রকল্পে এখন করা যায় না।

(খ) "জল ধরো জল ভরো" প্রকল্পে জলসম্পদ বৃদ্ধির জন্য বহুবিধ কাজের আশ্রয় নেওয়া যায়, যার সিংহভাগই একশ দিনের কাজের প্রকল্পের মাধ্যমে করা সম্ভব।

শ্রী দেবেশ মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন বর্তমানে কেন্দ্রীয় সরকার একশো দিনের কাজে বেশ কিছু পরিবর্তন এনেছেন যার ফলে কাজের ক্ষেত্র অনেক বন্ধ হয়ে গেছে। মাটির রাস্তা নির্মাণ করা যাবে না, ব্যক্তিগত পুকুর খনন করা যাবে না। তার ফলে একশো দিনের কাজে শ্রমিকদের মানে একশো দিনের কাজের যে গ্যারান্টি সেই নিশ্চয়তা একশো দিনের কর্মসংস্থানের যে সুযোগ ছিল সেই জায়গায় শ্রমিকরা একটা অনিশ্চিত ভাবনায় ভুগছে। এটা দূরীকরণে আমাদের মা-মাটি-মানুষের সরকার, মানবিক সরকার কী ভাবছে সে বিষয়ে যদি বলেন?

[11:50 a.m. – 12:00 Noon]

শ্রী সুব্রত মুখার্জী : যেমন দিল্লির অর্ডারে নতুন কাটতে যদি না পারি, আমরা সংস্কারের নাম করে রাজ্য সরকারের পক্ষ থেকে যথেষ্ট পরিমাণে পুকুর সংস্কার করছি এবং কাজও তারা পাচ্ছে। আপনারা শুনলে খুশি হবেন যে ২০১৮-১৯ আর্থিক বর্ষে মোট ৩৩ কোটি ৮৩ লক্ষ ২১ হাজার শ্রমদিবস আমরা তৈরি করেছিলাম। ২০১৯-২০ সালে এখনও পর্যন্ত ৫ কোটি ৭৩ লক্ষ ২৪ হাজার শ্রমদিবস সৃষ্টি হয়েছে। কাজেই কেন্দ্রীয় সরকার যদি নতুন পুকুর কাটার অনুমতি না দেয় বা কাটতে না দেয়, তাতে আমাদের কোন অসুবিধা হবে না শ্রম দিবস তৈরির ক্ষেত্রে।

মিঃ স্পীকার : এখন মাননীয়া মুখ্যমন্ত্রী সংযোজন করবেন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় বিধায়ক দেবেশবাবু একটি পজিটিভ কোশ্চেন জিজ্ঞাসা করেছেন। সেটা হচ্ছে একশো দিনের কাজে কেন্দ্রীয় সরকারের কিছু কিছু সার্কুলারের ফলে

কাজটা সংকুচিত হচ্ছে কিনা এবং কাজের পরিধিটা কমে যাচ্ছে কিনা, এটা আমি যদি বুঝে থাকি। এটা ফ্যাক্ট যে অনেকগুলো জায়গায় ওরা রেসট্রিকশান করেছে এবং রেসট্রিকশান করার ফলে কাজের জায়গাটা যে সংকুচিত হয়ে গেছে এবং কাজের সংখ্যা অনেক কমিয়ে দেওয়ার একটা প্রবণতা দেখা যাচ্ছে এবং একশো দিনের কাজে সময়মতো টাকা পাওয়া যায় না। একশো দিনের কাজে লোকেদের পেমেন্ট দিতে গেলে তিন মাস, ছয় মাস দেরী হয়ে যাচ্ছে। টাকাটা ইনটেনশনালি আটকে রেখে দেওয়া হচ্ছে। আমরা এটা নিয়ে বারবার পার্স্যু করছি। এই সব দেখেই আমাদের পশ্চিমবঙ্গ সরকার একটা কাজ করেছে, এটা আমরা গত এক-দু'বছর ধরেই করছি। আমরা একশো দিনের কাজটাকে, ওই ডিপার্টমেন্টটাকে পঞ্চায়েত থেকে একটা কনভার্জেন্স করেছি। কনভার্জেন্সের মধ্য দিয়ে পঞ্চায়েত ডিপার্টমেন্ট, ইরিগেশান ডিপার্টমেন্ট, ফরেস্ট ডিপার্টমেন্ট, ফিসারিজ ডিপার্টমেন্ট, 'জল ধরো জল ভরো' ডিপার্টমেন্ট, এনভায়রনমেন্ট ডিপার্টমেন্ট - সব আমরা একসাথে নিয়ে কাজটাকে এমনভাবে কনভার্জেন্স করেছি, যাতে ধরুন ইরিগেশানের কাজ হবে, কাজটা যাতে একশো দিনের লোকেরা করতে পারে। ধরুন একটা ফরেস্টের কাজ হবে, কাজটা যাতে একশো দিনের লোকেরা করতে পারে। 'জল ধরো জল ভরো'-র কাজে একশো দিনের লোকেরা করবে, আবার মাছটা ছাড়বার জন্য, ঐ জলেই যে মাছ ছাড়া যায়, ফিসারিজ ডিপার্টমেন্ট তার মাছ দেবে, যে লোকটা মাছ ছাড়ছে বা যে পুকুরে ছাড়ছে, তার একটা লাইভলিহুডও হয়ে যাবে। এই করতে করতে আমরা প্রায় সম্ভবত তিন লাখের কাছাকাছি এই আট বছরে জল ধরো জল ভরো করেছি এবং অন্যান্য কাজকর্মেও একশো দিনের কাজের লোকেদের ইনভল্ভ করা হচ্ছে। এমনকি আমরা একটা রিসেন্ট প্রপোজাল দিয়েছি, এটা আলোচনার স্তরে আছে, হয়তো নিশ্চয়ই হয়ে যাবে। যেহেতু আমরা রিভিউ মিটিংয়ে আলোচনা করেছি অলরেডি যারা ধরুন মিড ডে মিলে রান্নার কাজ করে, তারা দীর্ঘদিন ধরে দেড় হাজার টাকা মাইনে পায়, তাদের হয়তো তিন-চার ঘন্টা কাজ করতে হয়, আমি যেটা বলেছি ওদের গ্রুপের মধ্য দিয়ে, যেমন ধরুন সেল্ফ হেল্প গ্রুপ হয়তো চালায়, আমি যদি দুটো একশো দিনের কাজকে তাকে দিয়ে দিই, তাহলে ওই টাকাটা দিয়ে তারা ভাগ করল, তাদের টাকাটা একটু বেড়ে গেল। এটা অ্যাডমিনিস্ট্রেটিভি রিভিউ মিটিংয়ে আমরা করেছি। এটা প্ল্যানিং করলে ওদের আমি ট্রি প্ল্যান্টেশানের কাজে লাগাব। ওইখানেই কাজ করবে, রান্না করবে, রান্না করতে করতে দুটো গাছ পুঁতে দিল। তাতে তাদের মাইনেটাও বেড়ে গেল। এইভাবে যদি দেখা যায় তাহলে কিন্তু একশো দিনের কাজে - এমন এমন জায়গা আছে আমাদের গভর্নমেন্ট কিন্তু মনে রাখবেন একশো দিনের কাজে বাংলা নম্বর ওয়ান এবং এমপ্লয়মেন্ট তৈরি করতে নম্বর ওয়ান। গ্রামীণ সড়ক তৈরি করতে নম্বর ওয়ান, গ্রামীণ আবাসনে নম্বর ওয়ান এবং আমরা যেটা মনে করি যে আগামী দিন এই সংখ্যাটা - আরও যদি লোক কাজ করে করুক। তাতে যদি কাজ বাড়াতে হয়, জব কার্ড যাদের দেওয়া হয়েছে, আমি মনে করি আমরা প্রত্যেকটা অ্যাডমিনিস্ট্রেটিভ রিভিউ মিটিংয়ে বলছি যে সবাই জব কার্ড করতে পারে। এটা তার অধিকার, জব কার্ড করতে কাউকে বাধা দেওয়া যায় না। যদি ৯ কোটি লোকও মনে করে যে আমি জব কার্ড করব, সে জব কার্ড করতে পারে তার আইনের মধ্যে দিয়ে। কিন্তু যতটা সম্ভব জব

কার্ডের মধ্যে থেকে লোককে বাড়াতে, এটাও আমরা বলেছি এবং আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি টাকাটা টাইমলি দিতে কারণ যে লোকটা ডেইলি কাজ করে, তিন মাস বাদে টাকা পেলে তার কষ্ট হয়। এটা খুব স্বাভাবিক প্রবলেম। এটা নিয়ে অলরেডি আমরা আলোচনা করছি এবং বারবার আমাদের পঞ্চায়েত ডিপার্টমেন্ট যাচ্ছে এবং গিয়ে এটা আলোচনাও করছে।

শ্রী দেবেশ মন্ডল : ধন্যবাদ মাননীয়া মুখ্যমন্ত্রী মহাশয়াকে। আমার অতিরিক্ত দ্বিতীয় প্রশ্ন একশো দিনের কাজে আবেদনকারী আবেদন করে কাজ না পেলে তাদের ভাতা দেওয়ার যে সংস্থান আছে, এই ভাতা প্রাপক শ্রমিকের সংখ্যা কত ? এই রকম আবেদন করে কাজ না পাওয়া শ্রমিকের সংখ্যা কত ?

শ্রী সুব্রত মুখার্জী : সংখ্যাটার ব্যাপারে নোটিশ দেবেন। তবে ভাতা দেওয়ার যে নিয়ম সেটা আমি বলে দিচ্ছি। সেটা যদি কেউ না পায় তাহলে না পাওয়ার সংবাদটা ১৫ দিনের মধ্যে সমিতির সভাপতির কাছে তাকে আবেদন করতে হবে।

তা সত্ত্বেও যদি টাকা না পায়, তাহলে সেই টাকাটা আমাদের দপ্তর থেকে তাকে দিয়ে দেওয়া হবে।

শ্রীমতী সাবিনা ইয়াসমীন : ধন্যবাদ স্যার। স্যার, আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য যে ১০০ দিনের কাজ আমাদের পশ্চিমবঙ্গ সরকার সত্যি খুব ভাল করছে। কিন্তু আমাদের বিভিন্ন সমাজ থেকে একটা দাবি উঠে আসছে এবং তারা ডিম্যান্ড করছে যে কবর স্থান - যেহেতু population density এত বেড়ে গেছে, জমির দাম এত বেড়ে গেছে কবর স্থানের জন্য সমাজের লোক জায়গা কিনতে পারছে না। তারা দাবি করছে যে সেই কবর স্থানে ১০০ দিনের কাজের মাধ্যমে আমরা মাটিটা ফেলতে পারি। মানে পুরনো হাড় বেরিয়ে যাচ্ছে, সেটা তুলে দিয়ে আমরা যদি সেই মাটিটা ফেলতে পারি তাহলে সমাজের মানুষরা খুব উপকৃত হবে। ধন্যবাদ স্যার।

শ্রীমতী মমতা ব্যানার্জী : নিউ টাইপের একটা সাজেশন এসেছে। সাজেশনটা নিয়ে আমরা ডিপার্টমেন্টালি আলোচনা করে দেখতে পারি। এটা MAME Department - এ পড়বে। It is not Panchayat Department. ১০০ দিনের কাজ করলেও কবর স্থানটা Minority Department-এর মধ্যে পড়ে। আমরা যেমন burial ground তৈরি করছি। আমরা অনেক শ্মশান গ্রামের দিকে করে দিচ্ছি। আমরা আস্তে আস্তে সব করব। প্রায় ২ হাজার একর burial ground আমরা করেছি। এটা আইনত পারমিট করে আমরা নিশ্চয়ই ভেবে দেখব।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : স্যার, ধন্যবাদ। মাননীয়া মুখ্যমন্ত্রী আছেন একটু বাড়তি সুবিধে। ১০০ দিনের কাজকে ২০০ দিন করা এবং কেন্দ্রীয় সরকার ন্যূনতম মজুরি নিয়ে কার্যত যে ছেলেখেলা করছে। ১৭৮-৭৯ টাকা ন্যূনতম মজুরি ধার্য করছে। আমরা সকলেই এটা মানি যে এটা ছেলেখেলা। ৩৫০ টাকা ন্যূনতম মজুরি করা এই দুটো বিষয়কে কেন্দ্র করে রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে আমরা কোন দাবি জানাতে পারি কি না বা এই ব্যাপারে কিছু ভেবেছি কি না।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন আমরা যখন এখানে দায়িত্ব পেয়েছি তখন এটা ১২৫-৩০ টাকা ছিল। তারপর আস্তে আস্তে এটা বাড়ে, এটা আমাদের আমলে কিন্তু বাড়েনি। এই সরকারের আমলেই বাড়তে বাড়তে আজকে এই জায়গায় পৌঁছেছে। আমরা কিন্তু এতেও খুশি নই। আমরা চাই এটা আরও বাড়ুক। এটার সঙ্গে সংবিধান এবং কেন্দ্রীয় সরকার যুক্ত আছে। এই জন্যই আমরা মাটি কাটার পরিমাণটা অলরেডি কমিয়ে দিয়েছি। আমরা কেন্দ্রীয় সরকারকে বারে বারে দিচ্ছি বিশেষ করে মেয়েদের ক্ষেত্রে এই যে মজুরিটা আছে সেটা প্রয়োজনে আরও বাড়ানো হোক। তবে আমাদেরই অনুরোধে আজকে এই জায়গায় এসে দাঁড়িয়েছে।

শ্রী হিতেন বর্মন : ধন্যবাদ স্যার। মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন বহু গরিব মানুষ যাদের জব কার্ড ছিল প্রায় এক বছর ধরে এই সমস্যা দেখা যাচ্ছে, বিশেষ করে কোচবিহার জেলায় আমার বিধানসভাতে। তাঁরা কিছুই জানেন না, কিন্তু জব কার্ড ডিলিট হয়ে গেছে। প্রায় প্রত্যেকটা গ্রাম পঞ্চায়েতে পাঁচশো, হাজার জব কার্ড ডিলিট। এই ডিলিট জব কার্ড হওয়ার ফলে তাদেরকে কাজ দেওয়া সম্ভব হচ্ছে না। হয়তো কোনো কারণে ইটভাটায় কাজকর্ম করতে গেছে। বারে বারে বি.ডি.ও. বা ডি.এম-লেভেলে কথাবার্তা বলেও সমস্যার সমাধান হয়নি। এই ব্যাপারে যদি উদ্যোগ গ্রহণ করেন তাহলে গরিব মানুষগুলি আবার কাজ পায়।

শ্রী সুব্রত মুখার্জী : আমরা কাজ দিতে বাধ্য, এটা সংবিধানের অধিকার। যদি কেউ কাজ না পায় তাহলে তার বাড়ি গিয়ে আমাদের টাকা দিয়ে আসতে হবে। ডিলিট কখনও হবে না, কখনও হয়নি। সেই সংবাদও আমরা নিই। আপনারা কোন জায়গায় তলার লেভেলে এই রকম কেউ অন্যায় করেন সঙ্গে সঙ্গে বি.ডি.ও. অফিসে যোগাযোগ করুন। তাহলে দেখবেন একজনেরও ডিলিট হবে না।

[12:00 Noon – 12:10 p.m.]

শ্রী রামশংকর হালদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে বলি যে, সঠিক ভাবেই এন.আর.ই.জি.এ.-র কাজ কেন্দ্রীয় সরকার বিভিন্নভাবেই সংকুচিত যে করছেন সেটা মাননীয়া মুখ্যমন্ত্রীও বলেছেন এবং পঞ্চায়েত মন্ত্রীও বলেছেন। এখানে যে বলছেন নতুন পুকুর কাটা বন্ধ করে দিয়ে তা সংস্কার করবেন, এতে মনে হয় আরও বেশি দুর্নীতি হবে এই সংস্কার করার ক্ষেত্রে। আপনার কাছে আমার নির্দিষ্ট প্রশ্ন হচ্ছে যে, বর্তমান বছরে পঞ্চায়েতে প্লান্টেশানের জন্য যে স্কিম এন.আর.ই.জি.এ.-র মাধ্যমে রূপায়িত হবে - সেক্ষেত্রে এবছরে কী কেন্দ্রীয় সরকার প্লান্টেটেশান করবার কাজটা সার্কুলার করে বন্ধ করে দিয়েছে ?

শ্রী সুব্রত মুখার্জী : না, আমরা কোন জায়গায় বন্ধ করি নি। তবে এটা আইনের ফর্মে পঞ্চায়েত এবং বি.ডি.ও. অফিসকে বলেছি যে, তার ফর্মে নিয়ে এসে সেই জায়গাতে কাজ করতে দেওয়া। আমাদের মুখ্যমন্ত্রীর নির্দেশে সেই কাজ অনেক জায়গায় সিক্ যে টি গার্ডেন আছে, সেখানেও কাজ দেওয়া হয়েছে এবং যেগুলোর কাজ চলছে, সেখানেও কাজ দেওয়া হয়েছে।

ডঃ সুজন চক্রবর্তী : আমার বক্তব্য হচ্ছে যে, ১০০ দিনের কাজের আইন এবং বন্দোবস্তটা ইউ.পি.এ (ওয়ান) গর্ভর্ণমেন্টের সময়ে শুরু হয়েছে এটা সবাই জানেন। সর্বভারতীয় বিচারে হয়ত দাবিটা উঠছে যে, ১০০ দিন নয়, ২০০ দিনের কাজ চালু করা হোক, যেটা দিল্লিকে করতে হবে, রাজ্যকে নয় এবং মজুরীটাও ৩৫০ টাকা হতে হবে - এটা সর্বভারতীয় স্তরে দাবী। আমার প্রশ্ন হচ্ছে। যে, রাজ্য সরকার কী এই দাবীটা মানে এবং সেই দাবীটার জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে টেক আপ করার কোন ব্যবস্থা করার কথা রাজ্য সরকার ভেবেছেন কী ?

শ্রী সুব্রত মুখার্জী : এটা বাড়াবার জন্য রাজ্য সরকার ক্রমাগত দিল্লির সাথে কথা বলেছেন, চাপ দিয়েছেন এবং মুখ্যমন্ত্রী নিজেও কথা বলেছেন। খেপে - খেপে কথা বলার পর এই জায়গায় এসেছে। পরবর্তীকালে যে বাড়াবার কথা বলছেন, ওটা যদি সমস্ত দল মিলে কেন্দ্রে সংশোধন পরিবর্তন করে করেন তাহলে এর চেয়ে ভাল আর কিছু হতে পারে না।

ডঃ সুজন চক্রবর্তী : এর জন্য কি আমরা চিঠি দেব ? সরকারও কি চিঠি দেবেন এই ব্যাপারে ?

শ্রী সুব্রত মুখার্জী : সবাই চিঠি দিন। আমরা তো কনটিনিউয়াসলি চিঠি দিচ্ছি। তার সাথে সাথে আপনারাও দিন।

Starred Questions
(to which oral answer was laid on the 'Table')

কৃষকবন্ধু প্রকল্পে জমা পড়া আবেদনপত্রের সংখ্যা

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৭) শ্রী নর্মদা চন্দ্র রায় ঃ কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে "কৃষকবন্ধু" প্রকল্পে জমা পড়া আবেদনপত্রের সংখ্যা কত; এবং

(খ) তন্মধ্যে, কতজন কৃষকের নামে চেক ইস্যু করা হয়েছে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) ২০১৯ এর মার্চে নির্বাচনী তাদর্শ আচরণবিধি চালু হওয়ার পর থেকে ২০১৯ এর ২৭শে মে পর্যন্ত কৃষকবন্ধু প্রকল্পের নতুন আবেদন গ্রহণ করা যায় নি। ফলে ৩১ শে জুলাই ২০১৯ পর্যন্ত কৃষকবন্ধু প্রকল্পে জমা পড়া আবেদনের সংখ্যা ৩৭ লক্ষ ২৩ হাজার ৫৪৭।

(খ) গত ৩০ শে আগস্ট, ২০১৯ পর্যন্ত ৪০ লক্ষ ৩ হাজার ৩৭৬ জন কৃষকের আবেদন অন্তর্ভুক্ত করা হয়। এর মধ্যে ৩৪ লক্ষ ৪৭ হাজার ৭৯২ জনের চেক তৈরি হয়েছে।

Mr. Speaker : Question hour is over.

ADJOURNMENT MOTION

Mr. Speaker: Hon'ble Members, today I have received one Notice of Adjournment Motion jointly from Shri Abdul Mannan, Dr. Sujan Chakraborty, Shri Sk. Amjad Hossain, Shri Anisur Rahaman, Shri Manoj Chakraborty, Shri Asit Mitra and Shri Pradip Kumar Saha on the subject of outbreak of Dengue in the State.

The subject-matter of the Motion is not such that may call for the adjournment of the business of the House. Members may invite attention of the Minister concerned through Questions, Calling Attention, Mention, etc.

I, therefore, withhold my consent to it.

One Member of the Party may, however, read the text of the Motion as amended.

আমি এই ব্যাপারে আপনাকে একটা কথা বলি, আগামী শুক্রবার এই সংক্রান্ত ব্যাপারে অনেকগুলো প্রশ্ন জমা পড়েছে। সেইদিন মাননীয় মন্ত্রী এখানে থাকবেন। তখন ডেঙ্গু সংক্রান্ত প্রশ্নের সব উত্তর উনি দেবেন। আপনি টেক্সটা পড়ুন।

শ্রী আব্দুল মান্নান : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতবী রাখছে। বিষয়টি হ'ল -

সম্প্রতি ডেঙ্গুজ্বরের প্রকোপ কলকাতা সহ সারা রাজ্যে ছড়িয়ে পড়েছে এবং কয়েক হাজার মানুষ এই রোগে ইতিমধ্যেই আক্রান্ত হয়েছে এবং এর মধ্যে অনেক শিশু আছে।

সঠিক চিকিৎসার অভাবে বিভিন্ন সরকারী ও বেসরকারী হাসপাতালে অনেক রোগীর মৃত্যু হয়েছে।

ডেঙ্গু মশাবাহিত রোগ হওয়া সত্ত্বেও মশা প্রতিরোধের কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে না যার ফলে ইতিমধ্যেই কয়েকজন রোগীর মৃত্যু হয়েছে।

বিভিন্ন হাসপাতালে ডেঙ্গুতে আক্রান্ত রোগীদের রক্ত পরীক্ষা সহ অন্যান্য পরীক্ষার জন্য অতিরিক্ত অর্থ ব্যয় করতে হচ্ছে।

সেইহেতু, এই সভা রাজ্যে ডেঙ্গুজ্বরের বর্তমান পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করছে এবং এই পরিস্থিতি মোকাবিলায় রাজ্য সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা খুবই জরুরী।

......(pause)......

স্যার, আপনার স্মরণকালের মধ্যে বলুন একটাও মুলতবী প্রস্তাব আপনি অ্যালাউ করেছেন। কিনা ? আপনার টেনিওরে একটাও করেন নি।

.......(গোলমাল)......

(নয়েজ)

CALLING ATTENTION

Mr. Speaker: Today, I have received six (6) notices of Calling Attention on the following subjects, namely :

	Subject		Name
(i)	Urge for setting up of pipeline drinking water supply system in some villages in Ketugram Block-11	:	Shri Sekh Sahonawez
(ii)	Urge for completion of approach road to Dhakir Mookh Bridge in Kultali Assembly Constituency area	:	Shri Ram Sankar Halder
(iii)	Urge for infrastructural development of two Block Health Centres in Jamuria Assembly Constituency area	:	Smt. Jahanara Khan
(iv)	Urge for development of drainage system at Raghudebpur and Khalisuni in Uluberia Purba Assembly Constituency area	:	Shri Idris Ali
(v)	Problems faced by the farmers due to non- functioning of RLI pumps in Harishchandrapur Assembly Constituency area	:	Shri Mostaque Alam
(vi)	Urge for construction of permanent Jetties at Bhagirathi Eet Vatir Ghat and Natunchar Ghat in Krishnadebpur area in Kalna Block	:	Shri Biswajit Kundu

I have selected the notice of Shri Biswajit Kundu on the subject of urge for construction of permanent Jetties at Bhagirathi Eet Vatir Ghat and Natunchar Ghat in Krishnadebpur area in Kalna Block-II.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

(এই সময় কংগ্রেস এবং সি.পি.এম. পরিষদীয় দলের সদস্যরা ওয়াকআউট করে।)

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, যে প্রশ্নটি করেছেন বিশ্বজিৎ কুন্ডু সংশ্লিষ্ট মন্ত্রী আজকে বিধানসভায় নেই। আমি তাঁকে বলব এই বিধানসভা চলাকালীনএই প্রশ্নের উত্তর দেওয়ার জন্য। ।

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORT

Reports of the Examiner of Local Accounts on Urban Local Bodies, West Bengal for the years 2015-2016 and 2016-2017

Shri Firhad Hakim : Sir, I beg to lay the Reports of the Examiner of Local Accounts on Urban Local Bodies, West Bengal, for the years 2015-2016 and 2016 2017.

মেনশান

শ্রী মোস্তাক আলম : অ্যাবসেন্ট

শ্রী রুনু দত্ত : অ্যাবসেন্ট

শ্রীমতী জাহানারা খান : অ্যাবসেন্ট

শ্রী রামশঙ্কর হালদার : অ্যাবসেন্ট

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : অ্যাবসেন্ট

শ্রী অজিত রায় : অ্যাবসেন্ট

শ্রী মনোজ চক্রবর্তী : অ্যাবসেন্ট

শ্রী প্রদীপ কুমার সাহা : অ্যাবসেন্ট

শ্রী তন্ময় ভট্টাচার্য : স্যার, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি অবহিত যে নবান্নের অর্থদপ্তরসহ বিকাশ ভবনে সবচাইতে বেশি পরিমাণে। ডাটা এন্ট্রি অপারেটর ডি.ই.ও. এবং এস.এস.পি. বর্তমান সময়কালে আছে। এই ডি.ই.ও. এবং এস.এস.পি. রিক্রুট করবার দুটো পদ্ধতি আছে। একটা হচ্ছে রাজ্য সরকার সরাসরি রিক্রুট করে। আর একটা হচ্ছে থ্রু এজেন্সি রিক্রুট করে। যারা এজেন্সি দ্বারা রিক্রুটেড হচ্ছে। তারা ধারাবাহিকভাবে সাফারার হয়ে চলেছে। আই.এফ.এম.এস. থেকে তাদের স্যালারি হচ্ছে না।

রাজ্য সরকার দ্বারা হেল্থ স্কিমের সুবিধে তারা পাচ্ছে না। একই সঙ্গে রিক্রুটেড হচ্ছে দু'জন, একজন এজেন্সির দ্বারা এবং একজন রাজ্য সরকারের দ্বারা। এই এজেন্সির হাত থেকে মুক্তি দিয়ে এদেরকে বাকি সব ডি.ই.ও. দের মতো একই সুবিধার তলায় নিয়ে আসবার জন্য আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সেখ ইব্রাহিম আলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই আমার পাঁশকুড়া পূর্ব বিধানসভার অন্তর্গত যগিবেড় গ্রামে গত ২৭ আগস্ট রাখি সামন্ত দশম শ্রেণির একজন নাবালিকা গণধর্ষিতার শিকার হয়। তার অপমানে বিষ খেয়ে আত্মহত্যার চেষ্টা করে। চিকিৎসাধীন অবস্থায় গত ৩০ তারিখ পি.জি. হসপিটালে মারা যায়। দোষীরা ইতিমধ্যেই গ্রেফতার হয়েছে। দোষীদের শাস্তি এবং মেয়েটির পরিবারকে যাতে আর্থিক ক্ষতিপূরণের ব্যবস্থা করা হয় তার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি।

[12:10 – 12:20 p.m.]

শ্রী শেখ শাহনওয়াজ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় জনস্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি যে আমার কালনায় বহু পুরনো একটা জলপ্রকল্প আছে। সেই জলপ্রকল্পে বামফ্রন্টের আমলে নিম্ন মানের পাইপ সরবরাহ করার জন্য পাইপগুলো নষ্ট হয়ে গেছে যার জন্য ওই জলপ্রকল্প সরবরাহে অক্ষম। অনতিবিলম্বে ওটাকে রিপেয়ার করে পানীয় জল। সরবরাহ করার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী হিতেন বর্মণ : অনারেব্ল্ স্পীকার স্যার, আমার বিধানসভা এলাকায় একটি গুরুত্বপূর্ণ। রাস্তা, ওই রাস্তাটি জটামারি থেকে সরকারের হাট ভায়া পঞ্চানন স্মৃতি সংগ্রহশালা, এই রাস্তা প্রায় চার কিলোমিটার। দীর্ঘদিন যাবত ব্যাকওয়ার্ড ক্লাস ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট তারা রাস্তাটি করার জন্য প্ল্যান এস্টিমেট তৈরি করেন এবং সেই প্ল্যান এস্টিমেট অনুযায়ী প্রায় এক কোটি টাকা এই রাস্তার জন্য বরাদ্দ করার চেষ্টা করেন। কিন্তু ব্যাকওয়ার্ড ক্লাস ডিপার্টমেন্টের অর্থ না থাকায় পঞ্চায়েতের গ্রামোন্নয়ন দপ্তরে সেটা পাঠিয়েছেন। আমি পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে বাংলার গ্রাম সড়ক যোজনায় এই ব্যাকওয়ার্ড ক্লাস ডিপার্টমেন্ট থেকে পাঠানো এই রাস্তাটি অবিলম্বে সেখানে তৈরি করা হোক তাহলে পঞ্চানন সংগ্রহশালায় মানুষজন যাতায়াত করতে পারবে।

শ্রী শীতল সর্দার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ। করে বলতে চাই, স্যার, আমার সাঁকরাইলে চাঁপাতলা থেকে আরামপুর পর্যন্ত রাস্তার বেহাল অবস্থা। ওখানে তিনটি হাই স্কুল আছে। চারটি প্রাইমারি স্কুল আছে। এ ছাড়াও, এই রাস্তার বিভিন্ন জায়গায় যেতে গিয়ে প্রতিদিনই কিছু না কিছু অঘটন ঘটে যাচ্ছে। এই রাস্তা অত্যন্ত জরুরী রাস্তা। এই রাস্তাটা যাতে তাড়াতাড়ি করা হয় তার ব্যবস্থা করলে বাধিত হব। ।

শ্রী বিশ্বজিৎ কুন্ডু : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর কাছে জানাতে। চাই আমাদের কালনা এক নম্বর ব্লকে কৃষ্ণদেবপুর অঞ্চলে নতুনচর এবং ফলডাঙ্গা গ্রামে প্রায়

তিন কিলোমিটার কাঁচা রাস্তা রয়েছে। গঙ্গার ও পিঠে আমাদের একটা বুথ। এখানে স্কুলের, ছাত্র। ছাত্রীদের সবাইকে নৌকো পার হয়ে এপারে আসতে হয়। ওই কাঁচা রাস্তাটি তিন মাস অবরুদ্ধ থাকে। এই রাস্তাটি পাকা হয়ে গেলে ওই এলাকার সমস্ত ছাত্রছাত্রী এবং সমস্ত মানুষের উপকার হবে।

শ্রী অসীম মাঝি : স্যার আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ আমার বলাগড় বিধানসভার শ্রীপুর গ্রাম পঞ্চায়েত এলাকার রাসতলার কদমতলা হইতে সি.এস.সি ব্রীজ পর্যন্ত যে তিন কিলোমিটার রাস্তাটি আছে, ওই রাস্তাটি পি.ডব্লু.ডি, নতুনভাবে সংস্কার করলে খুব উপকৃত হব।

শ্রী পুলিনবিহারী রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ জনস্বাস্থ্য সংশ্লিষ্ট বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। একটা রাস্তা এন.এইচ.৩৪ বারাসাত ডাকবাংলো থেকে বাংলাদেশের বেনাপোল সীমান্ত পর্যন্ত বিস্তৃত। এই রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। জাতীয় প্রতিরক্ষার ক্ষেত্রে বাংলাদেশের সঙ্গে ব্যবসা বাণিজ্য প্রসারে শুধু নয়, রাস্তার পাশ দিয়ে যে ঘনবসতি আছে সেই অঞ্চলের অগণিত মানুষের প্রধান চলাচল, পণ্য পরিবহণ ও সীমান্ত থেকে কলকাতা তথা বারাসাত, ২৪পরগণা জেলার প্রধান কার্যালয়ের সঙ্গে যোগাযোগের ও যাতায়াতের সংযোগকারী একমাত্র প্রধান রাস্তা। প্রধানতঃ, বারাসাত, অশোকনগর, হাবড়া, গাইঘাটা, বনগাঁ দক্ষিণ, উত্তর এবং বাগদা সহ আটটা বিধানসভাকে যুক্ত করেছে এই গুরুত্বপূর্ণ রাস্তা। যারা এই রাস্তা নিয়মিত ব্যবহার করেন সেই ভুক্তভোগীরা জানেন যে দিন, দিন যেভাবে জনসংখ্যা বাড়ছে এবং সঙ্গে সঙ্গে যানবাহনের সংখ্যা যেভাবে বৃদ্ধি পাচ্ছে তাতে প্রতিদিন যাতায়াত করা শুধু দুর্বিষহই নয়, অনেক দুর্ঘটনার সম্মুখীন হতে হচ্ছে।

তাই এই রাস্তাটাকে ওয়াইডেন্ করার জন্য সরকারের থেকে যে অ্যাকশন নেওয়া হয়েছে, সেই অ্যাকশনটা যাতে তাড়াতাড়ি নেওয়া হয়, তার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আমার আবেদন, গ্রামের আদিবাসী মহিলাদের বাড়তি দু'পয়সা রোজগারের জন্য 'নারেগা' প্রকল্পের সাথে যৌথ উদ্যোগে আদিবাসী মহিলা পরিচালিত স্বনির্ভর গোষ্ঠীগুলির মধ্যে আধুনিক পদ্ধতিতে শূকর খামার এবং শূকর পালন ও উন্নতমানের শূকর-ছাগল বিতরণের পরিকল্পনা প্রাণী সম্পদ বিকাশ বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের বিবেচনায় আনার জন্য অনুরোধ করছি।

মিঃ স্পীকার : মাননীয় সদস্য শ্রী মোস্তাক আলম, আজকে আমি আপনারটা দিতে পারছি না। এটা মেনশনে হ'তে পারে না। This cannot come under the purview of Mention Cases.

শ্রী রুনু দত্ত : স্যার, আপনার মাধ্যমে বলছি, রানীগঞ্জে কারিগরী দপ্তরের নিজস্ব একটি অডিটোরিয়াম আছে যেটি একজন প্রবীন স্বাধীনতা সংগ্রামীর নামে। এই অডিটোরিয়ামটি খারাপ হয়ে গেছে, পড়ে যেতে পারে। এটিকে আমি রিপেয়ারের জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

শ্রীমতী জাহানারা খান : জামুরিয়া বিধানসভার চুরুলিয়া গ্রাম পঞ্চায়েতে বেঙ্গল এস্‌টা কোম্পানী বিগত দিনে কয়লা উত্তোলন করে রাজ্য সরকারের তাপবিদ্যুৎ কেন্দ্রে পাঠাতো। কিন্তু ২০১১ সাল থেকে ঐ কোম্পানি বন্ধ হয়ে যায়। বর্তমানে পি.ডি.সি.এল. কোনো কোম্পানিকে ঐ খনি থেকে কয়লা উত্তোলনের দায়িত্ব দেন। রাজ্য সরকার ঐ এলাকায় আরো জমি অধিগ্রহণ করেছে, কিন্তু ২০১১ সাল থেকে বন্ধ হয়ে যাওয়ার ফলে কয়লা মাফিয়ারা ঐ এলাকা থেকে ব্যাপক কয়লা উত্তোলন করে পাচার করছে। ফলে রাজ্য সরকার কয়লার রয়্যালটি থেকে বঞ্চিত হচ্ছে। আগে ওখানে হাজার তিন-চার মানুষ কাজে যুক্ত ছিল, বর্তমানে তারা বেকার। মাঝে ঐ খনিতে ব্যাপক আগুন লাগে। .... **(নির্দিষ্ট সময় শেষ হয়ে যাওয়ার কারণে এই সময় মাইক সংযোগ বিছিন্ন করে দেওয়া হয়।)**

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে গভীর উদ্বেগের সাথে একটি বিষয়ে বিভাগীয় মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় কিশোরী মোহনপুর মৌজার সামন্তর মাথানি - এই জায়গাতে নদীবাঁধে দেড়শো ফুটের মত ফাটল এবং ধ্বস নেমেছে দেড়শো ফুট। এটা একটা খারাপ অবস্থার মধ্যে আছে। সামনে ভরা কোটাল, এই ভরা কোটালে নাপতা গ্রাম পঞ্চায়েত প্রায় প্লাবিত হয়ে যাওয়ার মতো পরিস্থিতি। ইমিডিয়েট মরা কোটালের সময় ঐ জায়গাটাকে রিপেয়ার করবার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী রফিকুল ইসলাম : স্যার, একটা গুরুত্বপূর্ণ বিষয় যে, আমরা দেখছি। এম.এস.ডি.পি. দপ্তর থেকে বিভিন্ন জায়গায় কবরস্থানের যে বাউন্ডারি ওয়াল হচ্ছে, তাতে প্রচুর টাকা স্যাংশান হচ্ছে স্যার - ৩০, ৪০, ৫০ লাখ - অথচ সেখানে কোনো বোর্ড থাকছে না, টাকার পরিমাণ লেখা থাকছে না স্যার। আমাদের কাছে খবর আছে যে, একটা ব্যাপক পরিমাণের টাকা। তছনছ হচ্ছে। যেহেতু মাননীয়া মুখ্যমন্ত্রীর দপ্তর এটা, আমি তাই অনুরোধ করবো এই ব্যাপারটা যদি উনি দেখেন, তাহলে আমরা উপকৃত হবো।

শ্রী সুজিত চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে জানাতে চাই, শিক্ষামন্ত্রী বারে বারে বিধানসভার বাইরে এবং ভেতরে বলেন যে, প্যারা টিচাররা নাকি শুধুমাত্র বাম আমলেই নিয়োগ হয়েছিল। কিন্তু ২০১২ সালে পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম এবং পশ্চিম মেদিনীপুর - এই চার জেলায় প্রায় ১ হাজার ৮২ জন নিয়োগ হয়েছিল। তারা শুধুমাত্র অলচিকী, সান্তালি ভাষা জানা শিক্ষক। প্রথমে তাদের সঙ্গে তিন বছরের জন্য চুক্তি হয়। পরে মন্ত্রীসভায় পাস্ হয়ে তাদের ৬০ বছর বয়স পর্যন্ত থাকবার অধিকার এই সরকার দিয়েছে। তাদের ৫০% এইচ.এস.-এ নাম্বার ছিল এবং তারা ডি.এল.এল.-ও করেছে। বর্তমানে দেখা যাচ্ছে যে, তাদের এই সাঁওতালি ভাষায় শিক্ষা দেওয়ার জন্য প্যারা টিচারগুলি নিয়োগ হয়েছিল। কিন্তু এখন তাদেরকে সমস্ত ধরণের ক্লাস করতে হচ্ছে। .... **(নির্দিষ্ট সময় শেষ হয়ে যাওয়ার কারণে এই সময় মাইক সংযোগ বিছিন্ন করে দেওয়া হয়।)**

[12:20 – 12:30 p.m.]

শ্রী অজিত রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে রামপুর হতে পিয়ারাপাড়া যাতায়াতের রাস্তার মাঝে শালীনদীর উপর একটি ব্রীজ রয়েছে। উক্ত ব্রীজটি একেবারে ভগ্ন অবস্থায় রয়েছে, ফলে ব্রীজটি যে কোন মুহূর্তে ভেঙ্গে পড়তে পারে। এর ফলে ২৫, ৩০টি গ্রামের মানুষ আতংকে দিন কাটাচ্ছে। বিভাগীয় আধিকারীকদের সরেজমিনে তদন্ত সাপেক্ষে উক্ত ব্রীজটি যাতে সত্ত্বর মেরামত করা হয় তার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী মনোজ চক্রবর্তী : ধন্যবাদ স্যার, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় দারুন খরা চলছে। ধান চাষী, পাট চাষী তারা তাদের ফলন করাতে পারছে না এবং পাট জাগ দিতে পারছে না। সেই জন্য মুর্শিদাবাদ জেলাকে খরাপ্রবণ এলাকা হিসাবে ঘোষণা করার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি এবং আবেদন জানাচ্ছি।

শ্রী প্রদীপ কুমার সাহা: ধন্যবাদ স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। পূর্বস্থলী কলেজ ২০০৯ সালে যখন প্রতিষ্ঠিত হল সেই সময় শিক্ষকের অপ্রতুলতার কারণে কয়েক জন গেস্ট টিচারকে নিয়োগ করতে হয়। তার মধ্যে পাঁচ জন গেস্ট টিচার এই রিসেন্ট যে জি.বি.বডি আছে তাঁরা রিকুইজিট কোয়ালিফিকেশান থাকা সত্ত্বেও তাঁদেরকে তাড়িয়ে দেয়। এবং নতুন করে পাঁচ জনকে নিয়োগ করা হয়। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই ছেলেগুলো বেকার হয়ে যাচ্ছে, এদেরকে আবার নিয়োগ করা যায় কি না এই বিষয়টা উনি যাতে দেখেন।

শ্রী মোস্তাক আলম : স্যার, আপনার মাধ্যমে আমি আমার হরিশচন্দ্রপুর বিধানসভা কেন্দ্রে ৪২টি RLI স্কীম চালু ছিল ১৯৭৩-৭৪ সালে। আমি ৩০ তারিখে মাননীয় বিভাগীয় মন্ত্রী WRIDD ওনাকে জানিয়েছি, তবু আপনার মাধ্যমে স্যার বলছি গত আর্থিক বছরে ১৮টি চালু ছিল। ফাইন্যান্স ডিপার্টমেন্টের মন্ত্রীও এখানে ছিলেন। জানি না ওঁনার ছাড়পত্র না পাওয়ার জন্য এবারে কৃষকরা বহন করতে পারছে না। আপনার মাধ্যমে বলছি যাতে চাষীরা বহন করতে পারে তার জন্য অনুরোধ জানাচ্ছি।

জিরো আওয়ার

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভার সমস্ত বিধায়কদের জানাচ্ছি এই কারণে আমাদের সমাজে যারা সবচেয়ে অবহেলিত, যারা সবচেয়ে বঞ্চিত তাদের আজ দুর্দশার চরম কাহিনী আমি আপনাদের শোনাবো। আমি কালকে যখন বাড়ী থেকে আসছিলাম এই কলকাতার উদ্দেশ্যে তখন রাস্তায় দেখলাম তখনও অন্ধকার খানিকটা, রাস্তায় এক বৃদ্ধ, আমরা গ্রামে চাচা বলে তাকে ডাকি। সে আমার হাতদুটো ধরে আমাকে এক মর্মান্তিক কাহিনী শোনালো, সে কথায় পরে আসছি। স্যার, এই মুহূর্তে যদি আমরা রাজ্যের দিকে তাকাই তাহলে

এই রাজ্যে সব থেকে বেশী অর্থ দেয় কোন ফসলে ? তার নাম পাট। সব থেকে বড় অর্থকরী ফসল হলো পাট। সব থেকে বেশী এমপ্লয়মেন্ট দেয় যে, তার নামও পাট। লক্ষ লক্ষ চাষী আছে, লক্ষ লক্ষ ক্ষেতমজুর আছে, হাজার হাজার শ্রমিক আছে। এই লক্ষ লক্ষ মানুষদের জন্য আমাদের ইংরেজরা এই পাটের নাম দিয়েছিল গোল্ডেন ফাইবার, বা সোনালী তন্তু। আর এই আমাদের সরকার এই চাষ সংক্রান্ত কমিশনও বসিয়েছিল তার নাম এস.এল.সামিনাথন্ কমিশন। সেই কমিশন সুপারিশ করে যা বলেছিল সেগুলি আপনাদের জানা আছে। যা উৎপাদন খরচ হবে, তার অর্ধেক শুল্ক ধান দিতে হবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় তার একটাও হচ্ছে না এই রাজ্যে। এমনকি আমাদের যে প্রধানমন্ত্রী, আমাদের দেশ যখন ভাগ হয়ে গেল এদিকে পশ্চিম বাংলা, ওদিকে বাংলাদেশ, তখন প্রধানমন্ত্রী বলেছিল তোমরা যদি আমাদের এক কেজি করে পাট দাও আমরা তোমাদের তিন কেজি করে চাল দেব। কোন কথা কেউ রাখে নি। আজকের অবস্থা কি তাকিয়ে দেখুন। একটা পাটের দাম নেই, পাট ভর্তি জমি উপর শুকিয়ে যাচ্ছে, পচাবার জায়গা নাই, টাকা দিয়ে জমি পাচ্ছে না যেখানে পাট পচাবে। J.C.I. এর দিকে তাকিয়ে দেখুন, এত বড় সংস্থা, এত লোক আছে, তারা পাট কিনছে না। আমার তিনটি দাবী (১) সমস্ত ফসলে পাটের দাম এস.এল.সামিনাথন্ কমিশনের সুপারিশ মতো দিতে হবে। ......

(নির্দিষ্ট সময় অতিক্রান্ত হওয়ার কারণে এই সময় মাইক সংযাগ বিচ্ছিন্ন হয়ে যায়।)।

শ্রী রুণু দত্ত : স্যার, রাণীগঞ্জ ব্লক এলাকায় টিরাট গ্রাম পঞ্চায়েতে একটি সেতু আছে। সেতুটি অত্যাধিক পুরোনো এবং দুর্বল হয়ে যাচ্ছে। এই তিনটে পঞ্চায়েতের মানুষ এই সেতুর উপর দিয়ে রাণীগঞ্জ শহরে আসে। প্রায় হাজার দশেক লোককে পড়াশুনা করতে, চাকরির ক্ষেত্রে, নানা কাজে রাণীগঞ্জ শহরে আসতে হয়। সেতুটি এত দুর্বল যে বিশেষ করে বর্ষার সময় জল ওভার ফ্লো করে, সেতুটি বন্ধ থাকে এবং মানুষ যাতায়াত করতে পারে না দুই/তিন দিন, যতদিন জল থাকে। আমি মাননীয় মন্ত্রীর কাছে সেচ দপ্তরের জলসম্পদ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই এই জরাজীর্ণ ব্রিজটি অবিলম্বে সংস্কারের ব্যবস্থা করতে হবে যেহেতু রাণীগঞ্জ শহরের সঙ্গে যোগাযোগর এটি একটি মাধ্যম।

শ্রী মোস্তাক আলম : স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় - আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। জম্মু এবং কাশ্মীর - ৫ই আগস্ট কেন্দ্রীয় সরকার পার্লামেন্টে ঘোষণা করেছে এটা কেন্দ্রশাসিত অঞ্চল এবং ডিভাইডেড ইন টু পার্টস। মনে হচ্ছে। স্যার, এখানকার জীবন বিপন্ন। জনপ্রতিনিধি এবং সাংবাদিকদেরকে যেতে দেওয়া হচ্ছে না। ভিডিও-র মাধ্যমে আমরা কোন খবর আর্মিদের মাধ্যম থেকে যেটা পাচ্ছি মহিলাদের পা ধরে চেপে আনছে। এখানে পাশবিক অত্যাচার - আমি স্যার, একটা ঘটনা উল্লেখ করতে চাই। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের সময় ইন্দিরা গান্ধী প্রধানমন্ত্রী ছিলেন। ৯৩ হাজার সেনাকে গ্রেফতার করা হয়েছিল। বিনা রক্তপাতে বাংলাদেশ স্বাধীনতা পায়। কিন্তু জম্মু এবং কাশ্মীর আমাদের ভারতবর্ষের অংশ। তাহলে কেন সেখানকার নাগরিকদের উপর

পাশবিক অত্যাচার করা হবে? কোন আইনের বলে আজকে সেখানে নাগরিকরা, জনপ্রতিনিধিরা, রিপোর্টাররা যেতে পারবে, প্রাক্তন দুই মন্ত্রীকে গৃহবন্দী করে রাখা হবে? আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে অ্যাপিল করতে চাই এবং এই ঘটনার তীব্র প্রতিবাদ করতে চাই।

মিঃ স্পীকার : এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার।

শ্রী মোস্তাক আলম : সেখানে যাতে জনপ্রতিনিধি এবং রিপোর্টাররা যেতে পারে এবং দেশবাসী বাস্তব চিত্রটা জানতে পারে। They are the part of India.

শ্রী তন্ময় ভট্টাচার্য : স্যার, এই বছরটা জাতির পিতা গান্ধীজীর জন্মের সার্ধশতবর্ষ। গান্ধীজী এবং বিশিষ্ট স্বাধীনতা সংগ্রামীদের হাত ধরে এক সময় গড়ে উঠেছিল শতাব্দী প্রাচীন জাতীয় ঐতিহ্যবাহী অভয় আশ্রম। যা ভারত সরকারের অধিগৃহীত সংস্থা KVIC পরিচালনাধীন হয়ে গত প্রায় ১০ বছর ধরে বন্ধ। উল্লেখ্য poorest of the poor category-র মজুরী পাওয়ায় এখানকার শ্রমিক কর্মচারীদের কোন দাবী-দাওয়াজনিত আন্দোলন বা বিবাদের কারণে এই অভয় আশ্রম বন্ধ হয় নি। উত্তর ২৪ পরগণার বিরাটিতে হেড কোয়ার্টার করে বাঁকুড়া, বীরভূম, বর্ধমান, নদীয়া ইত্যাদিতে রাজ্য জুড়ে ছড়িয়ে থাকা ৩৪টা উৎপাদন কেন্দ্র এবং বিক্রয় ভাণ্ডার একে একে বন্ধ করে অভয় আশ্রমের বিস্তর জমি জায়গা বিক্রির ব্যবস্থাপনা হতে থাকায় শ্রমিক কর্মচারীরা অভয় আশ্রমকে রক্ষা করতে শিয়ালদহ কোর্টে মামলা করে এবং সুপ্রীম কোর্টে যায় ও জেতে। আমি একটা জিনিস আপনার জন্য মেনশন করছি স্যার, এই সংক্রান্ত একটি প্রশ্ন আমি M.L.A. হওয়ার পরে দিয়েছিলাম, ভুল করে দপ্তরে গিয়েছিল আপনি বলেছিলেন M.S.M.E. দপ্তরে যাবে, M.S.M.E জবাব দেবে। রাজ্য সরকারের পক্ষে থেকে একটি বিজ্ঞাপন দেওয়া হয়েছিল অভয় আশ্রম অধিগ্রহণ করা। হয়েছে। তারও fate কি হল আমরা জানি না। গান্ধীজীর একটা স্মৃতি জড়িত, গান্ধীজীর হাতে তৈরি, গান্ধীজীর জন্ম শতবর্ষে এর চাইতে বড় উপহার হবে না স্যার। রাজ্য সরকার একটু দেখুক।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় বিধায়ক যে কথাটি উত্থাপন করলেন, রাজ্য সরকার বহুদিন আগে থেকেই এ বিষয় সদর্থক পদক্ষেপ নিয়েছে। স্যার, খাদি কমিশন যেটা কেন্দ্রীয় সরকারের অধীনে এই সমস্ত যারা কর্মচারী এবং কন্ট্রোলটা ছিল খাদি কমিশনের তারা খাদি বোর্ডের কাছে সমস্তটা দেওয়ার পরেও টালবাহানা করছিল। ইতিমধ্যেই অনেকটা এগিয়ে গেছে। আমি কয়েক দিন আগেই খাদি বোর্ডের C.E.O.-র সাথে কথা বলেছি। এখানে গৌরিশঙ্কর দত্ত রয়েছেন মাননীয় বিধায়ক, তিনি একটা সদর্থক ভূমিকা নিয়েছেন স্যার। এই বিষয় রাজ্য সরকারই করেছে রাজ্য সরকারই করবে। সার্ধশতবর্ষ হিসাবে কাউকে মনে করিয়ে দিতে হবে না।

[12:30 – 1:30 p.m. (Including Recess)]

শ্রী শ্যামল মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে সম্মানীয়া মুখ্যমন্ত্রী তথা আমাদের পশ্চিম বাংলার জননেত্রী, বাংলার মুখ্যমন্ত্রী এবং ভারতবর্ষের শ্রেষ্ঠ মুখ্যমন্ত্রী তাঁর

দৃষ্টি আকর্ষণ করছি। যুগান্তকারী একটা সাফল্য স্বাস্থ্যক্ষেত্রে বিশেষ করে সরকারী হাসপাতালে বিনামূল্যে চিকিৎসা, ন্যায্যমূল্যের ওষুধের দোকানের সঙ্গে সঙ্গে আমাদের যে স্বাস্থ্যসাথী প্রকল্প 'স্বাস্থ্যবীমা' প্রকল্প আমরা যেটা গ্রহণ করলাম - ২০১৯ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত প্রায় ৫১ লক্ষ পরিবার প্রায় ২.৫ কোটির উপরে মানুষ স্বাস্থ্যসাথী প্রকল্পের আওতাভুক্ত হল। প্রতি পরিবার ৫ লক্ষ টাকা বিনা খরচায় চিকিৎসা পাবে। একথা স্যার ওরা বলতে পারবে না, - ওরা পারবে কি, বিগত লোকসভা ভোটে বি. জে. পি. কে অক্সিজেন দিয়েছিল - ওই যাঁরা আছেন এখানে বামফ্রন্ট আর কংগ্রেস এঁদের কাজই হচ্ছে বিধানসভা ভবনে বিশৃঙ্খলা করা। ...(নয়েজ)... আমি স্যার আপনার কাছে বলতে চাই যে, একটা নির্দিষ্ট স্তরের মানুষরা বিশেষ করে সিভিক এবং সিভিল ভলেন্টিয়ার্স বা পুরসভার নির্বাচিত প্রতিনিধি, পঞ্চায়েত, I.C.D.S. বা বিভিন্ন স্তরের সবটা আমি বলছি না। নির্দিষ্ট স্তরের কর্মচারীরা, কর্মীরা তারা এই প্রকল্পের আওতাভুক্ত হয়েছে। আপনার মাধ্যমে স্যার, আমার মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমার বিশেষ অনুরোধ এই প্রকল্পগুলো বামফ্রন্ট জীবনে করেনি। স্বপ্ন দেখিয়েছেন আমাদের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। তার মধ্যে স্যার কিছু সংখ্যক গরীব মানুষ বাংলার বিভিন্ন প্রান্তের এই স্বাস্থ্যসাথী প্রকল্পে তাদের নামটা এখনও নথিভুক্ত হয়নি। তারা প্রায় ২০-২৫ শতাংশ হবে। তাদের যাতে নির্দিষ্ট উপায়ে নামগুলো নথিভুক্ত হয়। তার জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি। নমস্কার। ধন্যবাদ।

(At this stage the House was adjourned for recess till 1.30 p.m.)

[1:30 – 1:40 p.m. (After Recess)]

Legislation

The Swami Vivekananda University Bill, 2019

Dr. Partha Chatterjee : Sir, I beg to introduce The Swami Vivekananda University Bill, 2019.

.... (Secretary then read the Title of the Bill).............

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that The Swami Vivekananda University Bill, 2019 be taken into consideration.

Mr. Speaker : There is one amendment to the motion given by Shri Asit Mitra. I now request Shri Asit Mitra to move his amendment.

Shri Asit Mitra : Sir, I beg to move that the Swami Vivekananda University Bill, 2019 be referred to a Select Committee of the House consisting of the following Members:

1. Dr. Partha Chatterjee, M.I.C., Department of Higher Education, Govt. of West Bengal - Chairman
2. Smt. Chandrima Bhattacharya;
3. Shri Subrata Mukherjee;
4. Shri Moloy Ghatak;
5. Shri Bratya Basu;
6. Shri Jyotirmoy Kar;
7. Dr. Sudipta Roy;
8. Shri Abdul Mannan;
9. Shri Manoj Chakraborty;
10. Shri Nepal Mahata;
11. Shri Asit Mitra;
12. Dr. Sujan Chakraborty;
13. Shri Mainul Haque;
14. Shri Manash Mukherjee;
15. Shri Tanmoy Bhattacharya;
16. Shri Ashok Dinda;
17. Shri Ashok Kumar Deb; and
18. Shri Brajamohan Majumder.

With the instruction to submit its Report by the 30th November, 2019 and that the quorum of the Select Committee be fixed at 6.

শ্রী নেপাল মাহাতো : অনারেব্‌ল্ স্পীকার স্যার, আজকে দি স্বামী বিবেকানন্দ ইউনিভার্সিটি বিল, ২০১৯ ; মাননীয় শিক্ষামন্ত্রী পেশ করেছেন। এবং এই বিলটি আজকে যদি পাস হয় তাহলে স্যার, এই ধরণের প্রাইভেট ইউনিভার্সিটি আগে ১০টা ছিল, এটা নিয়ে ১১টা হবে। যাই হোক, প্রাইভেট ইউনিভার্সিটি খোলার একটা মানসিকতা বহুদিন থেকে এই সরকারের আছে বা শিক্ষামন্ত্রীর আছে। আজকে স্যার, নিশ্চয়ই এডুকেশানের নিড আছে যেটা স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনসে যেটা বলা হয়েছে যে,

[4th September, 2019]

Considering the growing need for quality facilities in the State's 'higher education system to cater to the growing number of students emerging out of the State's secondary school system, The State Government formulated a Policy published in the Official Gazette vide Notification No. 142-Edn (U) dated 31.01.2013, to provide a stable policy and institutional framework to encourage private investment in the State's higher education system, with an emphasis on the guiding principles of "expansion, inclusion and quality".

স্যার, মূলতঃ এই সরকার যে ২০১৩ সালে সিদ্ধান্ত নিয়েছিল যে এইভাবে প্রাইভেট ইউনিভার্সিটি খোলার একটা বিষয় ভাবা যেতে পারে এবং সেই ভাবেই আজকে পরপর অনেকগুলো ইউনিভার্সিটি খোলা হয়েছে। এটাতে স্যার, নিশ্চয় এডুকেশানের দিকটাতে ডিম্যান্ড অনুযায়ী খোলা হচ্ছে ঠিকই, কিন্তু আমার মনে হচ্ছে একটু এটা সংখ্যাটা একটু বেশী হয়ে যাচ্ছে কারণ ইউনিভার্সিটির পরিস্থিতিগুলো আমরা দেখে যা বুঝেছি, এই ইউনিভার্সিটিটা খোলার দায়িত্ব দেওয়া হয়েছে, দি রিজন এডুকেশান এ্যান্ড রিসার্চ ফাউন্ডেশান, এই সংস্থাকে। আজকে এই স্বামী বিবেকানন্দর নামে ইউনিভার্সিটি হচ্ছে সেটা খুবই ভাল কথা। কিন্তু এই প্রাইভেট ইউনিভার্সিটির খোলার যে আইন আমরা পাস করছি, সেই বিষয়ে কয়েকটা গুরুত্বপূর্ণ বিষয় আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই।

বিশেষ করে স্যার আজকে এই আইনে আপনি কয়েকটি বিষয় খুব গুরুত্বসহকারে লিখেছেন, খুবই ভালো। আপনার Clause-39এ Subject to the provisions of this Act, the State Government shall have powers to make rules for the purpose of duly carrying out the provisions of this Act, এটা একটা গেল। আর সেকেন্ড হচ্ছে, ইউনিভার্সিটিগুলোকে তাদের statute, তাদের regulation ইত্যাদি খোলার ব্যাপারে আমরা আইনগতভাবে power দিয়ে দিয়েছি। আমরা যেটা practically দেখেছি, সেটা হচ্ছে, এমন কয়েকটা উদাহরণ আছে, আপনি শুনলে অবাক হবেন স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ২০১৪ সালে এই বিধানসভাতে পাশ করে ইউনিভার্সিটির পার্মিশান দেওয়া হয়েছে বা বিলটা পাশ করা হয়েছে ইউনিভার্সিটি খোলা হোক বলে। কিন্তু দেখা যাচ্ছে সেখানে রুল তৈরি হচ্ছে ২০১৯ সালে - পাঁচ বছর পর অথচ সেখানে ইউনিভার্সিটিটা রান করছে। এই যে বিষয়গুলো, এগুলো কিভাবে ঠিকঠাক করা যাবে। আমি কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ের কথা উল্লেখ ৭ করছি। বিশেষ করে স্যার, Endowment fund of the University and security money, এটা ১০ কোটি টাকা করে তাকে দেখাতে হবে সেটা বলা আছে, আগের ইউনিভার্সিটিগুলোতেও তাই ছিল - same আইন। এই ১০ কোটি টাকা দেখাতে হবে। তার পর কোথায় কি হবে, না হবে সেই বিষয়ে একটা গাইডলাইন আপনার দেওয়ার কথা, সেগুলো সব ঠিক আছে। তার সঙ্গে একটা গুরুত্বপূর্ণ। বিষয় হল - বলা হচ্ছে, A security deposit shall be pledged in the name of Higher Education Department through a fixed

deposit of rupees one crore in a Nationalised Bank to be kept as security deposit, interest proceeds of which may be used for the development of the University. আপনি স্যার এই বিষয়টি লক্ষ্য করুন - security money deposit দিল কিনা, ইউনিভার্সিটিটা তারপর চালু করছে কিনা - এই বিষয়ে দেখার আপনার কি কোন মেশিনারি আছে ? স্যার আমি এস.এল.সি.-তে প্রায়ই ডেকে ডেকে বলেছি এবং দেখেছি, অনেক পরে, অনেক চাপ দেওয়ার পরে তারা এই সিকিউরিটি মানিটা ডিপোজিট করেছে। তাহলে এই সিকিউরিটি মানিটা ডিপোজিট না করে কিভাবে ইউনিভার্সিটিটা চালু হল? এই বিষয়টা কারা দেখবেন বা এটা দেখার মেশিনারি কি আছে, এই বিষয়টা দেখার জন্য আপনাকে আমি অনুরোধ করছি। এগুলো স্যার গুরুত্বপূর্ণ বিষয়। আজকে আমরা গভর্ণরকে ভিজিটার হিসাবে দেখিয়েছি। বলা হয়েছে The Governor of West Bengal, by virtue of his office, be the Visitor of the University. গভর্ণরের মত ব্যক্তিত্বকে আমরা ভিজিটার করে রেখেছি। ভিজিটার যে ওখানে যাবেন তারজন্য আপনি বলতে পারবেন যে ইউনিভার্সিটিগুলো খোলা হয়েছে তাদের এই মুহূর্তে আইন। পাশ করল, ভিজিটারের rule কি হবে, কিভাবে যাবে, সেটা নিয়ে পরিষ্কারভাবে লেখা আছে, The Visitor shall have such other powers as may be prescribed by the rules.আপনার রুল নেই, ভিজিটার হয়ে গেছে, ইউনিভার্সিটিটা চলছে, অথচ গভর্ণরকে আমরা ভিজিটার করে রেখে দিয়েছি, তাঁর কোনো সেখানে ফাংশান নেই। এই বিষয়টা নিয়ে আমার যেটা বক্তব্য - এখানে অসিতদা একটা এ্যামেন্ডমেন্ট দিয়েছেন দেখলাম, তাতে উনি লিখছেন, Clause -39 in sub-section (1)এ, " and the rules so made should be notified within six months from the date of commencement of this Act." এই অ্যামেন্ডমেন্টটা খুব ভালো আছে। এটা আপনি অ্যাকসেপ্ট করুন কারণ বাঁধাধরা একটা শক্ত আইনের মধ্যে বিষয়টা আমাদের দিতে হবে। রুলটা তাকে তৈরি করতেই হবে এতদিনের মধ্যে বা আপনাদেরও যে রুল ফ্রেম করার কথা, বিশেষ করে রেগুলেশান, স্ট্যাটু যেগুলো আছে এবং যে গাইডেন্সগুলো দেওয়া আছে এবং security money, endowment fund এর বিষয়টা দেখভাল করা - এগুলো দেখার ব্যাপারে যে রুলে এত দেরি হচ্ছে, সেটা আমি উদাহরণ দিয়ে বলে দিলাম। এই রুলগুলো ৬ মাসের মধ্যে করার একটা এ্যামেন্ডমেন্ট উনি দিয়েছেন ক্লজ থার্টি নাইনে, এই বিষয়টা খুব গুরুত্বপূর্ণ। আমার মনে হয় এটা দেখভাল করার বিষয়টা আপনার নেই, বা কিভাবে কি চলছে এইসব অনেক অসুবিধা, এগুলো দূর করার জন্যে এ্যাক্টের মধ্যেই এই রুল দেওয়ার প্রভিশানটাকে যদি ঢুকিয়ে দেন, একটা টাইম লিমিট করে দেন, তাহলে আমার মনে হচ্ছে অনেকটাই বেশি সুবিধা হবে এবং আরো ফেয়ারভাবে আমরা ইউনিভার্সিটিটা চালানোর ব্যাপারে বলতে পারব।

[1:40 – 1:50 p.m.]

দ্বিতীয় আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে fee structure এর আইনগত কোন বাঁধন নেই এবং সরকারকে ওরা জানাবে আমরা এই fee structure ঠিক করেছি। fee structure

ইউনিভার্সিটির হাতে নিশ্চয়ই থাকবে, কিন্তু তার মানে এই নয় একটা সরকারি তকমা নিয়ে, সরকারের রেজিস্ট্রেশান নিয়ে তারা fees structureটা এমন মনের মতো করে তাতে অনেক লোকের অসুবিধা হয়। পুরোপুরি বিজনেস পারপাজে তারা এটা ইউজ করে। এই বিষয়টা দেখার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে বলব এবং এই। ব্যাপারে যদি আপনি বিশদভাবে বলেন তাহলে ভালো হয়। আরেকটা ব্যাপার আমি বলতে চাইছি, যদিও সেটা আমরা অ্যামেন্ডমেন্ট হিসাবে দিই নি, কারা কারা ওখানে ভর্তি হবে তাদের Sex, Caste-এর কথা উল্লেখ আছে। কিন্ত থার্ড জেন্ডারদের কথা কিন্তু এখানে উল্লেখ নেই, এটা ইনক্লুড করা যায় কিনা সেটা আপনি দেখবেন। এই বিলের বিরোধিতা করার কিছু নেই। এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ব্রজমোহন মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০১৯ বিল নম্বর ২৩, 'The Swami Vivekananda University Bill, 2019' যেটা এই সদনে উত্থাপিত হয়েছে মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় কর্তৃক, সেই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে প্রাসঙ্গিক কয়েকটি কথা এখানে নথীভুক্ত করতে চাইছি। আমরা সবাই জানি যে কোনো বিষয়ের বিচার করতে গেলে তিনটি মানদন্ডের প্রয়োজন - স্থান, কাল এবং পাত্র। যে স্থানে এই ইউনিভার্সিটি স্থাপিত হবে, সেই স্থানটি নির্দিষ্ট হয়েছে ব্যারাকপুরে। একদিকে হিংসার ডামাডোল চলছে, 'আরেক দিকে শান্তির আহ্বানের প্রতীক্ষায় বিবেকানন্দের বাণী ও আদর্শকে সম্বল করে একটি ইউনিভার্সিটির স্বপ্ন দেখা হচ্ছে, এটা অত্যন্ত তাৎপর্যপূর্ণ। আজকে বিশেষ দিনে, বিশেষ স্থানে তার অবস্থানকে আমি মহৎ ঘোষণা করতে চাইছি। আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে আজ ৪ঠা সেপ্টেম্বর, তার দু'মাস আগেই ঠিক ৪ঠা জুলাই স্বামী বিবেকানন্দের তিরোধান হয়েছিল। দু'মাস বাদে ঠিক ৪ঠা সেপ্টেম্বর, আমরা স্বামী বিবেকানন্দের নামে আরেকটি বিশ্ববিদ্যালয় রাজ্যবাসীর কাছে উপহার দিতে চলেছি। আগামী কাল হচ্ছে ৫ই সেপ্টেম্বর শিক্ষক দিবস। তার ঠিক প্রাক্কালে আমরা যেন প্রথম থেকেই অঞ্জলি দিচ্ছি, সেই শিক্ষা দর্শনের প্রতি বিবেকানন্দের নামে বিশ্ববিদ্যালয়কে উৎসর্গীকৃত করছি।

এটি ছাড়াও যে কথাগুলো আমার অতিরিক্ত বলার আছে, আমি অত্যন্ত ধন্যবাদ জানাবো নেপাল মাহাতো মহোদয়কে, তিনি অত্যন্ত সার্বিক ভাবে এই বিলের সমর্থন করার পরও একটি সতর্ক বাণী উচ্চারণ করেছেনঃ করতে করতে যদি দেখা যায় লোক এলো না, ছাত্র এলো না, শিক্ষক এলো না, পুঁজি ফুরোলো, শিক্ষা ফুরোলো না সেই জায়গায় দাঁড়িয়ে যখন বিশ্ববিদ্যালয়টি তুলে দেওয়া হবে সেই সময়েও যে ১০ কোটি টাকা আমরা অন্যত্র নিয়োগের ব্যবস্থা করেছি, তিনি বলেছেন যে যেন আর একবার পরীক্ষা করা হয়, আর একবার দেখা হয় যে তাকে পুনরুজ্জীবন করা যায় কিনা অর্থাৎ বেসরকারী হাত দিয়ে এই যে শিক্ষা প্রচেষ্টা, এই শিক্ষা প্রচেষ্টাকে তিনি সাধুবাদ জানিয়েছেন এবং বেসরকারী প্রচেষ্টা শুধু তাই তো নয়। যেকোনো সরকারে থাকতে গেলে সরকার প্রথম সমস্ত রাজ্যের শাসন ভার গ্রহণ যেমন করে, তেমনি তার কৃতিত্ব, তার অপকর্ম, তার দায়বদ্ধতাকে বহন করতে হয়। হয়তো অর্থ দিতে হলো না কিন্তু সেই শিক্ষালয়কে

ঘিরে বিশ্ববিদ্যালয়কে ঘিরে যেসমস্ত উৎপাত হয় সেই উৎপাতের মোকাবিলা করতে হয়। সেই জন্যে একটি রাজ্যের অধিকার, হস্তক্ষেপ করার অধিকার, শিক্ষা প্রতিষ্ঠানকে ঠিক অভিমুখীকরণ করার অভিযান চালাতেই হবে সরকারকে। সরকারের কর্তৃত্ব প্রয়োজন। সেই কর্তৃত্বের গবাক্ষ অন্তত এই ২২ পাতার বিলে ৪৫ টি ক্লজের মধ্যে আমি হিসেব করে দেখেছি অন্তত ১০টি ক্লজের মধ্যে আছে সরকার কিভাবে হস্তক্ষেপ করবে, কিভাবে অন্যায় নিবারণ করবে, কিভাবে সামাজিক যদি কোনো সুস্থিতির অভাব ঘটে তার মোকাবিলা করবে। কিভাবে ছাত্র বিক্ষোভ প্রশমন করবে। সেই জায়গায় সরকার সরাসরি এগোবে। বলা আছে যতই বেসরকারী হস্তে যাক না কেন যে প্রথম statute নির্মাণ করবে, যে statute-এর জায়গায় যদি একটি "টি" বাদ দিয়ে দিই সেটি statue হয়ে যায়। সেই স্ট্যাটুটের জায়গায় প্রথম যখন স্ট্যাটুটটি তৈরি হবে। বেসরকারি হাতে দেওয়া যাবে না। সেইটার পূর্ণ অনুমোদন সরকারকে দিতে হবে এবং তার বলেই এই সংস্থা চলবে। এমনি করে প্রায় ঘিরে ফেলা হয়েছে। সরকারি পর্যবেক্ষণের একটা অবকাশ, পরিসর - তবুও দেখতে হবে আমি কার হাতে তুলে দিচ্ছি। তুলে দিচ্ছি এমন একটি ট্রাস্টের হাতে যে ট্রাস্ট ১৮৮২ সালের আইন অনুযায়ী স্বীকৃত। যে ট্রাস্টের ক্রেডেনসিয়াল আছে, সে কটি কলেজ চালাচ্ছে এবং কটি সৎ প্রতিষ্ঠান চালাচ্ছে যে প্রতিষ্ঠানের মধ্যে অনেকটা এন.জি.ও. টাইপের প্রতিষ্ঠান চালাচ্ছে এবং অনেক দিন কলেজ চালাচ্ছে। তারা সে অধিকার অর্জন করেছে। তারা বলেছে টাকা দিতে হবে না। শুধু অনুমতিটুকু দিন এবং আমাদের শিক্ষা মন্ত্রী চারিদিকে যে সার্বজনীনতা, শিক্ষার বিকাশ ঘটাচ্ছেন, যেখানে তিনি বার বার বলছেন, এক্সপ্যানশন, এক্সপ্যানশান, এক্সপ্যানশান। ইকুইটি, ইকুইটি, ইকুইটি সবার সমান অধিকার, সবাই আসবে, শিক্ষাকে ছড়িয়ে দাও, আলো ছড়িয়ে দাও। নেপাল বাবু সংশয় প্রকাশ করেছেন, হয়তো এত ছড়িয়ে দেওয়ার পর। আলো কি এত তীব্র হবে? যত পরিসর বাড়বে তত কি গভীরতা কমবে না? কমতে পারে গভীরতা। কিন্তু সেই জায়গাতে দাঁড়িয়ে প্রথম দরকার সবার মুখে যেমন অন্ন তুলে দেওয়া, সবার বুকে শিক্ষা তুলে দেওয়া। একটি আদর্শকে নিয়ে আমাদের শিক্ষা মন্ত্রী, এই পশ্চিমবঙ্গ সরকার চলেছে।

এমনকি প্রয়োজন বোধে যদি আমি একা না পারি এসো বেসরকারী হস্তক্ষেপ করো, আমরা যাবো। সেই জায়গায় দাঁড়িয়ে আমরা আজকে এই বিলটি পেশ করতে চলেছি। তবুও এই ভাবনা আমাদের ছুঁয়ে যাবে আমরা কল্পনা করবো বিলে যা আছে তা কি সব? আমার শিক্ষার সমস্ত সমস্যাকে ছুঁয়ে গেলো ? স্বামী বিবেকানন্দের যে শিক্ষাদর্শ ছিলো শুধু মুখস্থ নয়, গ্রন্থ বিদ্যা নয়, জীবিকার পারদর্শিতা নয়, জীবিকার দিক্ষা নয় - জীবনের দীক্ষা। তা কি, এই বাণীর মধ্যে, এই বিশ্ববিদ্যালয়ের মধ্যে কোথাও গুহায়িত হয়ে থাকবে না প্রার্থনায় উচ্চারিত হবে না?

[1:50 – 2:00 p.m.]

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের যে স্বপ্ন ছিল, যে স্বপ্নের কথা তিনি বিশ্বভারতী গঠনপর্বে বলেছিলেন, যে স্বপ্নের কথা তিনি ১৯১৬ সালে রথীন্দ্রনাথ ঠাকুরকে লিখছেন, আমেরিকায় এই শিকাগো শহরে, যে শিকাগো শহরে স্বামী বিবেকানন্দ সর্ব ধর্ম সম্মন্বয়ের কথা, শান্তির

কথা, স্বস্তির কথা প্রকাশ করেছিলেন এবং ভারতবর্ষের বাণীকে তুলে ধরেছিলেন, সেই জায়গা থেকে রবীন্দ্রনাথ বললেন, যে আমি সারা বিশ্বকে এখানে মিলিত করতে চাই। বিশ্বকে মিলিত করার দুটো পথ - সমস্ত বিশ্ববাসী আসুক, সমস্ত শিক্ষার্থী আসুক। আর একটি পথ তারা যে বিষয়ে অধ্যায়ন করে, যে পাঠ। গ্রহণ করে জীবনের যে পাথেয় সংগ্রহ করে জীবনের যে পথে অগ্রসর হয়, সেই পাথেয় সংস্থান আমি করব। আমি জীবিকার সংস্থান করব, আমি জীবনের সংস্থান করব, আমি বিজ্ঞান মেলাব, অমি দর্শন মেলাব- সব মিলিয়ে আমি একটা সত্যিকারের বিশ্ববিদ্যালয়, যে বিদ্যালয় বিশ্বকে দর্শন করবে, যে বিদ্যালয় বিশ্ব বিজ্ঞগ হবে, যে বিদ্যালয় বিশ্ব বিজ্ঞক হবে, সেই বিশ্ববিদ্যালয় স্থাপন করব। এ ছিল রবীন্দ্রনাথ ঠাকুরের স্বপ্ন, এ ছিল স্বামীজির স্বপ্ন। আজকে নিঃসন্দেহে যে অগ্রগতির পথে আমরা অগ্রসর হলাম, তাও তুচ্ছ নয়। অনেক জায়গায়। Ends and objectives হিসাবে বলি, বোঝা যাবে। তার ফলে, মানুষকে বিচার করব, যে কোন প্রকল্পকে, যে কোন বিলকে, সমর্থন করব বা অসমর্থন করব তার Ends and objectives এর-জন্য। আমি জানি, সব সময় ends justify the means হয়। না, মহাত্মা গান্ধীজি বলতেন হয় না, means এবং ends দরকার হয়। কিন্তু যদি বলা হয় আবার option দেওয়া হয়, যে আমার end সবাইকে, সমস্ত ধরনের শিক্ষা, জীবনের যা প্রয়োজন তা শেখাব আর means হয় আমি সরকারি পথ ধরে যাব, অন্য কোন বেসরকারির হাতে তো তুলে দেব না। যদি সংঘাত বাধে, দুটোকেই পরিত্যাগ করতে হয়, তাহলে কোনটাকে পরিত্যাগ করবেন, দুটোকেই না একটাকেই ? যদি একটাকে পরিত্যাগ করতে হয়, নিঃসন্দহে meansটাকে একটু রেখে দিয়ে, ধারে রেখে দিয়ে, তারপর endটাকে দেখব। সেই endএর মধ্যে শিক্ষা বিস্তারের স্বপ্ন আছে, সেই endএর মধ্যে স্বামী বিবেকানন্দের শিক্ষাদর্শে স্বপ্ন আছে, সেই end এর মধ্যে মহাত্মা গান্ধীজি লুকিয়ে আছে, সেই end এর মধ্যে কবিগুরু। রবীন্দ্রনাথ ঠাকুরের আশীবাদ, আবাগণনীর সঙ্গীত আছে। আমি বিশ্বাস করি, এই বিল নতুন নতুন প্রজন্মে হয়েছে - স্বামী বিবেকানন্দের নামে স্কুল হয়েছে। আমি যে স্কুলে প্রধান শিক্ষক ছিলাম, সেই স্কুলে ছোটবেলা থেকে শুনে আসছি, পশ্চিমবঙ্গের মধ্যে প্রায় প্রথম পর্বে বিবেকানন্দের নামে যে স্কুল হয়েছে, সেই স্কুলের নাম Vivekananda Institution। মহারাজের সান্নিধ্য আমরা পেয়েছি। আমরা জানি, বিবেকানন্দের নামটি একটি অদ্ভুত কাজ করে - সেই বোধ শিক্ষার্থীর মনে, সেই বোধ শিক্ষার্থীর চেতনায়, সেই বোধ সবার জায়গায়। নিঃসন্দেহে এই বিল তারই শঙ্খধ্বার্ণ আজকে শুনিয়ে দিল। আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে, আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

Shri Sk. Ibrahim Ali: মাননীয় অধ্যক্ষ মহোদয় এবং এই পবিত্র সদনে সমস্ত সদস্যদের-আমার সম্মান এবং শ্রদ্ধা জানিয়ে, মাননীয় শিক্ষামন্ত্রী আনীত 'The Swami Vivekananda University Bill, 2019' এই Billএর উপর আলোচনা করতে গিয়ে আমি কয়েকটা প্রশ্ন এবং আলোচনায় অংশগ্রহণ করছি। যে বর্তমান সরকার আমরা লক্ষ্য করছি যে, সরকারি এবং বেসরকারি মিলিয়ে অসংখ্য বিশ্ববিদ্যালয়ের বিল এই Houseএ pass করেছেন। কিন্তু গত বছর যে বিশ্ববিদ্যালয়গুলো পাশ করেছে, তার কতটা অগ্রগতি যদি এই হাউসে

মাননীয় শিক্ষামন্ত্রী বলেন তাহলে আমরা বুঝতে পারব, যে সবটা একটা lollypop, একটা ধাঁধা দেওয়া হচ্ছে। Mahatma Gandhi University পূর্ব মেদিনীপুরে গত বছরে এই সদনে পাশ হয়েছে। কিন্তু কোন কাজ আজও পর্যন্ত শুরু হয়নি। একের পর এক সরকারি Universityর অনুমোদন দিচ্ছেন।

সরকারি ইউনিভার্সিটি গড়ার জন্য আপনারা বিল পাশ করছেন। কিন্তু আসলে হচ্ছেটা কী? যদি এত ইউনিভার্সিটি হয়, এত ছেলেমেয়ে বিশ্ববিদ্যালয় থেকে পাশ করে তারা যাবে কোথায়? তাদের কর্মসংস্থান কোন্ জায়গায় হবে, কি ব্যবস্থা আপনারা করেছেন? সবটাই তো ভাবতে হবে। মাননীয় পার্থবাবু বলবেন, টেনেটুনে পাশ করা একটা ছেলে বা মেয়েকে ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর বানালে কেমন হয়? আপনাদের অবশ্য এই বিষ অভিজ্ঞতা নেই, এটা আমি দাবী করব না, অভিজ্ঞতা আছে। যে বেসরকারী ইউনিভার্সিটি বিল আপনি এই সদনে এনেছেন, সেই বিলটা পড়ে আমি চমকে গেছি। আমাদের দেশে স্বামী বিবেকানন্দ, বিদ্যাসাগর, নিবেদিতা অসংখ্য মনীষী নামে বিশ্ববিদ্যালয়, বিদ্যালয় খুলে আমরা জানি করে কমনে খাওয়ার একটা চল আছে। আপনি এই হাউসে বলবেন কি, কি গুণাবলীর কারণে রিজেন্ট গ্রুপ নামে একটি বেসরকারী সংস্থাকে একটা আস্ত বিশ্ববিদ্যালয় খোলার আপনারা অনুমতি দিচ্ছেন। এই রিজেন্ট গোষ্ঠী ইতিমধ্যে কয়েকটি এডুকেশান শপিং মল খুলে আছে। আপনাদের সৌজন্যে। তাদের পারফরমেন্স কি? এই বিল ইনট্রোডিউজ করার আগে আপনি খোঁজ নিয়ে দেখেছেন কি? আমার বিশ্বাস আপনি তা নেন নি। নিলে 'ডি' ডিভিসানে পাশ করা একটা ব্যবসায়ী গোষ্ঠীকে ইউনিভার্সিটি খোলার অনুমতি দিতেন না। ধাঁধা না করে এই হাউসে আসল সত্য সদস্যদের কাছে আমি তুলে ধরতে চাই। রিজেন্ট গোষ্ঠী যে কলেজ পরিচালনা করছে, 'ন্যাকের ' বিচারে পারফরমেন্সের বিচারে 'ডি' পেয়েছে। সেই 'ডি' পাওয়া টেনেটুনে পাশ করা একটা ব্যবসায়ী গোষ্ঠীকে আপনারা ইউনিভার্সিটি পরিচালনা করার দায়িত্ব ইতিমধ্যে দিতে যাচ্ছেন। দেখুন, ব্যক্তিগতভাবে বা নীতিগতভাবে আমরা শিক্ষায় ঢালাও বেসরকারিকরণের বিরুদ্ধে। কিন্তু যে কথা এই হাউসে বলতে চাই, আমরা বিরোধিতা করলেও সংখ্যাগরিষ্ঠতা দিক থেকে এই বিলকে আপনি হাউসে পাশ করাবেন। যেমনটা আগেও আপনারা করেছেন। আমি এই বিলের উপর যেটা বলতে চাই যে, 'ন্যাকের' বিচারে সেন্ট জেভিয়ার্স কলেজকে 'এ' গ্রেডে আপনারা উত্তীর্ণ করেছেন, আমরা বিরোধিতা করি নি। 'ন্যাকের' বিচারে একই ভাবে লেডি ব্র্যাবোর্ণ কলেজ, হুগলী মহসিন কলেজ, মেদিনীপুর কলেজ - এই ধরণের 'এ' গ্রেড প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানকে বিশ্ববিদ্যালয় উন্নীত করুন না, কে বাধা দিচ্ছে? তা না করে আপনারা কমপার্টমেন্টালে পাশ করা ছেলেকে বিশ্ববিদ্যালয় চালানোর দায়িত্ব দিচ্ছেন। এই হাউসে আমি বলতে চাই যে, ইতিমধ্যে এই রিজেন্ট গ্রুপ একটা বি.টেক, বি. সি. এ বিক্রি করে লাখ লাখ টাকা কামাচ্ছে, আর ছেলেমেয়েদের সর্বনাশ করছে। ভবিষ্যতে আপনাদের কল্যাণী ইউনিভার্সিটি খোলার স্টেট লাইসেন্স পাচ্ছে, এতে ওদের কামানোর অঙ্ক লাখ থেকে কোটিকে ছাড়াবে। গোটা গুষ্টির সর্বনাশ করবে বলে আমার মনে হচ্ছে। সেই কারণে বলছি, এই বিল তুলে নিন। আর ওই ব্যবসায়ীকে

বলুন আগের চালু কলেজগুলো ঠিকঠাক পরিচালনা করতে, ছেলেমেয়েদের সর্বনাশ না করতে। তারপর যদি 'ন্যাক ' -এর বিচার 'এ' পায় তবে ভাববেন এই গোষ্ঠীকে ইউনিভার্সিটি পরিচালনা করবার দায়িত্ব দেবেন কিনা। এই বিলের সম্পূর্ণ বিরোধিতা করে আমার কথা শেষ করছি।

[2:00 – 2:10 p.m.]

Shri Jyotirmoy Kar: স্যার, Bill No. 23, The Swami Vivekananda University Bill, 2019 মাননীয় ডঃ পার্থ চ্যাটার্জী উত্থাপিত করেছেন তাকে সমর্থন করি। ইব্রাহিম ভালো বক্তৃতা দেয়। ছাত্র নেতা হিসাবে শিক্ষার সঙ্কোচনের বিরুদ্ধে বলতো। এখন এমএলএ হয়ে শিক্ষার সম্প্রসারণের বিরুদ্ধে বলছে। ছাত্র নেতা হিসাবে শিক্ষার সঙ্কোচন এবং এমএলএ হয়ে শিক্ষার সম্প্রসারণের বিরুদ্ধে বলছে। আমি একটা কথা বলি, শিক্ষার দিক পরিবর্তন হচ্ছে, আমরা সেই যে বস্তাপচা কথা- privatisation, আমরাও বলতাম, privatisation-এর বিরুদ্ধে বলতাম। কিন্তু আমরা modernisation-এর বিরুদ্ধে বলতাম না। আসলে শিক্ষার দিক পরিবর্তন হয়েছে, স্যার। আমরা সবাই চাই, organised school, institution-এ পড়তে, স্কুল, কলেজ বা ইউনিভার্সিটি। আমরা সবাই চাই, পাশ করে আমরা সংগঠিত ক্ষেত্রে চাকরি করতে। আমরা স্কুলে চাকরি করবো, কলেজে চাকরি করবো কিন্তু আজকের যে প্রেক্ষাপট সেই প্রেক্ষাপট পাল্টে গেছে। Institutional guarantee চাকরির নেই, কমে গেছে, সঙ্কুচিত হয়ে যাচ্ছে। সুতরাং, আমাকে এডুকেশনটা এমন তৈরি করতে হবে আমাদের ছাত্র-ছাত্রীদের যাতে তারা কাজের পেছনে না ছোটে, কাজ তাদের পেছনে ছোটে। কাজ তাদের পেছনে ছোটে - আমাদের এই শিক্ষার আয়োজনকে সম্পূর্ণ করতে হবে। সেই দিকেই লক্ষ্য রেখে আমি যদি বলি, ইউনিভার্সিটি বিল আমাদের গভর্নমেন্ট ইন্সটিটিউশান করবো তাহলে আমাদের সেটা সম্পূর্ণ করতে পারবে না। তার জন্য স্যার, work aimed নয়, আজকের শিক্ষা চাই work based. কাজটাই তার শিক্ষা, কাজের মাধ্যমেই তার শিক্ষা। সুতরাং, এইটা যদি আমরা ছাত্র-ছাত্রীদের দিতে পারি তাহলে আমরা শিক্ষা নিয়ে আজকে যে অনীহা, আজকে যে অরুচি ছাত্র ছাত্রীদের সেই অরুচিটাকে আমরা কাটিয়ে দিতে পারব। স্যার, আমরা ট্র্যাডিশনাল নিশ্চয়ই পড়বো কারণ। sustain একটা শিক্ষার দিক। কিন্তু ১৯৬৯ সালে আমাদের জাতীয় শিক্ষানীতি তৈরি হয়েছিল। টোতে ছাত্র-ছাত্রীদের তিনটি শিক্ষার লক্ষ্য বলা হয়েছিল। প্রাথমিক শিক্ষা হবে generalisation, সর্বজনী করণ, মাধ্যমিক শিক্ষা হবে প্রফেশানাল, বৃত্তিমূখীকরণ-প্রফেশানালাইজেশান এবং higher education হবে' specialisation. আর আজকের দিনে এই স্পেশালাইজেশান করতে আমাদের দু'টি দিক পাল্টাতে হচ্ছে। আমাদের যেমন, subject পাল্টাতে হচ্ছে তেমনি আমাদের institution-গুলোকে পাল্টাতে হচ্ছে। আমরা যদি ইন্সটিটিউশানকে confine করি চার দেওয়ালের মধ্যে তাহলে আমরা এই ব্যাপক যে জনসংখ্যার রাজ্য বা ব্যাপক জনসংখ্যার দেশ তাতে আমাদের education-এর পুষ্টি-তুষ্টি - কোনটাই করতে পারব না। সেই জন্যই আমরা চাই যে, আজকে যেমন, traditional subject যেমন, পড়বে তার সঙ্গে agriculture based অর্থাৎ, আজকে multi crop-এর কথা উঠছে।

আজকে যারা ইন্ডাস্ট্রিয়ালিস্ট, আমরা চাই শিল্পে চাকরি করতে কিন্তু আজকে কি ধরনের শিল্প তৈরি হচ্ছে? কি ধরনের আজকে শিল্পের বিস্তৃতি ঘটছে? এই শিল্পের যে ব্যাপকতা, শিল্পের যে ডাইভার্সিটি, শিল্প মানে তো বড় শিল্প নয়। বড় শিল্প তো যন্ত্রনির্ভর হয়ে যাচ্ছে, শ্রম নির্ভর থাকছে না। medium and small scale industry যেটা শ্রম নির্ভর। সেই শ্রম নির্ভর শিল্পের উপযোগিতা আমাদের শিক্ষাকে দিতে হবে। আমাদের রাজ্যে যে বাণিজ্য সম্মেলন হয় সেখানে যে বাণিজ্যিক শিল্প জগতের লোকেরা আসেন, সব শ্রেণীর লোকেরা থাকেন। তারা কি শ্রেণির মেরিট ' চাইছেন? তারা ইন্ডাস্ট্রি-টা করে দেবেন কিন্তু শ্রম তো আমাদের ছেলে-মেয়েরা দেবে। কিন্তু আমি শুধু যদি traditional subject-টা পড়িয়ে দিলাম, বিএ, এমএ পাশ করলো কিন্তু শিল্পের পক্ষে দক্ষ হ'ল না তাহলে সেটা burden হয়ে যায়, স্যার। সুতরাং, সেই জন্যই যথার্থই পার্থবাবু traditional বিষয়গুলির সঙ্গে industry. কৃষিমন্ত্রী বসে আছেন। আমরা সেই চিরকাল ধান চাষ করতাম, গম চাষ করতাম। কিন্তু একই সঙ্গে ধানের সঙ্গে আরও কি কি শস্য হবে সেটা আমাদের যে কষি বিষয়ক ছাত্র তাকে পড়তে হবে, তাকে জানতে হবে, তাকে বুঝতে হবে এবং তাকে শিখতে হবে। এই এক সঙ্গে এতগুলো কাজ না করলে সে befitting to his job বা befitting to his work হতে পারবে না। তাই আমাদের ছাত্র-ছাত্রীদের horticulture, micro and macro small industry, technical, law - এইগুলোকে যত আমরা বিস্তৃতি দিতে পারব - পূর্ণেন্দুবাবু আছেন, আজকে এই সমস্ত সাবজেক্টগুলো ছাত্র-ছাত্রীদের দেওয়া প্রয়োজন।

আজকে সাউথ ইন্ডিয়া দেখুন, অন্যান্য ইউনিভার্সিটি দেখুন, তারা প্রাইভেট ইউনিভার্সিটি, প্রাইভেট স্কুল, প্রাইভেট ইঞ্জিনিয়ারিং করে সারা ভারতবর্ষে একটা উল্লেখযোগ্য স্থানে চলে গেছে। আমরা অলরেডি ৫০ বছর পিছিয়ে গেছি। আর পিছিয়ে থাকলে চলবে না। আমাদের এগিয়ে যেতে হবে। সেইজন্য এই বিলের যে পজিটিভ দিক, সেই পজিটিভ দিকগুলো আজকে আমাদের subject. স্যার, আপনি - দেখবেন এই যে ইউনিভার্সিটি হচ্ছে এটাতে distance এডুকেশন নেওয়ার স্কোপ আছে। আমাদের ছেলেমেয়েরা সবাই তো আর সঙ্গতিপূর্ণ বাড়ির ছেলেমেয়ে নয়। তারা কেউ কেউ হাতের কাজ করে, কিন্তু পড়া বন্ধ হয়ে যায়। তারা পড়া বন্ধ করে দিয়ে কাজ করে। কিন্তু পড়তে পারে না। আবার অনেকে দারিদ্রের জন্য পড়তে পারে না। নানা রকম কাজ থাকে। সেই জন্য আপনি বিলটাতে দেখবেন স্যার, যেমন কমিউনিকেশন এবং কন্টাক্ট প্রোগ্রাম, এটা নতুন। এটা বাইরের। এটা আমাদের চলমান শিক্ষা বন্দোবস্তের বাইরের। যেমন করেসপন্ডেন্স কোর্স আছে। কিন্তু এখানে আরো করেসপনডেন্স কোর্স। স্যার, আমাদের ছেলেমেয়েরা মাঝপথে শিক্ষা ছেড়ে দেয়। তাদের শিক্ষার সুযোগ দিতে হবে। তেমন lying course তো নেই আমাদের। এটা একটা নতুন আপ্রোচ। যেমন ব্রডকাষ্টিং, টেলিকাষ্টিং। এগুলো নতুন নতুন বিষয় কেন যে আপনি দেখতে পেলেন না আমি বুঝতে পারলাম না। এ কী হল ! ব্রডকাষ্টিং, টেলিকাষ্টিং, আজকে এইসব যে নতুন উদ্যোগ এনেছেন এবং যে সেমিনার সিস্টেম, আমরা গতানুগতিকতায় চলে যাই, ছেলেমেয়েরা bore হয়ে যায়। সুতরাং এটাকে যদি

ব্যাপকতার মধ্যে নিয়ে যেতে পারি, এতগুলো সিস্টেম ওপেন, একটা ছেলেও বলতে পারবে না যে আমি গরীব বলে পড়ার সুযোগ পেলাম না। একজন ছাত্র বা ছাত্রী বলতে পারবে না যে এই সমাজ, ডঃ পার্থ চ্যাটার্জী আমাদের দিকে তাকালো না। পার্থ চ্যাটার্জী প্রত্যেক ছাত্রছাত্রীর দরজায় নাড়া দিয়ে বলছেন any of the system-এ তুমি ঢুকে যাও। তাহলে তুমি নিজেকে শিক্ষিত করতে পারবে। এই যে ব্রডবেস, এই যে বিস্তৃত আউটলুক, এই যে বহুমুখী আউটলুক, ডাইভার্সিটি, এটা হচ্ছে নতুন। এই ডাইভার্সিটির মধ্যেই আমরা ছাত্রছাত্রীদের নিয়ে যেতে চাই। স্পেশালাইজ ফিল্ড তো থাকবেই। এই যে টেকনোলজি, মেডিসিন, ম্যানেজমেন্ট, ল্ এবং সোশ্যাল সাইয়েন্স আজকালকার নিড। একটা হসপিটালে আমরা শুধু দেখি ডাক্তার আর নার্স। তা নয় স্যার। এখানে অনেক রকমের, অনেক টাইপের লোক দরকার হয়। হসপিটালিটি ম্যানেজমেন্ট, ফুড টেকনোলজি, নানা রকম দরকার হয়। সবাই তো ইঞ্জিনিয়ার হতে পারবে না স্যার। আমি বিলটা পড়ে দেখেছি। এগুলো নতুন ছাত্রছাত্রীদের পাঠক্রমেরই ব্যাপার।

আরেকটা কথা, ব্রজ-দা সঙ্গত ভাবেই বলেছেন যে 'বাহিরান কেটে যায়' - উত্তম কুমারের নাটক। আপনিও হয়তো স্যার ছেলেবেলায় দেখতে যেতেন। তেমনি স্যার, নেপোলিয়ান চরিত্র। চরিত্রের নামে কেটে যায়। তেমনি বিবেকানন্দ। অন্য ভাইব্রেশন স্যার। শুধু আমাদের ইন্ডিয়া নয় ওয়ার্ল্ড। আজকে বিশ্ব-প্রতীক, বিশ্ববরেণ্য, বিশ্বের প্রবক্তা বিবেকানন্দকে সকলেই চেনে। শান্তিনিকেতনে ইন্দিরা-জী এসেছিলেন পড়তে। কেন? রবীন্দ্রনাথ ছিলেন বলে। তাই আজকে বিবেকানন্দের নামে যে ইউনিভার্সিটি হবে তা ওয়ার্ল্ডওয়াইজ অ্যাডভার্টাইজমেন্ট হয়ে যাবে। ওয়ার্ল্ডওয়াইজ মার্কেট তৈরি হয়ে যাবে। আর, গান্ধীজীর অহিংসার সাধনার ক্ষেত্র, স্থান মাহাত্ম্য, নাম মাহাত্ম) - দুটো মিলে স্যার গঙ্গা-যমুনার সঙ্গম হয়ে গেল। পার্থ চ্যাটার্জী ঠিকই করেছেন। সুতরাং, এই রকম একটা পবিত্র জায়গায় এইরকম একজন বিশ্বের বিস্ময় ব্যক্তিত্বের নামে যে বিশ্ববিদ্যালয় হচ্ছে, আমি জানিনা, পার্থ-দা আপনি যদি বলে দেন ভালো হবে, legend এডুকেশনের ব্যাকগ্রাউন্ড-টা কী, ক্রেডেনশিয়াল-টা কী ? এটা যদি একটা আলাদা কাগজ দিয়ে দিতেন আমরা ভালো করে বুঝতে পারতাম। সুতরাং, এই ইউনিভার্সিটির বৈশিষ্ট্য অন্য রকম। যেমন স্যার, ট্রাডিশানাল গভর্নমেন্ট ইউনিভার্সিটিতে বোর্ড থাকে, সেনেট থাকে, কাউন্সিল থাকে, সিন্ডিকেট থাকে। এদের যেহেতু প্রাইভেট সেহেতু বোর্ড অফ অ্যাডমিনিস্ট্রেশান-টা হচ্ছে, নবত্ব আছে, অ্যাডমিনিস্ট্রেশনে অ্যাডমিনিস্ট্রেটর থাকবে এবং that to be appointed by the State Government. যে অ্যাডমিনিস্ট্রেটরকে স্টেট গভর্নমেন্ট নিযুক্ত করছে তার ওপর তো কন্ট্রোলিং অথোরিটি থাকছে। State Government নিযুক্ত administrator থাকবে - administrator to be appointed by the State Government.

[2:10 – 2:20 p.m.]

আর রেগুলাটরি কমিটি কনসিডার্ড বাই দি স্টেট গভর্নমেন্ট। যে। রেগুলেটরি কমিটিটা থাকবে ইউনিভার্সিটির সেটা ওদের হাতে থাকবে না। ডেটুডে অ্যাডমিনিস্ট্রেশান নিশ্চয়ই দেখবে

না। স্বাধিকারে নিশ্চয়ই হস্তক্ষেপ করবে না। অ্যাকাডেমিক পার্ট নিশ্চয়ই নেবে না। কিন্তু আকাশে ঘুড়ি, উড়বে হাতে স্যার লাটাইটা থাকবে। স্টেট গভর্নমেন্ট লাগামটা একদম আলগা করে দেয় নি সেটা একটা ভাল দিক। স্টেট গভর্নমেন্ট থাকবে। আরেকটা প্রশ্ন নেপালদা তুলেছেন গভর্ণর ভিজিটর হিসাবে থাকবেন। এটা নতুন গভর্ণর দেখলে অসুবিধা কি আছে? রাষ্ট্রপতি আসতেন না ভিজিট করতে? প্রধানমন্ত্রী আসেন না ভিজিট করতে? তাহলে গভর্ণর যদি ভিজিট করে একটা indirect guardian রাজ্যের যিনি প্রধান অ্যাকাডেমিক নয়, রাজ্যের যিনি সাংবিধানিক প্রধান তার যদি ভিজিট করার স্কোপ থাকে তাহলে একটা ইনডাইরেক্ট প্রেসার থাকবে। সুতরাং আমরা তো সবটাই পারবো না। এটা তো সত্যি কথা। এই গভর্নমেন্ট এক পয়সা কোথাও ট্যাক্স বাড়ায় নি। এই গভর্নমেন্ট এক পয়সা কোথাও সেস বাড়ায় নি। এই গভর্নমেন্ট নতুন কোন চাপ আসে এমন কোন অর্থনৈতিক বন্দোবস্ত কায়েম করেনি। শুধু বন্ধু যোগাচ্ছে, শুধু companion আনছে। যে companionগুলো শিক্ষার সঙ্গে থাকতে পারে। আরেকটা কথা শিল্পপতিরা বলতে পারবে, entrepreneur রা বলতে পারবে আমরা মেধা পাচ্ছি না। আমরা কাজ জানা লোক পাচ্ছি না। এটাও একটা industry কে indirectly আমাদের। ছেলেমেয়েদের উপযুক্ত করে শিক্ষার আয়োজনে দিক্ষিত করে সেই সমস্ত শিল্প সহযোগিতা করার একটা পথকে আমরা প্রশস্ত করে দেব। এই যে dynamic, এই যে destination, এই যে ডাইরেকশানের পরিবর্তন পার্থবাবু তো corporate হাউসের লোক ছিলেন তিনি বুঝেছেন সেন্টিমেন্টটা। মুখ্যমন্ত্রীকে এবং শিক্ষামন্ত্রী এই যে নতুন একটা আয়োজক এনেছেন ধন্যবাদ দিয়ে বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

(Presentation of the Report of the Business Advisory Committee)

Mr. Speaker : Honble Members, I beg to present the 54th Report of the Business Advisory Committee.

The Committee met in my Chamber today

And recommended the Programme of Business

for 5th and 6th September, 2019 as follows:

5.9.2019, Thursday: The Hindi University, West Bengal Bill, 2019 — 1 hour

(Introduction, Consideration and Passing)

6.9.2019, Friday:Motion under Rule 185 regarding National Citizenship Register Issue - Notice given by Dr. Partha Chatterjee And Others — 2 hours

N.B. There will be no Question for Oral Answer, Calling Attention and Mention Case on Thursday, the 5th September, 2019.

মিঃ স্পিকার : আপনারা সবাই জানেন যে আগামীকাল আমাদের রাধাকৃষ্ণনের জন্মদিন, সেজন্যই শিক্ষক দিবস। আমাদের শিক্ষামন্ত্রীকেও চলে যেতে হবে তাড়াতাড়ি, সেই সঙ্গে অনেক বিধায়ক অনেক মন্ত্রিসভার সদস্য তাঁরাও সাড়ে বারোটার পরে থাকতে পারবেন না। সেজন্য বিলটা সকালবেলা নিয়ে নিয়েছি আমি।

মিঃ স্পিকার: Now the Minister-on charge of parliamentary Affuirs Department may please move the motion for acceptunce

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয় কার্যউপদেষ্টা কমিটির ৫৪তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

মিঃ স্পিকার : The Motion is adopted. The Motion is adopted.

শ্রী প্রদীপ কুমার সাহা : ধন্যবাদ স্যার। বিল নাম্বার 23 অফ 2019, The Swami Vivekananda University Bill, 2019 এখন স্যার এই বিলটা সভায় পেশ করা হয়েছে। বিলটা পাসও হবে। সংখ্যাগরিষ্ঠ মানুষ আছেন, বিধায়ক আছেন পাস হবে। কিন্তু স্যার এই বিলটাকে কি মন থেকে মানতে পারছি? কেন্দ্রীয় সরকার তারা পরিকল্পনা নিয়েছে শিক্ষাকে বেসরকারিকরণ করবে। প্রত্যেক দিন তাদের লক্ষ্য। আর আমরা আমাদের রাজ্যে যে সরকার আছে সে সরকারের কার্যকলাপেও মনে হচ্ছে যেন তাঁরাও এই সিদ্ধান্ত নিয়েছেন শিক্ষাকে বেসরকারিকরণের দিকে এগিয়ে নিয়ে যাবেন। স্যার ১১ টা বেসরকারি বিশ্ববিদ্যালয় এই রাজ্যে তৈরি হচ্ছে।

আমার বিনীত প্রশ্ন - শান্তিনিকেতনে একটি বেসরকারি বিশ্ববিদ্যালয় হয়েছে, সিকম ইউনিভার্সিটি। কি অবস্থা স্যার ? ক'জন ছাত্র পড়ছে ? আমি বলছি স্যার অমেটি ইউনিভার্সিটি রাজারহাট, গত ১৭-১৮ সেশানে কেমিস্ট্রী ডিপার্টমেন্টে মাস্টার ডিগ্রির ছাত্রছাত্রী ছিল ১৩ জন। স্যার, এইভাবে আমরা বিশ্ব বিদ্যালয় খুলছি। বিশ্ববিদ্যালয় খুলছি, একটা উপরি কাঠামো আমরা তৈরি করছি। আমরা দেখাচ্ছি আমরা শিক্ষার জন্য কত ভাবছি। আমাদের ছেলে-মেয়েরা সব শিক্ষিত হবে, মাস্টার ডিগ্রি পাশ করবে, আমাদের ছেলে-মেয়েরা এগোবে। স্যার, এটা বললে কি খুব ভুল হবে ? আমি যদি নিচের দিকটায় না তাকাই, আমি যদি প্রাথমিক বিদ্যালয়ের দিকে না তাকাই, আমি যদি মাধ্যমিক বিদ্যালয়গুলোর দিকে না তাকাই, আমি যদি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলোর দিকে না তাকাই, তাহলে কে পড়তে আসবে ? স্বাভাবিকভাবেই কলেজে আসন ফাঁকা। শিক্ষামন্ত্রীকে বারবার বিবৃতি দিতে হচ্ছে আসন ফাঁকা রাখা যাবে না। কে পড়তে আসবে ? কি পদ্ধতি হচ্ছে ? একটার পর একটা আমরা লক্ষ্য করলাম এই বিশ্ববিদ্যালয়গুলোতে আসন ফাঁকা। এখন এই যে বিশ্ব বিদ্যালয়টা তৈরি হয়েছে,

এখন আপনারা ভাবছেন স্বামী বিবেকানন্দের নামে বিশ্ববিদ্যালয় খুলে দিলে, জ্যোতির্ময়বাবু আর ব্রজমোহনবাবু বললেন যে এই রকম মনীষীদের নামে বিশ্ববিদ্যালয় খুললে নাকি তার মানটাই উন্নত থেকে আরও উন্নততর হয়ে যাবে। তাহলে আমরা একটা কাজ করি না, সমস্ত কলেজ-বিশ্ববিদ্যালয়গুলোর নাম শুধু মনীষীদের নামে রাখি। তাহলে আর কিছু করতে হবে না, একেবারে দারুণ দারুণ করে শিক্ষার মান এগিয়ে চলবে। শিক্ষার জন্য যা যা দরকার আমি সেই ব্যবস্থা করব কি ? আজকে একটা প্রাইভেট ইউনিভার্সিটিতে ডিস্ট্যান্স এডুকেশান রাখা হয়েছে এই প্রথম বোধ হয়। এখন পর্যন্ত যে প্রাইভেট ইউনিভার্সিটিগুলো হয়েছে তাতে ডিস্ট্যান্স এডুকেশান মোড ছিল না। এটা কি সার্টিফিকেট বিক্রির ব্যবস্থা করা হল ? গভর্ণমেন্ট ডিস্ট্যান্স এডুকেশান থেকে হাত তুলে নিচ্ছেন। আজকে সার্টিফিকেট বিক্রির একটা ব্যবস্থা করা হবে, এই রকমভাবে ডিস্ট্যান্স মোডে এই রকম প্রাইভেট ইউনিভার্সিটিগুলোকে সুযোগ দেওয়া হচ্ছে। স্বাভাবিকভাবেই প্রশ্ন আসছে এই বিষয়গুলো। এই যে ফি স্ট্রাকচার বাড়িয়ে দিচ্ছে, এগুলো নিয়ে আমরা কোন কথা বলছি ? আমাদের এই নিয়ে কোন ভাবনা আছে কিনা আমার খুব সন্দেহ আছে। আমি স্যার এই প্রসঙ্গে তাই একথা বলতে চাই এইভাবে আমাদের ইউনিভার্সিটি বাড়ানোর দরকার আছে কি ? যে ইউনিভার্সিটিগুলো আছে, সেই ইউনিভার্সিটিগুলোকে রক্ষা করা, যত্ন করা - এই কাজগুলো তো করার দরকার আছে। স্যার, এই যে শিক্ষার গণতান্ত্রিকরণের একটা বিষয়, আমরা দেখছি যাঁরা দিল্লিতে বসে আছেন, তাঁরা ধর্মকে বিক্রি করছেন। আমাদের সবাইকে ধর্ম গেলাচ্ছেন। আমরা দেখলাম, ভাবলামও বোধ হয় এই সরকার অন্ততঃপক্ষে বর্তমান পরিস্থিতিতে দাঁড়িয়ে ধর্ম গেলানোর কাজের ক্ষেত্রে কিছুটা অন্ততপক্ষে বাঁধার সৃষ্টি করবে। প্রেসিডেন্সি কলেজের ছাত্রছাত্রীরা একটা তথ্যচিত্র প্রদর্শনের ব্যবস্থা। করেছিল - রামকে নাম। স্যার, এই পশ্চিমবঙ্গের বুকে একটা ইউনিভার্সিটির ছেলে-মেয়েরা রামকে নাম সিনেমাটা বা তথ্যচিত্রটা প্রদর্শনের ব্যবস্থা করতে পারবে না। একটা প্রেসিডেন্সি কলেজ, যেখানে ডিরোজিওরা ছিলেন, যাঁরা স্বাধীনতা আন্দোলনে আমাদের পথ দেখিয়েছেন, সেই প্রেসিডেন্সি কলেজের বুকে আজকে রামকে নাম এই তথ্যচিত্র দেখানো যাবে না। আমার মনে পড়ে স্যার ব্রাত্যবাবু এখানে আছেন, নাটক হচ্ছে পশুখামার, এক জায়গায় প্রদর্শন হচ্ছে, প্রদর্শন বন্ধ হয়েছিল। মাননীয় প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য বলেছিলেন যে ওসব চলবে না, ওই নাটক প্রদর্শনের ব্যবস্থা করতে হবে, দেওয়ার ব্যবস্থা করেছিলেন। আমি তাই ভাবছি যে আজকে আমাদের রাজ্যের বুকে ওই প্রেসিডেন্সির ছাত্রছাত্রীরা ওই সিনেমাটা প্রদর্শনের ব্যবস্থা করতে পারবে না। তাহলে গণতান্ত্রিক ব্যবস্থাটা কোন জায়গায় ? এই রাজ্যেও তো লুণ্ঠিত হচ্ছে। আমরা উপরি একটা কাঠামো তৈরি করছি, ঝাঁ চকচকে ব্যবস্থা। আমাদের ছেলে-মেয়েদের শিক্ষার অঙ্গনে আসবে, বিভিন্নভাবে ব্যবস্থা করছি, তারা আসবে। আমি শিক্ষামন্ত্রীর কাছে বলার সুযোগ পেয়েছি। ব্রজমোহনবাবুরা তো আর বলবেন না, আমাদেরকে ভুলগুলো একটু ধরিয়ে দিতে হবে। স্যার,

সরকার বোধ হয় সিদ্ধান্ত নিতে চলেছেন, জানি না নেবেন কিনা।

[2:20 – 2:30 p.m.]

আগামী শিক্ষাবর্ষ থেকে ক্লাস ফাইভ চলে যাবে প্রাথমিক বিভাগে। স্যার, প্রাইমারি স্কুলগুলির সেই পরিকাঠামো আছে, যেখানে যাবে ক্লাস ফাইভের ছেলে-মেয়ে গুলো ? সেই পরিকাঠামো আছে যেখানে তাদের পড়ার ব্যবস্থা হবে? এখন কি এটা ঠিক করা হবে না যে কোন স্কুলগুলি প্রাইমারিতে ক্লাস ফাইভ পড়াবে। এখন থেকে তার সিদ্ধান্ত নিতে সরকার কোনো ব্যবস্থা করবেন না। এটা না ভাবলে তাহলে আগামী দিনে ইউনিভার্সিটিতে কারা পড়তে আসবে, কি হবে, কোন জায়গাটা আছে, প্রাথমিকে সেই শিক্ষক দেওয়ার ব্যবস্থা এগুলি যদি না করেন তাহলে মাধ্যমিকে শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়বে। আপনারা নিশ্চয়ই জানেন গ্রামের দিকে একটা কথা আছে— প্রাথমিক বিদ্যালয় থেকে ক্লাস ফাইভে আসে যারা তাদের বেশির ভাগ ক্ষেত্রেই যে পজিশনে দাড়াচ্ছে অনেকেই ঠিকঠাক মতন নামটাও লিখতে পারলে শিক্ষক দেওয়া যাবে না। আজকে দুই বছর ধরে এই দপ্তর ঠিক করতে পারল না ১০০ পয়েন্ট রোস্টারটা কে ঠিক করে দেবে - জেলা ঠিক করবে, না রাজ্য ঠিক করবে, না মধ্যশিক্ষা পর্ষদ ঠিক করবে। এক একটা স্কুলে পাঁচটা-ছয়টা করে পোস্ট ফাঁকা পড়ে আছে। তারা রোস্টার ঠিক করতে পারছে না বলে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। স্যার, পাঠ্যক্রম - আগেই বলেই। একদিন এখানে বলেছি। সিলেবাস নতুন করে দেখার জন্য কমিটি তৈরি করেছেন। আমরা বারবার করে বলতে চাইছি যে শিক্ষা ব্যবহার টোটাল বিষয়টা দেখার দরকার যে কি অবস্থায় আছে। ক্লাস ফাইভের ইংরাজি বইটা যাঁরা পড়েছেন আর ক্লাস - টেনের ইংরাজি বইটা পড়তে যাবেন। ক্লাস ফাইভের ইংরাজি বইটা ক্লাসে যখন শিক্ষক যায় একজন নতুন কেউ গেলে তিনি বিপদে পড়বেন তার bombastic words দেখে। অথচ ক্লাস টেনে যান। কারা ঠিক করছে ? ভাবনাটা কি ক্লাস ফাইভে পড়তে আসছেন তাদের কাছে কি বিষয়টা আমি তুলে ধরছি। এই বিষয়গুলি ভাবার দরকার আছে। তাই স্বাভাবিকভাবে আজকে বলতে গিয়ে এই রকম কতগুলি বিষয় তুলে ধরলাম। উচ্চ মাধ্যমিকে হুট করে ৬০ টাকা বেড়ে গেল তার রেজিস্ট্রেশান ফিজ। উচ্চ মাধ্যমিকে হঠাৎ করে বেড়ে গেল এই ব্যাপারটা। যাই হোক আমি এই কথাগুলি তুললাম এই কারণে। আসলে বিশ্ববিদ্যালয়ে পড়বে আসবে যেখান থেকে সেই জায়গাগুলিতে গলদ রয়ে গেছে। গলদ থাকার ফলেই ছেলে-মেয়েদের আসতে অসুবিধা হচ্ছে। এই গলদগুলি দূর করতে হবে এবং বিশ্ববিদ্যালয়ের যে বিষয়গুলি আপনারা এখানে ভেবেছেন যে নতুন নতুন বিশ্ববিদ্যালয় তৈরি করবেন এবং এদের হাতে সব তুলে দেবেন। আগামীদিনে এরাই সব শিক্ষার ব্যাপারটা দেখবে তাতে আপনাদের অর্থনৈতিক দায়বদ্ধতা কমে যাবে, অর্থনৈতিক বোঝা কমে যাবে। এই অর্থনৈতিক বোঝা কমানোর একটা পদ্ধতি নিয়েছেন। আমাদের বিভিন্ন যে ইউনিভার্সিটিগুলি আছে তাদের কন্ট্রাকচ্যুয়াল টিচারদের এখন বিজ্ঞাপন বেরচ্ছে। এই যে কন্ট্রাকচ্যুয়াল টিচার এমনকি ইউনিভার্সিটিতে নিচ্ছেন সব কন্ট্রাকচ্যুয়াল টিচার এবং তাদের বেতন এক একটা ইউনিভার্সিটি এক একজন টিচারকে এক এক রকমের বেতন দেওয়ার ব্যবস্থা করছেন। কেউ ৩৫, কোথায়ও ২১ হাজার টাকা পর্যন্ত

আছে। এই রকম কন্ট্রাকচ্যুয়াল টিচার ইউনিভার্সিটিতে রিক্রুটমেন্ট হচ্ছে। ফলে ওটা দেখেই বুঝতে পারি আসলে সরকার চাইছে আমার যে দায়দায়িত্ব এই দায়িত্ব ঝেড়ে ফেলব। এই রকম সমস্ত ইউনিভার্সিটি আমি খুলে দিয়েছি, যাও তোমরা পড়তে যাও। ওখান থেকে তোমরা ডিগ্রি কেনো। কারণ চাকরি বাকরি, তো দিতে পারব না। তোমরা ডিগ্রি কেনো, ডিগ্রি কেনার জন্য আমি কারখানা খুলে দিয়েছি। না হলে একটা প্রাইভেট কলেজকে ডিসর্ট্যান্স মোডে তার সার্টিফিকেট দেওয়ার, পড়ানোর ব্যবস্থা আমরা করছি। স্বাভাবিকভাবেই প্রশ্ন আসছে আমরা কেন এগুলি করছি ? যাই হোক আমি শেষ করব যে কথা বলে সেই কথাটা হচ্ছে অনেকগুলি যে জি.বি -তে যাদেরকে আপনারা পাঠিয়েছেন এই জি.বি.গুলিতে কাদের পাঠিয়েছেন ? যাদের পাঠিয়েছেন তাদের যোগ্যতা কি?

এই জি.বি.গুলোতে কাদের পাঠিয়েছেন ? যাদের পাঠিয়েছেন তাদের যোগ্যতা কি ? গ্র্যাজুয়েট ছাড়া পাঠাতে পারবেন ? কাদের পাঠাচ্ছেন ? কারোর টু পর্যন্ত বিদ্যা, কারোর মাধ্যমিক পর্যন্ত বিদ্যা এবং শাসক দলের যদি নেতা হতে পারেন তিনিও চলে যেতে পারেন। আমি প্রমাণ দিতে পারি। কাদেরকে পাঠিয়েছেন ? দয়া করে এদেরকে তুলে নেবেন। ঠিকঠাক লোকজনকে জি.বি-তে পাঠানোর ব্যবস্থা করুন। এইরকম লোকজন সব জি.বিতে আছেন। তারা কি করবে ? কলেজে নির্বাচন নেই। ছাত্ররা আন্দোলন করছে নির্বাচন করার জন্য। কিসের জন্য ভয় পাচ্ছেন ? নির্বাচন করতে গিয়ে ভয় পাচ্ছেন কেন ? দেখেছেন কলেজে ছেলেমেয়েদের কি সমস্যা? আজকে দেখেছেন রাজস্থানে ভোট হচ্ছে। এস.এফ.আই. কিভাবে জিতছে দেখেছেন? কেরালায় দেখেছেন ভোট হচ্ছে কিভাবে ? এখানে তো আপনারা কাউকে ক্যাম্পাসে ঢুকতে দেবেন না বলে ঠিক করেছেন। ক্যাম্পাসে ঢুকে পোস্টার মারলেই মারবেন ঠিক করেছেন। এখানে গণতান্ত্রিক ব্যবস্থাটা রাখেন নি। তাই স্বাভাবিকভাবেই শিক্ষক এবং ছাত্রের যে অধিকার, সেই অধিকারকে খর্ব করছেন। তাদের এই অধিকারটা অবিলম্বে ফিরিয়ে দেওয়া দরকার। ছাত্রদের গণতান্ত্রিক যে অধিকার ছাত্রদের সেটা তাদের দেওয়ার ব্যবস্থা করতে হবে। যাই হোক আমি আর আমার কথা বাড়াতে চাইছি না। আমি শুধু এই কথাটাই বলতে চাই যে, সরকার যেন ভবিষ্যতে আমাদের যে সরকারি শিক্ষা ব্যবস্থা, সেটাকে যাতে আরও বেশি অনুপ্রাণিত করে কারণ আপনারা তো কথায় কথায় অনুপ্রেরণার কথা বলেন। আমরা তাই শিক্ষা ব্যবস্থায় যাতে বেসরকারীকরণ না আসে, শিক্ষা যাতে সরকারি দিকে এগিয়ে যায় - এই অনুপ্রেরণায় যেন আমরা অনুপ্রাণিত হতে পারি সেই ব্যবস্থা আপনারা করবেন।

ডঃ রমেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমাদের পশ্চিমবঙ্গের শ্রদ্ধেয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় এবং আমাদের শিক্ষামন্ত্রী শ্রদ্ধেয় ডঃ পার্থ চট্টোপাধ্যায়ের আনীত যে বিল - The Swami Vivekananda University Bill, 2019, তাকে পরিপূর্ণভাবে সমর্থন জানিয়ে আমি এই সদনে দু-চারটি কথা বলছি। আপনারা ডানদিক থেকে যাঁরা এতোক্ষণ ধরে এমন একটা বিলের উপরে বক্তব্য বিকৃত করে, আপনারা অযথা সমালোচনা করে যে কথাগুলো বলেছেন, সে ক্ষেত্রে আমি আপনাদের বলতে চাই, আপনারা ১৯৭৭ সাল থেকে ২০১০ সাল

পর্যন্ত শিক্ষা বিস্তারে যে ভূমিকা গ্রহণ করেছিলেন, সেসব সমালোচনা করতে গেলে আমাকে অনেক - অনেক সময় নিতে হবে। তাই আমি শুধু তার উল্লেখ করে বলছি, বর্তমানে এই সদনে যে বিলটি আনা হয়েছে, সেই বিলটি স্বামী বিবেকানন্দকে স্মরণে রেখে তাঁর ক্রিয়া কর্মকে স্মরণ করে যেভাবে তিনি শিকাগোতে বক্তব্য রেখে সারা পৃথিবীতে ভারতবর্ষের আদর্শ সংস্কৃতি, ঐতিহ্য এবং মূল ভাবধারাকে পৌঁছে দিয়েছিলেন, ঠিক তেমনি করে আজকের দিনে আমরা বিবেকানন্দের ব্যাপারে বিল এনে আমাদের যে চিন্তাধারা, সেই চিন্তাধারাকে আমরা সারা বিশ্বে ছড়িয়ে দেওয়ার জন্য ভূমিকা গ্রহণ করেছি। এই বিলের মাধ্যমে আপনাদের আমি বলতে চাই, বিবেকানন্দ আমাদের জাতির পরম সম্পদ, ঐশ্বর্য, শৌর্যবীর্য, যশ, শ্রী, জ্ঞান এবং বৈরাগ্য এগুলো যাঁর মধ্যে বিদ্যমান ছিল, সেই তিনি ভারতআত্মাকে শিকাগো শহরে পৌঁছে দিয়ে সেখান থেকে বক্তব্যের মাধ্যমে সারা পৃথিবীকে আন্দোলিত করে তুলেছিলেন।

[2:30 – 2:40 p.m.]

সেখানে বক্তব্যের মাধ্যমে সারা পৃথিবীকে আন্দোলিত করে তুলেছিলেন। আমাদের বর্তমান যে শিক্ষামন্ত্রী তিনি বিবেকানন্দকে স্মরণে রেখে একটা ডিস্ট্যান্স বিল এনে তাঁর নামকে সারা বিশ্বে ছড়িয়ে দিতে চেষ্টা করছেন। ঠিক তেমনি করে শিক্ষা বিস্তারে অগ্রণী ভূমিকা গ্রহণ করবার জন্য এই ডিস্ট্যান্স বিলের মধ্যে দিয়ে বর্তমান সভ্য জগতের নানা বিদ্যা, সেই বিদ্যা কিভাবে - নিজেদের সামর্থ না থাকলেও এই বিলের মাধ্যমে যেভাবে তিনি off campus করে এবং অফ সোর ক্যাম্পাসের মাধ্যমে সারা বিশ্বে ছড়িয়ে দিতে চেষ্টা করেছেন, তার জন্য আমি তাঁকে সাধুবাদ জানাই। আপনারা যখনই বিধানসভায় আসেন, সরকার যদি কোনো বিল আনে তার বিরুদ্ধে আপনাদের কথা বলতে হবেই হবে। শুধু বলার জন্য বলা। আপনারা চিন্তা করুন তো এই বিলের মাধ্যমে যাদের সামর্থ নেই স্কুলে, কলেজে কিংবা বিশ্ববিদ্যালয়ে যাওয়ার, তারা এই ডিস্ট্যান্স এডুকেশনের মাধ্যমে মানুষ হতে পারে, জ্ঞান অর্জন করতে পারে। যারা বিশ্ববিদ্যালয়ে গিয়ে পড়াশোনা করতে পারে না, যাদের জ্ঞানের আকাঙ্খা প্রবল, তারা এই ডিসটেন্স এডুকেশনের মাধ্যমে শিক্ষিত হতে পারে, নিজেদের মনে শান্তি আনতে পারে। তাই আমাদের দায়িত্ব বিবেকানন্দের মতো একজন ব্যক্তিত্বকে সারা বিশ্বে আবার ছড়িয়ে দিতে হবে। ক্যাম্পাস হবে, অফ সোর ক্যাম্পাস হবে। সেইসব ক্যাম্পাসের মাধ্যমে আমাদের বর্তমান সভ্য জগতের ল, টেকনিক্যাল এডুকেশন, আর্কিটেকচারের বিদ্যা থেকে শুরু করে সমস্ত কিছুকে ছড়িয়ে দেবার জন্য এবং তার উপরে থাকবে একটা নাম স্বামী বিবেকানন্দ। স্বামী বিবেকানন্দ আবার ঘরে ঘরে জন্মগ্রহণ করবেন, সারা পৃথিবীর এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত, গ্রাম হতে গ্রামান্তরে, লোকান্তের কুঞ্জবনে। আমাদের এই বিল আনার উদ্দেশ্য বিবেকানন্দকে স্মরণীয় রাখা এবং তার সঙ্গে সঙ্গে বাস্তব কারণে মানুষকে বিভিন্ন বিষয়ে ঘরে বসে শিক্ষা অর্জনের ব্যাপারে প্রচেষ্টা গ্রহণ করা। এই ব্যাপারে কি আপনারা বলতে পারবেন যে এটা ঠিক হচ্ছে না? কেবলমাত্র তো restricted রাখা হচ্ছে না পশ্চিমবঙ্গে। এটাকে ছড়িয়ে দেওয়া হচ্ছে সমস্ত জায়গায়। এই জন্য আমি আর একবার ধন্যবাদ জানাব আমাদের শিক্ষামন্ত্রীকে এবং আপনারা

এটা যে শুনছেন, সমালোচনা করতে গিয়ে বিচলিত বোধ করছেন তাই সকলকে ধন্যবাদ জানিয়ে আমার ক্ষুদ্র কথা এখানেই শেষ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় শিক্ষামন্ত্রী একটা বিল নিয়ে এসেছেন প্রাইভেট ইউনিভার্সিটি বিল এবং যে বিলটির নামকরণ করেছেন স্বামী বিবেকানন্দ ইউনিভার্সিটি বিল, ২০১৯। আমি সেই বিলের উপর আমার বক্তব্য রাখছি। স্যার, আমি প্রথমেই বলি উনি যেখানে শেষ করছেন আমি সেই জায়গাটায় বলি। Considering the growing need for quality facilities in the State-s higher education system to cater to the growing number of students emerging out of the State-s secondary school system, the State Government formulated a Policy "published in the Official Gazettee vide Notification No. 142-Edn(U) dated 31.01.2013, to provide a stable policy and institutional framework to encourage private investment in the State-s higher education system, with an emphasis on the guiding principles of "expansion inclusion and quality". স্যার, যাঁরা এই দায়িত্বটা নিচ্ছেন, যাঁরা প্রাইভেট ইউনিভার্সিটি শুরু করেছেন তাঁরা ইতিমধ্যে ১০টি কলেজ এবং ৭টি ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট চালিয়েছেন। যদি তাঁদের নামটা দিতেন ভাল হত। ঠিক আছে। এর নাম হচ্ছে দি রিজেন্ট এডুকেশান অ্যান্ড রিসার্চ ফাউন্ডেশন। স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী তিনি নিশ্চয়ই তাঁর বুদ্ধিমত্তা দিয়ে এবং সরকারের সিদ্ধান্ত অনুযায়ী অথবা মুখ্যমন্ত্রীর সিদ্ধান্ত অনুযায়ী তিনি এই প্রাইভেট ইউনিভার্সিটি স্থাপন করছেন। স্যার, এটা যখন প্রথম শুরু হয়, সম্ভবতঃ ১৩-১৪সালে যেটা কিছুক্ষণ আগে একজন বক্তা বলেছেন। এই সিস্টেম যখন শুরু হয় আমার মনে আছে তখন ব্রাত্য বাবু এডুকেশান মিনিস্টার ছিলেন এবং আমরা - এবারেও আমি দিয়েছি যে সিলেক্ট কমিটি তৈরি করার জন্য এবং সিলেক্ট কমিটিটা অ্যাকসেপ্টেড হয়েছে এবং সেই সিলেক্ট কমিটি নিয়ে আমরা তিন বার, চার বার বসেছি। সেটা নিয়ে আলোচনা করেছি। আমাদের আলোচনার মূল বিষয়বস্তু যেটা ছিল সেটা আমি আজকে বলছি। যদিও সংখ্যাগরিষ্ঠতার অধিকারে - আমার আগে মাননীয় প্রদীপ বাবু বলেছেন, অন্যান্যরা বলেছেন যে সংখ্যাগরিষ্ঠতা যখন আপনাদের আছে তখন নিশ্চয়ই এই বিল পাশ হবে। আমরা সেদিনও যে কথা বলেছিলাম যে আমরা কেন এনকোয়ারী করছি না। প্রাইভেট ইনস্টিটিউশান যখন কোথাও তৈরি হয় সেই প্রাইভেট ইনস্টিটিউশানে তাদের কতখানি যোগ্যতা আছে অথবা তারা কীভাবে এগিয়ে চলেছে এটা দেখার জন্য একটা কমিটি তৈরি করে সেই কমিটিকে দিয়ে ভিজিট করানো হোক। আপনি যেটা বলেছেন, মাননীয় পার্থ বাবু আপনি বিশেষ একজনের নাম বলেছেন, আমি দেখেছি সেটা বারাসত ইউনিভার্সিটির ভাইসচ্যান্সেলরকে দিয়ে আপনারা ভিজিট করিয়েছেন। আমি যেটা পড়েছি। আমার নিজের মনে হয় স্যার, আমরা যখন এই সিস্টেমটা চালু করছি, আপনি তাতে প্রথম বলেছেন, "Considering the growing need for quality facilities in the State-s higher education", আমি গতকাল একটি বিষয়ে

বক্তৃতা করতে গিয়েও বলেছি বিরোধিতা করে, আজকেও এই বিষয়টি বিরোধিতা করে আমি বলছি যে আপনি বলছেন, গ্রোয়িং নিড অর্থাৎ স্টুডেন্টদের পড়াশোনার জায়গাটা কমে গেছে, যদি তার মানে এই হয় যে গ্রোয়িং নিড ফর কোয়ালিটি ফেসিলিটিজ ইন দি স্টেটস হায়ার এডুকেশান সিস্টেম তাহলে কি আমি ধরে নেব যে আমাদের যে গভর্ণমেন্ট ইনস্টিটিউশানগুলো আছে সেখানে যে কোয়ালিটি প্রয়োজন, যে কোয়ালিটি ফেসিলিটির প্রয়োজন সেই কোয়ালিটি ফেসিলিটি কমে যাচ্ছে এবং এই কোয়ালিটি ফেসিলিটি কমে যাচ্ছে বলেই এখানে প্রাইভেট ইনস্টিটিউশনকে ডাকতে হচ্ছে যে তোমরা এস, তোমরা এসে যে কোয়ালিটি ফেসিলিটি, এই কোয়ালিটি ফেসিলিটি তাদের পৌঁছে দাও। আমি আপনার কাছে একটা কথা জানতে চাই, কিছুদিন আগে সংবাদপত্রে পড়ছিলাম যে ইঞ্জিনীয়ারিং কলেজগুলোতে অথবা টেকনিক্যাল কলেজগুলোতে, প্রায় ১১৪টার মত ইঞ্জিনীয়ারিং কলেজ আছে এবং তাতে এখনও পর্যন্ত ৫০% স্টুডেন্ট সেখানে ভর্তি হয় নি। তার উত্তরে আপনারা বলেছেন আরও ছেলেরা আসছে, ভর্তি হবে। একথা কর্তৃপক্ষ বলেছেন। আমি বলছি দেখুন আমাদের অবস্থাটা কোথায় যাচ্ছে? আমাদের ১১৪টা ইঞ্জিনীয়ারিং কলেজে বা টেকনিক্যাল কলেজ সেখানে যদি ৫০%স্টুডেন্ট ভর্তি না হয় তাহলে আমাদের এটা ধরে নিতে হবে প্রাইভেট কি গভর্ণমেন্ট ইনস্টিটিউশান যাই হোক না কেন সেখানে আমাদের ফেলিওর আছে। আমরা কেন এত ছাত্র ভর্তি করতে পারছি না। ৫০%স্টুডেন্ট মাত্র ভর্তি হচ্ছে।

[2:40 – 2:50 p.m.]

আপনি নিজে বলেছেন আমাদের এখানকার ডিগ্রি কলেজগুলোতে এখনো পর্যন্ত অনেক সীট খালি আছে। আপনি অন্‌লাইন্‌ সিস্টেম করেছেন যাতে ভর্তিতে কোনো জোর-জবরদস্তি না হয় - ভালো কথা। আপনি বলেছেন কোনো দুর্নীতি না হয় - ভালো কথা। কিন্তু তা সত্ত্বেও স্যার, মাননীয় পার্থবাবু নিজেই বলেছেন যে আমাদের যে সমস্ত কলেজগুলোতে এখনো ফাঁকা আছে, সেগুলোতে ভর্তি করানোর জন্য চেষ্টা হচ্ছে এবং সেখানে চেষ্টা করছি যাতে সেই জায়গাতে আরো ছাত্র ভর্তি হয়। এককালের ছাত্র আন্দোলনের কর্মী হিসেবে আপনি যে কাজ করছেন, আমিও মনে করি যে, সেই জায়গাগুলোতে ভর্তির জায়গা যদি করে দেওয়া যায় - ভালো হয়। কিন্তু তার পথটা তো এই নয় যে সেই জায়গাটায় আরো প্রাইভেট ইন্সটিটিউশান নিয়ে আসি এবং তারা বোধ হয় আরো ফেসিলিটিজ আরো কোয়ালিটিস আমদানি করে, তার মানে আমাদের এখান থেকে সেখানে তাহলে বিশেষভাবে শিক্ষা হবে। আমার মনে হয় না সেই জায়গাটায় এটা হবে। আমি পরবর্তী পর্যায়ে আপনার কাছে যেটা বলতে চাইছি সেটা হ'ল, কিছুক্ষন আগে শ্রদ্ধেয় শিক্ষক মহাশয় — রাষ্ট্রপতি পুরষ্কার প্রাপ্ত, মাননীয় প্রধান শিক্ষক মহাশয়-তিনি রবীন্দ্রনাথের কথা বলেছেন, তিনি বিবেকানন্দের কথা বলেছেন। আমি স্যার, আপনাকে একটা কথাই বলব। আমি আপনার মাধ্যমে এই সভাকে জানাতে চাই যে, আজকে মর্ডানাইজেশানের কথা বলেছেন। তাহলে মর্ডানাইজেশান কি আমাদের যে বর্তমান সিলেবাস, যেগুলো গভর্ণমেন্ট ইন্সটিটিউশান-সেটা ক্যালকাটা ইউনিভার্সিটি হ'তে পারে, অন্য জায়গার আন্ডারে হ'তে পারে,

যাদবপুর ইউনিভার্সিটির আন্ডারে হ'তে পারে, বর্ধমান ইউনিভার্সিটির আন্ডারে হ'তে পারে - সেখানে কি মর্ডানাইজেশান হচ্ছে না ? শুধু মর্ডানাইজেশান ঢুকলে আমার মনে হয় - একজন বক্তা বলছিলেন, তিনি বলছিলেন যে, মর্ডানাইজেশান চাই, সুতরাং মর্ডানাইজেশান করতে গেলে প্রাইভেট ইউনিভার্সিটি ছাড়া মর্ডানাইজেশান হবে না। আমার মনে হয় এটা সম্পূর্ণ ভুল। আমাদের ব্রজদা রবীন্দ্রনাথের কথা বলেছেন এবং বিবেকানন্দের কথা বলেছেন। আমি স্যার বিবেকানন্দ ইউনিভার্সিটি যার নামে হচ্ছে, আমি তাঁর একটা কথা উল্লেখ করতে চাই। তিনি কি বলেছেন। শিক্ষার সম্পর্কে বিবেকানন্দের নিজস্ব মন্তব্যটা কি ? বিবেকানন্দ শিক্ষার সম্পর্কে বলতে গিয়ে বলেছেন, "Education is the manifetation of perfection already in man." আমি জানি না এখানে যাঁরা আছেন, যাঁরা এই সংস্থা তৈরি করেছেন, তাঁদের কেউ এখানে আছেন কিনা। যদি থাকতেন, তাহলে তাঁরা বুঝতে পারতেন যে, বিবেকানন্দের নামটি এখানে সংযোজিত করে শিক্ষার কি ধরনের প্রভাবকে তাঁরা সৃষ্টি করার চেষ্টা করছেন। বিবেকানন্দ বলেছেন যে, প্রত্যেক মানুষের মধ্যে ভিত্তি আছে, সেটা শিক্ষার ভিত্তি হোক, মনুষ্যত্বের বিবৃতি হোক, এগিয়ে চলার প্রবৃত্তি হোক - যাই হোক না কেন, এটা নতুন করে শেখাতে হয় না। তার মধ্যেই সেটা আছে, সেই প্রদীপটা জ্বালিয়ে দিতে হয়। এটা আমার কথা নয়, এটা বিবেকানন্দের কথা। "Education is the manifetation of perfection already in man." রবীন্দ্রনাথ কি বলেছেন ? রবীন্দ্রনাথ একটা অদ্ভুত কথা বলেছেন বিবেকানন্দ সম্পর্কে। রবীন্দ্রনাথও শিক্ষার সম্পর্কে বলেছেন। তিনি শিক্ষার সম্পর্কে বলতে গিয়ে বার বার বিশ্বভারতীর কথা বলেছেন, যে বিশ্বভারতী তিনি তৈরি করেছিলেন। আপনারা জানেন স্যার, আমি আপনার মাধ্যমে সভায় জানাতে চাই, মাননীয় শিক্ষামন্ত্রী আছেন। তিনি নিজে এক সময় আশুতোষ কলেজের ছাত্র ছিলেন। তিনি ভালোভাবে পড়াশুনা করেছেন। আমি আপনাদের কাছে বলছি যে, যখন বিশ্বভারতী ইন্সটিটিউশন তৈরি করেছেন, তাঁকেও অনেক কঠিন জায়গার ওপর দিয়ে চলতে হয়েছে। একটা সময় বিশ্বভারতী বন্ধ হয়ে যাওয়ার মতো অবস্থা হয়েছিল। একটা সময় রবীন্দ্রনাথ মহাত্মা গান্ধীর কাছে গিয়ে বলেছেন যে, আমার বিশ্বভারতী চলছে না , বোধহয় বন্ধ হয়ে যাবে, আপনি একটু দেখুন। তখনকার দিনে রবীন্দ্রনাথ গান্ধীজীকে এই কথা বলার পর গান্ধীজী একটি সোর্স বলে দিয়েছিলেন যে, আমি চিঠি লিখছি, ওখানে যান, সেখান থেকে আপনি টাকা পাবেন, আপনি বিশ্বভারতীটা চালান যেমন করেই হোক।

আবার পরবর্তী পর্যায়ে রবীন্দ্রনাথের মৃত্যুর সময় গান্ধীজী যখন তাঁকে দেখতে এসেছেন, গান্ধীজী তাঁর স্ত্রীকে নিয়ে একটা দিন ছিলেন সেখানে, তার পরের দিন তিনি যখন চলে যাবেন তখন রবীন্দ্রনাথ একটা চিঠি ধরিয়ে দিয়েছিলেন মহাত্মা গান্ধীর হাতে। পরে তিনি যখন সেই চিঠি দেখলেন সেই চিঠিতে লেখা আমি চলে যাচ্ছি, আমার বিশ্বভারতীকে দেখবে কে জানি না, কিন্তু আপনিই পারেন এই বিশ্বভারতীকে বাঁচাতে, সুতরাং আপনি দেখবেন। In the year of 1941 চলে গেলেন মহাত্মা গান্ধী। আমি আপনাদের কাছে এই কথা দুটো উল্লেখ করলাম এই জন্যই যে মহাত্মা গান্ধী তাঁর মৃত্যুর আগে মৌলানা আবুল কালাম আজাদ যখন দেশের শিক্ষামন্ত্রী ইন্টারিম

গভর্ণমেন্টের, তাঁর হাতে চিঠিটা দিয়ে বললেন রবীন্দ্রনাথের বিশ্বভারতীকে তোমরা দেখো। In the year 1951 ভারতবর্ষে একটি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় হলো যার নাম বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়। স্যার, কথাটা আমি এই জন্যই বললাম যে, সরকারি ব্যবস্থাপনার মধ্যে দিয়েও আমরা অনেক কিছু করতে পারি, যদি আমাদের চিন্তাভাবনা থাকে। সেই চিন্তাভাবনাকে সামনে রেখে আমরা যদি এগিয়ে চলতে পারি তাহলে অনেক ভালো হবে। স্যার, বেসরকারীকরণের কথা হচ্ছিল। আমি একটা জায়গার কথা বলছি মাননীয় মন্ত্রীকে - আমি একটা কথা বলছি যে এখানে। একটা শব্দ এটা কি উল্লেখ করা উচিত হয়েছে? আপনারা একটা ওয়ার্ড দিয়েছেন সেখানে, আমি অবাক হয়ে গেছি, আপনারা কর্পোরেট কথাটা লিখলেন যে এখানে তাঁরা বলছেন যে কর্পোরেটের, কাজ হয় এই বিশ্ববিদ্যালয়কে তৈরি করবো। আমি জানি না কেন তাঁরা এই কথাটা লিখলেন। এই কর্পোরেট কথাটাকে এর সঙ্গে কেন যুক্ত করলেন আমি বুঝতে পারলাম না। যাই হোক তাদের ইচ্ছা আছে ব্যবসা করার, এই ব্যবসা করার মানসিকতা নিয়েই তাঁরা এগিয়ে চলেছেন এবং আগামীদিনেও তাঁরা চলবেন। আমি মাননীয় শিক্ষামন্ত্রী, আপনার কাছে বলছি আর আগে যে সমস্ত প্রাইভেট বিদ্যালয়গুলো আমরা করেছিলাম, যে প্রাইভেট ইউনিভার্সিটিগুলো করেছিলাম, আমি আপনার বক্তব্য রাখার সময় আপনি এটা কি বলবেন যে তাদের বর্তমান অবস্থাটা কি? আমি আর একটা কথা বলবো সেটা হলো এই আমরা ১০টা ইউনিভার্সিটি করেছি, তার মধ্যে এক্সপার্ট কমিটি কনস্টিটিউটেড হয়েছে এ্যাডামস্ ইউনিভার্সিটিতে, এ্যমিটি ইউনিভার্সিটিতে এক্সপার্ট কমিটি কনস্টিটিউট হয় নি, ব্রেনওয়্যার ইউনিভার্সিটিতে এক্সপার্ট কমিটি কনস্টিটিউট হয় নি, JIS ইউনিভার্সিটিতে এক্সপার্ট কমিটি কনস্টিটিউট হয় নি, সিক্কম্ ইউনিভার্সিটিতে এক্সপার্ট কমিটি কনস্টিটিউট হয় নি, সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটিতে এক্সপার্ট কমিটি কনস্টিটিউট হয় নি, জেভিয়ার্স ইউনিভার্সিটিতে এক্সপার্ট কমিটি কনস্টিটিউট হয় নি এবং টেকনো ইউনিভার্সিটিতে এক্সপার্ট কমিটি কনস্টিটিউট হয় নি। হয়তো অনেকগুলিতে শেষ কালে হয়েছে।

আমি বলছি এগুলো আমাদের লক্ষ্য করা দরকার যে আমরা যেটা করেছি, আমরা যে অধিকারটা তাদের দিয়েছি ইউনিভার্সিটি জন্য, সেই ইউনিভার্সিটিতে যেগুলো করা উচিত - যেমন আমি আপনার কাছে একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছি, অ্যামেন্ডমেন্ট দিয়ে বলেছি যে ৬ মাসের মধ্যে এই এক্সপার্ট কমিটি যেন তাঁরা তৈরি করেন। এই ব্যবস্থাটা তৈরি করতে হবে। স্যার, আমি আপনার মাধ্যমে আরও যেটা বলতে চাই যেমন এখানে তাঁরা বলছেন, মাননীয় শিক্ষামন্ত্রী এর আগেও আমি প্রতিবাদ করেছিলাম যে এগুলো ভুল হচ্ছে। তাঁরা বলেছেন ২৫%, আপনারা তো বলেছেন যা করেছেন খুব ভালো করেছেন, কেউ বলছেন মাননীয় মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায়, ভালো কথা, নিশ্চয়ই অনুপ্রেরণা থাকবে, অনুপ্রেরণা না থাকলে পার্থবাবুরা করবেন কি করে। কিন্তু আমি বলছি তাঁরা বলছেন যে আমাদের এই রাজ্যের ২৫% স্টুডেন্ট হবে। আমি বলছি তারা এটা কিভাবে বলতে চাইলেন যে, আমরা ২৫% নেব এই রাজ্য থেকে, আর বাকি সব অন্য রাজ্য থেকে আসবে এখানে পড়তে? আমাদের এখানকার ছেলেমেয়েরা তারা পড়তে পারবে না। আর

একটা কথা বলছেন ননটিচিং স্টাফ কত পার্সেন্ট থাকবে ? না, ননটিচিং স্টাফ আমাদের রাজ্যের ৫০% পার্সেন্ট থাকবে।

[2:50 – 3:00 p.m.]

অর্থাৎ স্যার, যদি কারও এই রকম অবস্থা হয় যে তিনি নন-টিচিং স্টাফে এ্যাপ্লাই করলেন সেই নন-টিচিং স্টাফ আমি বলছি না কার নাম মিত্র, কার নাম বন্দ্যোপাধ্যায়, কার নাম অন্য কোন কিছু মানে বাংলার ছেলে বাংলার যদি নন-বেঙ্গলি ছেলেও হয় তাকে নিতে কোন আপত্তি নেই। কিন্তু আমাদের স্টেট এই কথাটা উল্লেখ করছে যে, আমাদের স্টেটে ৫০% নন-টিচিং স্টাফ হবে আমাদের রাজ্যের আর বাকি সব বাইরের থেকে আসবে। মাননীয় শিক্ষামন্ত্রী আমি আপনার কাছে বলছি এটা যদি হয় এই ভাবে বেঁধে দেয় এটা শুরু থেকেই কিন্তু এক জিনিস হচ্ছে। ব্রাত্যবাবুদের আমল থেকেও তাঁরা যেটা করেছেন এখনও সেটা করছেন। Still now it is going on. আমি আপনাকে অনুরোধ করব এই ধরণের ব্যবস্থা যদি হয় তাহলে আপনি দেখবেন এটা সত্যি সত্যি খুব অন্যায় হবে। টিচারদের ক্ষেত্রে - টিচারদের ক্ষেত্রেও যে ব্যবস্থাটা তারা রেখেছেন সেটাও খুব সঠিক নয়। তাই আমি আপনার কাছে অনুরোধ করে বলব এখনও পর্যন্ত আমাদের এখানে যে সমস্ত ছাত্রছাত্রীরা আছে তারা যথেষ্ট যোগ্যতাসম্পন্ন। হায়ার সেকেন্ডারি পর্যন্ত তাঁরা পড়াশুনা করছে যোগ্যতার মধ্য দিয়ে, তারা যোগ্যতা দেখিয়ে চেষ্টা করেছে যে আমরা পরবর্তী পর্যায় কেউ ইঞ্জিনিয়ারিং পড়তে পারি, কেউ মাষ্টার ডিগ্রি পড়তে পারি, কেউ অন্য জায়গায় যেতে পারি, কেউ রিসার্চ করতে পারি ইত্যাদি। জ্যোতির্ময়বাবু বলছিলেন, বিশেষ করে টেকনিক্যাল এডুকেশনের কথা। এটা ঠিক টেকনিক্যাল এডুকেশনে তারা হয়তো অনেক জায়গাতে অনেক কিছু প্রমান করতে পারবেন। নিশ্চয়ই টেকনিক্যাল এডুকেশনে দেখা উচিত। এটা কি আমরা জানি না যে আমাদের এখানকার ছেলেমেয়েরা টেকনিক্যালি অনেক এগিয়ে। এটা অস্বীকার করার কোন উপায় নেই। আমরা আমাদের রাজ্যে যে কম্পিউটার সিস্টেম সেই সিস্টেমটাকে অনেক পরে এনেছি। অনেক পরে আনার ফলে আমরা কর্ণাটকের থেকে অনেক পিছিয়ে গেছি। অথবা এখনও পর্যন্ত আমরা যে গতিতে এগোচ্ছি সেই গতিটা ঠিক হচ্ছে না। সেখানে পড়াশুনার ক্ষেত্রে আমাদের যতখানি এগোনোর কথা আমরা এগোতে পারছি না। আমাদের আগে হায়দ্রাবাদ আছে, আমাদের আগে মহারাষ্ট্র আছে ইত্যাদি আছে। ফলে টেকনিক্যাল এডুকেশানে বর্তমানে আমরা যে জায়গায় যাচ্ছি যদি সঠিকভাবে রাজ্য সরকারের নিজস্ব অনুপ্রেরণা হয় অন্য কারও অনুপ্রেরণা নয় ঐ যারা ব্যবসাদার তাদের অনুপ্রেরণায় নয় যদি নিজেদের অনুপ্রেরণায় এগোতে পারি। তাহলে স্যার, আমার মনে হয় আমরা যে জায়গাটায় আছি তার থেকে আমরা অনেক বেশি এগিয়ে নিয়ে যেতে পারব। আর একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। সেটা হল এই যে, মাননীয় শিক্ষামন্ত্রী আমি আবার আপনাকে অনুরোধ করব এখন কি আমরা আবার টেস্ট করে একটা পরীক্ষার সামনে এসে দেখতে পারি? আপনি আজকে এই বিলটা পাস করাবেন।

আপনাদের এই বিলটা পাস করানোর যথেষ্ট সংখ্যাগরিষ্ঠতা আছে। কিন্তু আপনার কাছে আমি যে এ্যামেন্ডমেন্টটা দিয়েছি at least আর একবার আলোচনা হোক। আজকে তো প্রায় ছয়/সাত বছর হয়ে গেছে আর একবার আলোচনা হোক এবং এর জন্য সিলেক্ট কমিটি, যে সিলেক্ট কমিটি আমি প্লেস করেছি সেই সিলেক্ট কমিটি আবার আপনি তৈরি করুন এবং সেই সিলেক্ট কমিটিতে অন্তত দুটো/তিনটে ...(ভয়েস)...এই সিলেক্ট কমিটির ব্যবস্থা করে দিলে আমার মনে হয় এটা কার্যকরি হবে। এই দাবী রেখে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ স্যার।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, দ্য স্বামী বিবেকানন্দ ইউনিভার্সিটি বিল, ২০১৯ এর উপরে এতক্ষণ যাঁরা অংশ নিয়ে তাদের বক্তব্য রেখেছেন নেপাল মাহাতো, ব্রজমোহন মজুমদার, শেখ ইব্রাহিম আলি, জ্যোতির্ময় কর, প্রদীপ কুমার সাহা, ডঃ রমেন্দ্রনাথ বিশ্বাস, অসিত মিত্র - আমি এক মিনিটের জন্যও বাইরে যাইনি, আমি প্রত্যেকের কথাই শুনেছি।

এবং শুনে আমার একটা মনে হয়েছে কেউ কেউ পড়াশুনা করেছেন মোটের উপরে, কেউ কেউ পড়াশুনা না করে বাজারি বক্তৃতা দিয়ে গেছেন। ইউনিভার্সিটি বিলের উপরে আলোচনা আমি জানি না কেন প্রাথমিক মাধ্যমিক এইগুলো আনলেন। এতো অনেকবার আলোচনা হয়েছে, আরো সুযোগ পাবেন - বলতে পারবেন। কাউকে বোধ হয় বলে এসেছেন যে আমি তোমাদের কথাটা তুলবো। এতো অনেকেই তোলেন, সুজনবাবু তো মাঝে মধ্যেই তোলেন। তো আজকে হঠাৎ এই বিলের মধ্যে এটা নিয়ে অতিরিক্ত কি সুযোগসুবিধা আছে আমি জানি না। একমাত্র বোধ হয় সংবাদ মাধ্যমে নামটা তোলা ছাড়া। এ ছাড়া তো আমি তো কিছু দেখতে পাচ্ছি না। আমি খুব খুশি হয়েছি যে এখানে প্রাক্তন ছাত্রনেতারা এই বিলের উপরে অংশ নিয়েছেন। বিশেষ করে অসিত মিত্র, ইব্রাহিম আলি, নেপাল মাহাতো বোধ হয় জেলায় নেতা ছিলেন সেইসময়। জ্যোর্তির্ময় কর আর আমাদের মাস্টারমশাই ব্রজদা তো আছেন — তিনি প্রধানশিক্ষক ছিলেন, শিক্ষার সঙ্গে যুক্ত ব্যক্তি। আমি কতগুলো concern আপনাদের জানাতে চাই। আমি বলছি যে, কতগুলো প্রশ্ন আপনাদের মনে এসেছে যে, এই সরকার বোধ হয় privatization-এ যাবে। আমরা চাই না। আগের থেকে ছিল আমরা তার নিয়ন্ত্রণ করবার চেষ্টা করছি। কিন্তু শিক্ষার যে সম্প্রসারণ ঘটছে তা enrolment ratio দেখলেই কিন্তু আপনারা বুঝতে পারবেন। ২০১১তে আমাদের enrolment ratio ছিল ১২.৪। সেইটা এখন বেড়ে গিয়ে দাঁড়িয়েছে ১৮.৭ অর্থাৎ আপনারা এই যে সবাই মিলে বলছেন না যে ফাঁকা আছে, এ আছে, তা আছে, তাতে তো ফাঁকার সংখ্যার হারে আগে অনেক বেশি ছিল। এখন এগোচ্ছে। সরকার তার আর্থিক ভিত্তির উপরে দাঁড়িয়ে শিক্ষাকে কোনোদিন compromise করেনি। মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন, ঠিক আছে আমার অভাব আছে সব আছে কিন্তু শিক্ষার ব্যাপারে আমাদের জোর দিতে হবে। ইউনিভার্সিটিকে দিয়েছে। আমি তো কোনোদিন শুনিনি ছাত্রাবস্থা থেকে আজ পর্যন্ত দ্রম দ্রুম করে ১০০ কোটি ২০০ কোটি ইউনিভার্সিটিরা পাচ্ছে apart from গুজরাট। এটাও তো এখন পরিকাঠামোগত দিক থেকে আমাদের পুরোনো university যেটা মাত্র ১২টা ছিল, তার সঙ্গে যুক্ত

হয়ে আজকে কিন্তু আমাদের university ৪২টায় পৌঁছেছে ১০ বা ১১টিকে নিয়ে। সুতরাং ওই আমি যেটা বলছি যে, ভর্তি হচ্ছে না ডিগ্রি কলেজে, অসুবিধা যেটা বলছেন, তার কারণ অন্য। আমাদের কলেজ আছে, শিক্ষক নেই বললে আমি মানবো না। শিক্ষকও আছে, নিয়মিত শিক্ষক না থাকলেও অনিয়মিত শিক্ষক দিয়ে নিয়মিতের কাজ চালাচ্ছে - শিক্ষক আছে। তারা মিলেও দেখা যাচ্ছে হার্ডলি ৫০ থেকে ৬০টা কলেজে একটা ভিড় আছে। সবাই সেখানে ভর্তি হতে চায়। আর সেই নামগুলো নিয়ে অন্য জায়গায় যায় না। পরে যখন সময় চলে যায় তখন তারা আর সুযোগ পায় না। আমাদের সরকারের মুখ্যমন্ত্রী নিজে থেকে বলেছিলেন যে, যারা ভালো ছেলে ভালো মেয়ে অন্য কলেজ থেকে এখানে সুযোগ নিতে পারলো না তাদের সুযোগ দেওয়া হোক। এবং আমাদের সব ছাত্রনেতারাও বলেছেন যাদের সাথে আমি দেখা করেছি, বলেছি, তাঁরাও বলেছেন যে সিটগুলো কেন পড়ে থাকবে। খরচাটা তো আমাদের আছে।

[3:00 – 3:10 p.m.]

আমাদের সেই মাস্টারমশাইদের অর্থ দিতে হবে, আমাদের সেই ল্যাবরেটরী, আমাদের সেই লাইব্রেরী, আমাদের নন-টিচিংরা সব আছে, তাহলে তার ফুল ইউটিলাইজেশানটা কেন হবে না ? সেই দিকেই লক্ষ রেখে কিন্তু আমরা সমস্ত বিশ্ববিদ্যালয়গুলোকে বলেছি, বিশেষ করে কলকাতা বিশ্ববিদ্যালয়কে সুযোগ দিতে হবে। এর পরে একটা আশঙ্কা প্রকাশ করেছেন নেপালবাবু, প্রত্যেকবারই করেন এই রকম বিল আসলেই..

মিঃ স্পীকার : উইথ দি কনসেন্ট অফ হাউস আমি ১০মিনিট সময় বাড়িয়ে দিলাম।

ডঃ পার্থ চ্যাটার্জী : যে ১০টি বেসরকারি বিশ্ববিদ্যালয় আছে, নেপালবাবু যেটা বললেন, তারা ঠিকমতন টাকা দিয়েছে কি দেয় নি, আমি আজকেই, গতবার বলতে পারিনি, আজকে জানাই, আমরা প্রত্যেকের কাছ থেকে সিকিওরিটি ডিপোজিট যা এ্যাজ পার এ্যাক্ট নিয়েছি। আজকেরটার তো এ্যাক্টটা আগামী দিনে হবে। সুতরাং এই ধারণাটা একেবারেই ভুল, যা হয়েছে, হয়েছে। এখন আমরা কিন্তু এটা নিচ্ছি। এবার হচ্ছে যে আপনারা আর একটা পয়েন্ট তুলেছিলেন, এতগুলো ইউনিভার্সিটি হচ্ছে, আপনি এবং ইব্রাহিম দুইজনেই বোধ হয় একই কথা বলেছেন, তবে বোধ হয় দুই বছর, এক বছর আগে হয়েছে, সেগুলোর কাজ কি হল ? আরে বাবা, একটা ইউনিভার্সিটির বিল্ডিং তৈরি করতে গেলে কি একেবারে রাতারাতি সব হয়ে যাবে নাকি ? যা আগে ছিল, একটা ঘর দেখিয়ে সেটাকে একটা ইঞ্জিনিয়ারিং কলেজ বানিয়ে দেওয়া, সেটা তো আমরা করতে দেবো না। ইতিমধ্যেই পূর্ব মেদিনীপুরের মহিষাদলে ইউনিভার্সিটির জায়গা এবং ঝাড়গ্রামে, হুগলীতে প্রত্যেকটি জায়গাতে পি. ডাবলিউ. ডি. আমাদের আইডেন্টিফায়েড হয়েছে, তারা কন্সট্রাকশানের কাজগুলো করছে। একটু সময় দিতে হবে। এটা তো একটা পাঠশালা নয় যে খুঁটি বেঁধে নিয়ে নিলাম। আপনারাই তো বলছেন ইনফ্রাস্ট্রাকচার ভাল হওয়া দরকার। এবং আর একটা জিনিস হচ্ছে যে আমাদের যে এক কোটি টাকা দেওয়ার কথা, সেটা কিন্তু আমরা ১০ টায় দিয়েছি, এক্ষেত্রেও সেই একই জিনিস হবে। আর একটা, সেই সময় আমিও বলেছিলাম,

এখনও বলছি, যে ফিজ স্ট্রাকচার প্রাইভেটের, এটায় আমাদের নজর দেওয়া দরকার। সেটা কলেজ আর ইউনিভার্সিটির ক্ষেত্রে শুধু নয়, স্কুলগুলোতেও আমাদের নিয়ন্ত্রণ না থাকলেও এই রাজ্যবাসী যাতে অতিরিক্ত চাপে না পড়ে ছাত্রছাত্রীদের, অভিভাবকদের সেদিকে নজর দেওয়া আছে, মুখ্যমন্ত্রী দুই বছর আগে একটা মিটিংও করেছিলেন স্কুলগুলো নিয়ে। আর আমাদের এখানে এটা জানেন যে গত সরকারেও একটা লিখে গিয়েছিলেন জাস্টিস প্রদীপ্ত রায়, তিনি কিন্তু ফিজ স্ট্রাকচার কমিটিতে ফিজ কি হবে প্রাইভেটের, সেটা নির্ধারণ করেন। এটা কিন্তু সত্য নয় যে আমরা দেখি না। আমরা দেখি যে ফিজ স্ট্রাকচার কি হবে। তবুও অন্যান্য নাম দিয়ে অনেকে অনেক কিছু করে, কেননা আপনার যে স্কুলগুলো আছে দেখুন না সরকার ২৪৫টাকা নিতে বলেছে। বিভিন্ন নামে আমরা টাকা নিচ্ছি ২ হাজার, আড়াই হাজার, আমি ধরবার চেষ্টা করছি। ধরবো তো বটেই। আমাদের নির্দিষ্ট একটা ফিজ স্ট্রাকচার কমিটি আছে, জাস্টিস প্রদীপ্ত রায়কে দিয়ে, যারা এটা দেখে দেয়। আমি এটার উপর আর বেশি সময় আর দিতে চাই না। যেমন অনেকে ভাবেন, হয়ত সময় পায়নি, বলে ফেলেছেন। সেন্ট জেভিয়ার্স কলেজ কিন্তু এখনও অটোনমাস কলেজ আছে আন্ডার ক্যালকাটা ইউনিভার্সিটি।

যেটা হয়েছে সেটা হচ্ছে নতুন সেন্ট জেভিয়ার্স ইউনিভার্সিটি, সেটা কমপ্লিটলি একটা নতুন private body at New Town। সুতরাং এটা গুলিয়ে ফেলবেন না। কে যেন বললেন, বোধ হয় ইব্রাহিম বললেন, সহৃদয়তার উপরে তুলে দিয়ে। আমরা চেষ্টা করছি, মুর্শিদাবাদে কৃষ্ণনাথ কলেজে তো সেটা করেছি, প্রেসিডেন্সি কলেজে তো করেছি। আপনাদের মহিষাদলটা কি করব সেটা আমি বুঝতে পারছি না। এটা মহাত্মা গান্ধীর নামে যাতে হয়, মনীষীদের নামে হবে। প্রদীপবাবু যতই রাগ থাক, হবে। হো চি মিনের নামে যদি রাস্তা হতে পারে, গান্ধীজীর নামে একটা ইউনিভার্সিটি হতে পারে না? হবে, হো চি মিনেরও হবে। এই মনীষীরা কি করল, এত রাগ হয়ে গেল কেন মনীষীদের উপরে ? এঁরা তো আমাদের দেশের, তাঁদের উপরে রাগ করবেন কেন ? বিদ্যাসাগরের নামে যদি ইউনিভার্সিটি হয়, আপনি রাগ করবেন ? নজরুল ইউনিভার্সিটি যদি হয় আপনি রাগ করবেন ? সিস্টার নিবেদিতা বলুন, বিবেকানন্দ বলুন, হয়নি, এখন হচ্ছে। এটা তো সাধুবাদ দেওয়ার কথা। স্কুলে এত টাইম কাটালে কি করে আপনি কলেজ, ইউনিভার্সিটি নিয়ে বলবেন ? আর একটা জিনিস আপনাদের বলি, আমি নিজে এটা দেখলাম এবং একটা floor amendmentও আসবে। আমরা কোনো প্রাইভেট ইউনিভার্সিটিকে distance education করানোর অনুমোদন দিতে পারি না এবং আমরা দেবও না। এটা যদি বিলে আসে, বিলের ওই অংশে আমরা পরিবর্তন আনব এবং এই floor amendment করব এবং distance education এর যে অনুমোদন, certificate বেচার - আপনাদের কথায়, সেটা এখনো বেচে, সেটা নতুন করে কিছু বলতে পারব না, কেননা মূল অনুমোদনটা কিন্তু কেন্দ্রীয় সরকারের থেকে আসে। তার পরে এটা হয়। এটা আমার দেব না। একটা floor amendmentও আসবে। এই মোটামুটি তো আমাদের কথা। শিক্ষক কিন্তু নিয়োগ হয়েছে। কেউ বললেন, কন্ট্রাকচুয়াল এখনো নিচ্ছে। হ্যাঁ নেবে তো। কিন্তু

তাদের নিতে গেলে আগে যে রকম জেলার নেতারা ঠিক করে দিতেন, সেটা এখন আর হবে না। এবার ইউনিভার্সিটিও যদি নেয়, তাহলেও শিক্ষা দপ্তরের অনুমোদন লাগবে, ফিনান্সের অনুমোদন লাগবে। আমি আর একটা বিষয়ে আসছি, ছাত্র ভর্তি বলুন, আর ৫০% অশিক্ষক নিয়োগ বলুন - গ্রুপ ডি-র - আগে যেহেতু পুরোনোগুলোকে আপনারা - ইউনিভার্সিটিতে চলে আসছে তাহলে তাদের হাতে কিছু লোক থাকে, সেই লোকগুলোকে তো আমি রিটায়ার করে দিতে পারব না। কিন্তু তাঁরা সবটাই নিয়ে আসবেন, আমাদের কিছুই নতুন রিক্রুটমেন্ট হবে না, সেটা যাতে না হয়, এটা আগে ছিল না, আপনারা দেখুন, প্রথম অ্যাক্টে ছিল না, এখন এটাকে রেখে দিয়েছি। পরবর্তীকালে একশো করে দেওয়া যেতে পারে। পশ্চিমবঙ্গের লোক তো বাঙালি ছাড়া অনেকেই আছে, তারাও তো পশ্চিমবঙ্গবাসী। সুতরাং তারা সুযোগ পাবে। মোটামুটি এটা তো আর কোনো নতুন বিল নয়, এর একটা ধারা তৈরি হয়ে আছে। সরকারের অভিমুখ কখনোই বেসরকারীকরণ নয়। কিন্তু দৌড়াতে গেলে যে পথটা আপনি ফেলে এসেছেন, অর্থের অভাব, অথচ আপনার চাহিদা আছে, প্রতিযোগিতায় আমাদের ছাত্রছাত্রীদের নামতে হবে, সরকার সবটা পেরে ওঠেন না। তার মানে এই নয় যে শিক্ষা তার সম্পূর্ণ বেসরকারীকরণের দিকে ঠেলে দিচ্ছে। তা কখনোই করছে না। আপনি দেখুন, আমরা কতগুলো কলেজ সরকারী এডেড কলেজ করেছি, কতগুলো ইউনিভার্সিটি আমরা সরকারী এডেড করেছি। সুতরাং আমাদের চাহিদা আছে। গুণগত মান দেখার জন্য আপনারা যাঁরা অনেকেই বলেছেন, আমি আজকে আপনাদের বলছি। এবার থেকে মনিটারিং কমিটি থাকবে, তারা অ্যাসেস করবে।

[3:10 – 3:20 p.m.]

এবার থেকে মনিটারি কমিটি থাকবে এবং তারা অ্যাসেস করবে। এই অ্যাসেসটা আমরা করতে চাই, যদি দেখা যায় তাদের গুণগত মান নেই, তাহলে সেই ক্ষেত্রে মনিটারি কমিটি যদি কোন রেকমেন্ডেশান করে আমরা সেটা মুখ্যমন্ত্রীর কাছে নিয়ে যাব, কাবিনেটে আলোচনা করব এবং তার পরে বিধানসভায় এসেও তা জানিয়ে দেব। এটা আমরা করব। কারণ আমরা কোনমতেই কোয়ালিটি এডুকেশানকে স্যাক্রিফাইশ করতে পারব না। এই কথাগুলো বলে সকলকে আমি আশ্বস্ত করছি আমরা এমন কোনো কাজ করব না যাতে সামগ্রিক আমাদের যে ঐতিহ্য, সংস্কৃতি আমাদের ফাউন্ডেশন, স্ট্রেইনথ সেটা যাতে নষ্ট হয়। আসুন আমরা সবাই মিলে এই বিলকে সমর্থন করি। নিঃসন্দেহে অ্যাক্ট হয়ে গেলেও যাঁরা বে-সরকারীভাবে ইউনিভার্সিটি চালাচ্ছেন বা চালাবেন তাঁদের উপরে কিন্তু সরকারের নজরদারি থাকবে যেমন অন্যদের ক্ষেত্রেও আমাদের নজরদারি আছে।

Mr. Speaker: The question before the House is the amendment moved by Shri Asit Mitra that the Swami Vivekananda University Bill, 2019 be referred to a Select Committee of the House.

As many as are of that opinion, please say Aye.

As many as are of the contrary opinion, please say No.

Noes have it; Noes have it.

Now the question before the House is the motion of Dr. Partha Chatterjee that the Swami Vivekananda University Bill, 2019 be taken into consideration.

As many as are of that opinion, please say Aye.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it; Ayes have it.

Clause 2

Mr. Speaker : There is one amendment to clause 2 being amendment No.6 by Shri Nirmal Ghosh: Shri Ghosh may now move his amendment.

Shri Nirmal Ghosh: Sir, I beg to move that in clause 2, sub-clause (5) be omitted.

Dr. Partha Chatterjee: Sir, I am accepting the amendment.

Mr. Speaker: The question before the House is the amendment No.6 moved by Shri Nirmal Ghosh.

As many as are of that opinion, please say Aye.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it; Ayes have it.

The question before the House is that clause 2, as amended, do stand part of the Bill.

As many as are of that opinion, please say Aye.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it; Ayes have it.

Clauses 3 - 5

Mr. Speaker: The question before the House is that clauses 3-5 do stand part of the Bill.

As many as are of that opinion, please say Aye.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it; Ayes have it.

Clause 6

Mr. Speaker: There is one amendment to clause 6 being amendment No.7 by Shri Nirmal Ghosh: Shri Ghosh may now move his amendment.

Shri Nirmal Ghosh: Sir, I beg to move that in clause 6, in sub-clause (iii), the words "and distance" be omitted.

Dr. Partha Chatterjee: Sir, I am accepting the amendment.

Mr. Speaker: The question before the House is the amendment No.7 moved by Shri Nirmal Ghosh.

As many as are of that opinion, please say Aye.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it; Ayes have it.

The question before the House is that clause 6, as amended, do stand part of the Bill.

As many as are of that opinion, please say Aye.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it; Ayes have it.

Clause 7

Mr. Speaker: There is one amendment to clause 7 being amendment No.1 by Shri Asit Mitra. Shri Mitra may now move his amendment.

Shri Asit Mitra: Sir, I beg to move that in clause 7, in the last line, after the word and sign "class, " the words and sign "ethnicity, dietary practice" be inserted.

Dr. Partha Chatterjee: Sir, I am not accepting the amendment.

Mr. Speaker: The question before the House is the amendment No.1 moved by Shri Asit Mitra.

As many as are of that opinion, please say Aye.

As many as are of the contrary opinion, please say No.

Noes have it; Noes have it.

The question before the House is that clause 7 do stand part of the Bill. As many as are of that opinion, please say Aye.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it; Ayes have it.

Clauses 8 – 38

Mr. Speaker: The question before the House is that clauses 8-38 do stand part of the Bill.

As many as are of that opinion, please say Aye.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it; Ayes have it.

Clause 39

Mr. Speaker: There is one amendment to clause 39 being amendment No.2 by Shri Asit Mitra. Shri Mitra may now move his amendment.

Shri Asit Mitra: Sir, I beg to move that in clause 39, in sub-clause (1), in the last line, after the word "Act" the following words be inserted:

"and the rules so made should be notified within six months from the date of commencement of this Act."

স্যার, এটা আমি এর আগেও বলেছি, এখনো বলছি। স্যার, এইটা মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ৬ মাস সময় দিয়ে তাদের বলুন, আমার মনে হয় এটা যদি আপনি গ্রহণ করেন তাহলে একটা উল্লেখযোগ্য ডিসকাস হবে।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, নেপাল মাহাতো এই প্রশ্নটি তখন তুলেছিলেন। আমাদের যে সমস্ত ইউনিভার্সিটি এই ১০টির, প্রত্যেকটির রুলই কিন্তু তৈরি হয়ে গেছে। আপনি কি করে খবর পেলেন আমি জানি না। আর এটা ৬ মাস কেন? এই অ্যাক্ট পাস হওয়ার যত শীঘ্র সম্ভব রুল তৈরি হবে। ৬ মাস ট মাস নয়। রুল তৈরি হবে এবং অ্যাক্ট পাস হয়ে যাওয়ার পর

ইউনিভার্সিটি শুরু হলে অ্যালং উইথ দ্যাট রুল দিয়েই শুরু করবে। এটা অলরেডি ডিপার্টমেন্টে বলা আছে।

অসিত দা, একটা ভুল তথ্য হচ্ছে, যে রুলস্ তৈরি হয়নি, নেপাল মাহাতো বললো। রুলস্ তো ১০টা ইউনিভার্সিটিরই তৈরি হয়ে গেছে।

Mr. Speaker: The question before the House is that the amendment no. 2 moved by Shri Asit Mitra to vote.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion will please say No.

Noes have it. Noes have it.

Now I put to vote clause 39 do stand part of the Bill.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clauses 40 and 41

Mr. Speaker: There is no amendment to Clauses 40 and 41. So I put to vote Clauses 40 and 41 do stand part of the Bill.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clauses 42

Mr. Speaker: There are two amendments (amendment nos. 3 & 4) to Clause 42 of Shri Asit Mitra. The amendments are in order and Shri Mitra may now move his amendments.

Shri Asit Mitra : Hon'ble Speaker, Sir, I beg to move that in clause 42, in the last line, after the word "Act", the words and sign "by an order published in the Official Gazette and the order should not contain anything inconsistent

with the provisions of this Act." be inserted. (amendment no. 3)

ডঃ পার্থ চ্যাটার্জী : স্যার, এটা আমি গ্রহণ করতে পারছি না।

Mr. Speaker : Now the question before the House is that the amendment no. 3 moved by Shri Asit Mitra to vote.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion will please say No.

Noes have it. Noes have it.

Shri Asit Mitra: Mr. Speaker, Sir, I beg to move that in clause 42, the following proviso be added:

"Provided that, no such order shall be made after the expiry of the period of one year from the date of commencement of this Act." (amendment no. 4)

ডঃ পার্থ চ্যাটার্জী : স্যার, আমি তো এর উত্তর আগেই দিয়ে দিয়েছি, এটা আর গ্রহণ করে কী হবে ?

Mr. Speaker: Since the amendment no. 3 moved by Shri Asit Mitra has not been carried and the other amendment, amendment no. 4 proposed by Shri Asit Mitra in clause 42 automatically falls through.

Now I put to vote clause 42 do stand part of the Bill.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

CLAUSES 43 to 45

Mr. Speaker: There is no amendment to Clauses 43 to 45. So I put to vote Clauses 43 to 45 do stand part of the Bill.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker: There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So I put to vote Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Dr. Partha Chatterjee: Hon'ble Speaker, Sir, I beg to move that The Swami Vivekananda University Bill, 2019, as settled in the Assembly, be passed.

Mr. Speaker: The question before the House is that The Swami Vivekananda University Bill, 2019, as settled in the Assembly, be passed to vote.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

The Bill is passed. The Bill is passed.

ADJOURNMENT

The House was then adjourned at 3.20 p.m. till 11.00 a.m. on Thursday, the 5th September, 2019 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 5th September, 2019 at 11:00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 14 Ministers-in-Charge, 11 Ministers of State and 148 Members.

[11:00 – 11:10 a.m.]

শ্রী আব্দুল মান্নান : স্যার, আমি একটা নোটিশ জমা দিয়েছিলাম, no confidence। আজকে স্যার টিচার্স ডে। আমরা সবাই অনেকে কর্মসূচীতে ব্যস্ত। আমাদের চিফ মিনিস্টারও ব্যস্ত একটা সরকারী প্রোগ্রাম আছে। আজকে টিচার্স ডে। সেই জন্য আজকে নোটিশটা মুভ করব না, আপনি আর একটা হাউসের দিন যদি এ্যালাউ করেন তাহলে সেইদিনই আমরা মুভ করব স্যার।

মিঃ স্পীকার : ঠিকই আজকে আমাদের টিচার্স ডে, আমাদের বিধানসভার অনেক মাননীয় সদস্য শিক্ষকতা করেছেন, অনেকে শিক্ষাকতা করছেন এখনও, তাদের সবাইকে আমি অভিনন্দন জানাই। রাজ্য সরকারও আজকে একটা অনুষ্ঠানের আয়োজন করেছেন। আজকে আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভার লবিতে সর্বপল্লী রাধাকৃষ্ণনের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করব, আমাদের আজকের অধিবেশনের শেষে। (এই সময় মাননীয় সদস্য শেখ আমজাদ হোসেন কিছু বলতে ওঠেন) ঠিকই, আমি সকলকে অভিনন্দন জানিয়েছি বিধানসভার সদস্য আপনারা সকলে শিক্ষা জগতের সঙ্গে যুক্ত রয়েছেন, আমাদের মাননীয় মন্ত্রী রয়েছেন পার্থ চট্টোপাধ্যায় শিক্ষামন্ত্রী।

LEGISLATION

The Hindi University, West Bengal Bill, 2019

Dr. Partha Chatterjee : Sir, I beg to introduce The Hindi University, West Bengal Bill, 2019.

(Secretary then read the title of the Bill)

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the Hindi University, West Bengal Bill, 2019 be taken into consideration.

মিঃ স্পীকার : আমাদের এখানে নাম রয়েছে আলি ইমরাম রামজ্, আমাদের বামফ্রন্টের পরিষদীয় দলের নেতা তিনি বলে গেলেন উনি একটু পরে আসছেন। না হলে হয়তো আমাদের সুজনবাবু বলবেন।

শ্রী ব্রজমোহন মজুমদার : (অনুপস্থিত)

श्री मनोज तिग्गा : धन्यवाद सर, सबसे पहले शिक्षक दिवस के उपलक्ष्य में आपको और यहाँ पर विधान सभा में उपस्थित सभी का अभिनन्दन विशेष करके हमारे शिक्षकों के गुरु हमारे शिक्षा मंत्री उनको भी अभिनन्दन जनाते हुए आज जो बिल यहाँ पर लाया गया है The Hindi University, West Bengal, Bill 2019 निश्चय ही यह हिन्दी भाषियों के लिए अच्छी बात है कि बहुत दिनों से मांग थी कि हिन्दी मे प्रश्न पत्र हो, हिन्दी मे स्कुल हो, नेपाली मे स्कुल हो, हिन्दी मे कॉलेज हो, हिन्दी मे University हो - निश्चय ही यह एक स्वागत योग्य बात है। Long Pending Demand जब पुरा होता है तो निश्चय ही समाज मे खुशी का संचार होता है, लेकिन साथ ही मै माननीय शिक्षा मंत्री जी को यह भी याद दिलाना चाहता हूँ कि 1997 में तत्कालिन कॉंग्रेस सरकार ने एक University पास किया था संसद में International Mahatma Gandhi Hindi University पश्चिम बंगाल के लिए जो कि शुरु मे पार्क सर्कस मे चलता था भाड़ा में, आज भी वह महात्मा गाँधी University जो है Central University Salt Lake में वर्धा में कही न कही भाड़ा मे चल रहा है। तो कई बार राज्य सरकार से जमीन की माँगे की गई कि इसके लिए जमीन मुहैया कराया जाय लेकिन ये दुख की बात है कि निश्चय ही ये जो बिल आया है ये स्वागत योग्य है लेकिन पहले भी 1997 मे काँग्रेस सरकार ने पार्लियामेन्ट मे पास कर यहाँ पर हिन्दी यूनिवर्सीटी भाड़ा मे चल रहा है लेकिन उसको जमीन उपलब्ध नही करा रही है। लेकिन सरकार ने फिर से एक University लाया है निश्चय ही वह स्वागत योग्य है लेकिन जमीन कहाँ से आयेगी इसके पहले भी इस हिन्दी जैसे कि हिन्दी की परिस्थिति है मैं कई बार बोल चुका हूँ कि जुनियर स्कुल मे, हाई स्कुल मे हायर सेकेन्डरी स्कुल में, प्राइमरी स्कुल में,यहाँ तक कि कॉलेजो मे अभी भी तीन कॉलेज है - हिन्दी का एक मेरे विधान सभा क्षेत्र में वानरहाट में हिन्दी कॉलेज है, दुसरी नक्सलवाड़ी मे हिन्दी कॉलेज है उसके बाद एक आसनसोल मे है। इनका दयनीय परिस्थिति है। एक तो शिक्षक की कमी है ये आपके समय मे ही सेंगसन हुआ है और पिछले साल शुरु हुआ है। और आपके ही समय में वानर हाट मे 13 14 से मेरे घर के बगल मे है एक छोटा सा घर था बाद में Building बना कर बानर हाट मे शुरु हुआ है तो इसके लिए मै आपको याद दिलाना चाहता हूँ Infrastructure होना चाहिए तभी जाकर के Successful होगा। यदि आपने हिन्दी स्कुल बनाये, Building बनाये सब कुछ बनाये लेकिन शिक्षक नहीं है। आप शिक्षक कहाँ से लायेगे, आज भी वानर हाट में लगभग 12 सौ की संख्या छात्र छात्राये - हैं लेकिन शिक्षक की प्रचुर कमी है। आज भी जो हिन्दी कालेज नक्सल वाड़ी में चल रहा है वहाँ भी शिक्षक जैसे कि पार्ट टाइम टीचर वो कमी है स्थायी प्रिंसिपल आपके पास नहीं हैं। उसके बाद वहाँ पर सुरक्षा की सही व्यवस्था नहीं है ये सब कई चीज है बनाना कोई बड़ी बात नहीं है जैसे कि मन्दिर मस्जिद गिरिजाघर ये सब बनाना बड़ा बात नहीं है लेकिन वहाँ सुबह शाम पुजा- पाठ करना ये बड़ी बात है। हम कई कॉलेज बना सकते है, University बना सकते है ये अच्छी बात है लेकिन उसमे पढ़ाई लिखाई होनी चाहिये। आज भी एसे कॉलेज है जैसे कि हमलोग को इसके पहले भी सी.एम. मैडम का एस. सी ./एस. टी . का बैठक हुआ था कि रातो रात हिन्दी कॉलेज बनाना संभव नही है लेकिन जो Exsisiting College North Bengal मे है वहाँ पर यदि हिन्दी भाषा में नेपाली भाषा मे यदि लिखने की व्यवस्था की जाय तभी जाकर University में आपके छात्र आ सकते है नहीं तो कहाँ से आयेगें वहाँ हिन्दी कॉलेज है ही नहीं। आप-हिन्दी University बनायेगें लेकिन वहाँ पर आपको छात्र छात्रायें कहाँ से मिलेंगें। आपको प्राइमरी स्कुल चाहिये, हाई स्कुल चाहिये, हायर सेकेन्डरी स्कुल चाहिये, क्योकि प्राइमरी मे पढ़ कर अपर प्राइमरी मे जायेंगे उसके बाद हाई स्कुल में जायेंगें फिर हायर सेकेन्डरी स्कूल मे जायेगें फिर कॉलेज मे जायेंगें उसके बाद युनिवर्सिटी मे आयेगें। लेकिन यदि ये

सब आप नहीं कर पायेंगें तो ये जो आपका University बनाने का जो प्रपोजल है यह असफल हो जायेगा। आज भी अलीपुरदवार में University Sanction हुआ है लेकिन बन ही नही पाया है, वो पुराने कॉलेज मे जैसे तैसे करे चलाया जा रहा है। इसलिए बनाना कोई खराब बात नही है लेकिन ये कहाँ तक सफल होगा ये बड़ा बात है। जैसे कि मैने कहा कि आप एक University को जगह ही नहीं दे पायें है इसलिए नही कि कॉंग्रेस ने सेन्कसन किया है हम जमीन नहीं देंगे कॉंग्रेस का नाम होगा तो आप लोग सब समय कहते है राजनीति से उठकर हमें काम करना चाहियें। तो मै चाहूँगा कि सबसे पहले आप उनको जमीन दिजिये वर्धा University को जमीन मुहैया कराइये। उसको ठीक - ठाक से चलाइये। वैसे ये स्वागत याग्य है। हम हिन्दी भाषा -भाषियों के लिए यदि आप उतर बंगाल मे बहुत सारे चाय श्रमिक है वो हिन्दी भाषा भाषी है । आप एक University आप नोर्थ बंगाल मे दे सकते है इसलिये मै आवेदन करना चाहूंगा कि इस शिक्षक दिवस के अवसर पर आपने अच्छा बिल लाया है लेकिन इसकी सफलता ओर असफलता निर्भर करता है कि सामने वोट को देखकर किया गया है यदि वोट को देखकर किया गया है तो मेरे हिसाब से सफल नहीं होगा। समाज मे आज भी शिक्षक का नाम है लेकिन शिक्षण संस्थानों में जिस तरह से शिक्षको का अपमान हो रहा है आप उनको शिक्षक दिवस के महत्वपूर्ण दिन में आप उसको सम्मान दिलाने की व्यवस्था कराये। धन्यवाद॥

শ্রী লক্ষ্মীরতন শুক্লা : Sir, Thank You very much. আমি প্রথমেই স্যার আপনাকে ধন্যবাদ জানাতে চাই, আমার respect জানাতে চাই, আমার প্রণাম জানাতে চাই। ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণণের বিষয় নতুন করে আমাদের বলার কিছু নেই। উনি আমাদের সকলের গুরু। ওনার জন্যই আজকের এই টিচার্স ডে'টা পালন করা হয়। ওনাকে শ্রদ্ধা জানাই, এই হাউস থেকে ওনাকে প্রণাম জানাই। আর আজকের দিনে আপনাদের সবাইকে, আপনাদের এবং আপনাদের পরিবারকে অনেক অনেক ধন্যবাদ জানাই যে আমি একটা opportunity পেয়েছি এখানে আপনাদের সামনে এই হাউসে ইউনিভার্সিটির জন্য কিছু বলার।

[11:10 – 11:20 a.m.]

हमको हिन्दी में बोलना है लेकिन हम बहुत गर्व महसूस करते है कि 2011 के पहले का जो Improvment था और 2011 के बाद का जो Improvment है उसके बारे में हम कुछ नहीं बोलना चाहते है। एक चीज बोलना चाहते है यहाँ पर खडे हो करके कि माननीय मुख्य मंत्री ममता वन्दोपाध्याय ने जिस तरह हर वर्ग के लोगों के बारे मे एक तरह से सोचा, अपने भाई अभी मनोज भाई जो अभी बोल रहे थे बहुत अच्छी बात है। सर, हमेशा जोड़ने का काम माननीय मुख्य मंत्री ममता वन्दोपाध्याय ने किया है। हमलोग बहुत दिन Pan India की बात करते है। हिन्दी, हिन्दु, हिन्दुस्तान। लेकिन इसका सही कोई मतलव, सही कोई इस रास्ते पर चला है तो हमको लगता है माननीय मुख्य मंत्री ममता वन्दोपाध्याय इसका जीता जागता Example है। आज 2011 के पहले 12 University थी आज 2011 के बाद आप सबको पता है ये University कहाँ गई। आज महिला लोग के बारे मे अगर किसी ने सोचा है तो माननीया मुख्य मंत्री ममता वन्दोपाध्याय ने सोचा है। आप बोलियेगा ममता वन्दोपाध्याय -ममता वन्दोपाध्याय सिर्फ कर रहा है लेकिन ममता वन्दोपाध्याय करने का सिर्फ एक कारण है क्योकि उनके अलावा और किसी का भी जयकार करने का फिलहाल तो हमने जितना देखा है उनसे सब Inspaire है। महिला विश्व विधालय पहला विश्वविधालय पश्चिम बंगाल में हुआ है वो भी माननीया मुख्य मंत्री ममता वन्दोपाध्याय के माध्यम से हुआ है। यहाँ पार्थ सर बैठे हुए है उन्होने शिक्षा को एक अलग मुकाम पर ले गए है। आज आप सबको पता है कि आज हमारे University से एक प्रोफेसर है जो

Mr. Speaker : Since an identical amendment no. 5 moved by Dr. Sujan Chakraborty has not been carried, the amendment nos. 17 and 18 automatically fall through.

Now the question before the House is that Clause 60 do stand part of the Bill.

As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No".

Ayes have it. Ayes have it.

Clause 61

Mr. Speaker : There is one amendment to Clause 61 (amendment no. 19) given by Dr. Sujan Chakraborty. I now request Dr. Sujan Chakraborty to move his amendment.

Dr. Sujan Chakraborty : Sir, I beg to move in Clause 61, in sub-clause (1), in line 6, for the word "Hindi", the words "Munshi Premchand" be substituted. (amendment no. 19)

Dr. Partha Chatterjee : Sir, I do not accept it.

Mr. Speaker : Since an identical amendment no. 5 moved by Dr. Sujan Chakraborty has not been carried, the amendment no. 19 automatically falls through.

Now I put Clause 61 do stand part of the Bill to vote.

As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No".

Ayes have it. Ayes have it.

Clause 62

Mr. Speaker : There is one amendment to Clause 62 given by Dr. Sujan Chakraborty. I now request Dr. Sujan Chakraborty to move his amendment.

Dr. Sujan Chakraborty : Sir, I beg to move in Clause 62, the following provisos be added:

"Provided that, no such order shall be made under this section after the expiry of two years from the commencement of this Act":

"Provided further that every order made under this section shall, as soon as may be after it is made, be laid before the House of the State Legislature." (Amendment No. 20)

Dr. Partha Chatterjee : এটা নতুন কি আছে? এটা তো করতেই হবে। এটা তো নতুন করে নেওয়ার নেই।

Mr. Speaker : Now the question before the House is that the amendment no. 20 moved by Dr. Sujan Chakraborty.

As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No".

Noes have it. Noes have it.

Mr. Speaker : Now the question before the House is that the Clause 62, do stand part of the Bill.

As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No".

Ayes have it. Ayes have it.

Clause 1

Mr. Speaker : There is one amendment to Clause 1 (amendment no. 2) given by Dr. Sujan Chakraborty. I now request Dr. Sujan Chakraborty moved his amendment (amendment no.2).

Dr. Sujan Chakraborty : Sir, I beg to move that in clause 1, in sub-clause (1), for the word "Hindi", the words "Munshi Premchand" be substituted.

Mr. Speaker : Since an identical amendment no. 5 moved by Dr. Sujan Chakraborty has not been carried, the amendment no. 2 automatically falls through.

Now I put Clause 1 do stand part of the Bill to vote.

As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No".

Ayes have it. Ayes have it.

[12:20 – 12:28 p.m.]

Enacting Formula and Preamble

Mr. Speaker : The question before the House is that the Enacting Formula and Preamble do stand part of the Bill.

As many as are of that opinion will please say "Aye", as many as are of the contrary opinion will please say "No". Ayes have it, Ayes have it.

Title of the Bill

Mr. Speaker : There is one amendment to the Title of the Bill given by Dr. Sujan Chakrabarty. Since amendment no. 5 moved by Dr. Sujan Chakrabarty not carried, automatically it falls through.

Now, the question before the House is that the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say "Aye", as many as are of the contrary opinion will please say "No". Ayes have it, Ayes have it.

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that The Hindi University, West Bengal Bill, 2019, as settled in the Assembly, be passed.

শ্রীমতী মমতা ব্যানার্জ্জী : আমি শিক্ষক দিবস উপলক্ষ্যে সমস্ত শিক্ষকদেরকে সম্মান জানাই, অভিনন্দন জানাই, সেলাম জানাই। শিক্ষকরা আমাদের জাতির গুরু, জাতির মেরুদণ্ড, সমাজের সম্পদ। আজকে একটা ঐতিহাসিক দিন শিক্ষক দিবস, গুরুত্বপূর্ণ দিন এবং আজকের দিনে হিন্দী বিশ্ববিদ্যালয় বিল পাশ হচ্ছে। আজ গুরুকুল দিবস - যাঁরা সমাজ তৈরী করেন, মানুষ তৈরী করেন, সম্পদ তৈরী করেন, দেশ গড়েন, জাতি গড়েন, বিশ্ব গড়েন, সভ্যতা সংস্কৃতিকে এগিয়ে নিয়ে যান আজকে তাঁদের দিন। আমরা যে যার জীবনে যতটুকুই শিখে থাকি না কেন, তাতে শিক্ষকদের অবদান সবচেয়ে বেশী। আজকে এই শিক্ষক দিবসের দিনে এই হিন্দী বিশ্ববিদ্যালয় যেটা তৈরী করা হচ্ছে বাংলার বুকে, এটা আরেকটা নতুন পথ দেখাবে। সম্প্রীতি, সংহতি, একতা এবং ঐক্যশ্রী। আমরা এখানে আগে অনেক বিশ্ববিদ্যালয় করেছি - ৩১টা বিশ্ববিদ্যালয় আমাদের হয়ে গেছে, আর কিছু প্রসেসে আছে। আমরা ৫০টা কলেজও করেছি, প্রায় ৭ হাজার স্কুল করেছি, মেডিকেল কলেজ থেকে আরম্ভ করে অনেক কিছুই হয়েছে। কন্যাশ্রীর ফলে আজকে চাইল্ড ড্রপ আউট রেট কমে গেছে। নারী শিক্ষা অনেক এগিয়ে গেছে। বাংলা আজকে একটা মডেল হয়ে গেছে। আমরা যেমন আজকে টীচারদের সম্মান জানাচ্ছি, তেমনি ছাত্র-ছাত্রীদের অভিনন্দন জানাচ্ছি, শিক্ষাকর্মী - সকলকেই সম্মান জানাচ্ছি। আমাদের মেয়েরা আজকে কন্যাশ্রীতে United Nations-এর পাব্লিক অ্যাওয়ার্ডে ফার্স্ট প্রাইজ পেয়েছে। সুতরাং এটা আমাদের গর্ব এবং আজকের এই দিনে হিন্দী বিশ্ববিদ্যালয় বিল বিধানসভায় পাশ হচ্ছে। এখানে অনেক হিন্দীভাষী মানুষ আছেন, যেমন ঝাড়গ্রামেও আমরা ইউনিভার্সিটি করছি। যে যে জেলায় ইউনিভার্সিটি নেই, সেখানে আমরা করব। অনেক ভাষাকে স্বীকৃতি দেওয়া হয়েছে। নানা ভাষা নানা মত আমাদের এখানে আছে। হিন্দীভাষী যাঁরা তাঁরা আমাকে বার বার করে এই ব্যাপারে রিকোয়েস্ট করেছেন। অনেকগুলো হিন্দী কলেজও করে দেওয়া হয়েছে। আরও হিন্দী

স্কুল বাড়ানো উচিত, আরও হিন্দী কলেজ বাড়ানো উচিত। হিন্দী বিশ্ববিদ্যালয়কে গুরুত্ব দেওয়া উচিত। সাঁওতালী ভাষাভাষীর মানুষদের জন্য আমরা অলচিকি ইউনিভার্সিটি চাই, ট্রাইবালদের গুরুত্ব দিয়ে আমরা এটা করব। সব ভাষার ছেলে-মেয়েরা শিক্ষা পাক, শিক্ষার আলো দেখুক এটা আমরা চাই। আজকের এইদিনে সবাইকে আমি অভিনন্দন জানাই, আপনারা সবাই মিলে এই বিল পাশ করেছেন। এই হিন্দী বিশ্ববিদ্যালয়ের নাম কি হবে সেটা আমি পরে সবার সাথে কথা বলে then we will have to decide। সমস্ত কমিউনিটির সঙ্গে কথা বলেই নামটা আমরা ঠিক করব। বর্তমানে আমরা হিন্দী বিশ্ববিদ্যালয় বলেই এই বিলটা এনেছি। এই বিলটা পাশ হয়ে যাবার পরে আমি এডুকেশান ডিপার্টমেন্টকে অনুরোধ করব - অলরেডি এর জমি অ্যাকোয়ার হয়ে গেছে, ভিত্তি প্রস্তরও স্থাপনও হয়ে গেছে - কাজটা শুরু করার জন্য। তমলুকে গান্ধী বিশ্ববিদ্যালয় হচ্ছে দেড়শত বর্ষ উপলক্ষ্যে তার কাজও শুরু হয়ে গেছে। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের দ্বিশত বর্ষ পালন হচ্ছে, আমি নিজেও যাচ্ছি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের বাড়ি, বিদ্যাসাগর এ্যাকাডেমি করছে শুনলাম, ওখানে যাব। এই ব্যাপারে একটা কমিটি করে দেওয়া হয়েছে। আসুন আমরা সবাই মিলে এই কাজটা ভালোভাবে করি। আমি কৃতজ্ঞতা জানাই স্পীকার মহাশয়কে, আমি লাস্ট মোমেন্টে উপস্থিত হওয়া সত্ত্বেও আপনি আমাকে বলতে দিয়েছেন বলে।

মিঃ স্পীকার : As per rule আপনি বলতেই পারেন। Thank you Hon'ble Chief Mnister.

Mr. Speaker : The question before the House is that The Hindi University, West Bengal Bill, 2019, as settled in the Assembly, be passed. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please 'No'. 'Ayes' have it. 'Ayes' have it. The Bill is passed. The Bill is passed.

মাননীয় সদস্যগণ আজকে আপনারা সবাই জানেন মাননীয়া মুখ্যমন্ত্রী তিনিও এসেছেন এখানে, তিনিও বক্তব্য রেখেছেন। সবার বক্তব্য আমরা শুনেছি। খুব সুন্দর আলোচনা হয়েছে। আজকে ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণণের জন্মদিন, আমাদের লবিতে তাঁর প্রতিকৃতি রাখা রয়েছে, আমরা যাবো। ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণণের জন্মদিন, আমরা সবাই যাবো,আমাদের লবিতে গিয়ে আমরা তাঁকে শ্রদ্ধা জ্ঞাপন করবো। আমি মাননীয় সদস্যদের যাওয়ার জন্য অনুরোধ করি।

ADJOURNMENT

The House was then adjourned at 12.28 p.m. till 11.00 a.m. on Friday, the 6th September, 2019 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 6th September, 2019 at 11:00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 21 Ministers-in-Charge, 16 Ministers of State and 180 Members.

[11:00 – 11:10 a.m.]

Unstarred Questions
(to which written replies were laid on the 'Table')

'নিজস্বী' প্রকল্পে গৃহ প্রদান

১। (অনুমোদিত প্রশ্ন নং ২) শ্রী অসিত মিত্র ঃ আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে রাজ্যে গৃহহীন পরিবারের সংখ্যা কত; এবং

(খ) উক্ত সময়ে নিজস্বী পরিকল্পনার মাধ্যমে কতগুলি পরিবারকে গৃহ প্রদান করা সম্ভব হয়েছে?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া :

(ক) আবাসন দপ্তর গৃহহীন পরিবার সংক্রান্ত তথ্য সংগ্রহ করে না।

(খ) 'নিজস্বী' প্রকল্পের মাধ্যমে আবাসন দপ্তর উপযুক্ত বাসস্থানহীন নিম্ন আয়ভুক্ত (এল.আই.জি.) ও মধ্য আয়ভুক্ত (এম.আই.জি.) পরিবারদের সাশ্রয়ী মূল্যে ফ্ল্যাট প্রদান করবে। ৩১শে জুলাই, ২০১৯ পর্যন্ত ৩৫১টি পরিবারকে নিজস্বী প্রকল্পে নির্দিষ্ট নিয়মাবলীর মাধ্যমে নির্বাচিত করা হয়েছে। এর জন্য ৫টি জেলার মোট ৭টি স্থানে নির্দিষ্ট সংখ্যা অনুযায়ী প্রকল্প রূপায়ণের কাজ শুরু করা হয়েছে।

আদিবাসীদের সার্বিক উন্নয়নের নতুন পরিকল্পনা

২। (অনুমোদিত প্রশ্ন নং ৫) শ্রী অসিত মিত্র ঃ আদিবাসী উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, আদিবাসীদের সার্বিক উন্নয়নের জন্য কিছু নতুন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, সেগুলি কিরূপ ?

আদিবাসী উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) আদিবাসী উন্নয়ন দপ্তর আদিবাসী সম্প্রদায়ের উন্নয়নের জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছে।

(খ) (১) আদিবাসী মানুষদের নিবিড় উন্নয়নে অগ্রাধিকারের লক্ষ্যে ২০১৩ সালে আলাদা ভাবে আদিবাসী উন্নয়ন দপ্তর তৈরি হয়।

(২) অরণ্যের অধিকার আইন (FRA, 2006)-এ ৪৭, ৮১৪ আদিবাসীদের ব্যক্তিগত পাট্টা, ৭৩৮টি সমষ্টিগত পাট্টা, ৬৪টি বনজ সম্পদ সংগ্রহের সমষ্টিগত অধিকার প্রদান করা হয়েছে।

(৩) ওয়েস্ট বেঙ্গল কেন্দু লিভ্স কালেক্টরস সোস্যাল সিকিউরিটি স্কিম, ২০১৫-র সামাজিক সুরক্ষার আওতায় ৩৫,০০০ কেন্দু পাতা সংগ্রহকারী দরিদ্র আদিবাসী পরিবার নথিভুক্ত হয়েছে। এই প্রকল্পের অধীনে ৮৮ জনকে মাতৃত্বজনিত সাহায্য, ৩২ জনকে স্বাভাবিক মৃত্যুর সাহায্য এবং ৩৮০ জনকে ষাটোর্ধ্ব ব্যক্তিকে বার্ধক্যজনিত খরচ বাবদ এককালীন সাহায্য দেওয়া হয়েছে।

(৪) আদিবাসী বার্ধক্য ভাতা প্রাপকের সংখ্যা বেড়ে এখন প্রায় দেড় লক্ষ তাঁরা মাসিক ভাতা ১০০০ টাকা করে পাচ্ছেন।

(৫) আদিবাসী মা ও শিশুদের উন্নততর স্বাস্থ্য পরিষেবা প্রদান ও দূরবর্তী জায়গায় অঙ্গনওয়াড়ি কেন্দ্র তৈরিতে জোর দেওয়া হয়েছে। গত তিন বছরে ১৩৪৭টি কেন্দ্র তৈরি হয়েছে।

(৬) পড়ে থাকা সরকারি শূন্য পদগুলিতে ২,৬৭৯ আদিবাসী মানুষকে বিশেষ উদ্যোগে নিয়োগ করা হয়েছে।

(৭) জাতিগত শংসাপত্র দেওয়াতে উল্লেখযোগ্য বৃদ্ধি হয়েছে। এখন বছরে প্রায় ৯০ হাজার সার্টিফিকেট দেওয়া হচ্ছে। জাতিগত শংসাপত্র প্রদান ও তথ্য যাচাই এখন Online-এ হয়। ২০১১ সাল থেকে এ পর্যন্ত ৬.৯০ লাখ শংসাপত্র প্রদান করা হয়েছে।

(৮) গত ৮ বছরে প্রায় ৬.৩ লাখ আদিবাসী পড়ুয়া শিক্ষাবৃত্তির আওতায় এসেছে। পঞ্চম শ্রেণী থেকে অষ্টম শ্রেণীর জন্য নতুন 'শিক্ষাশ্রী' প্রকল্পের আওতায় আরও ১০.৮০ লক্ষ পড়ুয়া নথিভুক্ত হয়েছে।

(৯) রাজ্যব্যাপী ৩৬টি কেন্দ্রে তফশিলি জাতি ও উপজাতি ১৪৪০ জনকে বিশেষ পেশাপ্রবেশ প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। আদিবাসী ছেলেমেয়েরা ডাক্তার, ইঞ্জিনিয়ার হওয়ার স্বপ্নপূরণের সুযোগ পাচ্ছেন।

(১০) আই.আই.টি.-তে ১ জন, মেডিকেলে ২ জন, বি-ফার্মা ২ জন ও সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজে ২৫১ জন আদিবাসী পড়ুয়া ২০১৯ সালে ভর্তির সুযোগ পেয়েছে।

(১১) ৪৯,৫০০ জন দূরবর্তী পড়ুয়ারা ছাত্রাবাসের সুবিধা পাচ্ছে। হোস্টেল বৃত্তি মাসে ৭৫০ টাকা থেকে বেড়ে এখন ১০০০ টাকা করা হয়েছে।

(১২) আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য ১৬টি বিশেষ আবাসিক স্কুল - ৭টি 'একলব্য মডেল রেসিডেন্সিয়াল' এবং ৯টি 'পণ্ডিত রঘুনাথ মুর্মু স্কুল'। ছাত্রাবাসে ৫৮২০ ছাত্র-ছাত্রীদের থাকার ব্যবস্থা রয়েছে। ছাত্র-ছাত্রীদের 'স্পোকেন ইংলিশ' ও কমপিউটারের বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে।

(১৩) বছরে প্রায় ১৫০ জন ছাত্র-ছাত্রী উচ্চশিক্ষার জন্যে 'শিক্ষা ঋণ' যোজনার সুবিধা পাচ্ছেন।

(১৪) নবম থেকে দ্বাদশ শ্রেণীর সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলের প্রায় ৫ লক্ষ আদিবাসী পড়ুয়াদের কাছে 'সবুজ সাথী' প্রকল্পের সাইকেল বিতরণ করা হয়েছে।

(১৫) আদিবাসী মহিলা স্বনির্ভর গোষ্ঠীকে সহায়তা—বছরে গড়ে ৩৫,০০০ মহিলাদের স্বনিযুক্তি ও আয় বৃদ্ধি।

(১৬) জীবন জীবিকার লক্ষ্যে 'দক্ষতা বৃদ্ধি' প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন বছরে গড়ে ১০,০০০ আদিবাসী যুবক-যুবতী।

(১৭) ৩২৩টি জাহেরথান-এর শ্রীবৃদ্ধি করা হয়েছে। আরো ৩৭৫টির জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ১৫০২টি মাঝিরথান সংরক্ষণ করা হয়েছে।

(১৮) এখনও পর্যন্ত ১২টি বনজ সম্পদের লাভজনক সহায়ক মূল্য নির্ধারণ ও বিপণনের পরিকাঠামো উন্নয়ন।

(১৯) জাতীয় স্তরের আদিবাসী ক্রীড়াবিদদের ক্রীড়া সরঞ্জামের জন্য সহায়তা করা হচ্ছে।

(২০) ৫.৭৮ লক্ষ আদিবাসী মানুষের হাতে জমির পাট্টা দেওয়া হয়েছে। সমস্ত প্রাপকদের মধ্যে ১৭ শতাংশেরও বেশি আদিবাসী।

(২১) ৯.২৪ লক্ষ আদিবাসী মানুষ সরকারি প্রকল্পে বাড়ি পেয়েছেন ও 'মিশন নির্মল বাংলা' প্রকল্পে শৌচাগার পেয়েছেন।

(২২) ১০০ দিনের কাজে, শুধু আদিবাসীরাই বছরে ২.১৪ কোটি কর্মদিবস তৈরি করেন। প্রকল্পের ১০ শতাংশ উপভোক্তাই আদিবাসী।

(২৩) জনজাতি ভিত্তিক উন্নয়নের লক্ষ্যে নিরলস প্রয়াসে ব্রতী বিভিন্ন উন্নয়ন ও সাংস্কৃতিক বোর্ডের মাধ্যমে জীবন-জীবিকা ও সংস্কৃতি রক্ষণ এবং উন্নয়ন করা হচ্ছে।

ভাঙা সেতুর সংখ্যা

৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩) শ্রী অসিত মিত্র ঃ পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে জুলাই, ২০১৮ থেকে ৩১শে জুলাই, ২০১৯ পর্যন্ত রাজ্যে পূর্ত বিভাগ কর্তৃক নির্মিত কতগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ সেতু ভেঙে পড়েছে ; এবং

(খ) উক্ত সেতুগুলি মেরামতের জন্য কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে জুলাই, ২০১৮ থেকে ৩১শে জুলাই, ২০১৯ পর্যন্ত রাজ্যে পূর্ত বিভাগ কর্তৃক নির্মিত একটি মাত্র সেতু (মাঝেরহাট সড়ক উড়ালপুল) দুর্ভাগ্যবশত ভেঙে পড়েছে।

(খ) (১) পুরানো সেতুর কাছাকাছি জনগণের যাতায়াতের সুবিধার্থে একটি টুইন বেইলী ব্রিজ-সহ অস্থায়ী রাস্তা করা হয়েছে। এবং

(২) একই জায়গায় পুরানো সেতুটি সম্পূর্ণভাবে ভেঙে নতুন করে স্থায়ী সেতু নির্মাণের কাজ চলছে।

পুরসভা ও মহানগরের উন্নয়নে গৃহীত মাস্টার প্ল্যান

৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪) শ্রী অসিত মিত্র ঃ নগরোন্নয়ন ও পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন পুরসভা ও মহানগরের উন্নয়নে নয়া মাস্টার প্ল্যান তৈরির পরিকল্পনা নেওয়া হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, তা কীরূপ?

নগরোন্নয়ন ও পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্য সরকার রাজ্যের ১২৫টি পৌরসভা/পৌরনিগমে মাস্টার প্ল্যান তৈরির পরিকল্পনা গ্রহণ করেছে।

(খ) কৃত্রিম উপগ্রহ থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জি.আই.এস. ভিত্তিক পরিকল্পনা রচনার কাজ শুরু হতে চলেছে।

সবং ব্লকে দমকল কেন্দ্র স্থাপন

৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৫) শ্রীমতী গীতারানী ভুঞা ঃ অগ্নি নির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে পশ্চিম মেদিনীপুর জেলার সবং ব্লকে দমকল বিভাগ একটি দমকল কেন্দ্র স্থাপনের জন্য মঞ্জুরি দিয়েছে ; এবং

(খ) সত্যি হলে,

(১) উক্ত ব্লকের দমকল কেন্দ্রের কাজ কতদিনের মধ্যে শুরু হবে ;

(২) এর জন্য কত পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে ; ও

(৩) কতগুলি এলাকা এই দমকল কেন্দ্রের মাধ্যমে উপকার পাবে ?

অগ্নি নির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিম মেদিনীপুর জেলার সবং ব্লকে একটি দমকল কেন্দ্র স্থাপনের জন্য মঞ্জুরি দেওয়া হয়েছে।

(খ) (১) সবং ব্লকে একটি দমকল কেন্দ্র স্থাপনের জন্য মঞ্জুরি দেওয়া হয়েছে। সবং মৌজাতে ০.৫৫ একর জমি এই দপ্তরের নামে বরাদ্দ করা হয়েছিল এবং সেটি বর্তমানে দপ্তরের অধীন। কিন্তু ওই জমিটির সঙ্গে মূল রাস্তার কোনো সংযোগকারী পথ না থাকায় এই প্রকল্পের নির্মাণকাজ শুরু করা সম্ভব হয়নি। পশ্চিম মেদিনীপুরের জেলাশাসকের দপ্তর থেকে আরও ৩০.৬১৬ ডেসিমেল জমি বর্তমান বাজার মূল্য অনুযায়ী ৫০ লক্ষ টাকায় কেনার একটি প্রস্তাব এই দপ্তরে পাঠানো হয়েছে ওই সংযোগকারী পথটি নির্মাণের জন্য। জেলাশাসকের প্রস্তাবটি বর্তমানে দপ্তরের বিবেচনাধীন।

(২) এর জন্য এখনও পর্যন্ত কোনো অর্থ বরাদ্দ করা হয়নি।

(৩) এই বিষয়টি এখনও স্থিরীকৃত হয়নি।

সবং ব্লকে নির্বাহী সহায়ক পদে বদলি

৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৮) **শ্রীমতী গীতারানী ভূঞ্যা** ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, পশ্চিম মেদিনীপুর জেলার সবং ব্লকের ১৩টি অঞ্চলের ১০টি গ্রাম পঞ্চায়েত অফিসের এগজিকিউটিভ অ্যাসিস্ট্যান্টকে বদলি করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে,

(১) কোন কোন গ্রাম পঞ্চায়েত থেকে উক্ত পদাধিকারীদের বদলি করা হয়েছে ; ও

(২) উক্ত শূন্য স্থান পূরণের জন্য কি পদক্ষেপ নেওয়া হয়েছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এ কথা সত্যি যে, পশ্চিম মেদিনীপুর জেলার সবং ব্লকের ১৩টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ১০টি গ্রাম পঞ্চায়েতে নির্বাহী সহায়ক বা এগজিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট ছিল এবং এই

১০ জন নির্বাহী সহায়ক বা এগজিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট-এর মধ্যে ৯ জনকে অন্যত্র বদলি করা হয়েছে।

(খ) (১) নিম্নলিখিত ৯টি গ্রাম পঞ্চায়েত থেকে নির্বাহী সহায়ক বা এগজিকিউটিভ অ্যাসিস্ট্যান্টকে অন্যত্র বদলি করা হয়েছে : (i) দেভোগ, (ii) বলপাই, (iii) মোহার, (iv) নওগাঁ, (v) দশগ্রাম, (vi) ভেমুয়া, (vii) সবং, (viii) সার্‌তা এবং (ix) বুরাল।

(২) সবং ব্লকের অন্তর্গত মোট ১৩টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৬টি গ্রাম পঞ্চায়েতে নির্বাহী সহায়ক বা এগজিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট পদটি বর্তমানে পূরণ করা হয়েছে। গ্রাম পঞ্চায়েতগুলি হল—দেভোগ, দাঁররা, সার্‌তা, সবং, বলপাই এবং নারায়ণবাড়। বাকি ৭টি গ্রাম পঞ্চায়েতের সচিব সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের নির্বাহী সহায়ক বা এগজিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট পদের অতিরিক্ত দায়িত্বে রয়েছেন।

আদিবাসীদের উন্নয়নে কল্যাণমূলক প্রকল্প

৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩১) **শ্রীমতী গীতারানী ভুঞ্যা** ঃ আদিবাসী উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গে আদিবাসী সম্প্রদায়ের মানুষদের কল্যাণে রাজ্য সরকার অনেক কাজ করছে ; এবং

(খ) সত্যি হলে,

(১) আদিবাসী শ্রেণীর কতজন মানুষ কী কী প্রকল্পের দ্বারা উপকৃত হচ্ছেন ; ও

(২) ২০১১ সালের তুলনায় বিভাগ থেকে ২০১৮-১৯ আর্থিক বৎসরে কত পরিমাণ অর্থ বরাদ্দ বৃদ্ধি পেয়েছে ?

আদিবাসী উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) (১) ১.১। আদিবাসী মানুষদের নিবিড় উন্নয়নে অগ্রাধিকারের লক্ষ্যে ২০১৩ সালে আলাদা ভাবে আদিবাসী উন্নয়ন দপ্তর তৈরি হয়।

১.২। অরণ্যের অধিকার আইন (FRA, 2006)-এ ৪৭,৮১৪ আদিবাসীদের ব্যক্তিগত পাট্টা, ৭৩৮টি সমষ্টিগত পাট্টা, ৬৪টি বনজ সম্পদ সংগ্রহের সমষ্টিগত অধিকার প্রদান করা হয়েছে।

১.৩। ওয়েস্ট বেঙ্গল কেন্দু লিভ্‌স কালেক্টরস সোস্যাল সিকিউরিটি স্কিম, ২০১৫-র সামাজিক সুরক্ষার আওতায় ৩৫,০০০ কেন্দু পাতা সংগ্রহকারী দরিদ্র আদিবাসী পরিবার নথিভুক্ত হয়েছে।

এই প্রকল্পের অধীনে ৮৮ জনকে মাতৃত্বজনিত সাহায্য, ৩২ জনকে স্বাভাবিক মৃত্যুর সাহায্য এবং ৩৮০ জন ষাটোর্ধ্ব ব্যক্তিকে। বার্ধক্যজনিত খরচ বাবদ এককালীন সাহায্য দেওয়া হয়েছে।

১.৪। আদিবাসী বার্ধক্য ভাতা প্রাপকের সংখ্যা বেড়ে এখন প্রায় দেড় লক্ষ—তারা মাসিক ভাতা ১০০০ টাকা করে পাচ্ছেন।

১.৫। আদিবাসী মা ও শিশুদের উন্নততর স্বাস্থ্য পরিষেবা প্রদান ও দূরবর্তী জায়গায় অঙ্গনওয়াড়ি কেন্দ্র তৈরিতে জোর দেওয়া হয়েছে। গত তিন বছরে ১৩৪৭টি কেন্দ্র তৈরি হয়েছে।

১.৬। পড়ে থাকা সরকারি শূন্য পদগুলিতে ২,৬৭৯ আদিবাসী মানুষকে বিশেষ উদ্যোগে নিয়োগ করা হয়েছে।

১.৭। জাতিগত শংসাপত্র দেওয়াতে উল্লেখযোগ্য বৃদ্ধি হয়েছে। এখন বছরে প্রায় ৯০ হাজার সার্টিফিকেট দেওয়া হচ্ছে। জাতিগত শংসাপত্র প্রদান ও তথ্য যাচাই এখন Online-এ হয়। ২০১১ সাল থেকে এ পর্যন্ত ৬.৯০ লাখ শংসাপত্র প্রদান করা হয়েছে।

১.৮। গত ৮ বছরে প্রায় ৬.৩ লাখ আদিবাসী পড়ুয়া শিক্ষাবৃত্তির আওতায় এসেছে। পঞ্চম শ্রেণী থেকে অষ্টম শ্রেণীর জন্য নতুন 'শিক্ষাশ্রী' প্রকল্পের আওতায় আরও ১০.৮০ লক্ষ পড়ুয়া নথিভুক্ত হয়েছে।

১.৯। রাজ্যব্যাপী ৩৬টি কেন্দ্রে তফশিলি জাতি ও উপজাতি ১৪৪০ জনকে বিশেষ পেশাপ্রবেশ প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। আদিবাসী ছেলেমেয়েরা ডাক্তার, ইঞ্জিনিয়ার হওয়ার স্বপ্নপূরণের সুযোগ পাচ্ছেন।

১.১০। আই.আই.টি.-তে ১ জন, মেডিকেলে ২ জন, বি-ফার্মাতে ২ জন ও সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজে ২৫১ জন আদিবাসী পড়ুয়া ২০১৯ সালে ভর্তির সুযোগ পেয়েছে।

১.১১। ৪৯,৫০০ জন দূরবর্তী পড়ুয়াদের ছাত্রাবাসের সুবিধা পাচ্ছে। হোস্টেল বৃত্তি মাসে ৭৫০ টাকা থেকে বেড়ে এখন ১০০০ টাকা করা হয়েছে।

১.১২। আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য ১৬টি বিশেষ আবাসিক স্কুল - ৭টি 'একলব্য মডেল রেসিডেন্সিয়াল' এবং ৯টি 'পণ্ডিত রঘুনাথ মুর্মু' স্কুল আছে। ছাত্রাবাসে ৫৮২০ ছাত্র-ছাত্রীদের থাকার ব্যবস্থা রয়েছে। ছাত্র-ছাত্রীদের 'স্পোকেন ইংলিশ' ও কমপিউটারের বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে।

১.১৩। বছরে প্রায় ১৫০ জন ছাত্র-ছাত্রী উচ্চশিক্ষার জন্যে 'শিক্ষা ঋণ' যোজনার সুবিধা পাচ্ছেন।

১.১৪। নবম থেকে দ্বাদশ শ্রেণীর সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলের প্রায় ৫ লক্ষ আদিবাসী পড়ুয়াদের কাছে 'সবুজ সাথী' প্রকল্পের সাইকেল বিতরণ করা হয়েছে।

১.১৫। আদিবাসী মহিলা স্বনির্ভর গোষ্ঠীকে সহায়তা—বছরে গড়ে ৩৫,০০০ মহিলাদের স্বনিযুক্তি ও আয় বৃদ্ধি।

১.১৬। জীবন জীবিকার লক্ষ্যে 'দক্ষতা বৃদ্ধি' প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন। বছরে গড়ে ১০,০০০ আদিবাসী যুবক-যুবতী।

১.১৭। ৩২৩টি জাহেরথান-এর শ্রীবৃদ্ধি করা হয়েছে। আরো ৩৭৫টির জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ১৫০২টি মাঝিরথান সংরক্ষণ করা হয়েছে।

১.১৮। এখনও পর্যন্ত ১২টি বনজ সম্পদের লাভজনক সহায়ক মূল্য নির্ধারণ ও বিপণনের পরিকাঠামো উন্নয়ন।

১.১৯। জাতীয় স্তরের আদিবাসী ক্রীড়াবিদদের ক্রীড়া সরঞ্জামের জন্য সহায়তা করা হচ্ছে।

১.২০। ৫.৭৮ লক্ষ আদিবাসী মানুষের হাতে জমির পাট্টা দেওয়া হয়েছে। সমস্ত প্রাপকদের মধ্যে ১৭ শতাংশেরও বেশি আদিবাসী।

১.২১। ৯.২৪ লক্ষ আদিবাসী মানুষ সরকারি প্রকল্পে বাড়ি পেয়েছেন ও 'মিশন নির্মল বাংলা' প্রকল্পে শৌচাগার পেয়েছেন।

১.২২। ১০০ দিনের কাজে, শুধু আদিবাসীরাই বছরে ২.১৪ কোটি কর্মদিবস তৈরি করেন। প্রকল্পের ১০ শতাংশ উপভোক্তাই আদিবাসী।

১.২৩। জনজাতি ভিত্তিক উন্নয়নের লক্ষ্যে নিরলস প্রয়াসে ব্রতী বিভিন্ন উন্নয়ন ও সাংস্কৃতিক বোর্ডের মাধ্যমে জীবন-জীবিকা ও সংস্কৃতি রক্ষণ ও উন্নয়ন করা হচ্ছে।

(২) ২০১১-১২ অর্থবর্ষে বাজেট বরাদ্দ ৩৮১.৪৭ কোটি টাকা থেকে বেড়ে ২০১৮-১৯ অর্থবর্ষে ৮৫৩.৮৭ কোটি টাকা হয়েছে। অর্থের অঙ্কে ৪৭২.৪ কোটি টাকা ও শতাংশের হিসাবে ২২৩.৮৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

পশ্চিম মেদিনীপুর জেলার ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামত

৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩২) **শ্রীমতী গীতারানী ভুঞ্যা** ঃ পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে পশ্চিম মেদিনীপুর জেলার জেলা পরিষদ-এর অধীন ক্ষতিগ্রস্ত রাস্তাগুলি মেরামতির জন্য পূর্ত দপ্তর অর্থ বরাদ্দ করেছে ; এবং

(খ) সত্যি হলে,

(১) সমগ্র জেলার ব্লকগুলিতে কত সংখ্যক ক্ষতিগ্রস্ত রাস্তার মেরামতি হবে ;

(২) কত পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে ; ও

(৩) তন্মধ্যে সবং ব্লকে কত সংখ্যক রাস্তা মেরামতি হবে এবং তার জন্য কত পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এটা সত্যি যে, পশ্চিম মেদিনীপুর জেলার জেলা পরিষদ-এর অধীন ১০টি রাস্তার মেরামতির জন্য পূর্ত দপ্তর অর্থ বরাদ্দ করেছে।

(খ) (১) এই ১০টি রাস্তার মধ্যে ৪টি রাস্তার কাজ শেষ হয়ে গেছে এবং ৬টি রাস্তার কাজ চলছে।

(২) এর জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ ২৩৪.০৬ কোটি টাকা।

(৩) তন্মধ্যে সবং ব্লকের একটি রাস্তা আছে এবং এই রাস্তাটির জন্য ১৬.৯০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

ব্লক ও পঞ্চায়েত সমিতির অফিসে শূন্যপদ

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩) শ্রীমতী গীতারানী ভূঞ্যা ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, পশ্চিম মেদিনীপুর জেলাসহ রাজ্যের সমস্ত জেলার ৩৪১টি ব্লকের বি.ডি.ও. ও পঞ্চায়েত সমিতির অফিসগুলিতে দীর্ঘদিন ধরে বহু সংখ্যক পদ শূন্য রয়েছে ; এবং

(খ) সত্যি হলে—

(১) উক্ত অফিসগুলিতে জেলাওয়াড়ি কত সংখ্যক অফিসার ও বিভিন্ন স্তরের কর্মীদের পদ শূন্য রয়েছে ; ও

(২) পশ্চিম মেদিনীপুর জেলার সবং ব্লকের অন্তর্গত উক্ত অফিসগুলিতে শূন্য পদের সংখ্যা কত ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এ কথা সত্যি যে, পশ্চিম মেদিনীপুর জেলাসহ রাজ্যের সমস্ত জেলার মোট ৩৪৩টি ব্লকের বি.ডি.ও. ও পঞ্চায়েত সমিতির অফিসগুলিতে বহু সংখ্যক পদ শূন্য রয়েছে।

(খ) (১) সমস্ত জেলাগুলি থেকে সংশ্লিষ্ট বি.ডি.ও. ও পঞ্চায়েত সমিতির অফিসগুলিতে অফিসার ও বিভিন্ন স্তরের কর্মীদের কতগুলি পদ বর্তমানে শূন্য রয়েছে সেই তথ্য নেওয়ার প্রক্রিয়া চলছে। সমস্ত তথ্য পাওয়ার পর যত শীঘ্র সম্ভব তা বিধানসভায় জানানো হবে।

(২) পশ্চিম মেদিনীপুর জেলার সবং ব্লকে সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের অধীনে থাকা পদগুলির মধ্যে শূন্য পদের সংখ্যা ১৩টি, সবং পঞ্চায়েত সমিতির মোট শূন্য পদের সংখ্যা ৩টি।

দীঘা পর্যটন কেন্দ্রে সুয়েরাজ স্কিম

১০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬) **শ্রী অখিল গিরি** ঃ জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) দীঘা পর্যটন কেন্দ্রে রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি বিভাগের সুয়েরাজ স্কিমের কাজ সম্পূর্ণ হয়েছে কিনা ; এবং

(খ) না হয়ে থাকলে, তা কতদিনের মধ্যে সম্পূর্ণ হবে বলে আশা করা যায় ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) দীঘা পর্যটন কেন্দ্রে রাজ্যের জনস্বাস্থ্য কারিগরী বিভাগের সুয়েরাজ স্কীমের কাজ ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে এবং বর্তমানে প্রকল্পটি চালু অবস্থায় আছে।

(খ) প্রযোজ্য নয়।

ন্যায্যমূল্যের মাছের দোকান

১১। (অনুমোদিত প্রশ্ন নং ৫০) **শ্রী সমর হাজরা** ঃ মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ন্যায্যমূল্যের মাছের দোকানের সংখ্যা কত ও সেগুলি কোথায় কোথায় অবস্থিত ; এবং

(খ) রাজ্যে সুদর্শন রঙিন মাছের চাষ কোন পর্যায়ে রয়েছে ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে মোট তিনটি ন্যায্যমূল্যের মাছের দোকান আছে। সেগুলি নিম্নলিখিত জায়গায় অবস্থিত :

(১) কল্যাণী ফিশ ফার্ম, লেক রোড, কল্যাণী, নদিয়া।

(২) বড়োসাগরদিঘী মডেল ফিশ ফার্ম, বড়োসাগরদিঘী, মালদহ।

(৩) গভর্নমেন্ট ফিশ টেকনোলজিকাল স্টেশন (GFTS), জুনপুট, কন্টাই, পূর্ব মেদিনীপুর।

(খ) পশ্চিমবঙ্গে রঙিন মাছ চাষের বর্তমান অবস্থা নিম্নরূপ —

(১) রঙিন মাছ চাষ পশ্চিমবঙ্গে একটি সম্ভাবনাময় শিল্প। বাড়ির উঠোন বা চৌবাচ্চায় এই মাছ চাষ করা যায়।

(২) প্রধানত মহিলারা এই চাষের সঙ্গে যুক্ত।

(৩) মিঠাজলের যে সকল রঙিন মাছের প্রজাতি চাষ করা হয় সেগুলি হল প্রধানত গোল্ড ফিশ, গাপ্পি, মলি, প্লাটি, সোর্ডটেল, অ্যাঞ্জেল, ডিসকাস, অস্কার, অ্যাকোয়ারিয়াম শার্ক ইত্যাদি।

(৪) রঙিন মাছ চাষের ব্যাপ্তি যে সকল জেলায় অধিক সেগুলি হল—হাওড়া, হুগলি, নদিয়া, উত্তর দিনাজপুর, জলপাইগুড়ি, পূর্ব মেদিনীপুর আর দক্ষিণ ২৪-পরগনা ইত্যাদি।

(৫) এই মাছের চাষ এবং এর সঙ্গে যুক্ত অনুসারী শিল্প যেমন— অ্যাকোয়ারিয়াম ও অন্যান্য সামগ্রী তৈরির কাজ বহুসংখ্যক মহিলার জীবিকা নির্বাহের মাধ্যম।

(৬) ২০১৮-১৯ আর্থিক বছরে রঙিন মাছের মোট রপ্তানির পরিমাণ ৭.৬১ টন (আর্থিক মূল্যে চার কোটি এগারো লক্ষ টাকা)।

(৭) পশ্চিমবঙ্গের মোট রঙিন মাছ চাষের সমিতির সংখ্যা ১৯৭টি।

(৮) হাওড়া, হুগলি, নদিয়া, উত্তর দিনাজপুর, জলপাইগুড়ি, পূর্ব মেদিনীপুর আর দক্ষিণ ২৪ পরগনা ইত্যাদি জেলায় রঙিন মাছের চাষের প্রকল্পের সংখ্যা ২০৮টি।

(৯) প্রধানত মহিলাদের জন্য জেলাস্তরে জেলা সদরে এবং রাজ্যস্তরে FFRTC কল্যাণীতে নিয়মিত প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়।

(১০) ২০১৯-২০ আর্থিক বছরে মৎস্য দপ্তর কর্তৃক 'ব্যাক ইয়ার্ড হ্যাচারিতে রঙিন মাছ চাষ' প্রকল্পটি গ্রহণ করার পরিকল্পনা নেওয়া হয়েছে যার আর্থিক ব্যয়ের মোট পরিমাণ ৯৯.৫৪ লক্ষ টাকা (মোট প্রকল্পের সংখ্যা ৭৯টি এবং প্রকল্প প্রতি সরকারি ব্যয় ১.২৬ লক্ষ টাকা)।

নব নির্মিত বিদ্যালয় ভবনের সংখ্যা

১২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫) **শ্রী সমীর কুমার জানা** ঃ বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে রাজ্যে মোট কতগুলি নতুন বিদ্যালয় ভবন, কতগুলি

রান্নাঘর ও কতগুলি খাবারঘর নির্মিত হয়েছে ; এবং

(খ) উক্ত নির্মাণে ব্যয়িত অর্থের পরিমাণ কত?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) (১) ৩১.০৭.২০১৯ সাপেক্ষে যে কটি নতুন বিদ্যালয় ভবন নির্মিত হয়েছে তা হল নিম্নরূপ :

প্রাথমিক বিদ্যালয় ভবন	-	৬৭১ টি
এই বাবদ ব্যয় হয়েছে	-	৩৯.৬৩ কোটি টাকা
উচ্চ প্রাথমিক বিদ্যালয় ভবন	-	৪৯১৬ টি
এই বাবদ ব্যয় হয়েছে	-	৩০৯.৭৪ কোটি টাকা
মডেল স্কুল স্কিমে নতুন বিদ্যালয় ভবন সংখ্যা	-	৬৭ টি
এই বাবদ ব্যয় হয়েছে	-	২০৯.২০ কোটি টাকা
বি আর জি এফ স্কিমে নতুন বিদ্যালয় ভবন সংখ্যা	-	৪০ টি
এই বাবদ ব্যয় হয়েছে	-	৫৮৬.১২ কোটি টাকা।

(২) মিড ডে মিল প্রকল্পটি চালু হওয়ার পর থেকে ৩১.০৭.২০১৯ পর্যন্ত ৭৭,৭১৪টি রান্নাঘর নির্মিত হয়েছে এবং এতে ব্যয় হয়েছে ৮৩, ১৯৯.৫৬ লক্ষ টাকা।

(৩) মিড ডে মিল প্রকল্পটি চালু হওয়ার পর থেকে ৩১.০৭.২০১৯ পর্যন্ত খাবারঘর নির্মিত হয়েছে ২৯১৪টি।

এছাড়া ৫৩৪৭টির কাজ চলছে। এই খাতে ব্যয়ের পরিমাণ ২৬,৩৫৯.৫৩ লক্ষ টাকা।

(খ) উপরে বর্ণিত।

দক্ষিণ ২৪-পরগনা জেলায় নলবাহিত জল প্রকল্প

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬) শ্রী সমীর কুমার জানা ঃ জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে দক্ষিণ ২৪-পরগনা জেলায় কতগুলি নলবাহিত জল প্রকল্পের কাজ চলছে ;

(খ) উক্ত প্রকল্পের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায় ; এবং

(গ) উক্ত প্রকল্পগুলি রূপায়ণ করতে কত অর্থ ব্যয় হবে ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে দক্ষিণ ২৪-পরগনা জেলায় ৫৮ (আটান্ন)টি নলবাহিত পানীয় জল প্রকল্পের কাজ চলছে।

(খ) উক্ত ৫৮ (আটান্ন)টি প্রকল্পের মধ্যে ১৫ (পনেরো)টি প্রকল্পের কাজ ২০১৯ সালের সেপ্টেম্বর মাসের মধ্যে, আরও ১০ (দশ)টি প্রকল্পের কাজ ২০২০ সালের মার্চ মাসের মধ্যে এবং বাকি ৩৩ (তেত্রিশ)টি প্রকল্পের কাজ পর্যায়ক্রমে ২০২১ সালের মার্চ মাসের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়। ।

(গ) উক্ত প্রকল্পগুলি রূপায়ণ করতে মোট ২,৪৪৩.২৫ কোটি (দুই হাজার চারশত তেতাল্লিশ কোটি পঁচিশ লক্ষ) টাকা ব্যয় হবে।

উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য প্রদান

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫) **শ্রী সমীর কুমার জানা** ঃ সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে রাজ্যে জৈব চাষ পদ্ধতিকে স্বাগত জানাতে রাজ্য সরকার গ্রামীণ কৃষকদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য প্রদানের উপযুক্ত বিপণনের ব্যবস্থা করতে চলেছে ; এবং

(খ) সত্যি হলে, এর রূপরেখা কিরূপ ?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এটা সত্যি যে রাজ্যে জৈব চাষ পদ্ধতিকে স্বাগত জানাতে রাজ্য সরকার গ্রামীণ কৃষকদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য প্রদানের উপযুক্ত বিপণনের ব্যবস্থা করতে চলেছে।

(খ) আমাদের রাজ্যের সমবায় দপ্তরের অধীনে ৫৭৪৮টি সমবায় কৃষি উন্নয়ন সমিতি আছে।

তাই সমবায় দপ্তরের মাধ্যমে সমবায় কৃষি উন্নয়ন সমিতিগুলির সঙ্গে যুক্ত কৃষকদের জৈব চাষ পদ্ধতিতে ফসল উৎপাদনের জন্য উৎসাহিত করা হচ্ছে।

সমবায় কৃষি উন্নয়ন সমিতিগুলিকে জেলা অনুযায়ী ভাগ করে সমবায় দপ্তর থেকে এদের মাধ্যমে জৈব প্রযুক্তির সাহায্যে উৎপাদিত কৃষিজ ফসল সরাসরি কৃষকদের থেকে ন্যায্য মূল্যে ক্রয় করে কলকাতা-সহ জেলাগুলিতে 'সুফলা' প্রকল্পের মাধ্যমে উপভোক্তাদের কাছে বিক্রয় করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

গ্রাম পঞ্চায়েতে নিজস্ব সম্পদ সৃষ্টির উদ্যোগ

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬) শ্রী সমীর কুমার জানা ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার গ্রাম পঞ্চায়েতগুলিকে নিজস্ব সম্পদ সৃষ্টির মাধ্যমে সমৃদ্ধশালী করতে বিশেষ উদ্যোগ নিয়েছে ;

(খ) সত্যি হলে, তা কীরূপ ; এবং

(গ) সমৃদ্ধশালী পঞ্চায়েতের কাজে স্বচ্ছতা আনতে সরকার কি নতুন কোন কঠোর আইনী পদক্ষেপ নিতে চলেছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এ কথা সত্যি যে, রাজ্য সরকার গ্রাম পঞ্চায়েতগুলিকে নিজস্ব সম্পদ সৃষ্টির মাধ্যমে সমৃদ্ধশালী করতে বিশেষ উদ্যোগ নিয়েছে।

(খ) নিজস্ব সম্পদ সৃষ্টির মাধ্যমে গ্রাম পঞ্চায়েতগুলিকে সমৃদ্ধশালী করতে যে বিশেষ উদ্যোগগুলি নেওয়া হয়েছে তা নিম্নরূপ :

(১) প্রত্যেক পঞ্চম বছর অন্তর নতুন করে গ্রাম পঞ্চায়েত এলাকায় অবস্থিত জমি ও বাড়ির বাজার মূল্য নির্ধারণ এবং তদনুসারে নতুন করে কর নির্ধারণের উপর জোর দেওয়া হয়েছে।

(2) বকেয়া কর আদায়ের উপর বিশেষভাবে জোর দেওয়া হয়েছে।

(৩) বাই-ল তৈরি করে ফি, অভিকর, হার, টোল, ফি ইত্যাদি আদায়ের নতুন নতুন ক্ষেত্র তৈরি করার উপর জোর দেওয়া হয়েছে।

(8) বকেয়া কর এবং অন্যান্য বকেয়া প্রাপ্য আদায়ের উদ্দেশ্যে প্রয়োজনে বঙ্গীয় সরকারি দাবি আইন, ১৯১৩-এর সংশ্লিষ্ট ধারাগুলি কঠোরভাবে প্রয়োগের ব্যাপারে জোর দেওয়া হয়েছে।

(গ) (১) সমৃদ্ধশালী পঞ্চায়েতে কাজে স্বচ্ছতা ও দ্রুততা আনতে ইতিমধ্যেই বিভিন্ন সফটওয়্যার ব্যবহারের উপর জোর দেওয়া হয়েছে। এ বিষয়ে উল্লেখযোগ্য—জি.পি.এম.এস., জি.পি.আই.এম.এস., অ্যাকশান সফ্‌ট, প্ল্যানপ্লাস, পি.এফ.এম.এস. ইত্যাদি।

(২) গ্রাম পঞ্চায়েতে যে সমস্ত সম্পদগুলি সৃষ্টি হচ্ছে সেগুলির জি.আই.এস. ট্যাগিং করা হচ্ছে।

(৩) পঞ্চায়েতের কাজে স্বচ্ছতা আনতে 'গ্রিভান্স রিড্রেসাল ম্যানেজমেন্ট সিস্টেম'-এর মাধ্যমে গ্রাম পঞ্চায়েত সম্পর্কে সাধারণ মানুষের কোনও অভিযোগ থাকলে তা অনলাইনে নিরসন করার ব্যবস্থা করা হয়েছে।

(৪) গ্রাম পঞ্চায়েতের অভ্যন্তরীণ নিরীক্ষার উপরে জোর দেওয়া হয়েছে এবং এ বিষয়ে প্রয়োজনীয় প্রচলিত নিয়মাবলীর সংশোধনের জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে।

গঙ্গাসাগরে সৌর প্রকল্প

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮০) **শ্রী বংকিম চন্দ্র হাজরা** ঃ বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ ২৪-পরগনার গঙ্গাসাগরে ১ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন গ্রাউন্ড মাউন্টেড সোলার পি. ভি. পাওয়ার প্রজেক্ট স্থাপনের কোন প্রকল্প গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে,

(১) ঐ প্রকল্পের জন্য বরাদ্দ অর্থের পরিমাণ কত ; ও

(২) কবে নাগাদ ঐ প্রকল্পের কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) (১) ছয় কোটি ত্রিশ লক্ষ টাকা মাত্র।

(২) ডিসেম্বর, ২০১৯-এ কাজটি শুরু হবে।

মাছ চাষের জলাশয়ের পরিমাণ

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮১) **শ্রী বংকিম চন্দ্র হাজরা** ঃ মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০শে এপ্রিল, ২০১৯ সাপেক্ষে রাজ্যে কত পরিমাণ জলাশয়ে মাছ চাষ হয়েছে ; এবং

(খ) ২০১৮-১৯ আর্থিক বছরে উক্ত জলাশয়ে উৎপাদিত মাছের মোট পরিমাণ কত ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩০শে এপ্রিল, ২০১৯ সাপেক্ষে রাজ্যে ৩,৪৫,৮১৭ হেক্টর জলাশয়ে মাছ চাষ হয়েছে।

(খ) ২০১৮-১৯ আর্থিক বছরে উক্ত জলাশয়ে উৎপাদিত মাছের মোট পরিমাণ ১৪.৩৫৯ লক্ষ টন।

মেডিসিন প্ল্যান্ট বোর্ড গঠন

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮২) **শ্রী বংকিম চন্দ্র হাজরা** ঃ খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে ঔষধি ও সুগন্ধি গাছের ক্রমবর্ধমান চাহিদা পূরণের জন্য মেডিসিন প্ল্যান্ট বোর্ড গঠন করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে,

(১) গত আর্থিক বছরে ওই বোর্ডের প্রস্তাবিত কতগুলি প্রকল্প কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য প্রেরিত হয়েছে ; ও

(২) ৩১শে জুলাই, ২০১৯ পর্যন্ত প্রাপ্ত তথ্যানুযায়ী প্রকল্পগুলির কাজের অগ্রগতি কীরূপ ?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) (১) মেডিসিন প্ল্যান্ট বোর্ড, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধীনে।

(২) প্রয়োজনীয় উত্তর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর থেকে পাওয়া যেতে পারে।

পশ্চিম বর্ধমান জেলায় সমবায় সমিতির সংখ্যা

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩) **শ্রী রুনু দত্ত :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে পশ্চিম বর্ধমান জেলায় সমবায় সমিতির সংখ্যা কত ;

(খ) গ্রামীণ পরিকাঠামো উন্নয়নে কতগুলি সমবায় সংস্থার সদর্থক ভূমিকা আছে ; এবং

(গ) এর সুফল জনগণ কিভাবে পাচ্ছে ?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে জুলাই, ২০১৯ অবধি পশ্চিম বর্ধমান জেলায় নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১০৯৪।

(খ) পশ্চিম বর্ধমান জেলা মূলত শহর ও শিল্পভিত্তিক জেলা। তদসত্ত্বেও এই জেলায় বর্তমানে ২০টি সমবায় কৃষি উন্নয়ন সমিতি সক্রিয়ভাবে কর্মরত। এছাড়াও ১টি সমবায় বিপণন সমিতি, ১টি কেন্দ্রীয় ভোগ্যপণ্য সমবায় সমিতি, ৪৫টি প্রাথমিক ভোগ্যপণ্য সমবায় সমিতি, ৩৭টি ইঞ্জিনিয়ার্স সমবায় সমিতি, ৬০টি লেবার সমবায় সমিতি ও ৬২টি স্বয়ম্ভর গোষ্ঠী সঙ্ঘ সমবায় সমিতি সক্রিয়ভাবে কর্মরত। এই জেলায় বর্ধমান কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের ১২টি শাখা এবং বর্ধমান কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কের ২টি শাখা অফিস রয়েছে। জেলার মহিলাদের ক্ষমতায়নের লক্ষ্যে স্বয়ম্ভর গোষ্ঠী গঠন করা হচ্ছে। এখনও পর্যন্ত ২০৯টি স্বয়ম্ভর গোষ্ঠী গঠন করা হয়েছে।

(গ) জেলার সমবায় কৃষি উন্নয়ন সমিতিগুলি এবং বর্ধমান কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক ও বর্ধমান কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক স্বল্প সুদে এই জেলায় কৃষি ও অ-কৃষি ঋণ এবং বিভিন্ন ধরনের আর্থিক পরিষেবা প্রদান করে চলেছে। এছাড়াও এই সমিতিগুলি সুলভ মূল্যে সার বিক্রয় করছে, যার ফলে জেলার কৃষক-বন্ধুরা ন্যায্য মূল্যে সঠিক গুণমানের সার ক্রয় করতে পারেন। এছাড়াও স্বয়ম্ভর গোষ্ঠীগুলির মাধ্যমে স্বল্প সুদে ঋণ এবং বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

সমবায় কৃষি উন্নয়ন সমিতিগুলির মাধ্যমে ATM-এ ব্যবহারযোগ্য Rupay Kisan Card প্রদান করা হচ্ছে। এছাড়া কৃষক-বন্ধু প্রকল্পের আওতায় কৃষক-বন্ধুদের চেক প্রদান করা হচ্ছে।

তরুণ প্রজন্মকে আকৃষ্ট করার লক্ষ্যে কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের Core Banking ব্যবস্থা, ATM এবং Mobile ATM-এর মাধ্যমে হাতের কাছেই আধুনিক ব্যাঙ্কিং ব্যবস্থা উপলব্ধ করার ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও সমবায় দপ্তরের উদ্যোগে গঠিত Customer Service Point (CSP)-এর মাধ্যমে মানুষ নিকটবর্তী সমবায় কৃষি উন্নয়ন সমিতির Micro ATM-এর সাহায্যে বিভিন্ন ধরনের আর্থিক পরিষেবা পাচ্ছেন।

প্রতি বছর সমবায় কৃষি উন্নয়ন সমিতিগুলি ন্যূনতম সহায়ক মূল্যে কৃষকদের থেকে ধান ক্রয় করছে, এর ফলে কৃষকেরা ন্যায্য মূল্যে তাদের উৎপাদিত ফসল বাড়ির কাছেই বিক্রয় করার সুযোগ পাচ্ছেন।

এছাড়া বিভিন্ন ধরনের সমবায় সমিতির মাধ্যমে এলাকার মানুষের কাছে ন্যায্য মূল্যে বিভিন্ন ধরনের ভোগ্যপণ্য ও অন্যান্য পরিষেবা প্রদান করা হচ্ছে।

কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের পাঠক্রম

২০। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪) **শ্রী রুনু দত্ত ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিম বর্ধমান জেলার নবনির্মিত কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ে কয়টি বিষয়ে স্নাতকোত্তর পাঠক্রম চালু হয়েছে ;

(খ) উক্ত বিশ্ববিদ্যালয়ে আর কি কি বিষয়ে পঠন-পাঠনের ব্যবস্থা আছে ; এবং

(গ) উক্ত বিশ্ববিদ্যালয়ে কতজন শিক্ষক এবং শিক্ষাকর্মী আছেন ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিম বর্ধমান জেলার নবনির্মিত কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ে ৩৫টি বিষয়ে স্নাতকোত্তর পাঠক্রম চালু হয়েছে।

(খ) উক্ত বিশ্ববিদ্যালয়ে নিম্নলিখিত ৫টি বিষয়ে পঠন-পাঠনের ব্যবস্থা আছে। সেগুলি হল :

(১) মাইনিং ইঞ্জিনিয়ারিং-এ ৩ বছরের ডিপ্লোমা ;

(২) মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ৩ বছরের ডিপ্লোমা ;

(৩) মাইনিং ইঞ্জিনিয়ারিং-এ ৪ বছরের বি. টেক ;

(৪) মেটালার্জিক্যাল এবং মেটিরিয়ালস ইঞ্জিনিয়ারিং-এ ৪ বছরের বি. টেক. ;

(৫) অ্যানিমেল সায়েন্স-এ ৫ বছরের ইনটিগ্রেটেড এম.এসসি.।

(গ) উক্ত বিশ্ববিদ্যালয়ে ৮১ জন শিক্ষক এবং ১১ জন শিক্ষাকর্মী আছেন।

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের কর্মীসংখ্যা

২১। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬) **শ্রী রুনু দত্ত :** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিম বর্ধমান জেলায় খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তরের অধীনে কতজন কর্মী নিযুক্ত রয়েছেন ; এবং

(খ) উক্ত কর্মীরা কি ধরনের কাজে নিয়োজিত আছেন ?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) (১) অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অফ হর্টিকালচার সাব-ডিভিসন হর্টিকালচার অফিস, দুর্গাপুর এবং ডিস্ট্রিক্ট হর্টিকালচার অফিস, পশ্চিম বর্ধমান-এর প্রধান।

(২) নিম্নবর্গীয় করণিক, ডিস্ট্রিক্ট হর্টিকালচার অফিস, পশ্চিম বর্ধমান।

(৩) পিওন, সাব-ডিভিসন হর্টিকালচার অফিস, দুর্গাপুর।

(৪) খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প অধিকারের অধীনে পশ্চিম বর্ধমান জেলায় একজন খাদ্য প্রক্রিয়াকরণ উন্নয়ন আধিকারিক অন্যান্য জেলার দায়িত্ব-সহ অতিরিক্ত দায়িত্বে আছেন।

(খ) (১) সাব-ডিভিসন হর্টিকালচার অফিস, দুর্গাপুর এবং ডিস্ট্রিক্ট হর্টিকালচার অফিস, পশ্চিম বর্ধমান-এর প্রধান।

(২) করণিকের যাবতীয় কাজ।

(৩) পিওনের যাবতীয় কাজ।

(৪) খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের উন্নয়নের জন্য প্রচার, পরামর্শ ও তদারকি করা।

'জলঙ্গী' প্রকল্পে বাঁকুড়া জেলায় নিযুক্ত কর্মী

২২। (অনুমোদিত প্রশ্ন নং ১২১) **শ্রী সুজিত চক্রবর্তী** ঃ জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার পাম্প হাউস ও পানীয় জল সরবরাহের কাজে নিযুক্ত অস্থায়ী কর্মীর সংখ্যা কত ;

(খ) বড়জোড়া জলঙ্গী প্রকল্পে পাম্প হাউস ও পানীয় জল সরবরাহের কাজে নিযুক্ত স্থায়ী-অস্থায়ী কর্মীর সংখ্যা কত ; এবং

(গ) জলঙ্গী প্রকল্পে বড়জোড়া ব্লকে যে সমস্ত কর্মী নিয়োগ হয়েছে, তাদের নিয়োগের পদ্ধতি কীরূপ ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বাঁকুড়া জেলার পাম্প হাউস ও পানীয় জল সরবরাহের কাজে ঠিকাদার কর্তৃক নিযুক্ত অস্থায়ী কর্মীর মোট সংখ্যা ৭৩৫ (সাতশত পঁয়ত্রিশ) জন।

(খ) বড়জোড়া জলঙ্গী প্রকল্পে পাম্প হাউস ও পানীয় জল সরবরাহের কাজে কোনো স্থায়ী কর্মী নিযুক্ত নেই। এই কাজে ঠিকাদার কর্তৃক নিযুক্ত অস্থায়ী কর্মীর মোট সংখ্যা ৬৮ (আটষট্টি) জন।

(গ) জলঙ্গী প্রকল্পে বড়জোড়া ব্লকে সমস্ত অস্থায়ী কর্মী, উক্ত জল সরবরাহে প্রকল্পের রক্ষণাবেক্ষণের কাজে নিয়োজিত ঠিকাদারের অধীনে কর্মরত, তাদের নিয়োগও ঠিকাদারের মাধ্যমে হয়েছে।

হুগলী-চুঁচুড়া পৌরসভায় জলাধারে জলের জোগানে গৃহীত ব্যবস্থা

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫) **শ্রী অসিত মজুমদার** ঃ নগরোন্নয়ন ও পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

হুগলী-চুঁচুড়া পৌরসভা এলাকায় কে.এম.ডি.এ. কর্তৃক নির্মিত ৮টি জলাধারে জলের জোগান দেওয়ার ক্ষেত্রে সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছে ?

নগরোন্নয়ন ও পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০১৫ সালে হুগলী-চুঁচুড়া ও বাঁশবেড়িয়া পুরসভা অঞ্চলে পরিশ্রুত পানীয় জল সরবরাহের উদ্দেশ্যে কে.এম.ডি.এ. বাঁশবেড়িয়ায় ১৫ মিলিয়ন গ্যালন ক্ষমতাসম্পন্ন একটি জল প্রকল্প নির্মাণ করে। সেই সময় বাঁশবেড়িয়া পুরসভার ৩টি ও হুগলী-চুঁচুড়া পুরসভার ৭টি উচ্চ জলাধার বর্তমান ছিল। এই দুই পুরসভায় সুষ্ঠুভাবে জল সরবরাহের উদ্দেশ্যে ৪টি পাম্প বসানো হয়। বর্তমানে পাম্পগুলি প্রতি ঘণ্টায় ১৩০০ মিঃ কিউব হিসাবে ১১ ঘণ্টায় ২০১৯ সালে ৬.৩০ মিলিয়ন গ্যালন জল সরবরাহ করতে সক্ষম।

(১) পরবর্তী সময়ে আমরুত প্রকল্পের অধীনে আরো ১৬টি জলাধার (৮টি হুগলী-চুঁচুড়া ও ৮টি বাঁশবেড়িয়া) নির্মাণের কাজ চলছে। নতুন জলাধারগুলির মধ্যে ৮টি জলাধারের কাজ হুগলী-চুঁচুড়া পৌরসভায় সমাপ্ত হয়েছে। বাঁশবেড়িয়া পৌরসভায় ৭টি জলাধারের কাজ সম্পন্ন হওয়ার পথে। একটি জলাধারের স্থান এখনো চূড়ান্ত করা যায়নি। বাঁশবেড়িয়ায় জল সরবরাহের পাইপলাইনের কাজ সম্পন্ন করতে ২০২০ সালের জুন মাস পর্যন্ত সময় প্রয়োজন। হুগলী-চুঁচুড়া পৌরসভার নতুন ৮টি জলাধার বিভিন্ন দূরবর্তী এলাকায় স্থাপিত হওয়ার কারণে পুরনো পাম্পগুলির বর্তমান জল উত্তোলন ক্ষমতা (৬০ মিটার) বর্ধিত করা প্রয়োজন।

(২) সম্প্রতি কে.এম.ডি.এ. জল সরবরাহ বিভাগের প্রযুক্তিবিদ দ্বারা গঠিত কমিটির মতানুসারে হুগলী-চুঁচুড়ায় ৮টি নতুন জলাধারে অতিরিক্ত জল উত্তোলন করতে পুরনো ৪টি পাম্পের ক্ষমতা বর্ধিতকরণ (৬৮ মিটার) এবং ২টি নতুন বর্ধিত ক্ষমতার (৬৮ মিটার) পাম্প সংযোজন করা প্রয়োজন।

(৩) এ বিষয়ে কে.এম.ডি.এ. একটি বিস্তারিত রিপোর্ট তৈরি করেছে এবং ১৫ই সেপ্টেম্বরের মধ্যে এটি কর্তৃপক্ষের অনুমোদনের জন্য পাঠানো হবে।

মাছের চাহিদা, উৎপাদন ও রপ্তানি

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪) **শ্রী জ্যোতির্ময় কর** ঃ মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মৎস্য উৎপাদনে স্বয়ম্ভরতার লক্ষ্যে দপ্তর দ্রুতভাবে কাজ করছে; এবং

(খ) সত্যি হলে, ২০১৮-১৯ আর্থিক বছরে,

(১) রাজ্যে মাছের চাহিদা কত ছিল ;

(২) মাছের উৎপাদন কত ছিল ;

(৩) গত আর্থিক বছরে কত পরিমাণ মাছ রপ্তানি করা হয়েছে ; ও

(৪) গত আর্থিক বছরে কত পরিমাণ সামুদ্রিক মাছ আহরণ করা হয়েছে ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) (১) ২০১৮-১৯ আর্থিক বছরে রাজ্যে মাছের চাহিদা ছিল ১৮.০৩ লাখ মেট্রিক টন।

(২) মাছের উৎপাদন ছিল ১৭.৭৩ লাখ মেট্রিক টন।

(৩) গত আর্থিক বছরে ১, ১৮, ৬৬০ মেট্রিক টন (আর্থিক মূল্যে ৫২৪৯.০৩ কোটি টাকা) মাছ রপ্তানি করা হয়েছে।

(৪) গত আর্থিক বছরে ১, ৮১, ৯৬৪ টন সামুদ্রিক মাছ আহরণ করা হয়েছে।

বনাঞ্চল বৃদ্ধির উদ্যোগ

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৮) শ্রী জ্যোতির্ময় কর ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, বনাঞ্চল বৃদ্ধির জন্য সরকার বিশেষভাবে আগ্রহী ;

(খ) সত্যি হলে, বর্তমানে রাজ্যে বনাঞ্চল এলাকার পরিমাণ কত ; এবং

(গ) বনাঞ্চল বৃদ্ধির লক্ষ্যমাত্রা গত আর্থিক বছরে কত ছিল ও বর্তমান আর্থিক বছরে কত হয়েছে ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, বনাঞ্চল বৃদ্ধির জন্য আমাদের সরকার বিশেষভাবে আগ্রহী।

(খ) রাজ্যে বনভূমির ভৌগোলিক পরিমাণ ১১, ৮৭৯ বর্গকিলোমিটার।

(গ) গত আর্থিক বছরে (২০১৮-১৯) বনাঞ্চল সৃষ্টির (Plantation) লক্ষ্যমাত্রা ছিল ৫,৪২২.৬২ হেক্টর।

এই আর্থিক বছরে (২০১৯-২০) লক্ষ্যমাত্রা হল ৭১৪৯.৯৫ হেক্টর।

রাজ্য সড়ক ও জাতীয় সড়কের সংখ্যা

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯) শ্রীমতী নার্গিস বেগম ঃ পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে রাজ্যে রাজ্য সড়ক ও জাতীয় সড়কের সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে, রাজ্য সড়কের দৈর্ঘ্য কত কি.মি. ও জাতীয় সড়কের দৈর্ঘ্য কত কি.মি. ; এবং

(গ) সড়কগুলি দেখভালের জন্য বর্তমান আর্থিক বছরে সরকার কী পরিমাণ অর্থ বরাদ্দ করেছে ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে রাজ্যে রাজ্য সড়কের সংখ্যা ১৯টি ও জাতীয় সড়কের সংখ্যা ২৭টি।

(খ) বর্তমানে এই রাজ্যে রাজ্য সড়কের দৈর্ঘ্য ৩৬১২ কি.মি. ও জাতীয় সড়কের দৈর্ঘ্য ২৯৩২ কি.মি.।

(গ) রাজ্য সড়কগুলি দেখভালের জন্য বর্তমান আর্থিক বছরে রাজ্য সরকার ১৫১৪.৪০ কোটি টাকা বরাদ্দ করেছে। জাতীয় সড়কের দেখভালের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের।

ফ্লোরাইড-মুক্ত পানীয় জল সরবরাহে গৃহীত ব্যবস্থা

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০) শ্রী নর্মদা চন্দ্র রায় ঃ জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দক্ষিণ দিনাজপুর জেলায় গভীর নলকূপ থেকে ফ্লোরাইডযুক্ত পানীয় জলের সংক্রমণ নিরসনে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছে / করছে ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

দক্ষিণ দিনাজপুর জেলায় ভূগর্ভস্থ জলে ফ্লোরাইড আক্রান্ত ব্লকের সংখ্যা ৫টি, যথা—তপন, গঙ্গারামপুর, কুশমাণ্ডি, বংশীহারী ও কুমারগঞ্জ। জনস্বাস্থ্য কারিগরি দপ্তর উপদ্রুত ৫টি ব্লকে ইতিমধ্যেই ২৩টি ভূগর্ভস্থ, ভূপৃষ্ঠস্থ এবং উপভূপৃষ্ঠস্থ জলভিত্তিক নলবাহী পরিস্রুত পানীয় জল সরবরাহ প্রকল্প রূপায়ণ করেছে যার দ্বারা ২.৮৫ লক্ষ মানুষ (আদমশুমারি, ২০১১) ফ্লোরাইড-মুক্ত পানীয় জল পাচ্ছেন। এক্ষেত্রে উল্লেখ্য যে ভূগর্ভস্থ জলভিত্তিক পরিস্রুত পানীয় জল সরবরাহ প্রকল্পগুলি ভূগর্ভের ফ্লোরাইড-বিহীন জলস্তর থেকে পানীয় জল নিষ্কাশন করে।

এছাড়া, বর্তমানে দক্ষিণ দিনাজপুর জেলায় ফ্লোরাইড-উপদ্রুত ৫টি ব্লকে মোট ৩৬৬.০৭ কোটি টাকা অনুমোদিত ব্যয়ে মোট ১৪টি নলবাহী পরিস্রুত পানীয় জল সরবরাহ প্রকল্প রূপায়ণের কাজ চলেছে, যার মধ্যে বিশেষ উল্লেখযোগ্য সমগ্র তপন ও গঙ্গারামপুর ব্লকব্যাপী। দুটি উপভূপৃষ্ঠস্থ জলভিত্তিক নলবাহী পরিস্রুত পানীয় জল সরবরাহ প্রকল্প স্থাপন। রূপায়ণের পর্যায়ে থাকা প্রকল্পগুলির দ্বারা মোট ৬.১৯ লক্ষ (আদমশুমারি, ২০১১) মানুষ নিরাপদ পানীয় জল পাবেন। নির্মীয়মাণ প্রকল্পগুলি ২০২১ সালের মার্চ মাসের মধ্যে পর্যায়ক্রমে শেষ হয়ে যাবে বলে আশা করা যায়।

এছাড়াও, ফ্লোরাইড-উপদ্রুত অবশিষ্ট এলাকায় একাধিক নলবাহী পরিস্রুত পানীয় জল। সরবরাহ প্রকল্প স্থাপনের পরিকল্পনা করা হয়েছে।

এছাড়াও উল্লেখ করা যায় যে সমস্ত ফ্লোরাইড আক্রান্ত জনপদকে নলবাহী পরিস্রুত পানীয় জল সরবরাহের আওতায় আনা সম্ভব হচ্ছে না, সেখানে handpump-এর সহিত ফ্লোরাইড-দূরীকরণ যন্ত্র যুক্ত করা হবে যাতে মানুষ পরিস্রুত পানীয় জল গ্রহণ করতে পারেন।

ইতিমধ্যে রূপায়িত, রূপায়ণের পর্যায়ে থাকা ও পরিকল্পিত জল সরবরাহ প্রকল্পগুলি সম্পূর্ণ হলে দক্ষিণ দিনাজপুর জেলায় ফ্লোরাইড আক্রান্ত সকল মানুষ নিরাপদ পানীয় জল সরবরাহের আওতায় আসবেন।

দক্ষিণ দিনাজপুরে কটেজ তৈরির পরিকল্পনা

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১) শ্রী নর্মদা চন্দ্র রায় ঃ পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দক্ষিণ দিনাজপুরের ঐতিহাসিক স্থান ও দীঘিকে ঘিরে কটেজ তৈরির পরিকল্পনা বাস্তবায়িত না হওয়ার কারণ কী ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

পর্যটন বিভাগ দক্ষিণ দিনাজপুরে তপন দীঘিতে ৩৬.৪২ লক্ষ টাকা প্রকল্প ব্যয়ে এবং গৌড় দীঘিতে ৩৩.৯০ লক্ষ টাকা প্রকল্প ব্যয়ে দুটি কটেজ নির্মাণ করেছে। এছাড়াও পর্যটন বিভাগ গঙ্গারামপুর ট্যুরিস্ট লজের নির্মাণে ৩.০১ কোটি টাকা এবং বালুরঘাটে আরণ্যক ট্যুরিস্ট লজের উন্নয়ন প্রকল্পে ৫৯.৯৩ লক্ষ টাকার প্রকল্প গ্রহণ করেছে এবং এই সমস্ত কাজগুলি সম্পূর্ণ হয়েছে। এছাড়া অন্য কোনো কটেজ নির্মাণ প্রকল্প গ্রহণ করে তা বাস্তবায়িত না হওয়ার কোনো ঘটনা সম্বন্ধে পর্যটন বিভাগ অবগত নয়।

এছাড়া প্রসঙ্গত উল্লেখ্য যে কটেজ নির্মাণ ছাড়াও দক্ষিণ দিনাজপুরে দীঘিকে ঘিরে নিম্নলিখিত প্রকল্পগুলি গ্রহণ করা হয়েছে :

(১) তপন দীঘি সংলগ্ন অঞ্চলের নিকাশি ব্যবস্থার উন্নয়ন, বাউন্ডারি ওয়াল, ইটের রাস্তা, ফেন্সিং ইত্যাদি। প্রকল্প ব্যয় ৩৪.৫৮ লক্ষ টাকা।

(২) গৌড় দীঘিতে কংক্রিট রোড, টয়লেট ব্লক, সিটিং অ্যারেঞ্জমেন্ট ইত্যাদি। প্রকল্প ব্যয় ২৮.৪৫ লক্ষ টাকা।

(৩) মহীপাল দীঘিতে রাস্তা, মাড হাউস নির্মাণ, ব্যাম্বু ব্রিজ, ফিশিং ডেক, কিচেন কাম ডাইনিং হল, স্যানিটারি, ড্রেনেজ এবং বিভিন্ন ইলেকট্রিকের কাজ। প্রকল্প ব্যয় ১.২৮ কোটি টাকা।

পড়ুয়াদের সময়সীমা বৃদ্ধির সুপারিশ

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ২০৪) **শ্রীমতী রমা বিশ্বাস** ঃ বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কেন্দ্রীয় শিক্ষানীতিতে পড়ুয়াদের সময়সীমা বৃদ্ধির যে সুপারিশ আছে সেই বিষয়ে রাজ্য সরকারের ভূমিকা কীরূপ ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

খসড়া পেয়েছি। সর্বস্তরের বিশিষ্টজনদের মতামত নিচ্ছি। সেই পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার অবস্থান নেবে।

হাতির আক্রমণে মৃত্যু ও ক্ষতিপূরণ প্রদান

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ২০৯) **শ্রী সমীর কুমার পোদ্দার** ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে মোট কতজন হাতির আক্রমণে মারা গিয়েছেন ; এবং

(খ) কতজন মৃতের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১লা জানুয়ারি, ২০১৯ থেকে ৩১শে জুলাই ২০১৯ পর্যন্ত সময়ে হাতির আক্রমণে মোট ৪০ জন ব্যক্তির মৃত্যু হয়েছে।

(খ) সরকারি নিয়ম মেনে ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। কোনো কোনো ক্ষেত্রে সম্পূর্ণ এবং কিছু কিছু ক্ষেত্রে আংশিক ক্ষতিপূরণ দেওয়া হয়েছে (তাৎক্ষণিক পদক্ষেপ হিসাবে)। বাকি অর্থ প্রদানের প্রক্রিয়া চলছে।

মৎস্যচাষীকে আর্থিক সহায়তা প্রদান

৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২১০) **শ্রী সমীর কুমার পোদ্দার** ঃ মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে কতজন মৎস্যচাষীকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে (জেলাওয়ারি হিসেব-সহ) ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে মোট ৯০, ৩৬০ জন মৎস্যচাষীকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

জেলাওয়ারি হিসেব নিম্নরূপ :

ক্রমিক সংখ্যা	জেলার নাম	আর্থিক সাহায্য প্রাপ্ত মৎস্যচাষী
১	আলিপুরদুয়ার	১৭৬৬
২	কোচবিহার	৫১৪০
৩	জলপাইগুড়ি	৮২৯৯
৪	কালিম্পং	৬৪
৫	দার্জিলিং (শিলিগুড়ি মহকুমা পরিষদ)	৭৫৬
৬	দার্জিলিং (জিটিএ)	১০৭
৭	মালদহ	৭৯৬৪
৮	উত্তর দিনাজপুর	৯৮০৫
৯	দক্ষিণ দিনাজপুর	২৯৮৭

ক্রমিক সংখ্যা	জেলার নাম	আর্থিক সাহায্য প্রাপ্ত মৎস্যচাষী
১০	বীরভূম	৩৫১৫
১১	মুর্শিদাবাদ	৩৮০৩
১২	নদীয়া	৩২৮১
১৩	হুগলী	৩৭৮১
১৪	পূর্ব বর্ধমান	২৫০৫
১৫	পশ্চিম বর্ধমান	৪৬২
১৬	হাওড়া	৪৬৪৬
১৭	উত্তর ২৪-পরগনা	৬৫৯৪
১৮	দক্ষিণ ২৪-পরগনা	৭৭৬১
১৯	পুরুলিয়া	২৬০৩
২০	বাঁকুড়া	২৮৯০
২১	পশ্চিম মেদিনীপুর	৫৮৯০
২২	ঝাড়গ্রাম	১২৪১
২৩	পূর্ব মেদিনীপুর	৪৫০০
	সর্বমোট	**৯০,৩৬০**

সমবায় ব্যাঙ্কের সংখ্যা

৩২। (অনুমোদিত প্রশ্ন নং ২১৬) **শ্রী সমীর কুমার পোদ্দার ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে রাজ্যে চালু সমবায় ব্যাঙ্কের সংখ্যা কত (জেলাওয়ারি হিসেব-সহ) ?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে রাজ্যে মোট ৫৯টি চালু সমবায় ব্যাঙ্ক রয়েছে। যার মধ্যে ১টি রাজ্য সমবায় ব্যাঙ্ক, ১৭টি কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক এবং ৪১টি শহরাঞ্চলীয় সমবায় ব্যাঙ্ক রয়েছে।

জেলাওয়ারি হিসেব নিম্নে প্রদত্ত হল :

ক্রমিক সংখ্যা	জেলার নাম	চালু রাজ্য / কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের সংখ্যা	চালু শহরাঞ্চলীয় সমবায় ব্যাঙ্কের সংখ্যা
১	বাঁকুড়া	১	৩
২	বীরভূম	১	১
৩	পূর্ব বর্ধমান	১	১
৪	পশ্চিম বর্ধমান		৩
৫	কোচবিহার	১ (রাজ্য সমবায় ব্যাঙ্ক)	০
৬	উত্তর ২৪-পরগনা		৫
৭	দক্ষিণ ২৪-পরগনা		৪
৮	কলকাতা		৫
৯	দক্ষিণ দিনাজপুর	১	০
১০	দার্জিলিং	১	০
১১	কালিম্পং		০
১২	হুগলী	১	৫
১৩	হাওড়া	১	৭
১৪	জলপাইগুড়ি	১	০
১৫	আলিপুরদুয়ার		০
১৬	পশ্চিম মেদিনীপুর	১	০
১৭	ঝাড়গ্রাম		০
১৮	মালদা	১	০
১৯	মুর্শিদাবাদ	১	০
২০	নদীয়া	১	৪
২১	পূর্ব মেদিনীপুর	৩	১
২২	পুরুলিয়া	১	০
২৩	উত্তর দিনাজপুর	১	০
	মোট	১৮	৪১

হিঙ্গলগঞ্জে পর্যটন কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩১) শ্রী দেবেশ মণ্ডল ঃ পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হিঙ্গলগঞ্জ বিধানসভার অন্তর্গত ঝিঙেখালি ফরেস্টের কালিতলা গ্রাম পঞ্চায়েতকে পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) পর্যটন শিল্পের উন্নয়নে উত্তর ২৪-পরগনায় সুন্দরবন কেন্দ্রিক কোনো পর্যটন কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা আছে কিনা ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হিঙ্গলগঞ্জ বিধানসভার অন্তর্গত ঝিঙেখালি ফরেস্টের কালিতলা গ্রাম পঞ্চায়েতকে পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলার কোনো প্রস্তাব সংশ্লিষ্ট জেলা থেকে পর্যটন বিভাগে প্রেরণ করা হয়নি।

এই বিষয়ে কোনো সুনির্দিষ্ট প্রস্তাব জেলা থেকে ডিস্ট্রিক্ট ট্যুরিজম ডেভেলপমেন্ট কমিটি (DTDC) কর্তৃক অনুমোদিত হয়ে প্রেরিত হলে পর্যটন দপ্তর অবশ্যই বিবেচনা করে দেখবে।

(খ) উত্তর ২৪-পরগনায় সুন্দরবন-কেন্দ্রিক কোনো পর্যটন কেন্দ্র গড়ে তোলার কোনো প্রস্তাব উত্তর ২৪-পরগনা জেলা থেকে প্রেরণ করা হয়নি।

ডায়মন্ডহারবারে সাগরিকা' ট্যুরিস্ট লজ সংস্কার

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৪১) **শ্রী দীপক কুমার হালদার** ঃ পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, ডায়মণ্ডহারবারে 'সাগরিকা' ট্যুরিস্ট লজ নতুনভাবে সংস্কার করা হচ্ছে ; এবং

(খ) চলতি আর্থিক বছরে সামগ্রিক কাজের জন্য কত ব্যয়বরাদ্দ ধার্য করা হয়েছে ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) সাগরিকা ট্যুরিস্ট লজ নতুনভাবে সংস্কারের জন্য সাম্প্রতিককালে মোট ৯.৬০ কোটি টাকা অনুমোদন করা হয়েছে। ২০১৯-২০২০ সালে এযাবৎ মোট ৭.৮০ কোটি টাকা ইতিমধ্যেই প্রদান করা হয়েছে।

প্রসঙ্গত উল্লেখ্য যে, সাগরিকা ট্যুরিস্ট লজের অন্তর্গত সেচ দপ্তরের অধীনস্থ একটি পুকুরে বোটিং চালু করার পরিকল্পনা রয়েছে। সেচ দপ্তরের থেকে উক্ত পুকুরটির হস্তান্তর প্রক্রিয়া ইতিমধ্যেই চালু হয়ে গেছে।

এছাড়াও সাগরিকা ট্যুরিস্ট লজ সংলগ্ন নদীতীরবর্তী অঞ্চলে সৌন্দর্যায়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে।

কোচবিহারে বহুমুখী হিমঘরের সংখ্যা

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৮) **শ্রী নগেন্দ্রনাথ রায় ঃ** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোচবিহার জেলার বহুমুখী হিমঘরের সংখ্যা কত ; এবং

(খ) কোচবিহার ২নং ব্লক-এ ওইরূপ হিমঘর তৈরি করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কোচবিহার জেলার বহুমুখী হিমঘরের সংখ্যা-১।

(খ) এই মুহূর্তে এই জেলার কোচবিহার ২নং ব্লকে ওইরূপ হিমঘর তৈরি করার কোনো পরিকল্পনা সরকারের নেই।

তপশিলি জাতি, উপজাতি শংসাপত্র প্রদানের মাপকাঠি

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৫০) **শ্রী নগেন্দ্রনাথ রায় ঃ** অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে এপ্রিল, ২০১৮ থেকে ৩১শে মার্চ, ২০১৯ পর্যন্ত কোচবিহার জেলায় তপশিলি জাতি/উপজাতি/অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের কত সংখ্যক শংসাপত্র প্রদান করা হয়েছে ; এবং

(খ) উক্ত প্রকার শংসাপত্র প্রদানের মাপকাঠি কী ?

অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩০শে এপ্রিল, ২০১৮ থেকে ৩১শে মার্চ, ২০১৯ পর্যন্ত কোচবিহার জেলায় নিম্নলিখিত সংখ্যক শংসাপত্র প্রদান করা হয়েছে :

তপশিলি জাতির জন্য	:	২২, ৩২৭ (বাইশ হাজার তিনশত সাতাশ)টি
তপশিলি উপজাতির জন্য	:	১৫৭ (একশত সাতান্ন)টি
অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের জন্য	:	৭৮৩১ (সাত হাজার আটশত একত্রিশ)টি
ও.বি.সি.-এ	:	৪৬১৫
ও.বি.সি.-বি	:	৩২১৬

সুতরাং মোট প্রদেয় শংসাপত্রের সংখ্যা : ৩০, ৩১৫ (তিরিশ হাজার তিনশত পনেরো)।

(খ) তপশিলি জাতি/তপশিলি উপজাতির জন্য মাপকাঠিগুলি হল নিম্নরূপ :

পশ্চিমবঙ্গ তপশিলি জাতি এবং তপশিলি উপজাতি (শনাক্তকরণ) আইন, ১৯৯৪ এবং স্মারকসংখ্যা-১২০৩-বি.সি.ডব্লু./এম.আর.-৮৮/২০১৪ তাং ২৭-৭-২০১৫-এর নির্দেশাবলি অনুসরণ করে যে বিষয়গুলি আবশ্যক সেগুলি নিম্নে প্রদত্ত হল :

(১) আবেদনকারীকে অবশ্যই একজন ভারতীয় নাগরিক হতে হবে।

(2) তপশিলি জাতির ক্ষেত্রে আবেদনকারীকে ১০/০৮/১৯৫০ তারিখের আগে থেকে এবং তপশিলি উপজাতির ক্ষেত্রে ০৬/০৯/১৯৫০ তারিখের আগে থেকে তিনি বা তাঁর পিতৃকুলের পূর্বপুরুষ যে পশ্চিমবঙ্গের বাসিন্দা তার প্রমাণ দিতে হবে।

ওই সংক্রান্ত নথিপত্রাদি আবেদনকারী দেখাতে না পারলেও স্থানীয় নির্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত আধিকারিকস্তরে সরেজমিন তদন্তে এই তথ্য অত্যাবশ্যকভাবে প্রমাণিত হতে হবে।

(৩) আবেদনকারীকে বর্তমানে বাসস্থানের ঠিকানায় একজন সাধারণ বাসিন্দা হতে হবে।

(৪) যে শংসাপত্রের জন্য তিনি আবেদন করছেন, তাঁকে সেই জাতি বা উপজাতিভুক্ত হতে হবে।

(৫) আবেদনকারীকে পরিচয়জ্ঞাপক প্রমাণপত্র দিতে হবে।

(৬) পিতৃকুলের রক্তসম্পর্কিত কোনো আত্মীয়ের জাতিগত শংসাপত্র দাখিল করতে পারলে তা আবেদনকারীর জাতিগত প্রমাণ হিসাবে গ্রাহ্য হবে।

অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের জন্য মাপকাঠিগুলি হল নিম্নরূপ :

স্মারক সংখ্যা ৩৭৪ (৭১)-টি.ডব্লু/ই.সি./এম.আর.-১০৩/৯৪ তাং ২৭-০৭-১৯৯৪ এবং স্মারক সংখ্যা ১২০৪-এস.বি.সি.ডব্লু./এম.আর-৬৭/১০ তাং ২৭-০৭-২০১৫-এর নির্দেশাবলি অনুযায়ী যে বিষয়গুলি আবশ্যক সেগুলি নিম্নে প্রদত্ত হল :

(১) আবেদনকারীকে অবশ্যই একজন ভারতীয় নাগরিক হতে হবে।

(২) আবেদনকারীকে বা তাঁর পিতৃকুলের পূর্বপুরুষকে ১৫/০৩/১৯৯৩ তারিখের আগে থেকে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে।

(৩) আবেদনকারীকে বর্তমান বাসস্থানে ঠিকানায় একজন সাধারণ বাসিন্দা হতে হবে।

(৪) অনগ্রসর সম্প্রদায়ের শংসাপত্রের জন্য আবেদনকারীকে সেই সম্প্রদায়ভুক্ত হতে হবে।

(৫) আবেদনকারীকে পরিচয়জ্ঞাপক প্রমাণপত্র দিতে হবে।

(৬) আবেদনকারীর পিতামাতার আয় বার্ষিক ৮ (আট) লক্ষ টাকা বা তার বেশি হলে ; অথবা পিতামাতা উভয়ই বা যে কোনো একজন সরাসরিভাবে নিযুক্ত 'ক' বর্গের রাজ্য/ কেন্দ্রীয় সরকারী কর্মচারী বা সমতুল হলে ; অথবা দু-জনেই 'খ' বর্গের কর্মচারী হলে

অথবা পিতা ৪০ (চল্লিশ) বছর বয়সের পূর্বে 'ক' বর্গে উন্নীত হলে শংসাপত্র পাওয়ার যোগ্য হবেন না। এই নিদিষ্ট আর্থিক বা চাকুরির স্তরকে অর্থনৈতিক উন্নততর বা 'Creamy layer' বলে।

উপযুক্ত দুটি ক্ষেত্রেই কোনো নথিপত্র না থাকলেও আবেদন করা যায়। সেক্ষেত্রে স্থানীয় নির্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত আধিকারিক স্তরে সরেজমিনে তদন্তে তথ্যগুলি অত্যাবশ্যকভাবে প্রমাণিত হতে হবে।

উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের অনুমোদিত প্রকল্প

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৬) **শ্রী হিতেন বর্মন** ঃ উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১৮-১৯ আর্থিক বছরে কোচবিহার জেলায় যে প্রকল্পগুলি অনুমোদিত হয়েছে তার সংখ্যা কত ;

(খ) শীতলকুচি বিধানসভায় যে প্রকল্পগুলি শুরু হয়েছে তা কবে নাগাদ সমাপ্ত হবে বলে আশা করা যায় ; এবং

(গ) মাথাভাঙা-১নং ব্লকের গাদলেরকুটি এলাকায় প্রস্তাবিত সেতু কবে নাগাদ শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে ?

উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১১০টি।

(খ) শীতলকুচি ব্লকের অন্তর্গত প্রকল্পের সংখ্যা-৪টি

(১) কৈমারি থেকে বামুনিয়া ভায়া কেদারহাট হয়ে একটি রাস্তার কাজ সমাপ্ত হয়েছে।

(2) গোসাইয়ের হাট গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত বামনপাড়ায় খুটামারা নদীর ওপর একটি আর.এস.জে. সেতু নির্মাণের কাজ চলছে (আনুমানিক সমাপ্তি—ডিসেম্বর, ২০১৯)।

(৩) শীতলকুচি প্রেক্ষাগৃহ নির্মাণের কাজ চলছে (আনুমানিক সমাপ্তি—ডিসেম্বর, ২০১৯)।

(৪) মাথাভাঙা-১নং ব্লকের অন্তর্গত শিকারপুর উচ্চবিদ্যালয়ে একটি ভবন নির্মাণের কাজ চলছে (আনুমানিক সমাপ্তি—ডিসেম্বর, ২০১৯)।

(গ) সম্প্রতি এই প্রকল্পটি চূড়ান্ত করা হয়েছে।

আই.টি.আই. কলেজের সংখ্যা

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৭) **শ্রী হিতেন বর্মন** ঃ কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোচবিহার জেলায় আই.টি.আই. কলেজের সংখ্যা কত ;

(খ) উক্ত কলেজগুলিতে মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা কত ; এবং

(গ) শীতলকুচি ব্লকে আই.টি.আই. কলেজ স্থাপনের কোনো পরিকল্পনা আছে কিনা ?

কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কোচবিহার জেলায় সরকারী আই.টি.আই. কলেজের সংখ্যা মোট ৫ (পাঁচ)টি।

(এর মধ্যে সরকারি পরিচালিত আই.টি.আই. কলেজের সংখ্যা ২টি এবং প্রাইভেট ট্রেনিং প্রোভাইডার (পি.টি.পি.) দ্বারা পরিচালিত সরকারি আই.টি.আই. কলেজের সংখ্যা ৩টি।

(খ) উক্ত কলেজগুলিতে মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা ১০৭৯।

(গ) এই মুহূর্তে শীতলকুচি ব্লকে আই.টি.আই. কলেজ স্থাপনের কোনো পরিকল্পনা নেই।

রূপশ্রী প্রকল্পে অর্থ প্রাপকের সংখ্যা

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩১১) **শ্রী আব্দুল খালেক মোল্লা** ঃ নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে রাজ্যে মোট কতজন মহিলাকে "রূপশ্রী" প্রকল্পে অর্থ প্রদান করা হয়েছে (জেলাওয়ারি হিসাব-সহ) ; এবং

(খ) উক্ত সময়ে এই প্রকল্পে ব্যয়িত অর্থের পরিমাণ কত ?

নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া :

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে রাজ্যে মোট ২,৬৮,৪৮১ জন মহিলাকে "রূপশ্রী" প্রকল্পে অর্থ প্রদান করা হয়েছে (জেলাওয়ারি হিসাব নিম্নে পেশ করা হল)।

(খ) উক্ত সময়ে এই প্রকল্পে ব্যয়িত অর্থের পরিমাণ ৬৭৭, ০৮, ১৭, ১২০ টাকা।

২০১৯-২০২০ আর্থিক বছরে ৩১শে জুলাই, ২০১৯ পর্যন্ত রাজ্যে রূপশ্রী প্রকল্পে ভাতা প্রাপকের জেলাওয়ারি সংখ্যা :

	জেলা	ভাতা প্রাপকের সংখ্যা
১	আলিপুরদুয়ার	৫৩২৭
২	বাঁকুড়া	১৫,২৩৬
৩	বীরভূম	১২,৪২৬
৪	কোচবিহার	১২,৬৪০

	জেলা	ভাতা প্রাপকের সংখ্যা
৫	দক্ষিণ দিনাজপুর	৫২১৫
৬	দার্জিলিং	৫৬৭
৭	হুগলী	১৪,৭৭১
৮	হাওড়া	১২,৪৫৭
৯	জলপাইগুড়ি	১০,৭৭৭
১০	ঝাড়গ্রাম	৩৪৭৩
১১	কালিম্পং	৪৯৪
১২	কলকাতা	৪৭০৭
১৩	মালদা	১২,৬০২
১৪	মুর্শিদাবাদ	৩৫,৭০৯
১৫	নদীয়া	১৩,৮৬৩
১৬	উত্তর ২৪-পরগনা	১৮,৬১৪
১৭	পশ্চিম বর্ধমান	৪৮০১
১৮	পশ্চিম মেদিনীপুর	১৪,৭০৬
১৯	পূর্ব বর্ধমান	১২,৯৩৬
২০	পূর্ব মেদিনীপুর	১২,৮৫৬
২১	পুরুলিয়া	১৩,২৮৪
২২	দক্ষিণ ২৪-পরগনা	২২,৪১২
২৩	শিলিগুড়ি	৩০১৩
২৪	উত্তর দিনাজপুর	৪৫৯৫
	মোট	২,৬৮,৪৮১

বার্ধক্যভাতা প্রাপকের সংখ্যা

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৩২০) শ্রী আব্দুল খালেক মোল্লা ঃ নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জুলাই, ২০১৯, সাপেক্ষে রাজ্যে মোট কতজন বার্ধক্য ভাতা পাচ্ছেন (জেলাওয়ারি হিসাব-সহ) ?

নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া :

৩১শে জুলাই, ২০১৯, সাপেক্ষে রাজ্যে মোট বার্ধক্য ভাতা প্রাপকের সংখ্যা (জেলাওয়ারি হিসাব সহ) :

	জেলা	ভাতা প্রাপকের সংখ্যা
১	আলিপুরদুয়ার	২৪৪৬
২	বাঁকুড়া	৪৬৭১
৩	বীরভূম	৩৮৮৯
৪	কোচবিহার	২৬৯৩
৫	দক্ষিণ দিনাজপুর	১৪৯০
৬	দার্জিলিং	১৭৫৮
৭	ডিপার্টমেন্টাল কোটা	২৩৬৫
৮	হুগলী	৫২৯০
৯	হাওড়া	৪০৫৬
১০	জলপাইগুড়ি	২২৮৩
১১	ঝাড়গ্রাম	১১৩৪
১২	কালিম্পং	৩৯৭
১৩	কলকাতা	৫৮০৬
১৪	মালদা	২৭৬৪
১৫	মুর্শিদাবাদ	৫৮৮০
১৬	নদীয়া	৪১৬৮
১৭	উত্তর ২৪-পরগনা	৮৪২৪
১৮	পশ্চিম বর্ধমান	১৮৭৮
১৯	পশ্চিম মেদিনীপুর	৪৬২৯
২০	পূর্ব বর্ধমান	৪৯৮৫
২১	পূর্ব মেদিনীপুর	৩৩৮৫
২২	পুরুলিয়া	৩৯৩০
২৩	দক্ষিণ ২৪-পরগনা	৩৮৯১
২৪	উত্তর দিনাজপুর	১৫২৬
	মোট	৮৩,৭৩৮

বার্ধক্য ভাতা প্রাপকের সংখ্যা ও তার পরিমাণ

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৩) শ্রী প্রদীপ কুমার সাহা ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে, রাজ্যে সংশ্লিষ্ট বিভাগের মাধ্যমে কতজন বার্ধক্য বেভাতা/অনুদান পাচ্ছেন ;

(খ) প্রত্যেককে দেয় অর্থের পরিমাণ কত ; এবং

(গ) নতুন প্রাপক অনুমোদনের বিষয়ে সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা ?

পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে, এই রাজ্যের পঞ্চায়েত এলাকাধীন অঞ্চলে মোট ১১,৪২,৪০৫ (এগারো লক্ষ বিয়াল্লিশ হাজার চারশত পাঁচ) জন বৃদ্ধ-বৃদ্ধা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মাধ্যমে বার্ধক্য ভাতা পাচ্ছেন।

(খ) ৬০ বছর থেকে ৭৯ বছর বয়স পর্যন্ত বৃদ্ধ-বৃদ্ধা মাসিক ৪০০/- (চারশত) টাকা হারে বার্ধক্য ভাতা পেয়ে থাকেন। ৮০ বছর ও তার বেশি বয়সের বৃদ্ধ-বৃদ্ধারা মাসিক ১০০০/- (এক হাজার) টাকা হারে বার্ধক্য ভাতা পেয়ে থাকেন।

(গ) এই রাজ্যের ক্ষেত্রে গ্রামাঞ্চল এবং শহরাঞ্চল মিলিয়ে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রাপ্ত বার্ধক্য ভাতা প্রাপকদের অনুমোদিত সংখ্যা ১৪,২৩,১৯২ (চোদ্দ লক্ষ তেইশ হাজার একশত বিরানব্বই) জন। যেহেতু গ্রামাঞ্চল এবং শহরাঞ্চল মিলিয়ে এই রাজ্যে বর্তমানে মোট ১৪,৩৮,২০০ (চোদ্দো লক্ষ আটত্রিশ হাজার দুই শত) জন বৃদ্ধ-বৃদ্ধা বার্ধক্য ভাতা প্রাপকদের কোনো অনুমোদন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া যাচ্ছে না।

রাজ্যে দুধের উৎপাদন ও চাহিদা

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৮) শ্রী প্রদীপ কুমার সাহা ঃ প্রাণীসম্পদ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে রাজ্যে প্রতিদিন কত লিটার দুধ প্রয়োজন ;

(খ) বর্তমানে রাজ্যে উৎপাদিত দুধের পরিমাণ কত (সরকারি খাবার ও বেসরকারি উৎপাদন পৃথকভাবে); এবং

(গ) বর্তমানে রাজ্যে কতজন সরকারি পশু চিকিৎসক আছেন ?

প্রাণীসম্পদ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১৯-২০ সালের ১০,২০,৬১,৩৯৭ (দশ কোটি কুড়ি লক্ষ একষট্টি হাজার তিনশত সাতানব্বই) আনুমানিক জনসংখ্যার জন্য জনপ্রতি প্রতিদিন দুধের প্রয়োজন ১৮০

গ্রাম এই হিসাব মোতাবেক রাজ্যে প্রতিদিন ১৮,৩৭১ (আঠারো হাজার তিনশত একাত্তর) মেট্রিক টন দুধের প্রয়োজন।

(খ) বর্তমানে রাজ্যে দৈনিক উৎপাদিত দুধের পরিমাণ ১৫,৩৫৯ (পনেরো হাজার তিনশত উনষাট) মেট্রিক টন।

সরকারি খামারগুলির মিলিত দৈনিক উৎপাদন ১.৬৩ (এক দশমিক তেষট্টি) মেট্রিক টন। ১৫,৩৫৭.৩৭ (পনেরো হাজার তিনশত সাতান্ন দশমিক সাঁইত্রিশ) মেট্রিক টন দুধের উৎপাদন খামারীদের মাধ্যমে হয়।

(গ) বর্তমানে রাজ্যে ১,২১৭ (এক হাজার দুইশত সতেরো) জন সরকারি প্রাণী চিকিৎসক আছেন।

সব্জি সংরক্ষণ কেন্দ্র নির্মাণ

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪২১) শ্রী প্রদ্যোৎ কুমার ঘোষ ঃ কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, জাইকার সহায়তায় রাজ্যে সব্জি সংরক্ষণ কেন্দ্র তৈরি হয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত প্রকল্প রাজ্যে কিভাবে রূপায়িত হবে ; এবং

(গ) এর ফলে চাষীরা কি ফড়েরাজ থেকে রেহাই পাবে ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) জাইকার সহায়তায় রাজ্যে একটি সৌরশক্তি সঞ্চালিত তাপমাত্রা-নিয়ন্ত্রিত সব্জি সংরক্ষণ কেন্দ্র তৈরি হয়েছে।

(খ) জাইকা প্রকল্পটির রূপায়ণ ইতোমধ্যে রাজ্যে সম্পন্ন করেছে।

(গ) এই সব্জি সংরক্ষণ কেন্দ্রের মাধ্যমে স্বল্প খরচে সব্জি সংরক্ষণ করে বাজারজাত করলে চাষীরা তাদের উৎপাদিত ফসলের অভাবী বিক্রয় রোধ করতে পারবেন।

Starred Questions
(to which oral answers were given)

ডেঙ্গু জ্বর প্রতিরোধে গৃহীত ব্যবস্থা

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩) শ্রী আব্দুল মান্নান ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে সম্প্রতি ডেঙ্গু জ্বরে বহু মানুষ আক্রান্ত হয়েছেন; এবং

(খ) সত্যি হলে,

১। আক্রান্ত রোগীদের চিকিৎসার ব্যাপারে রাজ্য সরকার কী ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে/করছে; ও

২। ডেঙ্গু জ্বর প্রতিরোধে রাজ্য সরকার কী ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : (ক) এই বছর এই রাজ্যে সব মিলিয়ে ১০,০০০-এর কাছাকাছি ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা রাজ্য সরকারের নজরে এসেছে। এরমধ্যে সর্বাধিক রোগী উত্তর ২৪ পরগণা জেলা থেকে এসেছে যেখানে রোগীর সংখ্যা হল ৫,৪৭৯ টি। এই বছর রাজ্যে উত্তর ২৪ পরগণা, নদীয়া ও আলিপুরদুয়ার ছাড়া অন্যান্য জেলায় ডেঙ্গুর প্রকোপ কম।

(খ) ডেঙ্গু আক্রান্ত রোগীদের উন্নতমানের চিকিৎসা পরিষেবা দেওয়ার জন্য রাজ্য সরকার নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করেছেন :

১। রাজ্যে মোট ৬০টি সরকারী ডেঙ্গু নির্ণয়কেন্দ্র থেকে পরিষেবা প্রদান করা হচ্ছে। গত বছর এই সংখ্যা ছিল ৪৩। গত বছর এই সময় অবধি ১,২৬,৪০৪ জনের রক্ত পরীক্ষা করা হয়েছিল। এ বছর এখনও অবধি ১,৮৪,২১৮ জনের রক্ত পরীক্ষা করা হয়েছে। ডেঙ্গু নির্ণয়কেন্দ্রগুলির সঙ্গে যুক্ত ল্যাবরেটরী টেকনিশিয়ানদের বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

২। ডেঙ্গুর চিকিৎসাকে বিকেন্দ্রীভূত করে মানুষের কাছে পৌঁছে দেওয়ার স্বার্থে এই বছর মহকুমা হাসপাতাল ও স্টেট জেনারেল হাসপাতালেও প্রয়োজনীয় ব্যবস্থা করে ডেঙ্গুর চিকিৎসা সুনিশ্চিত করা হয়েছে। এর ফলে এই বছর ডেঙ্গু আক্রান্ত রোগীরা মহকুমা হাসপাতাল ও স্টেট জেনারেল হাসপাতালে চিকিৎসা পরিষেবা পাচ্ছেন।

৩। চলতি বছরে এপ্রিল থেকে জুলাই মাসের মধ্যে মেডিক্যাল কলেজ, জেলা, মহকুমা, স্টেট জেনারেল ও ব্লক হাসপাতালে ডেঙ্গুর চিকিৎসার সঙ্গে যুক্ত সমস্ত চিকিৎসক ও নার্সকে বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

৪। একইভাবে এই বছরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর থেকে প্রাইভেট নার্সিং হোমে ডেঙ্গুর চিকিৎসার সঙ্গে যুক্ত চিকিৎসকদেরও প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

৫। এছাড়াও ডেঙ্গু রোগের চিকিৎসা প্রোটোকল সমস্ত সরকারী ও বেসরকারী হাসপাতালকে লিখিতভাবে জানানো হয়েছে। এর পাশাপাশি প্রোটোকল স্বাস্থ্য দপ্তরের ওয়েব সাইটেও দেওয়া হয়েছে যাতে যে কোনও চিকিৎসা কর্মী দেখতে ও বুঝতে পারেন।

৬। ডেঙ্গু রোগীর চিকিৎসার জন্য প্রতিদিন অন্তত দুই বার প্লেটলেট / পি সি ভি পরীক্ষা এবং নিয়মিতভাবে পাল, ব্লাড প্রেশার, জ্বর ও প্রস্রাবের পরিমাণের উপর নজর রাখার ব্যবস্থা করা হয়েছে।

৭। ডেঙ্গু রোগীদের চিকিৎসায় প্রোটোকলকে সুনিশ্চিত করার জন্য এই বছর রাজ্য ও জেলা স্তরে বিশেষভাবে প্রশিক্ষিত চিকিৎসক ও নার্সদের নিয়ে 'ডেঙ্গু অবজার্ভার টিম' তৈরী করা হয়েছে। রাজ্য স্তরে ১১টি, জেলা স্তরে ৩৫টি ডেঙ্গু অবজার্ভার টিম গত জুন মাস থেকে প্রত্যেক দিন বিভিন্ন সরকারী ও বেসরকারী হাসপাতাল ও নার্সিং হোম পরিদর্শন করছেন। এ ছাড়াও কলকাতা পুরসভা ১৬টি অবজার্ভার টিম গঠন করেছে।

৮। এই ৬২ টি অবজার্ভার টিমে রয়েছেন ১২৪ জন ও ৮৬ জন নার্স। এদের পরিদর্শনের আওতায় ডেঙ্গু প্রভাবিত এলাকার সমস্ত সরকারী ও বেসরকারী হাসপাতাল আছে।

৯। ডেঙ্গু রোগীর চিকিৎসা করার জন্য প্লেটলেটের যাতে অভাব না হয়, তার জন্য প্রতিটি জেলা, মহকুমা ও স্টেট জেনারেল হাসপাতালকে নির্দিষ্ট ব্লাড ব্যাঙ্কের সঙ্গে যুক্ত করে সরকারী নির্দেশ জারি করা হয়েছে।

১০। যেসব এলাকায় বেশী ডেঙ্গু হচ্ছে, সেখানে "ফিভার ক্যাম্প" করে রক্ত পরীক্ষা ও চিকিৎসার ব্যবস্থা হয়েছে। ডেঙ্গু পজিটিভ ব্যক্তিদের এস এম এসের মাধ্যমে রক্ত পরীক্ষার ফলাফল জানিয়ে হাসপাতালে ভর্তি বিষয়ক পরামর্শ দেওয়া হচ্ছে।

২) ডেঙ্গু প্রতিরোধের কাজে সমন্বয়ের সাধনের জন্য মুখ্য সচিবের নেতৃত্বে একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি গঠন করা হয়েছে। রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, পুর ও নগরোন্নয়ন, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, জনস্বাস্থ্য ও কারিগরী, সেচ ও জলপথ দপ্তর, স্কুল শিক্ষা, উচ্চ শিক্ষা, শিশু ও নারী উন্নয়ন ও সমাজকল্যাণ, যুব ও ক্রীড়া পূর্ত দপ্তর ইত্যাদি দপ্তরগুলি যৌথভাবে কাজ করছে। এছাড়াও,

প্রতিটি জেলাতে জেলাশাসকের নেতৃত্বে সংশ্লিষ্ট আধিকারিকদের নিয়ে সমন্বয় কমিটি গঠন করা হয়েছে ও নিয়মিত মিটিং হচ্ছে। ডেঙ্গু প্রতিরোধের জন্য রাজ্য সরকার নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহন করেছেন।

১। জুন মাস থেকে নভেম্বর মাস অবধি রাজ্যের সব গ্রাম ও শহরে বাড়ী বাড়ী পরিদর্শন এবং জঞ্জাল সাফ, মশার লার্ভা ধংসের জন্য প্রায় ৯৭ হাজার কর্মীকে যুক্ত করা হয়েছে।

২। পূর্ববর্তী বছরগুলির ডেঙ্গু জ্বরের প্রকোপের পরিপ্রেক্ষিতে রাজ্যে ৭৯১ টি গ্রাম পঞ্চায়েত ও ৮০৩ টি মিউনিসিপ্যালিটি ওয়ার্ডকে 'ডেঙ্গু প্রবণ' বলে চিহ্নিত করা হয়েছে। এই জায়গাগুলিতে অতিরিক্ত কর্মীকে যুক্ত করা হয়েছে এবং সচেতনতা বৃদ্ধির জন্য বিশেষভাবে প্রচারের ব্যবস্থা করা হয়েছে।

৩। রাজ্যের সব গ্রাম পঞ্চায়েত ও মিউনিসিপ্যালিটিতে কেমিক্যাল লার্ভিসাইডের পাশাপাশি এই বছর বায়ো লার্ভিসাইডের ব্যবস্থা করা হয়েছে।

৪। রাজ্যের সব জেলায় বন্ধ ড্রেন, অব্যবহৃত খাল, ডোবা, পুকুর ইত্যাদিতে প্রায় ৩ কোটি গাপ্পি মাছ ছাড়া হয়েছে।

৫। সাধারণ মানুষের সচেতনতা বৃদ্ধির উপর সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হয়েছে। এ জন্য উঁচু ক্লাসের ছাত্র/ছাত্রী, কন্যাশ্রী ছাত্রী, স্থানীয় ক্লাব, ইত্যাদিদের নিয়ে মিটিং/ র‍্যালী / সচেতনতা শিবির ইত্যাদির ব্যবস্থা করা হয়েছে। ডেঙ্গু প্রবণ এলাকায় মাইকিং, লিফলেট বিলি করা হচ্ছে। এছাড়া, টিভি, রেডিও-তে জুন মাস থেকে প্রতিদিন প্রচারের ব্যবস্থা করা হয়েছে। আশাকর্মী, অঙ্গনওয়াড়ী কর্মীদের সচেতনতা বৃদ্ধির কাজে নিয়োগ করা হয়েছে।

৬। ১৫ই জুলাই থেকে ২৮শে জুলাই অবধি সারা রাজ্যে 'পরিচ্ছন্নতা পক্ষ' পালন করা হয়েছে।

৭। অপরিচ্ছন্ন নালা, ক্যানেল ইত্যাদি পরিষ্কার করার জন্য সেচ বিভাগ এই বছর বিশেষ ব্যবস্থা নিয়েছে। কলকাতাসহ উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা জেলার অপরিচ্ছন্ন নালা, ক্যানেল বিশেষভাবে পরিষ্কার করা হয়েছে।

৮। জনস্বাস্থ্য ও কারিগরী দপ্তরের বিশেষ উদ্যোগে ডেঙ্গুপ্রবণ এলাকায় টিউবওয়েলের প্ল্যাটফর্ম তৈরী / সংস্কার, নলবাহিত জল সরবরাহের ব্যবস্থা করা হয়েছে যাতে জল জমে না থাকে।

৯। রাজ্যের সব পৌর এলাকায় 'সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট-এর জন্য প্রকল্প রূপায়ণের ব্যবস্থা করা হচ্ছে।

১০। ডেঙ্গু জ্বরের প্রকোপ বৃদ্ধির আগেই আগাম সতর্কতা দেওয়ার জন্য রাজ্যে শতাধিক 'ফিক্সড্ সেন্টিনেল সাইট' করা হয়েছে। প্রতিটি জেলাতে গড়ে ৫-৬ টি এই রকম 'ফিক্সড্ সেন্টিনেল সাইট' রয়েছে, যেখানে মশার লার্ভার হ্রাস-বৃদ্ধির উপরে নিয়মিত নজর রাখা হচ্ছে।

১১। রাজ্যের মধ্যে অবস্থিত বিভিন্ন কেন্দ্র সরকারী অফিস, আবাসন, মেট্রোরেল, রেল ইত্যাদি এলাকায় মশা নিয়ন্ত্রনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রেখে নিয়মিত পরিষ্কারের ব্যবস্থা করা হয়েছে।

১২। কলকাতা কর্পোরেশন এলাকায় বারবার সচেতন করা সত্ত্বেও যেখানে ব্যক্তি মালিকানাধীন স্থানে আবর্জনা ও জল জমিয়ে রাখার প্রবনতা দেখা যাচ্ছে, সেখানে জরিমানা করা হচ্ছে।

১৩। সরকারী ও বেসরকারী সমস্ত ডেঙ্গু নির্ণয়কেন্দ্র থেকে তথ্য সংগ্রহ করে নিয়মিত বিশ্লেষণ করা হচ্ছে, যাতে ডেঙ্গু ব্যাপকতার এলাকাগুলি চিহ্নিত করে বিশেষ ব্যবস্থা নেওয়া যায়।

[11:10 – 11:20 a.m.]

Shri Abdul Mannan : মাননীয় মন্ত্রী মহোদয়া বললেন যে, দশ হাজার আক্রান্ত রোগীর তথ্য তাঁদের আছে, নজরে এসেছে। আক্রান্ত রোগীরা বিভিন্ন সরকারী এবং বিভিন্ন বেসরকারী হাসপাতালে ভর্তি হন এবং তাঁদের অনেককে ডেঙ্গু বলে চিহ্নিত করতে বা আইডেন্টিফাই করতে, ডেঙ্গু রোগ বলে ঘোষণা করতে ডাক্তারদের কাছে অলিখিত একটা নিয়ম নাকি আছে। অনেক রোগী বলেন, অনেক রোগী কমপ্লেন করেছেন। এই যে দশ হাজার সংখ্যাটা বললেন, এর মধ্যে সরকারী হাসপাতাল এবং বেসরকারী চিকিৎসাকেন্দ্রগুলোকে নিয়ে একসঙ্গে কি? মৃত্যুর সংখ্যাটা কত, সেটা বলুন?

Smt. Chandrima Bhattacharya : এই সংখ্যাটা সারা রাজ্যে সমস্ত হাসপাতালগুলো নিয়েই এই সংখ্যা নির্ধারিত করে বলা হয়েছে এবং মৃত্যুর সংখ্যা এই মুহূর্তে আজকে অবধি আমরা বলতে পারি, ১৩ জন।

Shri Abdul Mannan : আমি, সুজনবাবু এবং অনেকে হাবড়ায় গিয়েছিলাম। হাবড়ায়, অশোকনগরে যখন খুব রোগের প্রকোপ হয় তখন সেখানে রোগীরা দারুণভাবে আক্রান্ত হচ্ছেন এবং মারাও যাচ্ছেন। তখনই ডাক্তারদের কাছ থেকে যে সংখ্যাটা পেয়েছিলাম সেটা আজকের সংখ্যার সঙ্গে মিল হচ্ছে না, অমিল হচ্ছে। যাই হোক, তখন তাঁরা বলেছিলেন যে, আমাদের এখানে বারো-তেরোজনের এ হয়েছে। বাইরে যাঁদেরকে পাঠিয়েছি মারা গেছেন বা ওখানে গিয়ে ভর্তি হয়ে মারা গেছেন। আমার কাছে সেই তথ্যটা নেই। আমি আপনার কাছে চ্যালেঞ্জ করতে পারব না। আপনি যেটা বলছেন, সেটাই। আমাদের কাছে যে তথ্যগুলো এসেছিল তাতে দেখা গেছে, প্রায় ত্রিশজনের ওপরে লোক মারা গেছে। যাই হোক, আপনি যখন বলছেন, ওটাই মেনে নিতে হচ্ছে। আপনি প্রতিরোধের যে সমস্ত ব্যবস্থাগুলো গ্রহণ করেছেন, আপনি নিজেও গিয়েছিলেন, হাবড়ায় যেখানে ম্যাক্সিমাম লোক ভর্তি হয়েছে। সেই সমস্ত জায়গার আবর্জনাগুলোকে সলিড ম্যানেজমেন্ট-এর কথা বলেছেন। প্রতিরোধের জন্য যে সমস্ত সংস্কারের কথাগুলো বলেছেন, পরিষ্কার-পরিচ্ছন্নতার কথা বলছেন। হাবড়া এখন সরকারি নিয়ন্ত্রণাধীন একটা পৌরসভা সেখানে বর্তমানে নির্বাচিত পৌরসভা কাজ করতে পারছে না। সেই কারণের মধ্যে যাচ্ছি না। কিন্তু কথা হচ্ছে, সেখানে আমরা গিয়ে দেখেছি যে, একটা হাসপাতালে রোগীরা ভর্তি হয়েছেন, মশারি নেই। যদিও কয়েকজনকে মশারি দেওয়া হয়েছে কয়েকটি বেডে। তিনজন করে শুয়ে আছে। ফিমেল বেডেও তিনজন করে শুয়ে আছে, তিনজন মহিলা। পুরুষ বেডেও শুয়ে আছে। তিনজন মহিলাকে বা তিনজন পুরুষকে একটি বেডে শুইয়ে রেখে একটি মশারির মধ্য দিয়ে তাদের কাজ করানো হচ্ছে। আপনি নিজে গিয়েছিলেন, দেখেছিলেন বোধ হয়। আপনি যখন গিয়েছিলেন, শুনলাম স্বাস্থ্যমন্ত্রী এসেছিলেন। তাহলে সেখানে যে ভাবে খনন করা হয়েছে, যে ভাবে জল জমা হয়ে রয়েছে এবং যেখানে রোগীরা ভর্তি আছে হাসপাতালে সেখানে তার জানালাগুলো ভাঙ্গা, কাঁচগুলো নেই। সেখানে মশা জন্মাছে, একটা মশা উৎপাদন কেন্দ্র তৈরি হয়ে গেছে। এই ব্যাপারে আপনি কোন ব্যবস্থা নিয়েছেন? আপনি সেখানটা তো দেখেওছেন। এ ব্যাপারে ব্যবস্থা নিয়েছেন?

Smt. Mamata Banerjee : ডেঙ্গু রোগ প্রতিরোধ করবার জন্য আমাদের সকলের সচেষ্ট হওয়া উচিৎ। মৃত্যু বাড়িয়ে দেখাটাই কি রাজনৈতিক উদ্দেশ্য করা উচিৎ আমাদের? ডেঙ্গুটাকে যাতে প্রতিকার করা হয় সেই জন্য, আমাদের সকলের একটা ভূমিকা আছে। সেই ভূমিকাটা নেভানো উচিৎ। সেটা আমার প্রথম সকলের কাছে অনুরোধ থাকবে। দ্বিতীয়তঃ আমাদের সরকারী বারো মাস ধরে, জুন মাস থেকে যদি ডেঙ্গু শুরু হয়, আমরা মিটিং-টা শুরু করি সব্বাইকে নিয়ে নভেম্বর মাস থেকে যাতে পাঁচ-ছ'মাস আগে থেকেই ক্যাম্পেন-টা করা হয় মানুষের মধ্যে জাগরণটা হওয়ার জন্য। সবাই যে সবকিছু মানে তাতো নয়। যতটা পারা যায় সম্ভব, প্রত্যেকের বাড়ি বাড়ি, কার বাড়িতে কে জল জমিয়ে রেখেছে, এটা দেখা আমার সম্ভব নয়। তার নিজেরও একটা দায়িত্ব আছে। কিন্তু মানুষ দায়িত্ব পালন করে। অনেকে জানতেনও না যে, আপনি বাড়িতে ঘরের মধ্যে একটা টবে একটা গাছ পুঁতলেন, আমি ভালোবাসি গাছ কিন্তু সেই টবের গাছে আমরা যে জলটা দিই, আমি তো গাছটাকে ভালোবাসি, গাছ প্রাণ, গাছের জলটাতে যে লাভা হতে পারে এটাতো আমারও ধারণা ছিল না। আমি এখন চেতনা হওয়ার সঙ্গে সঙ্গেই এগুলো জানতে জানতে এগুলো করেছি। এটা ফ্যাক্ট দশ হাজার পাঁচশোর ওপরে লোক আক্রান্ত হলেও থ্যাংক্স টু গড্, আমরা এত লোককে ভালো করে দিতে পেরেছি। যে পরিকাঠামো আমরা তৈরি করেছি তাতে সরকারি হাসপাতালে তেরোজন মারা না গিয়ে, আগে তো তেরশো লোকও মারা যেত আমি দেখেছি। আমি একসময়ে কংগ্রেস করতাম। যখন ম্যালেরিয়ায় লোক মারা যেত আমি রাস্তায় রাস্তায় ইন্ডিয়ান মেডিকেল এ্যাসোসিয়েশানকে নিয়ে ক্যাম্প করতাম। ব্লাড ডোনেশান ক্যাম্প করতাম। তখন দেখতাম না সরকারে আছি না বিরোধী দলে আছি।

সুদীপ্ত-দা আপনি ছিলেন। আপনি তখন আসতেন। আপনি ছিলেন, তরুণ অধিকারী ছিলেন, চৌবে সাহেব ছিলেন। তারা এসে আমাদের বিনা পয়সায় সার্ভিস দিতেন। কাজেই আমি তো জানি। এটা শুধু আজকে নয় দীর্ঘদিন করছি।

চন্দ্রিমা যে হিসাব দিয়েছে সরকারী হাসপাতালের। ৫-ই সেপ্টেম্বর, ২০১৯ পর্যন্ত মৃত্যুর সংখ্যা ১৩। তার মধ্যে উত্তর ২৪ পরগণা থেকে মোট ১০-টি আছে। তিনটি জেলা আক্রান্ত আমরা বলেছি। ব্যারাকপুর বি.এন. বোসে ৪ জন মারা গেছে। বনগাঁ হাসপাতালে ১জন। হাবড়া হাসপাতালে কিন্তু মারা গেছে ১ জন। কাজেই রিপোর্ট আপনাদের কে কী দিয়েছে আমি জানি না। এগুলো সমস্ত টেস্ট করে, অডিট করেই বলা হচ্ছে। আই.ডি. হাসপাতালে মারা গেছে। উত্তর ২৪ পরগণা থেকে ১ জন। আমি গভর্ণমেন্টের রিপোর্ট বলছি। অন্য রাজ্যে যান রিপোর্টটাও পাবেননা ; আমাদের রিপোর্ট আছে। Case to case আমাদের audit হয়, case to case report হয়। আর, R.G.Kar হাসপাতালে ৩ জন। আমরা যেটা জেনেছি, বিভিন্ন private হাসপাতালেও ৩ জন মারা গেছে। এটা recent. Sorry, ৪ জন। সরকারী হাসপাতালে ১৩ জন এ বছর এবং private hospital-এ ৪ জন। তার মধ্যে মনে রাখবেন একটা জিনিস, ডেঙ্গু কিন্তু আপনি ধরে রাখতে পারবেন না। তার কারণ ডেঙ্গু character change করে। এক এক বছর এক এক রূপে আসে। ডাক্তাররা ভালো বলতে পারবেন। গবেষকরা ভালো বলতে

পারবেন। উত্তর ২৪ পরগণা ও নদীয়া জেলায় এ বছর যে ডেঙ্গু-টা হয়েছে, aedes aegyptii মশার পরিবর্তে এবার aedes albopictus মশা dengueরোগের প্রধান কারণ। এটা আবার ঘরের মধ্যে কামড়াচ্ছেনা, বাইরে কামড়াচ্ছে এবং এত আক্রমণাত্মক হচ্ছে যে treatment করার সুযোগ দিচ্ছে না। যেমন, কিছু সাপ আছে কামড়ালে ওষুধ খেলে, injection নিলে বা ট্রিটমেন্ট করলে মানুষ বেঁচে যায়। আবার, কলস বলে একটা সাপ আছে, আমি শুনেছি, জলপাইগুড়ির ওদিকে অথবা বকখালির এদিকে, এক কামড়েই শেষ, এক সেকেন্ডের বেশী treatment করবার সুযোগ দেয় না। সেই রকম এই যে virus-টা এসেছে এবারে এই virus-টা atack করার সাথে সাথে, জ্বর হওয়ার সাথে সাথে, যেই হসপিটালে ভর্তি হচ্ছে multiorgan failure হয়ে যাচ্ছে। Treatment করবার আগেই multrorgan failure হয়ে যাচ্ছে। কিন্তু তা সত্ত্বেও dengueরোগের ব্যাপারে, বিশেষ করে আমাদের সমস্ত রকমের স্বাস্থ্য কর্মীরা, পঞ্চায়েত থেকে শুরু করে municipality থেকে শুরু করে ছাত্র-যুব, শিক্ষালয় থেকে শুরু করে, বিভিন্ন অর্গানাইজেশন সকলে জোটবদ্ধভাবে কাজটা করছে বলে ১০,৫০০ লোক আক্রান্ত হলেও আমরা কিন্তু এই ৪ জন প্রাইভেট, যেটা আমরা রিপোর্ট পেয়েছি অডিট করে, ১৩ জন আমাদের, এইটা বাদ দিয়ে কিন্তু সব ভালো হয়ে ফিরে গেছে। এটা কিন্তু মাথায় রাখতে হবে। আগে ৬০-টা জায়গায় ট্রিটমেন্ট হত এখন ১০০-টা জায়গা বাড়িয়ে দেওয়া হয়েছে। ৬০-টা জায়গার ল্যাবে আগে সমস্ত ফেসিলিটিস ছিল সেটা বাড়িয়েছি। Municipality-তেও এখন আরোও ১৪ করা হয়েছে, বাড়ানো হয়েছে। এ ছাড়াও মনে রাখবেন নিচু তলায় যারা ভর্তি হয়ে বাড়ী ফিরে যাচ্ছে, সেই রকম গড়ে প্রতিদিন ২১০ জন করে ফিরে যাচ্ছে। আমরা তো হাবড়াতে ড্রোনও ব্যবহার করেছি যে বাড়ীর ওপরে জল জমে আছে কিনা। সেটাও দেখছি। আর কী করতে পারি ! আমরা আমাদের তরফ থেকে চিকিৎসা থেকে শুরু করে, সচেতনতা থেকে শুরু করে সব করছি। তবে হ্যাঁ, কিছু কিছু জায়গা আছে।

আরেকটা কথা বলি, বলা উচিৎ কিনা জানিনা, এটা অন্যভাবে নেবেন না। আমি কাউকে আঘাত করার জন্য এটা বলছি না। বনগাঁ বর্ডার হচ্ছে ইন্দো-বাংলাদেশ বর্ডার ; পেট্রাপোল। হাবড়া বলুন, অশোকনগর বলুন, বনগাঁ বলুন, নদীয়া বলুন - এর অনেকটাই বাংলাদেশ বর্ডার। আমাদের প্রতিবেশী রাষ্ট্র। সেখানে ৫০ হাজারের মত মানুষ, তার বেশী ডেঙ্গুতে আক্রান্ত হয়েছে। আর, হাবড়া হচ্ছে আমাদের ইন্টার-ন্যাশানাল মার্কেট। বনগাঁ-পেট্রাপোল, সবদেশের মানুষরাই যাতায়াত করে। আগে যেমন জ্বর হলে প্লেনে উঠতে দিত না। এখন তো সেসব নেই। একটা বন্ধ ট্রেনে এখান থেকে ওখানে যাচ্ছে ; এ.সি.-তে তো সবচেয়ে বেশী রোগ ছড়ায়। প্লেনে কে যে কোথায় চলে আসছে ; সেই একটা পেসেন্ট এসেছিল মনে আছে ? উত্তর-দিনাজপুরের একটা ছেলে আফ্রিকা থেকে চলে এসেছিল।

[11:20 – 11:30 a.m.]

কাজেই এগুলো অনেক সময় বাইরে থেকে চলে আসে। আসার পরে যখন নজরে পড়ে ততক্ষণে কিন্তু কিছু কিছু ক্ষতি হয়ে যায়। স্যার, আপনারা এ বছর বিহারে দেখেছেন এক মাস

আগে কালাজ্বরে ১৩০ জনের ওপর মানুষ আক্রান্ত হয়ে মারা গেছেন, কিছু করা যায় নি। সারা ভারতবর্ষ জুড়েই ডেঙ্গু চলছে। World Health Organization ওদের একটা ক্যালকুলেশান আছে। ওরা বলে World Health Organization যেটা বিশ্ব স্বাস্থ্য সংস্থার অভিমত ডেঙ্গু রোগের মৃত্যুর হার এক শতাংশের মধ্যে থাকার কথা। কিন্তু আমাদের রাজ্যে এখনও জিরো পয়েন্ট টু। এটা আমরা সবাই মিলে চেষ্টা করছি, আমি সবাইকে অনুরোধ করবো সবাই মিলে চেষ্টা করতে যাতে কেউ না মারা যায়। আর সবাই যেন সঠিকভাবে জ্বর হলেই রক্ত পরীক্ষা করে। এমনকি বাড়ির এসিতে অনেক সময় নোংরা জল জমে থাকে। কলে বালতিতে জল ধরে রাখা হয় অনেক সময়। আমরা ঠাকুরকে জল দিই, শিবের মাথায় জল ঢালছি তো ঢালছি ওই জলটা পড়ে থাকে। আমার হঠাৎ মনে হয়েছিল বলে এখন মাঝে মাঝে সাতদিন অন্তর পরিষ্কার করি। আমার একটা ছোট্ট গাছ আছে ঘরের মধ্যে। আমাকে মাঝে মাঝে ওর জলটাকে পরিষ্কার করতে হয়। আমি নিজেও জানতাম না এগুলো। জানতে জানতে সচেতনতা বাড়তে বাড়তে এ জায়গাটায় আসা হয়েছে। মিউনিসিপ্যালিটি, পঞ্চায়েতে যাঁরা আছেন, public representative যারা আছেন তাদেরও নিজেদের উদ্যোগী হয়ে এটা সবাই মিলে দেখা উচিত। যাতে আরো সচেতনতা বাড়ে। যাতে আমরা একদম ডেঙ্গু মুক্ত করে দিতে পারি।

শ্রী আব্দুল মান্নান : আমি মৃত্যুর সংখ্যা নিয়ে বিতর্কে যাই নি কারণ কয়েকজন মারা গিয়েছিলেন সেখানে আমরা গিয়েছিলাম বৃষ্টির মধ্যেও। সবার বাড়িতে আমি যেতে পারিনি। হাবড়া হাসপাতালে গিয়েছিলাম। সেখানে যে সংখ্যাটা অ্যাড করলেন তার থেকেও বেশি। যাই হোক আপনি যেটা বললেন মৃত্যুর সংখ্যা নিয়ে রাজনীতি করা উচিত না, মৃত্যু নিয়ে রাজনীতি করতে চাইও না আমি কারণ এটা আমাদের সংস্কৃতি না, দলেরও সংস্কৃতি না। কিন্তু আপনি যেটা বললেন সেটায় একটা মারাত্মক প্রশ্ন উঠে গেল। আমি যেটা বলেছিলাম হাবড়া নিয়ে উনি সেটা দিলেন না। হাবড়া তো বেসরকারী নয়, সরকারী প্রিমিসেসে যেভাবে মশা উৎপাদন হচ্ছে, যেভাবে খাল কেটে হাবড়া পৌরসভার এলাকায় হাসপাতালের পাশেই, জানালার পাশেই সেটা বলেছিলাম। সেটা এড়িয়ে গেলেন। যাক গে মুখ্যমন্ত্রী যেটা বললেন একটা স্যার মারাত্মক প্রশ্ন এখানে তুলে দিয়েছেন। এটা যদি হয় এটা আগামী দিনে আরো ভয়ঙ্কর রূপ ধারণ করবে। আজকে ম্যালেরিয়া হবে, আরো অনেক রোগ আছে জীবাণুঘটিত পাশের রাষ্ট্র থেকে চলে আসে তাহলে তো সেটা একটা মারাত্মক বিপর্যয় হবে। শুধু বনগাঁ না, কলকাতাতেও চলে আসবে।

এই ঈদের মরসুমে প্রচুর লোক চলে আসে। এখন এটা যদি হয়, ঘটনা ঘটে থাকে তাহলে তো আমরা একটা বিপজ্জনক অবস্থায় রয়েছি। আপনি কি মাননীয়া মুখ্যমন্ত্রী এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের মাধ্যমে বা সরাসরি যেহেতু প্রধানমন্ত্রীর সঙ্গে, ওখানকার প্রধানমন্ত্রীর সঙ্গে আমাদের মুখ্যমন্ত্রীর একটা ভাল সম্পর্ক আছে, সুসম্পর্ক আছে। এই ব্যাপারে কি একটা উদ্যোগ নেবেন যাতে এই সংক্রান্ত জীবাণুবাহিত কোন রোগ আসতে না পারে তার জন্য তারাও একটা সতর্ক ব্যবস্থা নিক, আর আমাদের ইমিগ্রেশান ডিপার্টমেন্টকে বলা হোক সতর্ক ব্যবস্থা নেওয়ার জন্য। মুখ্যমন্ত্রী কি এই ব্যাপারে কোন উদ্যোগ নেবেন? কারণ একটা বিপজ্জনক প্রসঙ্গ আপনি তুলেছেন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : যেটুকু জানতাম আমরা যদি বিদেশেও যেতাম আপনাকে শরীর পরীক্ষা করে টেস্ট করে, আগে জ্বর থাকলে প্লেনে উঠতেই দিত না। এখন তো এসব নেই। এখন বিশ্বায়নের যুগে মুক্তাঞ্চল হয়ে গেছে। যে যেখানে ইচ্ছে যেতে পারে আসতে পারে। আর আমাদের এশিয়ান কান্ট্রিগুলো মালয়েশিয়া থেকে শুরু করে এই সব জায়গায় খুব বেশি ডেঙ্গু রোগটা হয়। World Health Organization এর Report এ আমি দেখেছি, সুতরাং মালয়েশিয়ায় যেমন, ফিলিপাইন্স যেমন অনেকগুলোতে খুব বেশি হয়। শ্রীলঙ্কায় যেমন খুব বেশি হয়। আপনি কি করে আটকাবেন? ট্রেনে করে লোক চলে আসে দিল্লি থেকে কলকাতা। কলকাতা থেকে চলে যাচ্ছে দিল্লি। দিল্লি থেকে চলে যাচ্ছে মুম্বাই, মুম্বাই থেকে চেন্নাই। এখন এগুলো তো আমাদের পক্ষে আটকানো সম্ভব নয়। আর আপনি যেটা বললেন প্রাইম মিনিস্টারের সঙ্গে ভাল সম্পর্ক, সাংবিধানিক সম্পর্ক আমরা মেইনটেইন করি বিকজ This is the constitutional obligation. বাট আপনাকে আমি বলছি এ বছর উনি জেতার পর আমার সাথে একদিনও কথাও হয়নি।

শ্রী আব্দুল মান্নান : আমি বাংলাদেশের কথা বলছি, আমি নরেন্দ্র মোদীর কথা বলছি না।

শ্রীমতী মমতা ব্যানার্জী : দেখুন সব কিছু বলা তো ঠিক নয়। বাংলাদেশেও ওরা ফেস করছে। কিন্তু বাংলাদেশকে যদি আমি এটা বলি, এটা আমার পক্ষে বলাটা শোভনীয় হবে না। এটা Government of India and Government of Bangladesh can talk. Government of India and গভর্ণমেন্ট অব Sri Lanka can talk. কিন্তু External Affairs এর ব্যাপারে আমরা interfere করতে পারি না।

দ্বিতীয়তঃ আপনারা অনেকেই জানেন না, ওখান থেকে অনেকে ট্রিটমেন্ট করতে যখন আসেন আমরা তাঁদের বলি না ট্রিটমেন্ট করতে পারবে না। তাঁরাও আত্মীয়স্বজন, বিভিন্ন বাড়িতে আসে তাদের ট্রিটমেন্ট আমরা করে দিই। মনে রাখবেন আমাদের হাসপাতালগুলো পশ্চিমবঙ্গ সরকার এতটাই মানবিক, আজকে বিহার থেকে অনেকেই আসেন ট্রিটমেন্টের জন্য। ঝাড়খন্ড থেকে আসে, উড়িষ্যা থেকে আসে। আজকে বাংলাদেশ থেকে অনেকেই আসে। তাঁদের পাসপোর্ট, ভিসা আছে তাঁরা কলকাতায় পেশেন্ট দেখাতেই পারেন। আমাদের লোকেরা যখন বাইরে যায়, তাঁরা দেখাতে চলে আসে। এমন কি আমাদের কাছ থেকে কোন এক সময় টেকনিক্যাল হেল্পও চেয়েছিল। আমরা ঠিক কতটুকু করতে পেরেছি, না পেরেছি তার মধ্যে যাচ্ছি না। যেহেতু এটা এক্সট্রার্নাল অ্যাফেয়ার্স ম্যাটার, টেকনিক্যাল ম্যাটার। এটা আমি জানি যেহেতু ঘটনাগুলো ঘটছে বলে। যদি কোন মিউনিসিপ্যালিটি দেখে তার মিউনিসিপ্যালিটির সামনে জল জমে আছে, নোংরা জমে আছে তার উচিত সেটাকে রেকটিফাই করা। এটা তার ডিউটির মধ্যে পড়ে।

(Voice from opposition Benches: ওখানে অ্যাডমিনিস্ট্রেটর আছে, কাউন্সিলার নেই।)

অ্যাডমিনিস্ট্রেটরদের তো আরো দায়িত্ব নিয়ে করা উচিত। যদিও অনেক সময় বলে কাউন্সিলার কাজ করছে না। অ্যাডমিনিস্ট্রেটরদের তো আরো দায়িত্ব পালন করা উচিত। সুতরাং

তাদের দায়বদ্ধতা, দায়িত্ব - ডি.এম. -এর আন্ডারে এক একটা কমিটি করে দেওয়া হয়েছে। এই ডেঙ্গু হাবড়ায় হওয়ার পরে আমি নিজে বছরে ৭-৮ মিটিং করি ডেঙ্গুর ব্যাপারে সবাইকে ডেকে নিয়ে, করা হয়েছে। একটা প্রব্লেম হয়েছিল গত বছর দমদমে গতবার। সল্টলেকে ওখানে যে সমস্ত মেট্রো রেলের কন্সট্রাকশানের কাজ হচ্ছে বা বিভিন্ন জায়গায় বা ধরুন এমন আছে এয়ার ইন্ডিয়ার কোয়ার্টার, ধরুন পোর্টের কোয়ার্টার, ধরুন মেট্রোর কোয়ার্টার, ধরুন রেলের কোয়ার্টার - আমরা যদি করতে যাই যে আমাদের পরিস্কার করতে দাও, ওরা দেবে না। আমাদের লোকেদের ঢুকতে অ্যালাউ করছে না। আমাদের মিউনিসিপ্যালিটি বার বার বলা সত্ত্বেও অ্যালাউ করে না কিন্তু আমরা চাই যে ওরা নিজেরা পরিষ্কার করুক, কিন্তু তারা ওটা না করাতে কি হচ্ছে স্যার, ঘটনা ঘটলে বলবে তো বাংলায় কত ঘটেছে। ওটা যে আমাদের আওতায় পড়ে না, ওদের জুরিসডিকশান। ওদের ওখানে ঢুকতে পারি না কিন্তু আমরা রিকোয়েস্ট করছি, অ্যাডভাইসারি পাঠাচ্ছি। আমি ওদেরও কেন্দ্রীয় সরকারী সংস্থাও যারা আছে তাদের কাছেও আবেদন করবো through this house আপনারাও টেক কেয়ার করুন যাতে সবাই ভাল থাকে।

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, এটা ঠিকই যে মৃত্যুর সংখ্যা বাড়িয়ে দেখানোটা কোন কাজের কথা নয়। একই রকমভাবে কমিয়ে দেখানোর প্রবণতা আমাদের কখনও কাজ করা উচিত নয়। fact is fact, fact -এর উপর আমাদের দাঁড়ানো উচিত। এখানে স্বাস্থ্যমন্ত্রী যখন বলেছেন তখন বলেছেন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আমি যেটা বলেছি as per govt. data আমাদের audit -এর রিপোর্ট বলেছি।

ডঃ সুজন চক্রবর্তী : স্বাস্থ্যমন্ত্রী বলেছেন ১০ হাজার মানুষ আক্রান্ত হয়েছেন। মুখ্যমন্ত্রী বলার সময় যেটা বললেন যেটা বিশেষ করে ইন্দো-বাংলাদেশ বর্ডার, বনগাঁ, হাবড়া, বাগদা ইত্যাদি ৫০ হাজার মানুষ ওখানে আক্রান্ত হয়েছেন। একটু কারেকশান করে একটা ফিগার থাকা উচিত, পাঁচটা ফিগার থাকা উচিত নয়। যদি এমন হয় যে আমি বুঝতে ভুল করেছি, তাহলে সেটা আমাকে বললে অসুবিধা কিছু নেই তো। আমার ধারণা আমি কেন আমাদের অনেকেরই ধারণা, বোঝার ভুল হতে পারে, বলার ভুল হতে পারে। ফিগার বাড়িয়ে বলা উচিত নয়, কমিয়ে দেখা উচিত নয়, ফ্যাক্টের উপর দাঁড়ানো উচিত। স্বাস্থ্যমন্ত্রী যখন বলেছেন ১৩ জন সরকারী-বেসরকারী মিলিয়ে। ওখানে যে সুপার আমার মনে হয়েছিল তিনি গভর্ণমেন্টের প্রতি খুব কনফিডেন্ট। তিনি ৭-৮ জনের নাম বলেছিলেন। ১২-১৩ জন সংখ্যা বলেছিলেন হাবড়া হাসপাতাল। আর অনেকে বেরিয়ে গিয়ে মারা গেছে বলে উনি শুনেছেন। উনি গভর্ণমেন্টের প্রতি কনফিডেন্ট বলে আমার মনে হয়েছে। ফলে ওনার কথাকে অবিশ্বাস করার কারণ আমাদের ঘটেনি। আমার কথা হচ্ছে ১৩ জন না ১৩+৪ = ১৭ জন। এখানে দু রকম ফিগার থাকা ঠিক নয়। হয় ১৩ না হয়, ১৩+৪ = ১৭ - একটাই ফিগার থাকা উচিত। ১০টা থাকা উচিত নয়।

মিঃ স্পিকার : উনি সরকারের হিসাবটা বলেছেন। আপনি সব বুঝতেই পারছেন সুজনবাবু।

সুজন চক্রবর্তী : আমি সব বুঝতে পারছি, আমি কোয়েশ্চেনটা উইথ ড্র করে নিচ্ছি।

মিঃ স্পিকার : আপনার প্রশ্নই নেই তো আপনি উইথড্র করবেন কি ? You yourself are confused, আমার তো মনে হয় আপনি নিজেই কনফিউজ্ড্।

ডঃ সুজন চক্রবর্তী : আমি যদি কনফিউজ্ড্ হই, তাহলে সেটা দূর করে দিক।

মিঃ স্পিকার : আপনি নিজে কনফিউজ্ড্। আপনি কোয়েশ্চেন ফ্রেম করতে ভুল করেছেন। this is not the way.

[11:30 – 11:40 a.m.]

ডঃ সুজন চক্রবর্তী : আমার কনফিউশান থাকলে সেটা ক্লিয়ার করে উত্তর দিন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আমি উত্তর দিচ্ছি। এক হচ্ছে, আমি বলেছি ৫০ হাজার বাংলাদেশে, এটা ইন্ডিয়া নয়। বাংলাদেশ আমাদের প্রতিবেশী রাষ্ট্র। ৫০ হাজারের বেশি আক্রান্ত হয়েছে বাংলাদেশে। আমাদের এখানে দশ হাজারের কাছাকাছি, স্টেট মিনিস্টার যে সংখ্যাটা দিয়েছে দ্যাট ইজ কারেক্ট ফিগার এখনও পর্যন্ত। দুই হচ্ছে, ১৩ টি হচ্ছে সরকারী হাসপাতালে। ৪টি প্রাইভেট হসপিটালে আমরা ইনফর্মেশান পেলে তখন অডিট করি। আমাদের একটা সিস্টেম আছে। যেটা সরকারী হসপিটালে অ্যাপ্লিকেব্‌ল্ হয়, বেসরকারীতেও সেটা হয়। সেখান থেকে অডিট করে আমরা জেনেছি, ওরা যে রিপোর্ট দিয়েছে তার ভিত্তিতেই, আমাদের যেটা ইনফর্মেশান দিয়েছে - ৪টে। মাননীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী যে হিসাব দিয়েছেন, সেটা কারেক্ট হিসাব দিয়েছেন, সরকারীটা বলেছেন। আমি সরকারী, বেসরকারী - টোটালটা মিলিয়ে বলেছি। এই পর্যন্তই, সুতরাং নো কনফিউশান।

শ্রী উদয়ণ গুহ : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্য প্রতিমন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য - এখানে অনেক আলোচনা হচ্ছে মূলতঃ ডেঙ্গু নিয়ে, অথাৎ পতঙ্গবাহিত রোগ নিয়ে। আমি দিনহাটা বিধানসভা কেন্দ্রের বিধায়ক। এর বিস্তীর্ণ এলাকা হচ্ছে বাংলাদেশ বর্ডার। আমি দিনহাটা পৌরসভার চেয়ারম্যান। গত দু'বছরে দিনহাটা হাসপাতালে তিনজন ডেঙ্গু আক্রান্ত রোগী এসেছিল। আমি ২০১৭-১৮ এবং ২০১৮-১৯ এর কথা বলছি। এই যে তিনজন ডেঙ্গু আক্রান্ত রোগী, এদের মধ্যে একজন ছাত্র, সে রাজস্থানে পড়তে গিয়েছিল। সেখান থেকে আক্রান্ত হয়ে সে দিনহাটায় এসেছিল। আরও দু'জন যে আক্রান্ত হয়ে এসেছিল, তারাও বাংলার বাইরে থেকে আক্রান্ত হয়ে দিনহাটায় এসেছিল, কাজের কারণে গিয়েছিল, জীবিকার কারণে। আমরা দেখছি যে বিভিন্ন রাজ্য থেকে আক্রান্ত হয়ে আমাদের এখানেও আসছে। রাজ্য সরকারের সহায়তায় পৌরসভাগুলোর থেকে প্রতিনিয়ত টিম করে আমাদের লোক বাড়ীতে বাড়ীতে যাচ্ছে। তারা দেখছে যে কোথায় জমা জল রয়েছে, জমা জলগুলো পরিষ্কার করার ব্যাপারে মানুষকে সচেতন করবার চেষ্টা করছে। আমি যে কথাটা বলতে চাইছি, সেটা হচ্ছে, অনেক সময় দেখেছি অনেক বিরোধী নেতা মুখে মাস্ক লাগিয়ে, হাতে গ্লাভস লাগিয়ে ব্লিচিং পাউডার ছড়াচ্ছে। কোথাও

কোথাও ফগিং হয়। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাই যে ফগিং ও ব্লিচিং - এটা করে লার্ভা মারার চাইতে অনেক বেশি ভাল ফল পাওয়া যায়, ব্যক্তিগতভাবে এটা আমার অভিজ্ঞতা, সেটা হচ্ছে গাপ্পি মাছ ছেড়ে, আর একটা হচ্ছে insecticide oil, সেটাকে স্প্রে করে। আমি মাননীয় মন্ত্রীর কাছে বলব যে এই insecticide oil স্প্রে করা এবং গাপ্পি মাছ ছাড়ার ক্ষেত্রে স্বাস্থ্য দপ্তর কোন চিন্তাভাবনা করছে কি না।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় বিধায়ক ঠিকই বলেছেন, কোচবিহার বাংলাদেশের সীমান্তে। কিন্তু মনে রাখতে হবে আমাদের এখানে যেমন উত্তর ২৪ পরগনা জেলা, নদীয়া জেলা বা আলিপুরদুয়ারে পেলাম কিন্তু অন্যান্য জেলাগুলোর থেকে আমরা এখনও তেমন পাইনি। বাংলাদেশেই মনে রাখবেন যে বর্ডারটা আছে কোচবিহারের সাথে বা মুর্শিদাবাদের সাথে রাজশাহী আছে, খুব নিয়ারেস্ট, সেটা নয়, হয়েছে যশোর আর খুলনাতে। যশোর আর খুলনা যে জায়গাটা, এটা হচ্ছে উত্তর ২৪ পরগনা আর নদীয়ার একদম বর্ডার। সব জায়গায়, সব জেলায় সবকিছুর যে প্রাদুর্ভাব হয় তা তো নয়। পার্টিকুলার কোন একটা জায়গা থেকে জীবাণুটা এসেছে। আমি মাননীয় বিধায়কের সঙ্গে একমত যে গাপ্পি মাছ ছাড়ার ব্যাপারে। আমি মৎস্য দপ্তরকে বলেছি, আগের বারে ৫০ লক্ষ গাপ্পি মাছ ছাড়া হয়েছিল, এবারে তিন কোটি ছাড়া হয়েছে।

আগের বার বাজেটে প্রায় ২৪০ কোটি টাকার মতন ছিল এইবারে গভর্ণমেন্টের বাজেট বাড়িয়ে প্রায় ৫০০ কোটি টাকা করা হয়েছে, যাতে কোন রকম কোন অসুবিধা না হয়। এখন বায়ো স্প্রে করছি, অর্গানিক স্প্রে। যেটা আপনি বলতে চেয়েছিলেন বায়ো স্প্রেটা বেশি হচ্ছে। ক্লিনিক্যাল স্প্রের থেকে। সেটাও আমরা করছি। ৭০ হাজার লিটার বায়ো স্প্রে করা হয়েছে, এটা বেটার। সেটাও করা হয়েছে। গাপ্পি মাছ ৩ কোটি হয়েছে। মাছ গুলি তৈরি করতে হবে, দেওয়ারও একটা লিমিটেশন আছে। সেটা ৫০ লক্ষ থেকে বাড়িয়ে ৩ কোটি করা হয়েছে। সব আমি নিজে জানি ভাবলে ভুল হবে।

শ্রীমতী রমা বিশ্বাস : স্যার, আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন নদীয়াতে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বেশি। হাসপাতালের সমস্ত তথ্যের মধ্যে একটা জিনিস ওঁনারা নিশ্চয়ই জানেন কিন্তু কারেকশানটা ওঁনারা বললেন না যে হাসপাতালে প্লেটলেট কাউন্টিংয়ের প্রশ্নে যেখানে ৬৭ হাজার হচ্ছে বাইরে প্লেটলেট কাউন্টিং ১ লক্ষ ১০ হাজার হচ্ছে। এই মেশিনটা কি পরিবর্তন করা হয়েছে ইতিমধ্যে ? প্লাজমা দেওয়ার ক্ষেত্রে যে সমস্যা তৈরি হচ্ছে সেক্ষেত্রে নদীয়া জেলা হসপিটালের ক্ষেত্রে আমার সমস্যা হচ্ছে কারণ আমি ইতিমধ্যেই রোগীদের যখন দেখতে যাই এই সমস্যাগুলি ডাক্তারবাবুরা বলেন। এই ব্যাপারে যদি একটু বলেন ভাল হয়।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : নদীয়া জেলায় হাসপাতালে আপনি যেটা বললেন, প্লেটলেট কাউন্টিং বাইরে বেশি হচ্ছে আর হাসপাতালের মেশিনে কম হচ্ছে এই রকম কোন অভিযোগ আমাদের কাছে আসেনি। আমাদের যে মেশিন সেটা সবচেয়ে বেশি আধুনিক মেশিন এবং সেখান থেকে যে কাউন্টিংটা হচ্ছে সেটাই আসল কাউন্ট। তার সাথে সাথে আপনি বলছেন এই যে ব্লাড ব্যাঙ্ক গুলিতে প্রত্যেকটা জেলা হাসপাতাল, সাব-ডিভিশনাল হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক

যেখান থেকে প্লেটলেট পাওয়া যাবে নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। সুতরাং সমস্ত ব্যবস্থা যেমন প্রিভেনশানের ক্ষেত্রে নেওয়া হয়েছে তেমনই curative measures নেওয়া হয়েছে মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে। সুতরাং গোটা ব্যাপারটা সব দিকে নজর রাখে স্বাস্থ্য দপ্তর। প্লেটলেটের অভাব নেই কোথায়ও। কোন জায়গায় কোন প্লেটলেটের অভাব নেই। আপনি যদি চান তাহলে বিস্তারিত তথ্য আমাদের কাছে রয়েছে। সুতরাং প্লেটলেটের একটা কোথায়ও অভাব নেই। জেলা হাসপাতালকে নির্দিষ্ট করে দেওয়া হয়েছে প্লেটলেট দেওয়ার জন্য।

শ্রী মনোজ চক্রবর্তী : ধন্যবাদ স্যার। মাননীয়া মুখ্যমন্ত্রী ভালই বলছেন যে সরকারী প্রশাসক থাকলে তার আরও টেককেয়ার দরকার। তাঁর কথাটা আমি লুফে নিয়ে বলছি মাননীয়া মুখ্যমন্ত্রী আপনি কি জানেন বহরমপুর পৌরসভা সরকারী অধীনে আছে। সেখানে আটদিন ধরে হরিজনেরা স্ট্রাইক করেছে।

[11:40 – 11:50 a.m.]

সেখানে Heaps of garbage জমে আছে, তাতে ডেঙ্গু থেকে আরম্ভ করে সমস্তরকম রোগের জীবাণু এখান থেকে প্রসারিত হতে পারে। বহরমপুর পৌরসভায় ৮ দিন ধরে স্ট্রাইক চলছে। সেখানে প্রশাসক বসেই আছেন। Heaps of garbage জমা হয়ে আছে সারা শহরে। গোটা শহরে একদম ড্রেন পরিষ্কার হচ্ছে না।

............(এই সময় মাইক অফ হয়ে যায়)...........

মিঃ স্পিকার : আপনি এক কথা বারবার বলছেন। You are repeating the same thing. I got your point. এটা আপনি ওখানকার পৌরসভাকে জানাবেন কারণ ওদের গারবেজ ক্লিন করার ব্যবস্থাপনা রয়েছে।

বিদ্যুৎ চালিত গাড়ি

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২৩) **শ্রীমতী গীতারানী ভূঞ্যা** ঃ পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বেসরকারি, সরকারি ও ব্যক্তিগত ক্ষেত্রে ব্যবহারের জন্য বিদ্যুৎ চালিত গাড়ি কলকাতাসহ গ্রাম বাংলায় চালানোর জন্য পরিবহণ দপ্তর কী কী পরিকল্পনা নিয়েছে / নিচ্ছে?

শ্রী শুভেন্দু অধিকারী : সরকারী ক্ষেত্রে পরিবহণ নিগমের মাধ্যমে বিদ্যুৎচালিত বাস কলকাতায় চালু করা হয়েছে। ৪০টি ইলেকট্রিক বাস ইতিমধ্যেই কলকাতার 3 বিভিন্ন রুটে চলাচল করছে। আরও ৪০টি নূতন ইলেকট্রিক বাস খুব তাড়াতাড়ি কলকাতার বিভিন্ন রুটে চলাচল শুরু করবে।

এছাড়াও 'FAME-2' প্রকল্পে ১৫০ টি ইলেকট্রিক বাসের অনুমোদন পাওয়া গেছে, যা চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এগুলি কলকাতা, হলদিয়াসহ অন্যান্য ইন্টারসিটি সার্ভিসে ব্যবহার করা হবে।

বেসরকারী ক্ষেত্রেও বিদ্যুৎচালিত গাড়ি ব্যক্তিগত ব্যবহারের জন্য কলকাতার বিভিন্ন স্থানে বিভিন্ন চার্জিং স্টেশন স্থাপন করা হচ্ছে।

শ্রীমতী গীতারাণী ভুঁঞ্যা : স্যার, আপনার মাধ্যমে সম্মাননীয়া মুখ্যমন্ত্রীকে নমস্কার জানিয়ে মাননীয় পরিবহণ মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বিদ্যুৎ চালিত গাড়িগুলির বিক্রয়কেন্দ্র কলকাতা ও জেলাগুলিতে কোথায় আছে ?

শ্রী শুভেন্দু অধিকারী : ম্যানুফ্যাকচারিং ইউনিট যে গাড়িগুলি তৈরী করছে, তারাই সেগুলো বিক্রী করছে। ভারতবর্ষে নির্দিষ্ট কিছু গাড়িকোম্পানী তা করছে। তাদের শোরুম থেকে Electric vehicle পাওয়া যাচ্ছে।

শ্রীমতী গীতারাণী ভুঁঞ্যা : আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, বিদ্যুৎ চালিত গাড়িগুলির চার্জিং সেন্টার কোথায় হবে এবং এই গাড়িগুলো মানুষ কিনলে কী কী সুবিধা পাবে ?

শ্রী শুভেন্দু অধিকারী : ইতিমধ্যেই আমি আপনাদের বলেছি যে, ডবলিউ.বি.টি.সি.-র কলকাতা এবং বৃহত্তর কলকাতার যে ডিপোগুলো আছে সেখানে ইতিমধ্যেই চার্জিং সেন্টার স্থাপন করা হয়েছে। সেগুলো হল হাওড়া, বেলঘরিয়া, কসবা, গড়িয়া, লেক, ঠাকুরপুকুর, রাজাবাজার, নোনাপুকুর, গড়িয়া হাট, হিডকো ডিপো - নিউটাউন, হাওড়া স্টেশন বাসস্ট্যান্ড, নবান্ন, সাঁতরাগাছি এবং নিউটাউন বাসস্ট্যান্ড সহ ডবলিউ.বি.টি.সি.র প্রায় সমস্ত ডিপোগুলিতে এই সুযোগ পাওয়া যাচ্ছে।

শ্রীমতী শিউলী সাহা : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে সম্মাননীয় পরিবহণ মন্ত্রীর কাছে আমার আবেদন, বিগত দিনে আমি একটা অ্যাপীল করেছিলাম যে, আমার কেশপুর বিধানসভা থেকে কলকাতা এবং দীঘা এবং পুরী পর্যন্ত সরকারী বাস চালানোর কি কোন পরিকল্পনা আছে ? এই ব্যাপারে লিখিত আবেদন মাননীয় মন্ত্রীর কাছে আগেও করেছিলাম।

শ্রী শুভেন্দু অধিকারী : আমি আপনার আবেদনটা পেয়েছিলাম। সেখানে আমাদের কেশপুর থেকে পুরী এটা ইন্টার স্টেটের ব্যাপার। এতে সমস্যা আছে। এই ব্যাপারে উড়িষ্যা এস.টি.এ. থেকে অনুমোদন নিতে হয়। ফলে এখানে সরকারী বাস সার্ভিস চালু করার ব্যাপারে সমস্যা আছে। কিন্তু কেউ বেসরকারী উদ্যোগ নিলে আমরা সেই ব্যাপারে সহযোগিতা করতে পারি। আর কেশপুর - কলকাতার যে বিষয়টা, এটা আমরা অগ্রাধিকারের ভিত্তিতে বিবেচনা করব এবং কেশপুর - দীঘা আমরা চালু করব।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য বিদ্যুৎ চালিত যে বাস বর্তমান সরকার চালু করেছে, আমি শুধু জানতে চাই - বিগত দিনে আমি দশ বছর বিরোধী সদস্য ছিলাম। বামফ্রন্ট সরকারের আমলে বিদ্যুৎ চালিত বাস চালানোর জন্য তারা কী পরিকল্পনা করেছিল?

শ্রী শুভেন্দু অধিকারী : এইসব স্বপ্ন ওনাদের কল্পনার মধ্যে ছিল না। ওঁদের বাসে কেউ উঠত না। জামা ছিড়ত আর বর্ষার জল গায়ে পড়ত। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী কিছুদিন আগেই পশ্চিমবঙ্গে প্রথম বৈদ্যুতিক বাস নবান্নের গেট থেকে তাঁর শুভ হস্তে আমরা এই রাজ্যে ইন্ট্রোডিউস করেছি। এই বাসগুলো ভালো ফাংশান করছে। আপনারা শুনলে খুশি হবেন নেপাল এবং বাংলাদেশ সরকার, তাদের টিম এসে ভিজিট করে গিয়েছে। এ ছাড়াও ফেম ওয়ানে বহু রাজ্যকে অনুমোদন দেওয়া হয়েছিল, তারা এখনও নামাতে পারেনি। বিহার, আসাম, ত্রিপুরা এবং অন্যান্য সমস্ত রাজ্য তারা কলকাতার ইলেকট্রিক বাস মডেলটাকে অ্যাকসেপ্ট করেছে।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : মাননীয় মন্ত্রী মশাইকে আপনার মাধ্যমে একটা কথা জিজ্ঞেস করব, সেটা হচ্ছে সারা পশ্চিম বাংলাতে লক্ষ লক্ষ টোটো চালক আছে। এর মধ্যে শিক্ষিত বেকারও প্রচুর পরিমাণে আছে। সেই টোটো বন্ধ করে দেওয়ার জন্য একটা নির্দেশ হয়েছে। আমি জানি মহামান্য হাইকোর্ট হয়তো এই নির্দেশ জারি করেছে। কিন্তু প্রশ্ন হচ্ছে এই সমস্ত টোটো চালকদের যদি অল্টারনেটিভ কোনো ব্যবস্থা না করা হয় তাহলে এখানকার লক্ষ লক্ষ টোটো চালক একটা বিরাট বিপদের মধ্যে পড়বে। কাজেই সেই কারণে আপনাকে যেটা অনুরোধ করব যে আপনার দপ্তরের পক্ষ থেকে এই সম্পর্কে কি ভাবনা চিন্তা আছে যাতে এদের রক্ষা করা যায় এবং লক্ষ লক্ষ শিক্ষিত বেকার যুবক যাতে বাঁচতে পারে সেই ধরনের কী পদক্ষেপ আপনি নেবেন?

মিঃ স্পিকার : এইটা কিন্তু এর সঙ্গে রিলেটেড কোয়েশ্চেন না। বিদ্যুৎচালিত বাস পরিবহণের ব্যাপারে আজকের কোয়েশ্চেন। মাননীয় মন্ত্রী যদি চান তাহলে উত্তরটা দিতে পারেন।

শ্রী শুভেন্দু অধিকারী : এর উত্তর দেওয়া কঠিন আছে। তার কারণ আমি আপনাকে বলি আমাদের রাজ্য সরকার খুব মানবিক। মাননীয়া মুখ্যমন্ত্রীর মানবিক দৃষ্টিভঙ্গি আপনারা জানেন। আমি আর এর মধ্যে যাব না। যেহেতু রিভিউ পিটিশান হাইকোর্টে বিবেচনাধীন সাব জুডিস, তাই আমার কিছু বলা ঠিক হবে না।

শ্রী সমর হাজরা : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন বিদ্যুৎ চালিত বাসগুলো খুব সুন্দর। কিন্তু বাসের গায়ে এখনও দেখছি চক দিয়ে লেখা আছে। সামনের দর্জাটা দড়ি দিয়ে বাঁধা আছে। কলকাতাতে এইরকম বাস চলে। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি পশ্চিমবঙ্গে কতজন পিছু একটা করে বাস আছে?

মিঃ স্পিকার : এই কোয়েশ্চেনটাও রিলেটেড নয়। মাননীয় মন্ত্রী আপনি যদি মনে করেন তাহলে উত্তর দিতে পারেন।

শ্রী শুভেন্দু অধিকারী : উনি যে প্রশ্নটা করেছেন তা আজকের প্রশ্নের সঙ্গে রিলেটেড নয়। উনি সি.পি.আই.এম. এর সদস্য। উনি নিজে আমাদের কাছে আবেদন করার পর জামালপুর কলকাতা বাস চালু হয়েছে জানেন। আপনাদের সময় বাসে কেউ উঠত না। আপনারা যা কাণ্ড

করে রেখেছিলেন কর্পোরেশনগুলোতে, আপনাদের সময় কেউ বাসে উঠত না। আপনি একটা ছবি দেখাবেন তার পর হাউসে দাঁড়িয়ে প্রত্যাহার করে নেব। শুনে রাখুন শুধু কলকাতাতে ডব্লিউ.বি.টি.সি. চড়ে ৬-৮ লক্ষ লোক। আর আপনাদের সময় ৬০-৮০ হাজার। এটা আপনার শুনে রাখা দরকার আছে।

শ্রী আব্দুল খালেক মোল্লা : মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রীকে একটি অতিরিক্ত প্রশ্ন করছি আমার মেটিয়াবুরুজ সুপারস্পেশালিটি হসপিটাল থেকে ধর্মতলা পর্যন্ত ভায়া তারাতলা একটা বাস সার্ভিসের জন্য প্রস্তাব দেওয়া হয়েছিল। সেটা প্রশাসনিক মিটিং-এও আলোচিত হয়েছিল। এই ব্যাপারে কতদূর কি এগিয়েছে দয়া করে জানাবেন কি?

[11:50 a.m. – 12:00 Noon.]

শ্রী শুভেন্দু অধিকারী : দেখুন প্রশাসনিক মিটিং-এ মাননীয় মুখ্যমন্ত্রী যে সমস্ত নির্দেশ আমাদের দিয়েছিলেন প্রায় সবগুলোই কার্যকর করা হয়েছে এবং আপনাদের মেটিয়াবুরুজ, গার্ডেন রিচ থেকে, ওখানে যেহেতু রাস্তায় কনজেশান আছে, আমাদের সম্মাননীয় মেয়র মহোদয় রয়েছেন, তিনি মন্ত্রীও বটে, তো আমরা অনেক মিডি বাসও চালু করে দিয়েছি। ছোট ৩৪ সীটের বাস। আপনার এই বিষয়টা নিশ্চয়ই বিবেচনার মধ্যে থাকবে।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, এই যে আপনার এন.বি.এস.টি.সি. বাসগুলো চলছে, বাসে যে কনডাক্টর, ড্রাইভার নিয়োগ হচ্ছে এটা কি আপনারা সরকারীভাবে নিয়োগ করছেন, না, কোনো এজেন্টের মাধ্যমে নিয়োগ করছেন ? কারণ শুনতে পাচ্ছি যে ওখানে মিঠুন ব্যানার্জি নামে যে এজেন্ট আছে তিনি তিন, চার লাখ করে টাকা নিয়ে নিয়োগ করছেন।

মিঃ স্পীকার : এটাও রিলেটেড কোশ্চেন নয়। শোনা কথার উপরে প্রশ্ন না করাই ভাল। ইউ আর অ্যাকুইজিং এ মিনিস্টার অন দি বেসিস অব হিয়ারসে। প্রশ্ন করার অধিকার দেওয়া হয়েছে মানে সরকারকে হিউমিলিয়েট করার অধিকার দেওয়া হয়নি। আমি দেখেছি যে দিস ইজ এ গ্রোয়িং টেন্ডেন্সী। আপনি স্পেসিফিক কোশ্চেন করুন।

শ্রীমতী প্রতিমা রজক : এটা কি সরকারীভাবে নিয়োগ হচ্ছে ?

শ্রী শুভেন্দু অধিকারী : সম্মানীয়া সদস্যাকে এই অভিযোগ প্রমাণ করতে হবে অথবা হাউসে দাঁড়িয়ে ক্ষমা চাইতে হবে। আপনাকে এটা প্রমাণ করতে হবে, অথবা হাউসে দাঁড়িয়ে ক্ষমা চাইতে হবে।

.......(নয়েজ).........

মিঃ স্পীকার : শুনুন, আমি একটা কথা বলি। প্রশ্ন করতে দেওয়ার অধিকার মানে এইটা নয় যে আপনি একটা হিয়ারসে কথার উপরে একটা কোশ্চেন করবেন।

......(নয়েজ)......

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : মাননীয় মন্ত্রীকে আমি আপনার মাধ্যমে জিজ্ঞাসা করছি যে ইলেকট্রিক বাস যেগুলো আপনি চালু করেছেন এটা জেলা পর্যায়ে নিয়ে যাওয়ার কোন পরিকল্পনা আপনার আছে কিনা? যদি থাকে তাহলে বসিরহাট থেকে কলকাতা পর্যন্ত কোনো বাস আপনি চালু করতে চান কিনা দয়া করে জানাবেন ?

.......(নয়েজ)........

শ্রী শুভেন্দু অধিকারী : আপনাকে জানাই যে এটা গোটা রাজ্যেই চালু হচ্ছে এবং আমাদের আসানসোল, শিলিগুড়ি এবং নিউটাউন সহ পুরো এলাকাতেই চালু হচ্ছে। গোটা রাজ্যেই চালু হচ্ছে এবং তার জন্য প্রয়োজনীয় পরিকাঠামো আমরা তৈরি করছি।

(তুমুল হইচই)

মিঃ স্পীকার : প্লিজ গো টু ইয়োর সিট, অনারেবল মেম্বার্স আই রিকোয়েস্ট ইউ। প্লিজ গো। টু ইয়োর সিট।

(এই সময় বিরোধী এবং শাসক দলের বহু মাননীয় সদস্যকে ওয়েলে নেমে চিৎকার করতে দেখা যায়।)

(তুমুল হইচই)

(এই সময় মাননীয়া মুখ্যমন্ত্রীকে উত্তেজিত সদস্যদের শান্ত করবার জন্য ওয়েলে নেমে আসতে দেখা যায়।)

মিঃ স্পিকার : প্লিজ্ গো টু ইয়োর সিট। আমি বলছি প্লিজ্ আপনারা বসুন। আপনাদের সবার কাছে আমার আবেদন - দেখুন যখন প্রশ্ন করবেন সবাই একটু সংযত হলে ভালো হয়। আমি মাননীয় মন্ত্রীকেও বলবো যে, উত্তর দেওয়ার ক্ষেত্রে সবার একটু সংযম অবলম্বন করা দরকার। উনি যে পার্টটা বলেছেন, সেই পার্টটা নিতে আমি মানা করে দিয়েছি।

বোরো ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫) **শ্রী বিশ্বনাথ চৌধুরী** ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৮-২০১৯ আর্থিক বছরে রাজ্যে বোরো ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা কত ছিল;

(খ) উক্ত লক্ষ্যমাত্রা পূরণ হয়েছে কি না; এবং

(গ) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে রাজ্যে কী পরিমাণ ধান সংগৃহীত হয়েছে?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : স্যার, আপনার মাধ্যমে মাননীয় শ্রী বিশ্বনাথ চৌধুরীর প্রশ্নের উত্তরে জানাই, ক) ৮ লক্ষ মেট্রিক টন। খ) না। গ) ৩৯.০৪ লক্ষ মেট্রিক টন খরিফ এবং মরসুম মিলিয়ে। খরিফে ৩৪.০৫ লক্ষ মেট্রিক টন। রবিতে ৪.৯৯ লক্ষ মেট্রিক টন।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি সেটা হচ্ছে বোরো ধানের দাম কী পরিমাণ বেড়েছে? এবং ব্যাপার হচ্ছে আপনার কাছে কি কোন তথ্য আছে ফড়িয়ারা প্রত্যেকটি হাটে কী পরিমাণ ধান কেনে? অর্থাৎ কৃষক যখন ধান ওঠার সাথে সাথে ধানটা বাজারে নিয়ে গিয়ে বিক্রি করে, কিন্তু সেই সময় তারা ধানের দামটা পায় না। তখন ফড়িয়ারা সেই ধানটা কিনে নেয়। ফলে কৃষক সেখানে সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্থ হয়। কাজেই আপনার কাছে তথ্য আছে যে প্রত্যেকটি হাটে নিশ্চয়ই আপনার ভিজিলেন্স থাকা দরকার যে প্রত্যেকটা হাটে কি পরিমাণ ধান কিনছে।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যর প্রশ্নোত্তরে বলি যে আমাদের রাজ্যে মোট CPC central purchasing centre চলে ৪০২টি, CPC-1 চলে ২৮৭টি, CPC-2 চলে ৪৯টি, CPC-3 চলে ৬৬টি, DPC direct purchasing centre চলে ৭৮টি। কো-অপারেটিভ সোসাইটি সারা বাংলায় ধান কিনছে ১২৬৭টি, সেল্ফ হেল্প গ্রুপ ধান কিনছে ৫৬৫টি, আপনার যে তথ্য বলছে এই রকম ফঁড়ের কথা আমার জানা নেই। আমাদের রেজিষ্ট্রেশান করে ধান কেনা হয়।

[12:00 Noon. – 12:10 p.m.]

সরকারি মূল্যে ধান দেওয়া হয়। ১৭৫০ টাকা সরকারি মূল্য। আর আমাদের রাজ্য সরকার অতিরিক্ত ২০ টাকা উৎসাহ ভাতা দিয়ে ১৭৭০ টাকায় MSPতে ধান কেনা যায়। Minimum Support Price-এ।

Shri Biswanath Chowdhury : আমি যে কথাটা আপনাকে বলছি সেটা হচ্ছে যে, কৃষকের ধানটা যখন প্রথম ওঠে, ওঠার পরে সে বাজারে বিক্রি করবার জন্য যায় এবং যাওয়ার সময় আপনার সরকারি কোন লোক সে ধান কেনে না। এটা হচ্ছে বাস্তবসম্মত ব্যাপার। আমি অনুরোধ করব আপনাকে কৃষকদের স্বার্থে এটা আপনার দেখা দরকার। সেই সময় যদি আপনার সরকারি officerরা হাটে vigilanceটা দেয় তাহলে পরে কৃষক এই যে স্বল্প মূল্যে ধান বিক্রি করে দিচ্ছে সেই বিক্রিটা কমবে। এটা কোন বিরোধের ব্যাপার নয়। এটা হচ্ছে বাস্তবসম্মত ব্যাপার। আমি হাটে ঘুরে আপনাকে বলছি, দায়িত্ব নিয়ে বলছি।

Shri Jyoti Priya Mallick : আমি আপনার প্রশ্নটা না একবার শুনলাম আবার দ্বিতীয়বার আপনি রিপিট করলেন। আপনাকে বলছি যে, আমাদের কাছে এরকম কোন তথ্য নেই। যদি কেউ বিক্রি করতে চায় আমাদের toll free তে যদি জানায় আমরা toll free

থেকে তার ধানটা কিনে নিয়ে আসব। আপনি বলছেন রাস্তায় আসতে আসতে ধান বিক্রি, কেউ কিনে নিচ্ছে বাজারে। বাজারে ধানটা কিনে নিচ্ছে বাইরের কেউ। শুনুন, আপনি ধানটা সরকারকে দেবেন, ১৭৭০ টাকায় দেবেন। মাঝখানে কোন পন্থী যদি ধানটা কিনে নেয় তার দায়িত্ব কর্তব্যটা তো তার যে, আমি বেশি দাম পাব সরকারের কাছে গেলে। সরকার কুইন্টাল পিছু ২০ টাকা তো গাড়ি ভাড়া দিচ্ছে আপনাকে, উৎসাহ ভাতা দিচ্ছে। তা আমি বাইরে বিক্রি করব কেন?

Shri Biswanath Chowdhury : আরে ভুলটা হচ্ছে, আমি কিন্তু বারবার আপনাকে যে কথাটা বলার চেষ্টা করছি ধানটা যখন যাচ্ছে হাটে তখন আপনার পক্ষ থেকে, সরকারের পক্ষ থেকে ধানটা কেনা হচ্ছে না। সরকারের পক্ষ থেকে ধানটা কেনা হচ্ছে না। আপনি বলছেন কিনছে কিন্তু সরকারের পক্ষ থেকে ধানটা সেই সময় কেনা হচ্ছে না। কৃষকের ধানটা যখন শেষ হয়ে যাচ্ছে এবং তারা মূলত ফরিয়াদের কাছে ধানটা বিক্রি করতে বাধ্য হচ্ছে অর্থের জন্যে। কাজেই আমি আপনাকে অনুরোধ করব এই কারণেই যে, অন্তত হাটে-হাটে আপনার যদি vigilanceটা দেওয়া হয়, যদি সরকারি officer-রা হাটে-হাটে ঘোরে যেটা আগে বলেছিলেন এক সময়।

Shri Jyoti Priya Mallick : মাননীয় অধ্যক্ষ মহোদয়, উনি একজন অত্যন্ত senior সদস্য। আপনি বামফ্রন্টের আমলেও দেখেছেন আজকের আমলও দেখছেন। CPC বলে কোন মডেল ছিল? Central Purchasing Centre বলে ছিল না। DPC বলে ছিল? ছিল না। Rice mill-এর কাছ থেকে বিক্রি করা হত। এ রকম যদি কোন তথ্য আপনি পান যে, কোন farmers, group of farmers দাঁড়িয়ে আছে ধান নিয়ে, তারা ধান বিক্রি করতে চায় তাহলে একবার আমাদের District Controller ছেড়ে দিন, আপনি District Magistrate, আপনি SDO সাহেব, আপনি BDO যাকে জানাবেন তারাই ধানটা তুলে নেবে। আমাদের infrastructure এই পর্যন্ত আমরা দাঁড়িয়ে গিয়েছি।

Shri Sk. Amjad Hossain : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার সুনির্দিষ্ট প্রশ্ন, এর আগেও আমি mention করেছি, কিন্তু এখনও অবধি কোথাও তার কোন অগ্রগতি দেখতে পাইনি। যে কৃষকরা সরকারকে ধান বিক্রি করেছে কোথাও CPCতে, কোথাও DPCতে যা পদ্ধতি করেছেন, কোথাও SKUS দিয়ে, কোথাও direct rice mill-এ, কোথাও RMCতে গিয়ে যেখানে সেন্টার হয়েছে সেখানে ধান বিক্রি করেছে। বহু চাষী সুনির্দিষ্টভাবে, একটি চাষীর কথা আমি আপনার এখানে এনেছিলাম। তারা সরকারকে ধান দিয়েছে সাত মাস / আট মাস হয়ে গেল কিন্তু এখনও তারা টাকা পায়নি। গত বছরের আমন ধানের টাকা এখনও পেল না। এ বছরের আমন ধান চাষ হয়ে গেছে। সামনে পুজো। রাজ্যে এই রকম কত কৃষক তারা সরকারের কাছ থেকে এখনও ধান বিক্রি করা বাবদ টাকা পায়নি আর যে কৃষক টাকা পায়নি তারা কবে নাগাদ এই টাকাটা পাবে? এই সুনির্দিষ্ট প্রশ্নের উত্তর দেবেন। ধন্যবাদ স্যার।

Shri Jyoti Priya Mallick : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলি আমাদের limit হচ্ছে ৪৫ কুইন্টাল। ৪৫ কুইন্টাল ধান আপনি বিক্রি করলে সরাসরি CMR Agency নেবে।

রাজ্য সরকারের খাদ্য সরবরাহ দপ্তর ধান কেনে না। ধান কেনে CMR agency। তার নাম কি TCSC, কনফেড, বেনফেড, ম্যাফেড, ম্যাকক, NCCF এই ৬টা agency কেনে। এই ৬টা এজেন্সি ধান কেনার সময় অনেক ক্ষেত্রে দেখা গেছে, তারা over ৪৫ কুইন্টালের বেশি বিক্রি করে দিয়েছে। আমরা ৪৫ কুইন্টালের দাম দিয়েছি। তার পরে দেখা যায় ৫ কুইন্টাল বাকি রয়েছে। আমরা CMR agency গুলোকে বলেছি এই সংখ্যাটা প্রায় হচ্ছে ধরুন ৮০০ farmers-এর কাছে ৫ কুইন্টাল ৭ কুইন্টাল বেশি কেউ বিক্রি করে দিয়েছে। এটাতে সরকারের অনুমোদন দরকার। সরকার লিমিট করে দিয়েছে ৪৫ কুইন্টাল আপনি কেন ৫২ কুইন্টাল বিক্রি করেছেন ? স্বাভাবিকভাবে সেই ৫ কুইন্টাল ৭ কুইন্টাল ধানের টাকাটা CMR agencyগুলোকে বলেছি। আপনাদের ছেড়ে দিতে। সব টাকাগুলো ছেড়ে দিন। আর এর পরের থেকে যা limit বাঁধা থাকবে সেই limit-এই বিক্রি করতে হবে আপনাকে।

Starred Questions
(to which answer was laid on the 'Table')

পরিবহণ ব্যবস্থার উন্নতিসাধন

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৩) **শ্রী দীপক কুমার হালদার :** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের পরিবহণ ব্যবস্থাকে উন্নত করতে সরকার নূতন নূতন বাস রুট ও নূতন নূতন বাস চালু করেছে; এবং

(খ) সত্যি হলে, ২০১১ সাল থেকে ২০১৯ সালের মার্চ পর্যন্ত রাজ্যে কতগুলি নূতন রুট চালু হয়েছে ও কতগুলি নূতন বাস নামানো হয়েছে?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

ক) হ্যাঁ।

খ) ২০১১ সাল থেকে ২০১৯ সালের মার্চ পর্যন্ত রাজ্যে ১,৮৫১টি নুতন বাস রুট চালু হয়েছে ও ১২,৭৮৮টি নূতন বাস নামানো হয়েছে।

Mr. Speaker : The Question Hour is over.

Announcement from the Chair

Mr. Speaker : Hon'ble Members, I am to inform you that the time limit fixed for the presentation of the Report of the Committee of Privileges, 2018-2019 and 2019 2020, West Bengal Legislative Assembly, on the privilege matter, against the Editor, Publisher and Reporter of Ananda Bazar Patrika for alleged publication of a distorted and purported news item in its issue dated 26th July, 2018, in connection with the proceedings of the meeting of the Business Advisory Committee held on 25th July, 2018, the notice of which was given by Shri Tapas Roy, MLA, was earlier extended till the end of the 14th Session of the 16th West Bengal Legislative Assembly.

Now, as the Committee of Privileges 2018-2019 and 2019-2020, West Bengal Legislative Assembly, could not finish its examination and investigation, the time limit for the presentation of its report on the aforesaid Privilege matter has been further extended till end of the 15th Session of the House, consequent upon the relevant proposal of the Committee.

Mr. Speaker : Hon'ble Members, I am to inform you that the time limit fixed for the presentation of the Report of the Committee of Privileges, 2018-2019 and 2019–2020, West Bengal Legislative Assembly, on the privilege matter, against Shri Manoj Chakraborty, MLA, for allegedly casting aspersion on the Chair and questioning the impartiality of the Chair by shouting slogan from the well of the House on the 28th November, 2018, was earlier extended till the end of the 14th Session of the 16th West Bengal Legislative Assembly.

Now, as the Committee of Privileges, 2018-2019 and 2019-2020, West Bengal Legislative Assembly, has not been able to complete its work, the time-limit for the presentation of its report on the aforesaid privilege matter, has been further extended till the end of the 15th Session of the Assembly, consequent upon the relevant proposal of the Committee.

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received two (2) notices of Calling Attention on the following subjects, namely :

Subject		Name
i) Urge for re-opening of public libraries in Kultali Assembly Constituency area	:	Shri Ram Sankar Halder
ii) Urge for desilting the Canal between Kalicharanpur and Bendal via Sarisa to facilitate irrigation and drainage in some Gram Panchayats in Diamond Harbour Assembly Constituency area	:	Shri Dipak Kumar Halder

I have selected the notice of Shri Ram Sankar Halder on the subject of urge for re-opening of public libraries in Kultali Assembly Constituency area.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : Sir, মাননীয় সদস্য শ্রী রামশঙ্কর হালদার যে প্রশ্ন করেছেন, আমি সংশ্লিষ্ট মন্ত্রীকে জানিয়ে দেব। উনি পারলে চিঠি দিয়ে উত্তরটা দিয়ে দেবেন আপনার কাছে।

Presentation of Committee Report

Presentation of the Third Report of the Standing Committee on Co-operation and Consumer Affairs (2018-2019 & 2019-2020)

Shri Narmada Chandra Roy : Sir, I beg to present the Third Report of the Standing Committee on Co-operation and Consumer Affairs (2018-2019 & 2019 2020) on various schemes undertaken for general welfare & activities of the Departments of Co-operation and Consumer Affairs.

[12:10 – 12:20 p.m.]

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORTS

The 57th Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal State Warehousing Corporation for the year 2014-2015

Shri Jyoti Priya Mallick : Hon'ble Speaker, Sir, I beg to lay The 57th Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal State Warehousing Corporation for the year 2014-2015.

শ্রী মনোজ চক্রবর্তী : ধন্যবাদ স্যার। আমি অত্যন্ত দুঃশ্চিন্তার সঙ্গে আপনাকে জানাচ্ছি স্যার, দীর্ঘ ৮ দিন ধরে কর্মচারীরা বেতন না পেয়ে, যারা হরিজন কর্মচারী, তারা গোটা বহরমপুর শহরে গার্বেজ পরিস্কার করছে না, নালা থেকে আরম্ভ করে একদম সমস্ত আবর্জনার স্তূপ; আমি বলছি আপনার মাধ্যমে, মাননীয় পৌরমন্ত্রী আছেন এখানে, মাননীয় মুখ্যমন্ত্রী আছেন, এবং আপনাকে বলি স্যার, অবিলম্বে সেখানে প্রশাসক আছে, প্রশাসক না থাকলে মুখ্যমন্ত্রী বলেছেন, প্রশাসকের দায়িত্ব বেশী। আমি সেই কথা বলছি যে, মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি বলতে চাই যে অবিলম্বে এই সুরাহা করা হোক এবং এদের দাবী-দাওয়া মানা হোক, নাহলে গোটা শহরে ডেঙ্গু ছড়াবে, আক্রান্ত হবে এবং সামনে বিশ্বকর্মা পূজো, সামনে পূজো.

মিঃ স্পীকার : ডেঙ্গু নিয়ে অনেক আলোচনা হয়েছে, নো ফার্দার। আপনি বলেছেন, উনি এটা শুনে গেছেন।

মেনশান

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : স্যার, আমার বিধানসভার মধ্যে বসিরহাট ব্লক টুতে ২টি জি.পি.। রাজেন্দ্রপুর জি.পি.র তিনটি মৌজা, ঝিনকা, নেওড়া এবং বড়গাছিয়া মৌজা ; এবং চাঁপা পুকুর জি পি.র ২টি মৌজায় যথা শিতলিয়া এবং মোমিনপুর। এই মৌজাগুলি বছরের অধিকাংশ সময় জলমগ্ন অবস্থায় থাকে। জলনিকাশীর কোন ব্যবস্থা নেই। প্রায় ৭০০ থেকে ৮০০ হেক্টর জমি জলমগ্ন অবস্থায় থাকে, ১০ থেকে ১২ হাজার মানুষ সমস্যায় ভুগছে। কাজেই উক্ত ৫টি মৌজার জলনিকাশী ব্যবস্থা করার জন্য আমি মাননীয় সেচ ও জলপথ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(এই সময় মাননীয় সদস্য অসিত মিত্র কিছু কথা বলতে চান।)

মিঃ স্পীকার : শুনুন। আপনি যেটা কলিং এ্যাটেনশান দিয়েছিলেন, তার কোন রিপ্লাই আমাদের কাছে আসেনি। ন্যাচারালি, এটা নিয়ে আর কিছু হবে না, হলে পরে আপনাকে পাঠিয়ে দেবো। আপনি তো রুলটা জানেন। আপনি বলছেন বারবার, ঠিক আছে। এটা যাবে না, আমি শুনে নিচ্ছি।

(এই সময় মাননীয় সদস্য অসিত মিত্র অফ দি মাইক কিছু বলতে থাকেন।)

শুনুন, আমাদের রুল আছে। আমাদের রুল আছে, আপনি জানেন তো। যদি হাউসে না হয়, আপনাকে লিখিত জবাব পাঠিয়ে দেবে। ঠিক আছে।

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সুন্দরবন বিভাগীয় দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কুলতলী বিধানসভা এলাকায় জয়নগর দুই নম্বর ব্লক এবং রায়দীঘি বিধানসভা এলাকার হচ্ছে মথুরাপুর দুই নম্বর ব্লক, এই দুটি ব্লকের মাঝখান দিয়ে সোনাদীঘি নদী চলে গেছে। এই নদীর উপর একটা ব্রীজ ২০০৮সাল থেকে '১১ সাল পর্যন্ত তার ৯০ভাগ কাজ শেষ হয়ে যায়। গত ৮ বছর ধরে সেই ব্রীজের কাজ এখনও শেষ হচ্ছে না।

জনগণের স্বার্থে এই ব্রীজের কাজ অবিলম্বে শেষ করে এর দুইপারের এ্যাপ্রোচ রোডগুলো যাতে করা হয় এবং ব্রীজটি খুলে দেওয়া হয় তার জন্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ স্পিকার : মাননীয় সদস্য শ্রী মোস্তাক আলম আমি আপনার এই বিষয়টা এ্যালাউ করব। আজকে এটা নিয়ে আলোচনা আছে। আই উইল নট এ্যালাউ দিস। এন আর সি নিয়ে আজকে আমাদের আলোচনা রয়েছে। লিঞ্চিং নিয়ে আলোচনা এর আগে হয়েও গেছে। রোজ রোজ লিঞ্চিং প্রসঙ্গ আলোচনা করা যাবেও না। এটা নিয়ে আমাদের তো একটা ডিসকাশান হয়ে গেছে।

শ্রী প্রদীপ কুমার সাহা : স্যার আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি, উনি এই সদনে বলেছিলেন মাধ্যমিক শিক্ষা কেন্দ্র এবং শিশু শিক্ষা কেন্দ্রগুলিকে গ্রামোন্নয়ন দপ্তরের হাত থেকে শিক্ষা দপ্তরে আনার ব্যবস্থা হবে। এখন আমাদের রাজ্যে প্রায় ১৬ হাজার শিশু শিক্ষা কেন্দ্র আছে এবং দেড় হাজারের ওপরে মাধ্যমিক শিক্ষা কেন্দ্র ও মাদ্রাসা শিক্ষা কেন্দ্র আছে। এদের শিক্ষক অপ্রতুলতার জন্য ছাত্রছাত্রীদের পড়াশুনার ক্ষেত্রে দারুণ অসুবিধার সৃষ্টি হচ্ছে। অবিলম্বে যেমন শিক্ষক নিয়োগ করা দরকার, তেমনি দীর্ঘদিন ধরে এদের বেতন বৃদ্ধিও হচ্ছে না। মাননীয় শিক্ষামন্ত্রী এই সদনে শিক্ষা বাজেটের উপরে বলতে গিয়ে বলেছিলেন যে এই বিষয়টা দেখা হচ্ছে। তাই আবেদন রাখছি যে অবিলম্বে এই বিষয়ে জি ও বের করার যে দায়িত্ব সরকার নিয়েছেন তা দ্রুততার সঙ্গে যেন বের করা হয়।

মিঃ স্পিকার : মিঃ সুজিত চক্রবর্তী আপনি লেজিসলেটিভ অ্যাসেম্বলি সম্পর্কে বলতে চেয়েছেন। লেজিসলেটিভ অ্যাসেম্বলি সম্পর্কে আপনার যদি কিছু বলার থাকে আমাকে চিঠি দেবেন। লেজিসলেটিভ অ্যাসেম্বলি নিয়ে এখানে হাউসে কিছু বলা যাবে না। আপনি আমাকে চিঠি দেবেন। মেনশান কেসে লেজিসলেটিভ অ্যাসেম্বলি আসে না।

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, মুর্শিদাবাদ জেলায় ভাগীরথী কো অপারেটিভ সোস্যাইটি আছে। এর সঙ্গে ৭০হাজার মানুষ যুক্ত এবং আজকে এখানে চাষীরা তাদের নিয়মিত মূল্য পাচ্ছে না। বিগত ৮ মাস ধরে কয়েক কোটি টাকা তছরূপ হয়েছে। প্রতিদিন দুধের সঙ্গে দুধের বিলের হিসেবে অসঙ্গতি রয়েছে। চাষীদের পথে বসিয়ে কর্মচারীদের টাকায় পুরস্কৃত করা হচ্ছে। আমরা চাই যাদের ঘামের রক্তের বিনিময়ে এই মানুষগুলো ভাগীরথী কো অপারেটিভ তৈরি করেছে, দরদী মনোভাব নিয়ে চলছিল কয়েক বছর ধরে, কিন্তু বর্তমানে সেখানে যেভাবে ফাংশানিং হচ্ছে, আমরা চাই তার অবিলম্বে বিচার বিভাগীয় তদন্ত করা হোক যে কিভাবে ভাগীরথী কো অপারেটিভ ডুবতে বসেছে। এবং কর্মচারীদের বকেয়া পাওনা অবিলম্বে মিটিয়ে দেওয়ার ব্যবস্থা করা হোক।

শ্রী ইব্রাহিম আলি : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমার বিধানসভা পাঁশকুড়া পূর্ব বিধানসভার অন্তর্গত। দেউলিয়া বাজার এবং কোলাঘাট রেলওয়ে স্টেশান গুরুত্বপূর্ণ দুটি ফুল মার্কেট। এখানে কোনো ফুল সংরক্ষণ কেন্দ্র

নেই। মাননীয় শুভেন্দুবাবু আছেন। যদি এখানে একটা ফুল সংরক্ষণ কেন্দ্র গড়ে তোলা যায় তার জন্য রাজ্য। সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় স্পিকার মহোদয়, আপনার মাধ্যমে ক্রীড়ামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে ক্রীড়ামন্ত্রী আছেন। ডায়মন্ড হারবারে খেলাধূলা করার মাঠের সংখ্যা খুবই কমে গেছে, প্রায় নেই। সরকারী বিভিন্ন প্রজেক্ট হয়েছে। সরিষা হাই স্কুলের একটি মাঠ আছে, যে মাঠটিতে সরকারি ভাবে সমস্ত রকমের অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। কিন্তু বর্ষা হলেই জল জমে যায়, সেখানে কোনো কাজ করা যায় না। এই মাঠটা ডেভেলপমেন্ট করে, পানীয় জলের ব্যবস্থা করে মাঠটি যাতে খেলাধূলার উপযোগী করে তোলা যায় তার জন্য অনুরোধ করছি।

শ্রী ঈদ্রিশ আলি : অনারেব্‌ল্ স্পিকার স্যার, আমার উলুবেড়িয়া পূর্ব কেন্দ্রে দুটি পঞ্চায়েত আছে - রঘুদেবপুর এবং খলিসানি। উইথ ডিউ রেসপেক্ট, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীকে জানাতে চাইছি বা আবেদন করছি যে সেখানে কিছু ইললিগ্যাল ঘরবাড়ি রাস্তার পাশে হওয়ার জন্য বা অন্যান্য কারণে রাস্তাগুলিতে জলনিকাশি ব্যবস্থা ঠিকমত হচ্ছে না। সেইজন্য আপনার মাধ্যমে আমার আবেদন, সামনে দুর্গাপূজা, অবিলম্বে যাতে জলনিকাশি ব্যবস্থা করা যায়।

[12:20 – 1:00 p.m. (Including Recess)]

মিঃ স্পীকার : মাননীয়া সদস্যা নার্গিস বেগম আপনি যে বিষয়টা দিয়েছেন সেটা হয় না। আপনার এলাকা সংক্রান্ত কোনো বিষয় যদি আপনি দিতেন তাহলে আমি অ্যালাউ করতাম। মেনশান কেসে এগুলো বলা যায় না, এটা মিসইউজ করা হচ্ছে। জেনারেল সাবজেক্টগুলো আপনারা মেনশান কেসের মধ্যে তুলছেন, I am not allowing it।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নাকাশিপাড়া ব্লকের অধীন রাজ্য সরকার অনুমোদিত একটি ইংলিশ মিডিয়াম মডেল স্কুল আছে। এই স্কুলটি গত দু'বছর ধরে চালু আছে এবং স্কুলটির ছাত্রসংখ্যা ৩০০। ঐ স্কুলে সরকারীভাবে প্রধান শিক্ষক ছাড়া সবাই গেস্ট টীচার হিসাবে আছেন। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার আবেদন অত্যন্ত দ্রুততার সঙ্গে সমস্ত সেকশানে পার্মানেন্ট টীচার নিয়োগ করার অনুরোধ আমি জানাচ্ছি।

মিঃ স্পীকার : যেহেতু আজকে আমাদের আর ফার্দার কোন বিজনেস নেই পশ্চিমবঙ্গ বিধানসভার আজকেই আমাদের হাউসের শেষ দিন। বি.এ কমিটি যেটা আজকে হওয়ার কথা ছিল সেটা আর হবে না।

(At this stage the House was adjourned till 1.00 p.m.)

(After Recess)

[1:00 – 1:10 p.m.]

Motion under Rule 185

শ্রী ফিরহাদ হাকিম : Sir, I beg to move that, - এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, অসমে নাগরিক পঞ্জি তৈরি করার নামে যেভাবে বহু ভারতীয় নাগরিকের নাম সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্যে ঐ তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে, বস্তুত তার পরিপ্রেক্ষিতে এ রাজ্যে নাগরিকপঞ্জি তৈরি করার নামে এক সামাজিক ও রাজনৈতিক অস্থিরতা সৃষ্টির প্রচেষ্টা চলছে।

যেহেতু, নাগরিকপঞ্জি তৈরির নামে বহু সংখ্যক ভারতীয় নাগরিকদের নাম বাদ দেওয়ার প্রক্রিয়া চলছে;

যেহেতু, নাগরিক পঞ্জির নামে উদ্ভূত পরিস্থিতিতে প্রতিবেশি অসমে বহু মানুষের বিরুদ্ধে বাস্তবত বন্দি জীবনের মতো এক ভয়াবহ সমস্যা চাপিয়ে দেওয়ার প্রচেষ্টা হচ্ছে;

যেহেতু, অমানবিক এই সিদ্ধান্তে দেশের নাগরিকদের বিরুদ্ধে অন্যায়, অবিচার করা হচ্ছে এবং বিদেশি তকমা দিয়ে নাগরিক অধিকারগুলিকেই ধ্বংস করা হচ্ছে;

যেহেতু, স্বাধীনতার সময় দেশভাগের অংশ হিসাবে বাংলাকে বিভাজিত করার কারণে পূর্বতন বাংলা থেকে লক্ষ লক্ষ উদ্বাস্তু মানুষ এসে বহু দশক ধরে এ রাজ্যে স্বাভাবিক নাগরিক জীবন যাপন করছেন ;

যেহেতু, পুনবার্সনের প্রতিশ্রুতি থাকা সত্ত্বেও এ রাজ্যের উদ্বাস্তুদের সমস্যা সমাধানে কেন্দ্রীয় সরকারের পক্ষে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়নি;

যেহেতু, এহেন পরিস্থিতিতে নাগরিকপঞ্জির নাম করে পশ্চিমবঙ্গের অজস্র মানুষকে অযথা হয়রানি এবং নাগরিকত্বহীন করে দেওয়ার প্রয়াস জারি হয়েছে;

সেহেতু, এই সভা নাগরিকপঞ্জি তৈরির নামে এই অমানবিক স্বেচ্ছাচারী প্রচেষ্টার এবং মানুষের মানবাধিকার ধ্বংস করার চক্রান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছে। পশ্চিমবঙ্গে নাগরিকপঞ্জি কোনভাবেই প্রয়োজনীয় নয়। এই সভা কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে যে নাগরিকপঞ্জি তৈরির নামে বৈধ ভারতীয় নাগরিকদের হয়রানি এবং উদ্বাস্তু করার চক্রান্ত অবিলম্বে বন্ধ করতে হবে। এই সভা দাবি জানাচ্ছে যে পশ্চিমবঙ্গে ধর্ম এবং জাতপাত নির্বিশেষে সকল উদ্বাস্তু মানুষদের ভারতের নাগরিকত্ব প্রদান সুনিশ্চিত করতে হবে। এই সভা আরও দাবি জানাচ্ছে যে পশ্চিমবঙ্গে কোনভাবেই নাগরিকপঞ্জি লাগু করা যাবে না।

শ্রী অসিত মিত্র: মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৮৫ নম্বর যে মোশান এখানে প্লেস করা হয়েছে, এই ১৮৫ নম্বর এই প্রস্তাবকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি।

স্যার, ভারতবর্ষ স্বাধীনতা পাওয়ার পর বা স্বাধীনতার পাওয়ার লগ্নে . আমাদের একটা চরম বিপদের সময় গেছে যখন ভারতবর্ষ ভাগ হয়েছে এবং আমি আপনার সমস্ত সভাকে যেটা জানাতে চাই সেটা হল, যে পূর্ববঙ্গে অথবা পূর্ব পাকিস্তান যেটা, তার সঙ্গে পশ্চিম পাকিস্তান - এই বিষয়টা। বিবেচনা করলে দেখা যাবে যে পশ্চিম পাকিস্তানে যে সমস্যা ছিল, পূর্ববঙ্গে অর্থাৎ পশ্চিম বাংলা বা এই পোর্শানে সেই সমস্যাটা আসেনি। আসেনি তার কারণ, আমি যতটুকু সময় পাব তার মধ্যে আমার বক্তব্য রাখছি যে সমস্যাটা এই জন্য তৈরি হয়ে গিয়েছিলো যে, যখন এই পঞ্জী তৈরি হওয়ার অনেক আগে আর একটা সমস্যা তৈরি হল, যে পশ্চিম পাকিস্তানে এক্সেঞ্জ হয়েছিল মানুষের যে, এপারের মানুষ যারা ওপারে যেতে চায় তারা যাবে এবং ওপারের মানুষ যারা এপারে আসতে চায় - তারা আসবে, সেটা এখানে হয় নি। স্যার, এই নিয়ে আমি বেশিও আলোচনা করব না। শুধু এইটুকু বলেছি, স্বাধীনতা পাওয়ার পর আমাদের যে অস্বিত্ব, সেই অস্তিত্বকে বজায় রেখেই, বিশেষ করে আসাম, পশ্চিম বাংলা এবং আরও সীমান্ত এলাকায় যাঁরা আছেন, তাঁরা সঠিকভাবে বাস করছেন এবং আমারা দেখেছি, এই পশ্চিম বাংলাতে যখন ১৯৪৭ সালে ১৫ই আগস্টের পর সকলে চলে আসেন নি ওপার বাংলা থেকে, বিশেষ করে ১৯৭৮ সাল পর্যন্ত আমরা দেখেছি, যে পশ্চিম বাংলা অনেক মানুষ চলে এসেছেন ওপার বাংলা থেকে। তাহলে সবটা মিলিয়ে কি দেখা গেল- এই যে ১৯ লক্ষ মানুষ, ১৯ লক্ষ মানুষ বার বার বলা হচ্ছে। এই ১৯ লক্ষ মানুষ তো তাঁরা কেউ উড়ে আসেননি, তাঁরা তো এখানে বসবাস করেছেন। আমার সময় যতটুকু আছে, এত বিশ্লেষণ করব না স্যার, আমি শুধু বলছি, যে আমাদের এই সভায় আজকে এই সমস্যা নিয়ে এখন আলোচনা করার কোন দরকার ছিল না। কিন্তু এই আলোচনাটা, সরাসরি প্রশ্ন করলেন যে তার নাম ভারতবর্ষের বিজেপি'র সরকার এবং ভারতবর্ষের প্রধানমন্ত্রী এবং তার স্বরাষ্ট্র দপ্তর। তারা বার বার তৈরি করছে, যে এখান থেকে ওই লোকগুলোকে নিয়ে চলে যাবে। এই লোকগুলোকে নিয়ে কোথায় চলে যাবে। এই ১৯ লক্ষ মানুষ তারা কি আবার পাকিস্তানে ফেরত যাবে বা অন্য কোন জায়গায় ফেরত যাবে। স্যার, আমি আমার নিজের অভিজ্ঞতার থেকে বলছি, আজকে ত্রিপুরার কথা ধরা হয়, যে ত্রিপুরায় আমাদের এখানকার অনেক মানুষ ওপার বাংলা থেকে এখানে চলে এসেছে। যদি দেখা যায় ত্রিপুরাতেও এই কারণে এন.আর.সি, আবার তৈরি হবে। তাহলে কি ত্রিপুরার যাঁরা মানুষ ওখানে এসেছিলেন, যাঁরা তখন সেই অবস্থায় বা তার পরে এসেছিলেন তারা কি ত্রিপুরার থেকে অন্য জায়গায় চলে যাবেন ? তাঁরা কি ত্রিপুরার থেকে আবার ওই বাংলাদেশে চলে যাবেন - এই জিনিস তো হতে পারে না। তাই স্যার, আমি আজকে এই প্রস্তাবকে সমর্থন করে একটা কথা বলছি, যে আজকে যে সিস্টেম কেন্দ্রীয় সরকার তৈরি করেছেন, একটা জায়গায় বলেছেন মাননীয় মন্ত্রী ববি হাকিম সাহেব বলেছেন, যেহেতু কেন্দ্রীয় সরকার, পুনর্বাসনের প্রতিশ্রুতি থাকা সত্ত্বেও রাজ্যের উদ্বাস্তুদের সমস্যা সমাধানে কেন্দ্রীয় সরকার যথাযথ ব্যবস্থা গ্রহণ করেননি। এটা আমরা সকলে মিলে পেয়েছি। এইটা ঘটনা স্যার। যাঁরা এসেছেন, যাঁরা ওখানে ছিলেন তাহলে দেখা যাচ্ছে, একজন স্ত্রী তিনি ৩০ বছর ধরে এখানে আছেন, ৪০ বছর

ধরে সেখানে আছেন - তিনি বলছেন যে আমার স্বামী এখানে চাকরি করেন, কিন্তু আমি আমার নাম খুঁজে পাচ্ছি না, এই এন.আর.সি'র যে তালিকা তৈরি হয়েছে। এই রকম অনেক আছে। স্যার, আমার কাছে অনেক সংবাদপত্রের কাটিং আছে। তাই জন্য আমি বলতে পারি যে একজন বলছেন, যে এন.আর.সি.তে নাম উঠেছে তোমার কিন্তু অস্বস্তি কাটেনি মানিকের। তার নামটা কি হয়েছে ? য়ে ২০০৮ সাল থেকে শুরু হয়েছে নাগরিকত্বের পরীক্ষা। কখন নথি দেখাতে না চেয়েই বাংলাদেশেরে জেলে পাঠানো হচ্ছে। আবার কোন সময় নথিপত্র দেখেই তাকে জোর করে তার উপর অত্যাচার করা হচ্ছে।

[1:10 – 1:20 p.m.]

পুলিশের দাবী ফল বিক্রেতা মানিক দাসের নাগরিকত্বের পরীক্ষা শুরু হয় ২০১৮ সালের অনেক আগে থেকে। অর্থাৎ কী দেখা যাচ্ছে ? ২০০৮ থেকে ২০১৯ -১১ বছর পরীক্ষা চলছে। তার আসল সার্টিফিকেট পর্যন্ত দেওয়া হচ্ছে না। স্যার, আমি আর একটা কথা আপনার কাছে বলছি। সেটা হল এই যে, ১৯ লক্ষ মানুষ অসমে আছে। অসম থেকে তাদের তাড়ানোর ব্যবস্থা হচ্ছে। ১৯ লক্ষ মানুষের সামনে প্রথম রাস্তা হল আগামী চার মাসের মধ্যে ফরেনার্স ট্রাইবুন্যালে আবেদন করা। আপনারা চিন্তা করে দেখুন না। এখানে নদীয়া আছে, ইভেন কলকাতা আছে, এখানে উত্তর ২৪ পরগণা আছে, এখানে মুর্শিদাবাদ, মালদা আছে, অন্যান্য নর্থ বেঙ্গলের জেলা আছে। এতগুলো জেলা আছে- এই জায়গাতে বলছে কি ? ১৯ লক্ষ মানুষের সামনে প্রথম রাস্তা হল - আগামী চার মাসের মধ্যে ফরেনার্স ট্রাইবুন্যালে আবেদন করতে হবে, তাদের কাছে থাকা নথি ও তথ্য প্রমাণ দিয়ে ট্রাইবুন্যালে আবেদন করার পর থেকে শুনানি করা হবে, যতদিন না এই প্রক্রিয়া শেষ হবে, ততদিন তাদের সন্দেহভাজন আখ্যা দেওয়া গেলেও অনুপ্রবেশকারী বলা যাবে না অর্থাৎ এরা অনুপ্রবেশকারী নয়, এই অবস্থার মধ্যে, এই দোটানার মধ্যে তাদের থাকতে হবে। আর কি বলছে ? যে সফ্টওয়্যার সংস্থা এই তালিকা তৈরির দায়িত্বে ছিল, তাদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এনেছে কে ? দুর্নীতির অভিযোগ এনেছে বি.জে.পি-রই একটা অংশ। স্যার, আমি আপনার কাছে বলছি, আরেকজনের কথা উল্লেখ করে বলছি, শুধুমাত্র যিনি প্রধানমন্ত্রী অথবা কেন্দ্রীয় সরকার, তারা অন্যায়ভাবে যখন এই কাজ করছে, তখন হিমন্ত বিশ্বশর্মা বলেছেন, এই এন.আর.সি তালিকায় অসমের লক্ষ্যপূরণে সম্ভব হবে না, আমাদের এবার অন্য কোন ব্যবস্থা শুরু করতে হবে, সেই প্রক্রিয়া শুরু হবে। তাহলে কি দেখা যাচ্ছে ? তাহলে দেখা যাচ্ছে এন.আর.সি. সিস্টেমটা সম্পূর্ণভাবে ভুল এবং তাঁরা এটা করছেন বারবার একটাই কারণে। সেটা হচ্ছে, রাজনৈতিক কারণ অর্থাৎ অসমে যদি আবার ভোট হয়, তাঁরা তাঁদের সেই ভোট নিজেরা নেওয়ার চেষ্টা করবেন। তাঁরা সেখানে যেমনভাবে জয়লাভ করেছেন, তাঁরা সেটা করবেন। একই সঙ্গে কোন রকম কাজ না করে - যখন ভারতবর্ষে সব থেকে বড় সমস্যা অর্থনৈতিক সমস্যা - আপনারা জানেন কি জায়গায় চলে গেছে, যেখানে জি.ডি.পি. এক পয়েন্টে ছিল, সেখানে কখনও ৫ পয়েন্টে নেমে আসছে, কখনও ২ পয়েন্টে নেমে আসছে, এই জায়গায় চলে গেছে আমাদের কেন্দ্রীয় সরকারের অবস্থা - তখন তারা এইদিকে দৃষ্টি না দিয়ে এন.আর.

সি.- তে ১৯ লক্ষ লোকের নাম দেওয়ার চেষ্টা করছে। স্যার, আমি আপনাকে আর একটি কথা বলছি। চূড়ান্ত তালিকাতেও নাম উঠত না, সেনার প্রাক্তন অধিকারী সানাউল্লাহ, বাম বিরোধী বিধায়ক অনন্ত কুমারের। তাতে তাঁরা বলছেন, অবৈধ অধিবাসী হিসাবে কয়েকমাস আগে তাকে গ্রেপ্তার করা হয়েছিল। সেই মামলা বর্তমানে হাইকোর্টে বিচারাধীন আছে। এই অবস্থা চলছে। এই অবস্থা চলবে যতদিন না পর্যন্ত এর একটা সঠিক নিয়ম হয়। কে কার বিরোধিতা করবে ? বিরোধিতা করলে, আজকে বাংলার সকলে একমত, এভাবে আমাদের অন্যান্য বন্ধুরাও আছেন, তাঁরাও সকলে একমত হবেন, যেমন করেই হোক, যেভাবেই হোক এটার বিরোধিতা করতে হবে। আমি আপনাদের কাছে আর একটা কথা বলছি। তাঁদেরই একজন বলছেন, "এন. আর.সি. নট ফাইন্যাল - "সেইসব মিনিস্টার, অসম মিনিস্টার, হিমন্ত বিশ্বশর্মা, যেটা বললাম, তিনি বলছেন এন আর নট ফাইন্যাল। যদি এটাই হয়, তাহলে আমাদের এই বিধানসভায়, এই বিষয়ে বক্তা হিসাবে মাননীয়া মুখ্যমন্ত্রীর লিস্টে নাম আছে, আমার পরেই তিনি বলবেন, আমি তাঁকেও অনুরোধ করব এবং এখানে সকলে যাঁরা আছেন, তাঁদেরও অনুরোধ করব যে, এই সমস্যার সমাধান আমাদের ইমিডিয়েটলি করতে হবে। করতে গেলে আমাদের সকলকে, আমাদের যে অধিকার আছে, সেই অধিকারটাকে গ্রহণ করার জন্য শুধুমাত্র আমাদের এখানে প্রস্তাব নিলেই হবে না, আমি আবার বলছি, কারণ আমরা প্রস্তাব অনেক বার নিয়েছি।

মাননীয় পার্থবাবু আপনি নিজে অনেকবার প্রস্তাব নিয়েছেন। আমরা কখনও অনেক কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, সেই কারখানাগুলোকে প্রাইভেটাইজেশান করা হচ্ছে তার জন্য একটা প্রস্তাব নিয়েছিলাম। আমাদের কথা হয়েছিল, আমরা দিল্লিতে যাব, তাদের কাছে সেই প্রস্তাব পৌঁছে দেব। এইটা এখনও হয়নি। আমরা তার পরবর্তী পর্যায়ে, আপনারা জানেন, আপনি নিজেও ভালো করে জানেন যে, প্রতিরক্ষার কারখানাগুলো- কাশিপুর গানশেল ফ্যাক্টরি হোক অথবা ইছাপুর গানশেল ফ্যাক্টরি হোক অথবা দমদমে যেখানে প্রতিরক্ষার বন্দোবস্ত আছে - সেই জায়গাতে এগুলোকেও corporatisation করা হচ্ছে আবার এগুলোকেও privatisation করা হচ্ছে। এই ব্যাপারে এখানে আলোচনা অল্প উঠেছে একটু-আধটু। কিন্তু আমরা বলছি যে, এগুলো নিয়ে আমরা ঠিকমত প্রটেস্ট করতে পারছি না। আমি স্যার, একটা কারণে সবার আগে আজকে এখানে প্রশ্ন তুলেছি। আমাদের মধ্যে অনেক বিভেদ আছে, প্রভেদ আছে। আমরা সব বিষয়ে। আপনাদের সঙ্গে একমত হতে পারছি না। আপনারাও অনেক বিষয়ে আমাদের সঙ্গে একমত নাও হতে পারেন। আবার সি.পি.আই.এম, বা বামফ্রন্ট পরিষদীয় দল তাঁরা আছেন। এখানে বি.জে.পি.র কিছু বন্ধু আছেন। আমি তাঁদের সকলকে বলব, আমরা একজোট হয়ে সকলে বাংলায় এই সিদ্ধান্তটা গ্রহণ করি। আমাদের সকলকে একসঙ্গে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এই কারণে যে, আমাদের অন্য কোন রাস্তা নেই। আমরা কিছুতেই এন.আর.সি.-তে আবার নতুন করে যে প্রকল্প আসছে এই প্রকোপটাকে যেমন করে হোক দূর করবো। স্যার, আমি আর একটি কথা আপনার কাছে বলছি যে, আমাদের অনেক মানুষের নাম উঠে গেছে। শনিবার জাতীয় নাগরিকপঞ্জীর চূড়ান্ত তালিকা প্রকাশ করেছে সরকার। সেখানে বাদ পড়েছে উনিশ

লক্ষের বেশি মানুষ। এখন সরকারি পদক্ষেপকে রুখতে তাদেরকে নাগরিকত্বের প্রমাণ দিতে হবে। মুশকিলটা কি হচ্ছে জানেন? আর একটা ব্যাপারে আমাদের পশ্চিম বাংলার সরকারকে আরও উদ্যোগ নিতে হবে। সেটা হচ্ছে, আমি দেখছিলাম, আমাদের এই পশ্চিম বাংলা সম্পর্কে একটা আলোচনা হয়েছে যে, আসামে যে উনিশ লক্ষ মানুষের নাম জাতীয় নাগরিক পঞ্জী থেকে বাদ পড়েছে, তাদের একটা বড় অংশই পশ্চিমবঙ্গ সরকারের গড়িমসিকে দায়ী করেছে। মাননীয় পার্থবাবু আপনি এখানে আছেন। আপনি মন্ত্রীসভার গুরুত্বপূর্ণ সদস্য। আমি আপনাকে বলছি যে, তাঁরা বলছেন, তাঁদের বক্তব্য, পশ্চিমবঙ্গ সরকার সময়মত তথ্য না দেওয়ায় অনেকে তাদের লেগাসি জমা দিতে পারেননি। পশ্চিমবঙ্গ সরকার ঠিকমত সময়ে লেগাসি জমা না দিতে পারার জন্য তাঁরা তাঁদের কাগজপত্র জমা দিতে পারেননি। সংখ্যাটা কত? জাতীয় নাগরিক পঞ্জী বিরোধী মঞ্চের মূল বক্তব্য ১ লক্ষ ৮৩ হাজার মানুষের নাম বাদ দিয়েছে পশ্চিমবঙ্গ সরকার সময়মত লেগাসি সংক্রান্ত তথ্য জমা দিতে না পারার জন্যে। এর কতগুলো উদাহরণ আছে, মাননীয় অধ্যক্ষ মহোদয়, এর মধ্যে সুপর্ণা সামন্ত জানিয়েছেন, ১৯৫৪ সালে বাবার চাকরির সময়তে তিনি শিলচর যান। কালক্রমে সেখানে তাঁর বাবা জমি কিনে বাড়ি করেন এবং মেয়ের বিয়ে দেয়। বাবা যেহেতু পশ্চিমবঙ্গ থেকে গিয়েছিলেন। ফলে বংশ তালিকা ও নাগরিকত্ব প্রমানের অন্য সব কাগজপত্র এই রাজ্যে থেকে গেছে। এই ঘটনাগুলো যেন না ঘটে। এক লক্ষ ৮৩ হাজার মানুষের দায়দায়িত্ব আমাদের হাতে। সুতরাং, আমরা দেখব যে, সেখানে আমাদের এগুলো পাঠাতেই হবে। স্যার, আপনার কাছে আমার সর্বশেষ বক্তব্য, আজকে এই এন.আর.সি. নিয়ে যে দায়িত্ব নিয়ে অলপার্টি রেজোলিউশান করেছি, এই অলপার্টি রেজোলিউশান-টা আমরা সকলে চুড়ান্তভাবে গ্রহণ করি। এবং আমি আপনাকে বলছি, যদি এটাকে আমরা চুড়ান্ত ভাবে গ্রহণ না করি তাহলে এখানকার অনেক মানুষ তারা অসহায় হয়ে যাবে। এখানে আপনি রাখতে পারবেন কি ওখানে রাখতে পারবেন, কোন। ব্যবস্থা নেই। আর আমাদের যে কেন্দ্রীয় সরকার এই কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আজকে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হোক যে, আমরা তিক্ত অবস্থান গ্রহণ করবো। আমরা যাব তাদের কাছে এবং আমাদের বক্তব্য জানাব ঠিক তেমনি একই সঙ্গে পার্থবাবু আপনাদের এই সিদ্ধান্ত নিতে হবে যে, আমাদের যে বক্তব্যটা আছে সেটা পরিষ্কার, বন্ধ করুন আপনার এই প্রচেষ্টা। এই ভাবে এই উনিশ লক্ষ মানুষ বাংলার মানুষ তাদের কোনরকমে যে জায়গায় নিয়ে যাচ্ছে সেই জায়গায় নিয়ে যেতে দেব না। আমরা সকলে একমত, সমস্ত রাজনৈতিক দল একমত। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

****

[1:20 – 1:30 p.m.]

শ্রী স্বাধীন কুমার সরকার : স্যার, জাতীয় নাগরিকপঞ্জি অথাৎ N.R.C-র বিষয়ে ১৮৫ নিয়ম অনুযায়ী সরকার পক্ষ এবং অন্যান্য বিরোধী পক্ষের বিধায়কগণ যে মোশান এনেছেন এবং তারা N.R.C.-র বিরোধিতা করেছেন আমি তার তীব্র প্রতিবাদ করছি।

স্যার, এই মোশান আনয়নকারীদের দেখে স্পষ্টতই প্রমাণিত যে এই পশ্চিমবঙ্গ রাজ্য বিধানসভায় বিরোধী দল বলতে বি.জে.পি.-কেই একমাত্র বোঝায়। আগামীতে পশ্চিমবঙ্গে একদিকে থাকবে বি.জে.পি.আর অন্যদিকে থাকবে বাকি সকলে কারণ তাদের অস্তিত্ব রক্ষার ব্যাপার। সাম্প্রতিক লোকসভা নির্বাচনে পশ্চিমবঙ্গের মানুষ কংগ্রেস-সহ বামফ্রন্টকে প্রত্যাখান করেছে এবং রাজ্যের সরকারি দলের সহস্র সন্ত্রাস সত্ত্বেও ৪২টা আসনের মধ্যে বি.জে.পি-কে ১৮টা আসন দিয়েছে। আর যারা বিয়াল্লিশে বিয়াল্লিশ বলেছিল তাদের কথা সকলেই জানে। বি.জে.পি. শাসিত অসম সরকার সেখানে আসীন হওয়ার পর N.R.C.-র বিষয়ে পদক্ষেপ গ্রহণ করে। পশ্চিমবঙ্গেও N.R.C.-র দাবি উঠেছে। N.R.C.-র উদ্দেশ্য দেশের বিভিন্ন রাজ্যে অবৈধ বিদেশী নাগরিক চিহ্নিত করা এবং এ বিষয়ে ব্যবস্থা নেওয়া। পূর্ব ও উত্তর-পূর্ব ভারতে অবৈধ বিদেশী বলতে বোঝায় বাংলাদেশ থেকে আসা সে দেশের মুসলিমদের। ২০১৪ সালে বি.জে. পি.-নেতা নরেন্দ্র মোদীর নির্বাচনী প্রতিশ্রুতি ছিল, হিন্দু উদ্বাস্তুদের একমাত্র আশ্রয়স্থল ভারত এবং তিনি ক্ষমতায় এসে সেই ব্যবস্থা করবেন। নির্বাচনে জয়ী হয়ে ৭ সেপ্টেম্বর ২০১৫ নরেন্দ্র মোদী সরকার passport আইন ১৯২০ এবং বিদেশী আইন সংশোধন করেছে। আফগানিস্থান, বাংলাদেশ এবং পাকিস্থানের সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষদের, যারা ধর্মীয় অত্যাচারে বা তার আয়স্কায় দেশ ত্যাগ করে ভারতে আসতে বাধ্য হয়েছেন তাঁদের জন্য এই আইন সংশোধন করা হয়েছে। এতে বলা হয়েছে সেই দেশের সংখ্যালঘুরা তথা হিন্দু, বৌদ্ধ, খ্রীষ্টান, শিখ, জৈন, পার্শি সম্প্রদায়ের মানুষ যাঁরা ৩১ ১২-২০১৪-র মধ্যে বৈধ্য কাগজ-পত্র ছাড়া ভারতে এসেছেন তাঁরা ভারতে আইনতঃ বসবাস করার অধিকারী। আইনটি তৈরি হয়েছে রাষ্ট্র সংঘের উদ্বাস্তু সংজ্ঞা অনুযায়ী। আফগানিস্থান, বাংলাদেশ, পাকিস্থান - এই তিনটি দেশের রাষ্ট্রর ধর্ম ইসলাম এবং সেখানে ধর্মীয় কারণে নিপীড়িত সংখ্যালঘু যাঁরা ইতিমধ্যেই ভারতে আশ্রয়। নিয়েছেন তাঁদের আশ্রয় দেওয়া হয়েছে। তাঁরা হিন্দু, বৌদ্ধ, শিখ, জৈন এবং পার্শি। স্যার, ১৯৮১ সালের রাষ্ট্র সংঘের Convention যা ১৯৬৭-র protocol-এ সংশোধিত হয় আর তাতে উদ্বাস্তুর যে সংজ্ঞা দেওয়া হয়েছে সেই সংজ্ঞাটি হচ্ছে, যে ব্যক্তি জাতি-ধর্ম-নাগরিকত্ব, কোন সামাজিক বা ধর্মীয় সংস্থার সভ্য হওয়ার জন্য। নিপীড়িত হওয়ার যথেষ্ট উপযুক্ত আশঙ্কা রয়েছে বলে তার নাগরিকত্ব সেই দেশের তার বাইরের দেশে রয়েছে অথবা এই ভীতির জন্য তার দেশের নিরাপত্তা নিতে আগ্রহী নন অথবা এইসব কারণে নিজের দেশের বাইরে রয়েছেন ফিরতে পারছেন না বা এই ভীতির জন্য ফিরতে ইচ্ছুক নন। মনে রাখা দরকার অর্থনৈতিক কারণে চলে আসা কাউকে রাষ্ট্রসংঘের সংজ্ঞায় উদ্বাস্তু বলে গণ্য করা যায় না। এই সংজ্ঞার বাইরে অন্য কেউ ভারত ঢুকলে তারা অনুপ্রবেশকারী এবং তাদের দেশ থেকে বিতাড়ণ করা আইনী এবং জাতীয় কর্তব্য। স্যার, অসমের NRC-র বিষয়ে আজকে এত হৈ চৈ হচ্ছে কেন ? কারণ মুসলিম অনুপ্রবেশকারীরা বিশেষতঃ তাদের vote bank. গত লোকসভায় Bill-টি পাশ করলে অনুপ্রবেশকারীদের জন্য এই বাংলার তথা কথিত pseudo secularist-রা, বিশেষ করে কংগ্রেস-সি.পি.এম. এর বিরোধিতা করে। স্যার পশ্চিম বাংলায় N.R.C. চাই। তার কারণ বাংলাদেশ গঠনের পর,

বিশেষতঃ বামফ্রন্ট সরকার আসার পর দলে দলে বাংলাদেশের মুসলমানরা পশ্চিমবঙ্গে ঢুকতে থাকে। ৬-ই মে, ১৯৯০ ভারতের কমিউনিষ্ট স্বরাষ্ট্র মন্ত্রী ইন্দ্রজিৎ গুপ্ত লোকসভায় বলেছিলেন ভারতে ১ কোটি বাংলাদেশী অনুপ্রবেশকারী আছেন।

১১ ই অক্টোবর ১৯৯২ গণশক্তি পত্রিকায় পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু লিখেছেন ১৯৭৭ থেকে ১৯৯২ পর্যন্ত বি.এস.এফ. দু লক্ষ পঁয়ত্রিশ হাজার ৫২৯ জনকে তাড়িয়ে দিয়েছে। অবশেষে বলতে চাই স্যার গত চৌঠা অগাস্ট, ২০০৫ সালে আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় (এই সময় নির্ধারিত সময় শেষ হয়ে যাওয়ায় মাইক সংযোগ অফ হয়ে যায়)

Shri Ali Imran Ramz : Honourable Speaker Sir,Thank you, Sir

آج این ارسی پر جو resolution لیا جا رہا ہے۔ بنگال کی تاریخ اور ہندوستان کی تاریخ میں ایک مثال ہوگا۔ اور میں اس کو پوری طرح سے حمایت کرتا ہوں اور حکومت کے اس فیصلے کا استقبال کرتا ہوں اور میں یہ کہنا چاہونگا سر، ۲۹ اگست کو عزت مآب اسپیکر سر کے پاس جوائنٹ فورم کی طرف سے ہم نے ایک میمورنڈم جمع دیا تھا۔ ہم نے یہ مانگ کیا تھا اسپیکر سر سے کہ این ارسی کے خلاف حکومت مغربی بنگال کے بدھان سبھا میں ایک کل پارٹی پرستاب لایا جائے اور این ارسی نہیں چاہئے بنگال میں ہم یہ بات سب مل کر بولیں۔ آج میں سب سے پہلے عزت مآب اسپیکر سر کا شکریہ ادا کرنا چاہتا ہوں کہ ۲۹ اگست کو جو مانگ ہم نے جوائنٹ فورم کی طرف سے رکھا تھا اُس پرستاب کو آج اسپیکر سر نے عملی جامہ پہنا کر آپ سب کو لے کر ایک پرستاب ہم پاس کرنے جا رہے ہیں اس کے لئے میں شکریہ ادا کرتا ہوں۔

دوسری بات ہمارے عزت مآب ممبر سادھن سر بول رہے تھے۔ میں اُن سے یہ کہنا چاہتا ہوں آپ کی سرکار آنے کے بعد سے یہ نعرہ لگا رہی ہے کہ ہندوستان سے بنگلہ دیشی گھوسپیٹیوں کو نکالنا ہوگا اور اُس کے نام پر آپ دھرم اور ذات کا بٹوارہ کر کے بھاشا کے نام پر ہندوستان کا ٹکڑہ کرنے کی کوشش کر رہے ہیں۔ اس کو ہم اس ہاؤس میں کھڑے ہو کر دھتکارتے ہیں، نکارتے ہیں اور آپ کو للکارتے ہیں۔ کیونکہ یہ ہندوستان کسی ایک کا نہیں ہے۔ اس ہندوستان کی مٹی میں ہم سب کا خون ملا ہوا ہے۔ یہ کسی کے باپ کا ہندوستان نہیں ہے۔ یہ ہندوستان ہم سب کا ہے۔ اور سنئے جب آپ کی سرکار یہ بول رہی ہے کہ آپ بنگلہ دیشیوں کو نکال لے گا۔ کیا آپ کی سرکار نے ۲۰۱۴ سے لیکر ۲۰۱۹ تک ابھی تک کوئی آنکڑہ دیا ہے، کوئی رپورٹ پیش کیا ہے کہ ہندوستان میں کتنے بنگلہ دیشی ہیں؟ اُس کا کوئی لسٹ کوئی تالیکا دیا ہے۔ آپ ابھی تک دے نہیں پائے ہیں اور آپ یہاں بات کر رہے ہیں۔ آپ کے پاس کوئی لسٹ نہیں ہے۔ صرف من دھڑک کہانی بنا کر ہندو مسلمان کا بٹوارہ کر کے دیش میں آگ لگانے کا کام کر رہے ہیں آپ، اس لئے میں آپ سے کہنا چاہتا ہوں کہ آپ اس طرح کا نکارتا کام ہندوستان کی ایک تہذیب ہے، جو ہماری تہذیب ہے۔ ہمارا جو بھائی چارگی ہے۔ ہندو مسلمان مل کر رہتے ہیں۔ اُس میں آگ لگانے کی کوشش اگر آپ کریں گے۔ یہ آپ مت بھولئے کہ یہ آگ صرف مسلمانوں کو نہیں جلائے گا۔ یہ آگ آپ کو بھی جلائے گا آپ کے گھر کو بھی جلائے گا۔ یہ یاد رکھئے گا۔

دوسری بات میں کہنا چاہتا ہوں آسام میں سر ۳ کروڑ ۳۰ لاکھ لوگوں نے این ارسی رجسٹریشن کے لئے اپلائی کیا۔ اُس میں ۱۹ لاکھ ۶ ہزار لوگوں کا نام نہیں ہے سر یہ تو ہم سب جانتے ہیں لیکن افسوس یہ ہے سر دلی کی سرکار نے ۱۲۰ دن میں فارین ٹرائبونل بنا کر کہا ہے ۱۲۰ دن کے اندر وہاں آپ کو اپیل کرنا ہوگا۔ اور اگر آپ ۱۲۰ دنوں میں اپیل کرتے ہیں۔ اور اُس ٹرائبونل میں آپ ثابت نہیں کر پاتے ہیں کہ آپ انڈین سیٹیزن ہیں تو آپ کو detention camp میں بھیج دیا جائے گا۔ سر already آسام میں ایک ہزار سے زیادہ لوگ ڈیٹنشن کیمپ میں رہ رہے ہیں۔ اور آپ کی جانکاری کے لئے بتا رہا ہوں۔ آپ ہندو کے بیتابن کر آئے ہیں۔ اس لئے بول رہا ہوں ایک ہزار لوگ جو ڈیٹنشن کیمپ میں ہیں۔ اُن میں ۵۶۷ لوگ ہندو ہیں۔ ۵۶۷ ہندو ہیں اور ۱۹ لاکھ ۶ ہزار لوگ جو آسام میں ڈیٹنشن کیمپ میں جانے کی تیاری جس کو آپ کر رہے ہیں foreign tribunal کے نام پر اُس میں ساڑھے ۱۱ لاکھ لوگ ہندو ہے سر، ساڑھے اگیارہ لاکھ ہندو ہیں۔ آپ اس کی بات کرتے ہیں۔ already ۷۰ لوگوں نے خودکشی کر لی ہے۔ اُن ۷۰ خودکشی کرنے والوں میں ۵۰ سے زیادہ ہندو ہیں۔ اُن کا جواب کون دے گا؟ جن کا نام این ارسی لسٹ سے نکال دیا گیا ہے۔ وہ ہمارے دیش کے سابق صدر کے خاندان والوں کا نام نہیں ہے، آسام کے سابق سی ایم، موجودہ ایم ایل اے، سابق ایم ایل اے، آرمی، آئیر فورس میں کام کرنے والے جو دیش کے لئے لڑتے ہیں جنہوں نے کارگل میں جنگ کیا ہے۔ اُن کا نام تک اُس میں شامل نہیں ہے سر، اُن کو سرٹیفکیٹ دیں گے یہ سادھن صاحب، جن کا دیش کی آزادی میں کوئی بھومیکا نہیں ہے۔ جن کے پُرواجاوں نے دیش کی آزادی کے لئے اپنا نام تک درج نہیں کرایا تھا۔ اور یہ ہماری دیش کی آزادی کا حساب مانگتے ہیں سر، میں یہ کہنا چاہتا ہوں۔ ۲۰۱۵ میں مودی حکومت آنے کے بعد چھیٹ مال کو لے کر ایک سمجھوتہ ہوا بنگلہ دیش کے ساتھ وہاں پر ۵۲ ہزار لوگ جو چھیٹ مال کے اندر آتے ہیں۔ اُن سے یہ بات رکھی گئی اُن پر یہ تھوپا نہیں گیا کہ تم کو بنگلہ دیش کا ناگریک ہونا ہوگا یا تم کو ہندوستان کا ناگریک ہونا ہوگا۔ بلکہ اُن سے یہ کہا گیا کہ آپ اپنی مرضی سے طے کیجئے کہ آپ کو بنگلہ دیش کی شہریت چاہئے یا ہندوستان کی شہریت چاہئے۔ یہ اُن سے پوچھ کر طے کیا گیا تھا۔ اس کے بعد جس کو جہاں جانا ہے وہ وہاں جا سکتے ہیں۔ یہ آزادی اُن کو دی گئی تھی۔

[1:30 – 1:40 p.m.]

آج ہمارے foreign minister بنگلہ دیش جاتے ہے سر، بنگلہ دیش میں جا کر ہمارے foreign minister کہتے ہیں این ار سی کا جو معاملہ ہے آسام میں یہ ہمارا internal matter ہے۔ ہندوستان میں جو این ار سی لاگو ہوگا یہ ہمارا انٹرنل میٹر ہوگا۔ سر میں آپ سے سوال کرتا ہوں، اگر یہ ہندوستان کا انٹرنل میٹر ہے این ار سی آپ جسے گھوسپیٹیا کہہ رہے ہیں یا ریفوجی کہہ رہے ہیں۔ اُن کو آپ detention camp میں رکھ رہے ہیں۔ اگر یہ اُن کا انٹرنل میٹر ہے تو detention camp میں رکھے ہوئے لوگوں کو آپ کس دیش میں بھیجیں گے؟ بنگلہ دیش کے ساتھ آپ کہتے ہیں انٹرنل میٹر ہے، پاکستان کے ساتھ آپ کہتے ہیں انٹرنل میٹر ہے، افغانستان سے آپ کہتے ہیں انٹرنل میٹر ہے۔ اگر یہ انٹرنل میٹر ہے۔ تو ڈیٹنشن کیمپ میں لاکھوں لوگوں کو کیوں رکھا جائے گا؟ اُن کو کیا ساری زندگی ڈیٹنشن کیمپ میں رکھا جائے گا۔ اُس کو کسی ملک میں بھیجنے کا کیا کوئی ذریعہ نہیں ہوگا؟ یہ سراسر human rights کا violation ہے سر جس کی وجہ سے یو این او بھی اس پر چنتا ویکت کر رہا ہے۔ یو این او بھی مداخلت کر کے کہہ رہا ہے کہ یہ ہیومن رائٹس کا violation ہے۔ جو آپ کی سمجھ میں نہیں آئے گا۔ کیونکہ یہ ایک dividation کی سیاست ہے سر، دھرم اور ذات کے نام پر، بھاشا کے نام پر، ذاتی کے نام پر، جگہ کے نام پر جو بٹوارہ کرنے کی سازش کی جا رہی ہے آج کہہ رہے ہیں۔ آپ کے ساورکر کا میشن ہے یہ

Mr.Speaker : please dont interupt him , please

شری علی عمران رمز : پاکستان، افغانستان، بنگلہ دیش سے آئے ہوئے لوگوں کو شرنارتی کے طور پر ہوم منسٹر نے خود کہا ہے سر جو کہ دستور کے خلاف اُن کا اسٹیٹمنٹ ہے۔ جو ایک ہوم منسٹر دستور کو سپت رکھ کر بولتے ہیں۔ اُس کے بعد جب وہ دستور کے خلاف بولتے ہیں تو اُس پر بھی اس ہاؤس سے ایک message جانا چاہئے کہ وہ ایک دستوری عہدہ پر رہ کر یہ نہیں کہہ سکتے کہ جو ہندو ہے، جو بودھ ہے، جو جین ہے، جو پارسی ہے، جو سکھ ہے جو عیسائی ہے میں اُس کو as a refugee Indian citizenship کے لئے اپیل کرنے کا موقعہ دونگا لیکن مسلمانوں کو نہیں دیا جائے گا۔ یہ کہنے کا حق ہمارا دستور نہیں دیتا ہے۔ ہمارے دستور کا دفعہ ۱۴ اور ۱۵ کا violation ہو رہا ہے سر، اور وہ ہمارے دیش کا ہوم منسٹر کر رہا ہے یہ ہمارے دیش کے لئے سب سے شرم کی بات ہے۔ ہمارے دیش کے دستور کا حلف لینے والا ہوم منسٹر جو آج دستور کا اُلنگھن کر رہا ہے۔ ۲۰، جون کو پارلیمنٹ کے joint session میں صدر ہند نے کہا کہ آسام میں این ار سی لایا گیا ہے وہ پورے دیش میں لاگو کیا جائے گا۔ تو میں یہ جاننا چاہتا ہوں کہ آسام میں ایک اگریمنٹ ہوا تھا سر، آسام اگریمنٹ میں یہ بات مینشن کیا گیا تھا۔ ۲۴، مارچ ۱۹۷۱ میڈ نائیٹ کے بعد جو بھی لوگ ہندوستان میں داخل ہوئے ہیں، آسام میں داخل ہوئے ہیں۔ اُن کو as a foreigner ٹریٹ کیا جائے گا۔ یہ آسام کا ایک اکوشل اگریمنٹ تھا۔ چوکتی ہوا تھا سر، بنگال میں ایسا کون سا چوکتی ہوا ہے؟ یا ہندوستان کے دوسرے ریاستوں میں ایسا کون سا چوکتی ہوا ہے؟ جس چوکتی کے تحت دلی کی سرکار یہ بولتی ہے کہ آپ یہاں این ار سی لاگو کریں گے۔ آپ کے پاس کوئی چوکتی نہیں ہے کوئی اگریمنٹ نہیں ہے۔ اور آپ پورے ہندوستان میں لاگو کرنے کی بات کرتے ہیں سر، تو آپ یہ نہیں کر سکتے ہیں۔ سر بنگال کے بارے میں بولتا ہوں بنگال میں ۹ کروڑ ۱۴ لاکھ آدھار کارڈ لوگوں کے پاس ہے۔ ۶ کروڑ ۹۷ لاکھ ووٹر ہیں سر بنگال میں، آدھار کارڈ آپ کی سرکار نے آ کر لاگو کیا۔ کانگریس نے جب کہا تھا تو آپ نے مخالفت کیا تھا اور اُسی کو پھر آپ نے لاگو کیا۔ آدھار کارڈ جب آپ نے لاگو کیا آپ نے کہا تھا کہ یہ ہمارا انڈین سٹیزن کارڈ ہوگا۔ آج آپ اُسی سے مکر کر آج آپ دوسرا سٹیزن شپ لانے کی بات کر رہے ہیں۔ یہ جو بنگال میں ۹ کروڑ ۱۴ لاکھ لوگوں کے پاس آدھار کارڈ ہیں، ۶ کروڑ ۹۷ لاکھ لوگوں کے پاس ووٹر کارڈ ہیں۔ یہ کیا انڈین سٹیزن شپ کا proof نہیں ہے؟ کیا مجھے آپ کا گیروا جھنڈا لے کر اور بی جے پی کا آئی ڈی کارڈ لے کر گھومنا پڑے گا؟ بات کرتے ہیں۔ کیا آپ سے ہمیں لینا پڑے گا؟ آپ یہ کر رہے ہیں یہ نہیں ہو سکتا سر، اس لئے سر میں یہ کہنا چاہونگا کہ یہ جو پرستاب یہاں پر لایا گیا ہے۔ اس کے لئے میں آپ کا شکریہ ادا کرتا ہوں، حکومت کا بھی شکریہ ادا کرتا ہوں کہ حکومت نے ہماری اس مانگ کو مانا ہے اور اس پرستاب کو بدھان سبھا میں لا کر ہم ایک مثال قائم کریں پورے ہندوستان کے سامنے کہ بنگال سیکولر تھا، سیکولر ہے اور سیکولر رہے گا۔ سیکولرزم کی لڑائی بنگال نے تاریخ میں بھی لڑی ہے۔ تاریخ میں بھی ہم نے سیکولرزم کی لڑائی لڑی ہے سر، دیش کی آزادی میں بھی ہم ہندو، مسلمان سب نے مل کر خون بہایا ہے۔ تب آپ بدھان سبھا میں بیٹھ کر بات کر سکتے ہیں ورنہ آپ بھی کسی انگریز کے گھر میں گھوڑا دھو رہے ہوتے۔ کسی انگریز کا گھوڑا صاف کر رہے ہوتے بیٹھ کر بی جے پی کے لوگ، آج یہاں آپ کو بولنے کا موقع دیا جا رہا ہے۔ یہ ہماری قربانیوں کا نتیجہ ہے سر، ہم نے قربانی دی تھی اس لئے آج یہاں پر آپ ہیں۔ اس لئے میں آج اس پرستاب کا حمایت کرتے ہوئے عزت مآب وزیر اعلیٰ کا شکریہ ادا کرتے ہوئے، حکومت کا شکریہ ادا کرتے ہوئے میں یہ چاہوں گا کہ اس پرستاب کو ہم سب مل کر پاس کریں اور بنگال کے ذریعہ ایک نئی تاریخ لکھی جائے پورے ہندوستان میں کہ بنگال سیکولرزم کے ساتھ ہے، ساتھ تھا اور ساتھ رہے گا۔ چاہے حکومت میں بی جے پی آئے چاہے مودی آئے، چاہے امیت شاہ آئے۔ ان کے خلاف ہم لوگ ایک جوٹ ہو کر لڑنے کے لئے تیار ہیں۔ بنگال کی اکھنڈتا کو بچانے کے لئے ہم آج بھی اپنا خون دینے کے لئے تیار ہیں۔ یہی کہہ کر میں اپنی بات ختم کرتا ہوں۔

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার মহাশয়, আজকে বিধানসভায় রুল ১৮৫ এ যে প্রস্তাব আনা হয়েছে, প্রায় সকল দলের সদস্যরাই এই প্রস্তাবে সই করেছেন এবং অত্যন্ত

গুরুত্বপূর্ণ সময়ে এই প্রস্তাব বিধানসভায় আনা হয়েছে। পশ্চিমবঙ্গের ইতিহাস আছে। যখন দেশে বিপর্যয় এসছে, আন্তর্জাতিক ক্ষেত্রে কোন বিপর্যয় নেমে এসেছে, রাজ্যে কোন বিপর্যয় নেমে এসেছে, তখন rise to occasion বলতে যা বোঝায় অর্থাৎ তখন এই বাংলার মানুষ সম্মিলিতভাবে সকলে এক হয়ে তার বিরোধিতা করেছে এবং লড়াই করেছে এবং সমস্যার সমাধানের জন্য চেষ্টা করেছে। স্যার, যে প্রস্তাব এখানে আনা হয়েছে, এই প্রস্তাবে সাম্প্রতিককালে আসামে যে ঘটনাগুলো ঘটছে, নাগরিকপঞ্জীর নামে যে ঘটনাগুলি ঘটছে, সেই ঘটনায় আমাদের দলের নেত্রী আগেই অত্যন্ত উদ্বেগ প্রকাশ করেছেন। মাননীয় ফিরহাদ হাকিমের নেতৃত্বে আমাদের দল আসামে গিয়েছে এবং এই নাগরিকপঞ্জীর নামে একদল মানুষকে বা কয়েক লক্ষ মানুষকে detention camp এর মধ্যে আটকে রেখে যা হিটলারের তৈরি করা concentration camp কেও বোধ হয় ছাড়িয়ে গেছে সেখানকার মানুষের উপর অত্যাচার। সেখানকার মানুষের জীবনের অনিশ্চয়তা, সেখানকার মানুষের মানসিক অবস্থা এমন একটা পর্যায়ে চলে গেছে, যে একজন ভারতীয় নাগরিক হিসাবে যে ভারতবর্ষে থাকতে চেয়েছিল বা এসেছিল, তার উপর যে মানসিক অত্যাচার চলছে, বছরের পর বছর - স্যার এই আইন আজকের নয়, অনেকদিন আগে পাশ হয়েছিল। কিন্তু তার আগে বুঝতে হবে ১৯৪৭ সাল, দেশ স্বাধীন হল, দেশ তিন টুকরো হল। পাঞ্জাব, পশ্চিম পাকিস্তান, ভারতবর্ষ এবং পূর্ব পাকিস্তান। পশ্চিম পাকিস্তানের সমস্যার সমাধান হয়ে গিয়েছিল কারণ exchange of population হয়েছিল। এক্সচেঞ্জ অফ পপুলেশান করে সেখানকার সমস্যা তারা মিটিয়ে নেয়। কিন্তু পূর্ব পাকিস্তান, এই পূর্ব পাকিস্তান থেকে বহু মানুষ এই পশ্চিম বাংলায় এবং আসামে চলে যায়।

[1:40 – 1:50 p.m.]

সেটা দীর্ঘ দিন আগেই চলে যায়। এর পরেপরেই - আপনারা জানেন কি না জানি না -এখানে জানার দরকার যে সেই সময়ে অসমে একটা আইন তৈরি করা হয়েছিল expulsion of the foreigners বলে, ১৯৫০ সালে একটা আইন তৈরি হয়েছিল এবং তার পর থেকে এই দীর্ঘ সময় পেরিয়ে গেছে। ১৯৫০ থেকে আজকে ২০১৯ এখনও পর্যন্ত অসমে একটা বিরাট সংখ্যক মানুষের জীবনের অনিশ্চয়তা কাটছে না এবং তারা এখনও পর্যন্ত সেই concentration camps অথবা detention campsএর মধ্যে জীবন কাটাচ্ছে। স্যার, Constitutionটা এই ব্যাপারে খুব একটা ক্লিয়ার নয়। Constitutionএর ৫ নম্বর ধারা থেকে ১১ নম্বর ধারা পর্যন্ত সিটিজেনসিপ তাদের দেওয়া হবে, এই কথাটা বলা হয়েছিল। আপনি দেখুন স্যার, citizenship at the commencement of the Constitutionকি বলছে At the commencement of the Constitution of India, every person who has his domicile in the territory of India (a) who was born in territory of India; or (b) either of whose parents was born in the territory of India; or (c) who has been ordinarily resident in the territory of India for not less than five years immediately preceding such commencement, shall be a citizen of India. কিন্তু এই domicile সম্বন্ধে বলা হয়েছে

domicile in India is an essential required for acquiring Indian Citizenship, the town domicile is not defined in the Constitution of India. ফলে সংবিধানেতে এই domicile কথাটা পরিষ্কার নয়। এবং N.R.C. যে আইন ১৯৫১ সালে তৈরি করা হয়েছিল এই আইনেও যে দশটা বিষয় তুলে ধরা হয়েছে, একজন নাগরিকত্বের পরিচয় তার মধ্যেও এই domicile কথাটা রাখা হয়েছে। একদিকে Constitution-এর ব্যাখ্যায় আমরা পাচ্ছি যে এই domicileটার্মসটা Constitutionও ক্লিয়ার করে বলে দেয় নি। অথচ ওই দশটি শর্ত যা দেওয়া হয়েছে নাগরিকপঞ্জিতে আসার জন্য সেখানে কিন্তু এই শব্দটা ক্লিয়ার নয়। স্যার, আপনার জানা আছে এই উদ্বাস্তুরা যখন পশ্চিমবঙ্গে আসে এই পশ্চিমবঙ্গের কোথাও তখন কোন আন্দোলন হয়নি। পশ্চিমবঙ্গে ৪৭ সালের পর থেকে এই উদ্বাস্তুরা আসেন। এই বাংলায় শতাধিক কলোনি আছে। যে কলোনিগুলিতে তৎকালীন উদ্বাস্তু ছিলেন তারা এসেছিলেন। কাউকে কখনও চলে যেতে বলা হয়নি, কাউকে কখনও বিতাড়নের কথা বলা হয়নি। আমাদের রাজ্যে তারা স্থায়ী ভাবে বসবাস করছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আমাদের উপর জোড় দিচ্ছেন, বলছেন যত তাড়াতাড়ি সম্ভব তখনকার যারা উদ্বাস্তু এসে কলোনি করেছিল তাদের অবিলম্বে পাট্টা দেওয়ার ব্যবস্থা করতে। যাতে তারা স্থায়ীভাবে বসবাস করতে পারেন। তাঁরা যাতে পূর্ণ নাগরিকত্ব পান এবং তাদের জমির উপর, বাড়ির উপর যাতে পূর্ণ অধিকার পায় সেটা আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী চেষ্টা করছেন। কিন্তু এর পরেও অনেক মানুষকে সেই সময় সরকার দণ্ডকারণ্যে এবং আন্দামানে পাঠিয়েছিল আমার মনে আছে। হয়তো আমরা আজ সবাই মিলে এটা করছি কিন্তু সেই সময় দণ্ডকারণ্যে এবং আন্দামানে নিয়ে যাওয়ার বিরোধিতা করেছিলেন তৎকালীন বামপন্থীরা। তৎকালীন বামপন্থীরা বলেছিলেন। কালাপানী কেউ পেরবে না, কেউ বাংলার বাইরে যাবে না। পুনবার্সনের জন্য যে পরিস্থিতি তৈরি হয়েছিল তখন কিন্তু বাধা দেওয়া হয়েছিল। আমার মনে আছে যখন এখান থেকে সরকারী দল হিসাবে আমরা ওখানে গিয়েছিলাম কমিটি ভিজিটে তখন ওখানকার মানুষরা বলেছিলেন আপনারা কি ভুল করলেন, এই আন্দামান দ্বিতীয় বাংলা হতে পারতো। আপনারা আটকে দিলেন। কিছু মানুষ, এই উদ্বাস্তুরা দণ্ডকারণ্যে বা অন্য কোথায়ও চলে গিয়েছিল। কিছু মানুষ স্থায়ী ভাবে বসবাসের জন্য মরিচঝাঁপিতে যায়। সেই মরিচঝাঁপিতে একেবারে massacre হয়ে যায়। সেই মরিচঝাঁপির মানুষের উপর গুলি চলল।

সেই মরীচঝাঁপির মানুষদের নদীতে পরে কুমীরের পেটে যেতে হল। আর ভয়ঙ্করভাবে তাদের বাড়িতে আগুন লাগিয়ে দেওয়া হল। এইসব ঘটনা কিন্তু ঘটেছে। কিন্তু আজ এ হোল বাংলার মানুষ কখনই উদ্বাস্তু হিসাবে কাউকে ঠিক করেনি, তাদেরকে স্থায়ীভাবে বসবাসের জন্য চেষ্টা করেছিল। ১৯৪৭, ১৯৬৪-১৯৬৫ এবং ১৯৭১ - এই তিন বার বাংলাদেশ থেকে মানুষ কখনও আসামে গিয়েছে, কখনও বাংলায় এসছে। আর বাংলায় বসে এই আলোচনা করছি কেন ? কারণ আমরা যে হৃদয় দিয়ে এই উদ্বাস্তুদের গ্রহণ করেছি, সেখানে তারা হিন্দু, মুসলিম সেই বিচার আমরা করি না। কাজী নজরুল ইসলাম বলেছিলেন - 'হিন্দু না ওরা মুসলিম ঐ জিজ্ঞাসে কোনজন, কাণ্ডারী বলো ডুবিছে মানুষ সন্তান মোর মার।' আপনারা বলতে

পারলেন না আমার বন্ধুরা যাঁরা আজকে এখানে বসে আছেন যে, যে মানুষগুলোর উপর সেই ১৯৫০ সাল থেকে এবং তার পরবর্তীকালে এই কনসেনট্রেশান ক্যাম্পে, ডিটেনশান ক্যাম্পে বছরের পর বছর তাদের আটকে রেখে দিয়ে তারা নাগরিক, কি নাগরিক নয় এই প্রমাণ করবার জন্য যে অত্যাচার চলছে, সেখানে তাহলে আপনাদের কাজী নজরুলকে অস্বীকার করতে হবে, আর এই বাংলার মাটিতে বসে সেই কাজী নজরুল ইসলামকে যারা অস্বীকার করবে, তাদের বাঙালী বলে পরিচয় দেবার কোন অধিকার আছে বলে আমি অন্ততঃ মনে করি না। তিনি বলে গিয়েছেন - 'জাতের নামে বজ্জাতি সব জাত জালিয়াৎ খেলছে জুয়া, ছুঁলেই তোর জাত যাবে, জাত ছেলের হাতের নয়তো মোয়া'। এই জাতপাত, এই ধর্মান্ধতা আজকে ভারতবর্ষের মাটিতে পোলারাইজ করার চেষ্টা করছেন। তাঁরা আজকে বলছেন যে, আমরা মুসলমানদের ভোটের উপর জিতেছি বলে আমরা এই কথাগুলো বলছি না, সেই জন্য আমরা কিন্তু বলছি না। এটা বাংলার ঐতিহ্য নয়, এটা ভারতবর্ষের ঐতিহ্য নয়। বাংলার ঐতিহ্য, ভারতবর্ষের ঐতিহ্য কখনও জাতপাত, সাম্প্রদায়িকতার কথা বলে না। আপনারা দল করেন, হিন্দুত্বের কথা বলেন, গীতা পড়ুন। হিন্দুত্বের কথা বলেন ? বেদ পড়ুন। সেগুলো পড়লেই বুঝতে পারবেন যে, আপনাদের হিন্দু বলে পরিচয় দেবারই কোন অধিকার নেই বলে আমি মনে করি। আমরা মুসলমানদের ভোটের জন্য করছি না, কিন্তু দেশের বি.জে.পি. দল ভারতবর্ষে ধর্মীয় মেরুকরণের মধ্য দিয়ে ক্ষমতায় এসেছেন এবং আগামী দিনেও সেই ধর্মীয় মেরুকরণের মধ্য দিয়েই ক্ষমতায় থাকতে চান। তাতে আর যাই হোক না কেন, বাংলার মানুষ তার বিরুদ্ধে বিদ্রোহ করবেই করবে - একথা পরিষ্কারভাবে জেনে রাখার দরকার আছে। স্যার আমি সংক্ষেপে দু'একটি কথা বলব, সেটা হচ্ছে এই যে, ১৯৫০ সালে আইনের কথা আমি বলেছি। জনগণনা শুরু হয় ১৯৫১ সালে। কি ধরণের furse একটা। ১৯৫১ সালে জনগণনার পর এন.আর.সি চালু হল। ১৯৫০ সালে আমাদের দেশে প্রথম সিটিজেনশিপ আইন পাস হল। ১৯৫৭ সালে, ১৯৫০ সালের যে আইন, সেটাকে বাতিল বলে দিয়ে বলা হল যে, ন্যাশানাল রেজিস্ট্রেশান এর ব্যাপারে ১৯৫০ সালে যে আইন করা হয়েছিল expulsion of foreigners বলে। ১৯৭৯ সাল থেকে আসামে আবার আন্দোলন শুরু হয়। অল আসাম স্টুডেন্টস্ ইউনিয়ন দীর্ঘ ৬ বছর ধরে সেখানে বাঙাল খেদাও আন্দোলন করে। এই দীর্ঘ আন্দোলনের পর ১৯৮৩ সালে আবার সিটিজেনশিপ অ্যাক্ট পরিবর্তন হয়, অ্যামেন্ডমেন্ট হয়। ১৯৮৫ সালের ১৫ই আগস্ট কেন্দ্রীয় সরকার, আসাম সরকার এবং AASU অর্থাৎ অল আসাম স্টুডেন্টস্ ইউনিয়ন এর মধ্যে চুক্তি হয়, যাকে আমরা Assam Accord বলি। স্যার ১৯৯৭ সালে ইলেকশান কমিশন আসামের এই যে মানুষ, তাদেরকে devoters হিসাবে অর্থাৎ ডাউটফুল ভোটার হিসাবে চিহ্নিত করে। ফলে তাদের আইডেনটিটি কার্ড থাকা সত্ত্বেও তারা নির্বাচনে ভোট দিতে পারে নি। আজকে এর পরের ঘটনাগুলো আপনারা সকলেই জানেন যে বর্তমানে আসামে ৩কোটি ২৯ লক্ষ মানুষের মধ্যে আবেদন করেছিলেন ৬১ লক্ষ ৩১ হাজার পরিবার পিছু সকলেই আবেদন করেছিলেন।

[1:50 – 2:00 p.m.]

মোট অ্যাপ্লিকেশান জমা পড়েছিল। ২০১৮ সালের ১ লা জানুয়ারী যে নাগরিকপঞ্জি প্রকাশিত হল তাতে দেখাগেল ৪০ লক্ষ মানুষ এই নাগরিকপঞ্জিতে স্থান পায়নি। আবার রিভিউ হল। সেই রিভিউ-এর পরে দেখাগেল যে, ১৯ লক্ষ ৬ হাজার ৬৫৭ জন মানুষ আবার নাগরিকপঞ্জি থেকে বাদ হয়ে গিয়েছে। আজকে যারা রয়ে গেল তাদের মনের মধ্যে যে অনিশ্চয়তা, আমরা বলতে চাই ভারতবর্ষের সরকার, আসামের সরকার যেই হোক না কেন মানুষকে মানুষ হিসেবে বিচার করতে হবে। স্যার, আমারই লেখা একটি কবিতা পাঠ করে আমি আমার বক্তব্য শেষ করব।

নিজ ভুমে পরবাসী

তুমি তো পারনি তোমার ভিটেতে বানাতে নিজের ঘর,
তুমি আত্মীয় আর নয়কো এদেশে হয়েছে যে তুমি পর,
পূর্বপুরুষ ছিল বাংলায়, হয়নি তখনও ভাগ,
যারা এসেছিল এদেশের বুকে
কিভাবে বলব দেশ ছেড়ে চলে যাক।
এদেশের ওদেশের আছে যেন কত আত্মীয় পরিজন
মাটি ভাগ হয়ে গিয়েছে ভাগ হয় নি কো ভালোবাসার বন্ধন।
ওরা তো চেয়েছে থাকতে এদেশে চায়নাকো ফিরে যেতে,
এত দিন পরে চলে যেতে হবে ভিটেমাটি সব ছেড়ে।
ক্ষমতায় যারা আছে তারা হোক মানবিক আরো
ভালোবাসার বন্ধন হোক আইনের চেয়ে ভালো।

Shri Manoj Tigga : आदरणीय अध्यक्ष महोदय, आज जो सदन में सरकार पक्ष, वामपंथी और कॉग्रस के तरफ से जो 185 के तहत जो प्रस्ताव लाया गया है उस प्रस्ताव के विरोध में अपना बात रखना चाहूंगा विशेष करके हमे यह ज्ञान होना चाहिये क्योंकि यहाँ पर बहुत सारे पुराने सदस्य - सदस्या भी है जब Supreme Court के Order से यह काम हो रहा है जैसे कि NRC, National Register of Citizen, ... The National Register of Citizens (NRC) is a register maintained by the Government of India containing names and certain relevant information for identification of all genuine Indian citizens. The register was first prepared after the 1951 Census of India and since then it has not been updated till recently क्योंकि अभी तक इसका Update नही हुआ है बीच मे रुक गया है ताकि इस Citizenship का फिर से Update हो इसके लिए ही Supreme Court ने order दिया है ताकि इसका Update हो सके। इस विषय मे मै बोलना चाहँगा जो कहते है कि यह मोदी जी लाये

है अमित शाह जी लाये है तो यहाँ पर Clearly जो आसाम में लगा है इसमें clearly लिखा हुआ है .... "The process of updation of state's part of NRC in the state of Assam started in the year 2013, when the Supreme Court of India passed an order for its updation. Since then, the Supreme Court (bench of Chief Justice of India Ranjan Gogoi and Rohintan Fali Nariman) has been monitoring it continuously. The entire process is conducted by one Mr. Prateek Hajeta, an officer from the Indian Administrative Services cadre, who has been designated as the State Coordinator of National Registration, Assam and is carried out under the mon monitoring of the Supreme Court of India which has been held time to time hearing on representation made to it by various interested parties and stake holders." ये हमे ज्ञात होना चाहिये कि किसने आसाम NRC और एक समय था सर, आसाम मे 70 का दशक था सर जब आसाम मे Asam Student Union ने आन्दोलन करके जब 1985 मे आन्दोलन करते -करते इस स्तर तक पहुँचा कि लास्ट में ततकालीन प्रधान मंत्री राजीव गाँधी को एक काम करना पड़ा उसका नाम था मै पूछना चाहता हूँ कॉग्रेस के भाइयों से What the Assam Accord of 1985 said about immigrants - I want to remind everyone that the accord was signed in 1985 under the Rajiv Gandhi-led Congress government which was similar to NRC. They did not have the courage to implement it, but we did it 35 साल मे भी कॉग्रेस सरकार ने वहाँ पर NRC के दिशा में कुछ नही किया इसलिए मै बोलना चाहता हूँ कि. What is the main feature of this accord i.e. in Clause 5.8 Foreigners who came to Assam on or after March 25, 1971 shall continue to be detected, deleted and expelled in accordance with law. Immediate and practical steps shall be taken to expel such foreigners. ये BJP नहीं कहा है सर, इस समय जब - राजीव गाँधी ने 1985 में एक Accord साइन किया था आसाम में इसमे ये बात लिखी गई है सर हम उसको Follow कर रहे है। हमने कहाँ किया है ये तो Supreme Court का Order है सर तो मै एक बार फिर से हमारे जो वर्तमान में मुख्य मंत्री ममता वनजी को मैं याद दिलाना चाहता हूँ कि 21 जुलाई 1993 No identity - No Vote का जो आन्दोलन किया है और उस आन्दोलन मे 13 लोग मारे गये है उस 13 लोग के सम्मान में आज जो यहाँ पर प्रस्ताव 185 के तहत पास होगा क्या उनकी आत्मा को शान्ति मिलेगा ये हाउस मे आज जबाब देना पड़ेगा माननीया मुख्य मंत्री जी को और मैं फिर से सर TMC के दोस्तो को बताना चाहता हूँ कि सम्माननीय मुख्य मंत्री जब संसद के सदस्या थी 4 अगस्त 2005 उसमे क्या किया था। उन्होने जब उस समय सोमनाथ चटर्जी उस समय लोक सभा के स्पीकर थे उनके स्थान पर चीरंजित सिंह अटवाल साहब बैठे हुए थे उस समय उन्होने कहा था कि बंगलादेशी मुस्लिम infiltration के विरोध में उन्होने संसद मे Adjournment Motion लाये थे बी. जे. पी .नही लाई थी। सर, माननीय मुख्य मंत्री उस समय सांसद थी। उस समय

जो Adjounment Motion जो लाइ थी उस मोशन मे क्या लिखा हुआ था। सर, Alteration of demography in border districts of West Bengal तो आज जो इस प्रस्ताव को इस विधान सभा मे लाये है मैं उनसे पूछना चाहता हूँ कि 21 जुलाई 1993 उन्होने ही कहा था कि वामफ्रन्ट सरकार बंगलादेश से आदमी लाकर के वोट मे यहाँ जीत रही है। ये BJP ने नही कहा था। ये नरेन्द्र मोदी ने नही कहा। ये अमित शाह जी ने नहीं कहा। सर, खुद मुख्य मंत्री जी ने कहा है सर जब यहाँ पर वामफ्रन्ट की सरकार हुआ करती थी। सर तो मैं फिर से मुख्य मंत्री जी से पुछना चाहता हूँ कि 21 जुलाई 1993 मे जो 13 लोग मारे गये थे उस आत्मा को आज शान्ति मिलेगी क्या ? तो आपने जो 4 अगस्त 2005 को जो वहाँ पर स्पीकर की कुर्सी पर बैठे थे अटवाल साहब के उपर कागज फेके थे उसका क्या होगा ? सर इसलिए मै इस प्रस्ताव का विरोध करते हुए अपनी बात को समाप्त करता हूँ और हमलोग इसके विरोध मे वॉक आउट करता हूँ।

ডঃ সৌরভ চক্রবর্তী : মিঃ স্পীকার স্যার অ্যান্ড দি মেম্বার প্রেজেন্ট ইন দি অ্যাসেম্বলি হাউস। আমি আজকে এন.আর.সি, এই প্রস্তাবের পক্ষে এবং কিছুক্ষণ আগে ভারতীয় জনতা পার্টির সদস্য মনোজ টিগ্গা এই হাউসে যে মিথ্যা কথা গুলো বলে গেলেন, আমার ধারণা এদের এন.আর.সি সম্পর্কে কোনো ধারণাই নেই। আমি শুধু আপনাদের প্রথমেই একটা উদাহরণ দিতে চাই। ২০১৪সাল আসামে জাতি দাঙ্গা হয়েছিল। আমাদের মুখ্যমন্ত্রীর সাথে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের মুখ্যমন্ত্রীর পার্থক্য এখানেই বোঝা যায়, ১৪সালে যে জাতিদাঙ্গা আসামে হয়েছিল সেই জাতি দাঙ্গায় আসামের মানুষরা কুমারগ্রামে আশ্রয় নিয়েছিল। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পৌঁছে গিয়েছিলেন সেই ক্যাম্পে। কিন্তু আসামের মুখ্যমন্ত্রী সেই ক্যাম্পে আসে নি। আজকে যে এন.আর.সি'র কথা বলা হচ্ছে এই এন.আর.সি. কারা নিয়ে এলেন ? আজকে ২০০৫সালে সর্বানন্দ সোনোয়াল যিনি আজকে আসামের মুখ্যমন্ত্রী তিনি সুপ্রীম কোর্টে গিয়ে এই এন.আর.সি. ২০০৯সালে রায় করে আজকে তাঁর মুখ্যমন্ত্রীত্বের নেতৃত্বে ১৯লক্ষ বাঙালীর নাম বাদ গেছে। এই বি.জে.পি. বাংলা বিরোধী, শুধুমাত্র হিন্দু-মুসলমানকে আলাদা করা নয়, বাঙালীকে আলাদা করার চক্রান্ত। ১৯লক্ষ নাম বাদ পড়া মানুষের মধ্যে ১১ লক্ষ হিন্দু বাঙালী আছে। ৬লক্ষ আমাদের সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ আছে যারা বাঙালী। অন্যান্য সম্প্রদায়ের লক্ষ মানুষ আছে যাদের বাদ দেওয়া হয়েছে। আমি গোয়ালপাড়ায় ডিটেনশন ক্যাম্পের কথা বলছি। আমি উত্তরবঙ্গের বিধায়ক। আমার আলিপুরদুয়ারের বর্ডার আসাম। আমি জানি আসাম কত উত্তপ্ত যে উত্তাপের আগুনে আমরাও পুড়ে যেতে পারি। ওই ডিটেনশন ক্যাম্পে প্রায় ১৫হাজার মানুষ আছে। সেই ডিটেনশন ক্যাম্প থেকে বহু মানুষ আত্মহত্যা করেছে। তাদের জীবনের দাম কে দেবে ? যখন ডিমনিটাইজেশন হয়েছিল তখনও এতগুলো মানুষ। আত্মহত্যা করেছিল। দেশের একটা সরকার যে সরকার একটা জাদের সরকার, খুনী সরকার, এই সরকারের প্রতিনিধিদের আজকে রাস্তায় দাঁড়িয়ে তাদের চ্যালেঞ্জ করে আমাদের জবাব চাইতে হবে যে কি কারণে আপনাদের সংসদে পাঠানো হয়েছে ?

[2:00 – 2:10 p.m.]

জবাব চাইতে হবে যে কি কারণে আপনাদের সংসদে পাঠানো হয়েছে ? কি কারণে আপনাদের জনপ্রতিনিধি করা হয়েছে ? কাদের কাদের নাম আপনারা বাদ দিচ্ছেন ? ভাবতে পারেন নরেন্দ্র মোদী দেশের জাতীয় পতাকা তোলার যোগ্যতা হারিয়েছেন। ফকিরুদ্দিন আলি আহমেদের নাম, তাঁর পরিবারের নাম, রাষ্ট্রপতির পরিবারের নাম বাদ গেছে। যোগেশবাবু আমাদের বাঙালীর গর্ব, বিপ্লবী, তাঁর পরিবারের লোকের নাম বাদ গেছে। অনন্ত মাহাতো, আমাদের প্রথম ওখানকার যিনি বিধায়ক আসামের, সেই বিধায়কের নাম বাদ গেছে। আমরা সবাই বিধায়ক, আমাদের মধ্যে কারোর নাম যদি বাদ যেতো তাহলে কি হতো ? আজকে। এখানে মনোজ টিগ্গারা, আজকে এখানে দিলীপ ঘোষরা এটা নিয়ে আজকে রাজনীতি করেছেন। সমস্ত মানুষ ঐক্যবদ্ধ ভাবে দাঁড়ানো উচিত মমতা বন্দ্যোপাধ্যায় যে বক্তব্য রেখেছেন তার পক্ষেই। সেটা না করে তারা রাজনীতি করেছেন। ভাবতে হবে আজকে যে কি এই citizenship। আসলে ধার্মিক সংখ্যালঘু এবং ভাষিক সংখ্যালঘুদের আলাদা করা হচ্ছে। আসামে সাড়ে ৩ কোটি ভোটার, ১৯ লক্ষ মানুষের নাম বাদ গেছে। এটা ১৯ লক্ষ নয়, ১৯ লক্ষ পরিবারের নাম বাদ গেছে। এক একটা পরিবারে যদি ৫ জন করে হয় তাহলে দেড় কোটি মানুষ এদেরকে চমকানো হচ্ছে, যাতে আগামী দিনে তারা বি.জে.পি.-কে ভোট দেয়। এটা বি.জে.পি.র ভোটের রাজনীতি। ৬টা ট্রাইব্যুনাল করা হয়েছে। গোয়ালপাড়াতে সাড়ে তিনশো বিঘে জমি নিয়েছেন সরকার ট্রাইব্যুনাল করে তাদেরকে নিয়ে আসা হবে। এমন এরা ভিন্ডিক্টিভ। আমার রিলেটিভ, আমি বিধায়ক সেটা জানার পর আসামের বঙ্গাইগাঁও থেকে নয়গাঁও থেকে আমার রিলেটিভদের নামও পর্যন্ত বাদ দিয়েছে আজকে অ্যাসেমব্লীতে দুঃখের সাথে বলতে বাধ্য হচ্ছি। তারা বাংলাদেশ থেকে আসে নি। তারা আলিপুরদুয়ারের মানুষ। তাদের নাম পর্যন্ত এরা বাদ দিয়েছে। এটা কোন বাংলাদেশের ইস্যু নয়, এটা হিন্দু-মুসলমান ইস্যু নয়, এটা দেশ ভাগ করার ইস্যু। যে দেশভাগের বিরুদ্ধে আমাদের বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এই দেশভাগের বিরুদ্ধে লড়াই করেছিলেন, সেই বাংলা, বাঙালীর জাগরণের দিন এসেছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আজকে যেভাবে এই আলোচনার সঙ্গে সঙ্গে সারা বাংলার মানুষ উজ্জীবিত হবে, সারা ভারতবর্ষের মানুষ উজ্জীবিত হবে। তাই আমি ধন্যবাদ জানিয়ে এবং বি.জে.পি.র এই N.R.C.-র বিরুদ্ধে শত কোটি মানুষকে সংগঠিত আন্দোলনের ডাক দিয়ে আজকে যে মানুষগুলো এক সময় চা বাগান তৈরী হওয়ার সময় বাংলা, বিহার, উত্তরপ্রদেশ থেকে শুরু করে সমস্ত রাজ্য থেকে যাদেরকে ইংরেজরা নিয়ে গিয়েছিল, সেই মানুষগুলোকে চক্রান্ত করে আজকে আসাম থেকে বের করে দিয়ে দেশের বাইরে বার করার চক্রান্ত করছেন চা বাগানের মানুষদের ক্ষতি করার চক্রান্ত করার চেষ্টা হচ্ছে নেপালী ভাইবোনদের ক্ষতি করার চক্রান্ত হচ্ছে বাংলার সাথে সাথে তার প্রতিবাদ করছি। এই প্রতিবাদের মাধ্যমে সারা বাংলার আজকে ভাষিক যে সংখ্যালঘু এবং ধার্মিক যে সংখ্যালঘু মানুষ তাদেরকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানাচ্ছি। গতকাল দার্জিলিং-এর এম.পি. রাজু বিস্ত তিনিও

আজকে এই N.R.C.-র পক্ষে বলে উত্তরবঙ্গে একটা সমস্যা তৈরী করেছেন, তাঁর দিকে দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যগণ আমি দেখতে পাচ্ছি সবাই এক মিনিট, দু মিনিট করে সময় বাড়িয়ে নিচ্ছেন। এটা খুব গুরুত্বপূর্ণ আলোচনা হচ্ছে বলে আমিও কাউকে থামাতে চাই না। নির্দ্ধারিত সময়ের এক মিনিট, দু মিনিট করে সবার ক্ষেত্রেই বেড়ে যাচ্ছে বলে আমি আপনাদের সবার অনুমতি নিয়ে ৩০ মিনিট সময় বাড়িয়ে দিলাম আলোচনার।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে বাম পরিষদীয় দলের তরফ থেকে N.R.C. নিয়ে আলোচনার জন্য ১৮৫ নম্বর ধারায় বেসরকারী প্রস্তাব আনেন কারণ কংগ্রেস পরিষদীয় দলের পক্ষ থেকেও সমর্থন করেন এবং উভয় দলের দাবী নিয়ে সরকার পক্ষ যে উদ্যোগী হয়ে এই প্রস্তাবকে হাউজে এনেছেন তার জন্য আমি সরকার পক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করছি। স্যার, N.R.C. নিয়ে এর আগেও যখন ২০১৮ সালে N.R.C.-র খসড়া তালিকা প্রকাশ করেন তখনও আমরা পশ্চিম বাংলার এই বিধানসভাতেই প্রতিবাদ জানিয়ে প্রস্তাব গ্রহণ করি। এবং আজকে এ কথা ঠিক যে আসামে যেভাবে ১৯ লক্ষাধিক মানুষ তারা আজকে N.R.C.-র বাইরে চলে গেছে, তারা জানে না তাদের ঠিকানা কোথায় ? এটা জানার পরে তারা জানতে পারে যে তারা এখনও আর আসামবাসী নয়, এমনকি তারা ভারতের নাগরিকও নয়। এই যে এতগুলো মানুষ নিদারুণ মানবিক সংকটে পরিচয়হীন অবস্থায় যে সংকট এর জন্য মানুষ আজকে আত্মহত্যা করতে বাধ্য হচ্ছে।

এদের ঠিকানা কোথায়? আজকে বি.জে.পি-র উদ্দেশ্য কী? পরিকল্পনা কি? সেটাও কিন্তু তারা পরিষ্কার করে বলছে না। খুব স্বাভাবিক কারণেই আজকে অভিযোগ যেটা সেটা হচ্ছে, ১৯৯৭ সালে আসামের অগপ সরকার সেখানে ডি-ভোটার চালু করে। কিভাবে চালু করে? নির্বাচন কমিশনকে দিয়ে অগপ সরকারের বিভিন্ন পর্যায়ের যে কর্মচারী সেই কর্মচারীদের দিয়ে তারা সেখানে নির্বাচন কমিশনের আওতায় ডি-ভোটার দেগে দেয়। তার পর থেকে এই ডি-ভোটার তালিকায় আছেন আজকে কোন রকম সুরাহা না করায় সেখানে আমরা দেখলাম এই সমস্যা চলে আসছে। আজকে যখন আসামে অগপ সরকার শরিক হয়েছেন অর্থাৎ আসামে বি.জে.পি. নেতৃত্বতাধীন সরকারে শরিক হয়েছেন তখন সেখানে আমরা দেখছি যে, বি.জে.পি. নেতৃত্বরা গত লোকসভা নিবার্চনে বলবার চেষ্টা করেছিলেন সেখানে ডি-ভোটার তাঁরা তুলে দেবেন। বি.জে.পি. নেতারা বলছিলেন ডিটেনশন ক্যাম্প ভুলিয়ে দেবেন। এখন বলছেন তাঁদেরকে ক্ষমতায় যদি পুনরায় আনা হয় তাহলে মোদিজী এটা করবেন। আমরা এটাও জানি এই মোদিজী যখন শিলচরে লোকসভা নির্বাচনের প্রচারে গিয়েছিলেন সেখানে আমরা এ কথা শুনেছি। বি.জে.পি.-রা অস্বীকার করতে পারবেন? মোদিজী সেখানে দাঁড়িয়ে বলছেন যে, ক্ষমতায় আসলে এই ডি-ভোটার ব্যবস্থা তুলে দেবেন এবং সঙ্গে সঙ্গে ডিটেনশন ক্যাম্পগুলিকেও তুলে দেবেন। কিন্তু আজকে কোথায়? আজকে ১৯ লক্ষাধিক মানুষের ঠিকানা কোথায়? আজকে

কথা রাখেন নি। কথা রাখেন নি এই প্রধানমন্ত্রী মোদিজী, কথা রাখে নি এই বি.জে.পি.। আজকে সেই মানুষগুলো এই অবস্থায় দাঁড়িয়েছে। খুব স্বাভাবিক কারণেই আজকে এই বি.জে. পি. নেতারা পশ্চিম বাংলাতেও NRC চালু করবেন বলে বলছেন। কিন্তু ঠিক একইভাবে এই ডি-ভোটার যারা সন্দেহজনক ভোটার সেই সন্দেহজনক ভোটারের তালিকা আজকে তোলবার জন্য নাম দেগে দেওয়ার চেষ্টা করবেন কারণ আমরা জানি যে, ওখানে আসামে অগপ সরকার যেভাবে এই ডি-ভোটার তালিকা কমিশনের মাধ্যমে নিয়ে আসছিল, যে ভাবে আমাদের এখানে পঞ্চায়েত, পৌরসভার ভোট রাজ্য সরকার পরিচালনা করে ঠিক সেই ভাবে আজকে পশ্চিম বাংলায় তারা এই ডি-ভোটার চালু করার মধ্য দিয়ে NRC চালু করবার পথ প্রশস্থ করার চেষ্টা করছে। এই জঘন্যতম সাম্প্রদায়িক মেরুকরণের মধ্য দিয়ে আজকে ভাগ করবার চেষ্টা হচ্ছে। এখন আমরা লক্ষ্য করছি এই বি.জে.পি. গণতন্ত্রের প্রতি কুঠারাঘাত করছে। এই বি.জে.পি. ধর্মীয় নিরপেক্ষতার উপরে কুঠারাঘাত করছে এবং সঙ্গে সঙ্গে আজকে ভারতবর্ষের সংবিধান সেই সংবিধানের উপরেও আজকে আঘাত নিয়ে আসছে। তাই এই সাম্প্রদায়িক বি.জে.পি.র বিরুদ্ধে দাঁড়িয়ে আমরা এই কথা আজ সোচ্চারে বলতে চাই যে, পশ্চিম বাংলায় কোনো অবস্থাতেই N.R.C. লাগু করা যাবে না। তার জন্যে আর.এস.পি.-র পক্ষ থেকে সব সময় মানুষকে সংগঠিত করার মধ্য দিয়ে যাতে এখানে জাতপাতের লড়াই বাধিয়ে মানুষের মধ্যে বিভেদ সৃষ্টি করতে না পারে তার জন্য আমরা সক্রিয় থাকব। এখানে যাতে কোনো অবস্থাতেই NRC চালু না হয় তার জন্য আমরা সর্বতভাবে মানুষকে নিয়ে বি.জে.পি-র এই অসৎ উদ্দেশ্যকে সফল হতে দেব না। ধন্যবাদ।

শ্রী উদয়ন গুহ : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে এই হাউসে ১৮৫ রুলে যে মোশন আনা হয়েছে তাকে পূর্ণ সমর্থন করে কিছু বাস্তব অভিজ্ঞতার কথা আপনার সামনে তুলে ধরবো। আমরা কোচবিহারের মানুষ। আমার পাশে আলিপুরদুয়ারের সৌরভ চক্রবর্তী আছেন। আসামে ভূমিকম্প হলে প্রথমে কেঁপে ওঠে কোচবিহার এবং আলিপুরদুয়ার। আসামে বাঙালি খ্যাদাও আন্দোলন হলে জনসংখ্যা বৃদ্ধি হয় কোচবিহার এবং আলিপুরদুয়ারে।

[2:10 – 2:20 p.m.]

আসামে N.R.C. হলে সেখানকার মানুষের চোখের জলে অভিজ্ঞত লাভ করে কোচবিহার এবং আলিপুরদুয়ারের মানুষ। আজকে N.R.C. করে যেভাবে বাঙ্গালী এবং বাংলার মানুষকে আঘাত হানবার চেষ্টা হচ্ছে আসামে আজকের হাউসে সবাই মিলে আমাদের শপথ নিতে হবে যে, আগামী দিনে ঐক্যবদ্ধভাবে এর মোকাবিলা আমাদের করতে হবে। আজকে সবাই বলেছেন যে, ১৯ লক্ষ ৬ হাজার মানুষ তাদের নাম N.R.C. করে নাগরিকপঞ্জী থেকে বাদ দেওয়ার চেষ্টা হচ্ছে। প্রথমে ৪১ লক্ষ মানুষ তাদেরকে বলা হয়েছিল যে, নথি আপনারা submit করুন। পরবর্তীকালে যে চূড়ান্ত তালিকা প্রকাশ হয়েছে সেখানে দেখা যাচ্ছে যে ১৯ লক্ষের বেশি মানুষের নাম বাদ গেছে। এই ১৯ লক্ষের মধ্যে ১৭ লক্ষ হচ্ছে বাঙ্গালী। ২ লক্ষ আসামের বাসিন্দা, আসামী। কিন্তু কোনো গুটখা সেবির নাম এই ১৯ লক্ষের মধ্যে নেই। হয় বাঙ্গালী,

কিছুসংখ্যক আসামী অথাৎ আসামের বাসিন্দা তাদের নাম রয়েছে। সবাই বলেছেন যে, এই ১৯ লক্ষের মধ্যে ১১ লক্ষের বেশি হচ্ছে হিন্দু সম্প্রদায়ের মানুষ, ৬ লক্ষ হচ্ছে মুসলিম বাকিরা অন্য ধর্মের মানুষ। পরিকল্পিতভাবে বাংলার মানুষের উপর আক্রমণ হচ্ছে, বাঙ্গালীদের উপর আক্রমণ হচ্ছে। যাঁরা ভারতবর্ষের ক্ষমতায় আছেন, যাঁরা এখানে ছিলেন তাঁরা পালিয়ে গেছেন - নিজেদের বক্তব্য রেখে। যাঁরা বলেন এক দেশ, এক আইন, এক নিশান তাঁরা বিপ্লব দেবের জন্য একটা আইন তৈরি করছেন। আর ববি হাকিমের জন্য আর একটা আইন তৈরি করছেন। বলছেন, ১৯৭১ সালের পরে যাঁরা এসেছেন ওপার থেকে তাঁদেরকে নথি দিয়ে প্রমাণ করতে হবে যে, তাঁরা ভারতবর্ষের নাগরিক। পাশের রাজ্য ত্রিপুরা, ত্রিপুরা রাজ্যের মুখ্যমন্ত্রী তাঁর জন্ম হয়েছে ১৯৭১ সালে এবং জন্ম হয়েছে চট্টগ্রামে। ভারতবর্ষে জন্ম হয়নি। পরবর্তীকালে ভারতবর্ষে এসেছেন। তাঁকে ভারতবর্ষে রাখা হবে না তাঁকে বিতাড়ন করা হবে সেটা বি.জে.পি.র নেতারা কীভাবে বলবেন ? বলা হচ্ছে মুসলিমরা অনুপ্রবেশকারী আর হিন্দুরা শরণার্থী। কে ঠিক করবেন ? কারা ঠিক করে দিল এটা ? জোর করে মানুষের উপর নিজেদের চিন্তাভাবনাগুলোকে চাপিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে। আমি দিনহাটা পৌরসভার চেয়ারম্যান হিসাবে দেখেছি যে, আজ থেকে ৪০ বা ৫০ বছর আগে দিনহাটার কোনো মহিলার বিয়ে হয়েছে আসামে। এসেছিলেন পূর্ব পাকিস্তান থেকে উদ্বাস্তু হয়ে দেশভাগের কারণে। বাবার নামে জমি নেই। পড়াশুনা নেই। তাদেরকে বলা হচ্ছে যে, জন্মের certificate দাও। আমার নিজের জন্মের certificate নেই কারণ আমাদের যা বয়েস সে বয়সে জন্মের certificate এর প্রচলন ছিল না। Higher Secondary পরীক্ষা বা মাধ্যমিক পরীক্ষা আমরা যাঁরা দিয়েছি আমাদের যে admit card সেই admit card-এর মধ্যে যে বয়েস লেখা থাকে সেটাই আমার জন্মের certificate। কিন্তু Higher Secondary পরীক্ষা দেননি। যিনি মাধ্যমিক পরীক্ষা দেননি, যাঁর ওই সময় জমি ছিল না তিনি কী করে প্রমাণ করবেন যে তিনি ভারতবাসী। একজন মহিলা আমার কাছে কাঁদতে কাঁদতে এসেছিলেন যে আমাকে যে করে হোক একটা certificate এর বন্দোবস্ত করে দিন নাহলে আমি থাকতে পারবো না। দেশ থেকে আমাকে বিতাড়িত করা হবে। আমি অসহায়ভাবে তাকে বলেছিলাম যে, আপনাকে আমি কোনো certificate দিতে পারছি না দিদি। আমার হাতে সে ক্ষমতা নেই। আমি শুধু আপনাকে একটা উপদেশ দিতে পারি, যে আপনি ভারতবর্ষের প্রধানমন্ত্রীকে একটা চিঠি দিয়ে জানতে চান যে, আমার বাবার তো জন্মের certificate নেই, আমার জন্মের certificate নেই। আপনার বাবার জন্মের certificate কি আছে ? তিনি কি ভারতবাসী ? সেটার প্রমান কি আপনি এই জন্মের certificate এর মধ্যে দিয়ে দেখাতে পারবেন ? ভারতবর্ষের প্রধানমন্ত্রীর বাবারও জন্মের certificate নেই বলেই আমার ধারণা। কিন্তু পরিকল্পিতভাবে বাঙ্গালীকে প্রথমে ধর্মের নামে ভাগ করে দেওয়ার চেষ্টা হচ্ছে।

বাঙালী একে অপরের সাথে যাতে হাত মিলিয়ে লড়াই করতে না পারে, তার জন্য হিন্দু মুসলমানের মধ্যে বিভেদ সৃষ্টি করে দেওয়া হচ্ছে। তার পরে এই এন.আর.সি.র নাম করে। তাদেরকে বিতাড়ন করবার, তাদেরকে দেশ থেকে তাড়াবার চক্রান্ত যারা করছে, তাদের

বিরুদ্ধে আমাদের ঐক্যবদ্ধভাবে লড়াই করতে হবে। আমি এই হাউসে যাঁরা আছেন, তাঁদের সবার কাছে আবেদন করবো, যে। আসুন পতাকার রঙ ভুলে যাই, আসুন কে কোন দল করি সেটা ভুলে যাই, অন্ততঃ পক্ষে এই ইস্যুতে আমরা যে ভাষায় কথা বলি, যে বাংলায় আমরা জন্মগ্রহণ করেছি তাকে রক্ষা করবার জন্য ঐক্যবদ্ধ হই। যাঁরা হুঁশিয়ারী দিয়ে বলছেন যে ২০২১সালে ক্ষমতায় এসে পশ্চিম বাংলার থেকে ১কোটি বাঙালীকে বিতাড়ন করবেন, আজকের এই হাউসে আমাদের শপথ হোক যে ১ কোটি তো দূরের কথা, একজন বাঙালী সে হিন্দু হোক, মুসলমান হোক তাকে যারা বিতাড়ন করবার চেষ্টা করবে, তাদেরকে আমরা জ্বালিয়ে দেবো, পুড়িয়ে দেবো। ওরা হনুমানের লেজে আগুন দিয়ে লঙ্কাকান্ড দেখেছে, কিন্তু বাঙালীর লেজে আগুন দিয়ে যেদিন মুরলীধর লেনের ঐ বাড়ীটা পুড়ে ছাই হয়ে যাবে, সেদিন ঐ গুটখাসেবীরা কোথায় যাবে, সেটা আমাদের দেখতে হবে, তাই সব বাঙালীকে ঐক্যবদ্ধভাবে এই এন.আর.সি.র কালা কানুন এর বিরুদ্ধে রাস্তায় নামবার আহ্বান জানিয়ে এই মোশানকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম, ধন্যবাদ।

ডঃ সুজন চক্রবর্তী : মাননীয় সভাপতি, খুবই গুরুত্বপূর্ণ এই আলোচনাটা। সবাই গুরুত্ব দিয়ে আলোচনা করছেন, ৩১ আগষ্ট তারিখে ফাইনাল লিস্ট বেরিয়ে যাবার পর, ৬টা দিন, আর একটু আগে করতে পারলে ভাল হোত কিন্তু, যেভাবেই হোক, যে প্রস্তাব আমরা রেখেছিলাম, বেশ কিছু দিন পরে শাসকদল তারা সম্মত হয়েছেন, সিলমোহর দিয়েছেন, আমরা সবাই মিলেই এই প্রস্তাবটা আলোচনা করছি। এটা খুব শুভ ইঙ্গিত বলে আমার মনে হয়।

দল থাকুক, মত থাকুক, কিন্তু প্রয়োজনের সময়েতে মানুষের পাশে, বিশেষ করে রাজ্যের মানুষের পাশে, তার বিপদের সময়, দাঁড়াবার দায়িত্বটা আমরা যেন কেউ ভুলে না যাই। এটা আমাদের স্মরণে থাকুক। স্যার, একটা চূড়ান্ত অস্থিরতা হচ্ছে। নিজ ভূমে পরবাসী হয়ে যাচ্ছেন মানুষ, যন্ত্রণাদগ্ধ, চোখের জল পড়ছে মানুষের এক কলমের খোঁচায় কিছুদিন আগে বোঝা গিয়েছিল ৪০লক্ষ মানুষ বিদেশী। এখন হয়ে যাচ্ছে আবার ঐ টা ৪০ নয় ১৯লক্ষ মানুষ বিদেশী। চূড়ান্ত অস্থিরতা। ৪০লক্ষ মানুষের প্রাথমিক লিস্ট যখন বেরিয়েছিল, তখন অমিত শা বলেছিলেন এ'সব - উই পোকা, অনুপ্রবেশকারী, বিদেশী। রাজ্যের সভাপতি এখানকার বি.জে.পি.র তিনি বলেছিলেন - গলাধাক্কা দিয়ে সব বার করে দেবো, দু কোটি মানুষ আছে অনুপ্রবেশকারী এবং তার পরে দেখলাম যে পার্লামেন্টে জয়েন্ট সেশানে রাষ্ট্রপতি ভাষণ এর সময় এন.আর.সি. প্রসঙ্গটা আনলেন তখন সংখ্যাটা আমাদের বেড়ে যাবে এবং আমাদেরও রুখে দাঁড়াতে হবে, এ নিয়ে সন্দেহ থাকতে পারে না। ফলে এটা খুবই জটিল, এই অসুবিধার মধ্যে আমাদের দাঁড়াতেই হচ্ছে। মানুষের পরিচয় কী হবে, কয়েদীর নাম্বারে মানুষ চলবে ! কাগজের টুকরো নিয়ে মানুষের নাগরিকত্ব হবে! নাগরিকত্ব তো মহার্ঘ্য বস্তু। মানুষের পরিচয়, তার ইতিহাস, তার অস্তিত্ব, তার স্বাধীনতা, তার অধিকার, তার জীবন জীবিকা, দায়বদ্ধতা, এই সবগুলো নিয়ে মানুষের নাগরিকত্ব। এটা একটা কাগজের টুকরো নয়। কাগজের টুকরো যোগাড় করতে হবে, আমি কবে জন্মেছিলাম, আমার বাবা ঠাকুর্দা কে কবে জন্মেছিলেন, ইত্যাদি ইত্যাদি যারা রাম

চন্দ্রের জন্মস্থান নিয়ে নাড়াচাড়া করেন, ওঁরাই খুঁজে পেতে বার করতে চাইছেন, আমাদের সবার দু পুরুষ, চার পুরুষ আগে, কবে কার কোথায় জন্মস্থান ছিল, সার্টিফিকেট আনতে হবে কে কবে কোথায় পড়াশুনা করেছি, পাস করেছি, জন্মের সার্টিফিকেট আনতে হবে সার্টিফিকেট দিতে হবে কাকে, যে প্রধানমন্ত্রী নিজের পাস করা সার্টিফিকেট আজও পর্যন্ত প্রডিউস করতে পারেননি, তার কাছে আমাদের সার্টিফিকেট প্রদান করতে হবে, এ লজ্জার এই জিনিস মেনে নেওয়া যায়না।

[2:20 – 2:30 p.m.]

যদি কেউ বলেন বি.জে.পি. এমন একটা ভাব দেখানোর চেষ্টা করছে যে মুসলমান অনুপ্রবেশকারী - ভুল, সংখ্যাতত্ত্বে দেখা যাবে এটা ভুল। এই আক্রমণটা মুসলমানের বিরুদ্ধে ? না। এই আক্রমণটা শুধু ওপার বাংলা থেকে যাঁরা এসেছেন তাঁদের বিরুদ্ধে ? না। এই আক্রমণটা তারই বিরুদ্ধে যার কাছে কাগজের শক্তি কম আছে। তার মানে সাধারণ গরীব মানুষ যে কাগজের ওপরে ভিত্তি করে চলে না, আক্রমণটা তাদের সবার বিরুদ্ধে, মানুষের বিরুদ্ধে। এমনকি পাঁচ পুরুষ, দশ পুরুষ ধরে বসবাস করছেন আসামে তাঁর নাম N.R.C.-র তালিকায় যখন তখন বুঝতে হবে বরাবরের পুরোনো বাসিন্দারা পর্যন্ত এই বিপদের আক্রমণ থেকে কেউ রেহাই পাচ্ছে না। এটা আমাদের বুঝে নেওয়াটা জরুরি। স্যার, আমার আগের বক্তারা বলেছেন, আধার কার্ড আছে, নাগরিকত্ব হিসাবে গ্রহণ করা উচিত। ভোটার তিনি, যিনি নাগরিক। ভোটার কার্ড আছে অথচ আবার তাকে প্রমাণ করতে হবে, তাকে গ্রহণ করা হচ্ছে না। অভিযোগ যদি কেউ করেন তাহলে অভিযোগকারী প্রমাণ করবেন যে আমি অভিযুক্ত-তা নয়, অভিযুক্তকে প্রমাণ করতে হবে আমার বিরুদ্ধে আনীত অভিযোগটা বেঠিক। এটা বেসিক ল' অফ জাস্টিসকে ডিনাই করছে, বেসিক ল' অফ জাস্টিসকে সমর্থন দিচ্ছে না। আমি কেন প্রমাণ করব ? যদি কারো অভিযোগ থাকে সে প্রমাণ করবে। এই সমস্ত নিয়মগুলো চালু করছেন কে - যাঁরা আজ দিল্লির ক্ষমতায় আছেন, যাঁরা আজ ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে দ্বিজাতি তত্ত্ব এনেছিলেন, যাঁরা ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে বিশ্বাসঘাতকতা করেছিলেন, ব্রিটিশের দালালি করেছেন, গোলামি করেছেন, তাঁদের কাছে এখন আমাদের সবার নাগরিকত্ব সহ বাস্তবের প্রমাণ দিতে হবে, এ কখনো হয় না, এ কখনো চলতে পারে না। স্যর, সারা দেশে হলেও, বলা হচ্ছে সারা দেশ, কিন্তু আসলে মূল আক্রমণটা বাংলার মানুষের বিরুদ্ধেই, ততটা গুজরাটের বিরুদ্ধে নয়, ততটা মহারাষ্ট্রের বিরুদ্ধে নয়, ততটা তামিলনাড়ুর বিরুদ্ধে নয়। স্বাধীনতার নাম করে সব চাইতে বেশি লড়াই যারা স্বাধীনতা সংগ্রাম করেছে, আমাদের বিভাজিত করা হয়েছে, কুটিল চক্রান্তের শিকার হয়েছি আমরা। সেই কারণে মানুষ এপার থেকে ওপারে গেছেন, ওপার থেকে এপারে এসেছেন এবং স্বাধীনতা সংগ্রামের সময় আমাদের মনীষীরাও বলেছিলেন, একবার নয়, বারে বারে, পুনর্বাসনের পূর্ণ দায়িত্ব রাষ্ট্রের, রাষ্ট্র পরে তা ভুলতে চেয়েছে। কিন্তু মানুষের পেটের জ্বালায়, আত্মীয়তার টানে মানুষের উদ্বাস্তু হয়ে থাকাটা বহমান করেছে এ বাংলায় এখনো, আজও, বহুদিন ধরে। পাঞ্জাবের মত বাস্তবতা আমাদের এখানে ছিল না। ফলে আমাদের এখানকার বিশেষ সমস্যা, বিশেষ বৈশিষ্ট্যকে যদি আমরা খেয়ালে

রাখি তাহলে এটা বুঝতে কোনো অসুবিধা নেই, এই আক্রমণের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে বাংলার মানুষের রুখে দাঁড়ানো - আর কোনো বিকল্প আমাদের সামনে থাকতে পারে না। স্যার, তত্ত্বগতভাবে আমরা যদি দেখি, তাহলে লড়াইটা ইক্যুয়ালিটি বনাম ইউনিফর্মিটি। ওরা সব ইউনিফর্ম বলছে - ইউনিফর্ম সিভিল কোড, ইউনিফর্ম ল' ইত্যাদি ইত্যাদি। ইক্যুয়ালিটিটা ভারতবর্ষের সংবিধান রেফার করছে, ব্যক্তির মানুষের অধিকার। আর ইউনিফর্মিটিটা বি.জে.পি.র তথাকথিত বৈচিত্র্যকে অস্বীকার করা, এক মুখের মনোভাবে নিয়ে যাওয়ার চেষ্টা করা। গোটা দেশ তো একরকম নয়, একরকম হতে পারে না। আসামে যা প্রযোজ্য, তা বাংলায় প্রযোজ্য হবে, তা হওয়ার কথা নয়। এই বাস্তবটাকে এই N.R.C. অস্বীকার করছে। স্যার, N.R.C. নিয়ে আসছে সিটিজেনশিপের ক্লাসিফিকেশান - ফার্স্ট ক্লাস সিটিজেন এ্যান্ড সেকেন্ড ক্লাস সিটিজেন। মাইনরিটিরা সেকেন্ড ক্লাস সিটিজেন। হিন্দুরা সব ফার্স্ট ক্লাস সিটিজেন ? না। দলিত, পিছিয়ে পড়া, জাতের বিবেচনায় যাদের নিচু মনে করা হয় - ও.বি.সি., তারা তো ফার্স্ট ক্লাস সিটিজেন নয়, আর.এস.এস. এর বোঝাপড়া অনুযায়ী। আসলে এটার মধ্য দিয়ে নাগরিকত্বকে ক্লাসিফিকেশান করে আমাদের মূল সংবিধানের ধারাকেই কার্যত চ্যালেঞ্জ করা হচ্ছে। স্যার, এদেশের পরিকাঠামোতে বহু বিষয় নির্ভুল, এটা হয় না। ভোটার লিস্ট নির্ভুল ? না। আধার কার্ড নির্ভুল ? না। এন.আর.সি.র ৪০ লক্ষ থেকে ১৯ লক্ষ ! তাহলে নির্ভুল নয়। ১৯ লক্ষটা কোথায় গিয়ে দাঁড়াবে তা কেউ জানে না, নির্ভুল নয়। কিন্তু অন্যগুলোর সঙ্গে এর ফারাক কী - অন্যগুলোর ক্ষেত্রে ভুল তালিকা থাকলে একরকম, কিন্তু এন.আর.সি. মানে নাগরিকত্বের পরিচয় যদি ভুল হয়ে যায় তাহলে সেই সময়ের জন্য মানুষটা হয়ে গেলেন পরিচয়হীন, রাষ্ট্রহীন, বিপর্যস্ত, বায়বীয়, অস্তিত্বহীনতায় মানুষকে ভোগানো, এটা একটা চরম অপরাধ।

আমাদের equality-র ধারণা বাতিল করে দিচ্ছেন। N.R.C.-র মধ্যে দিয়ে দ্বিজাতীয় তত্ত্বের প্রয়োগ করা হচ্ছে। এই দ্বিজাতীয় তত্ত্বের কথা আমাদের ভারতবর্ষের রাজনীতিতে স্বাধীনতা সংগ্রামের সময়কালে প্রথম এনেছিল আর.এস.এস. তার পরে অন্যরা এনেছে সেটা আমরা জানি। কিন্তু আর.এস.এস.-ই প্রথম নিয়ে এসেছে। ভারতবর্ষে বিভাজনের রাজনীতি করে ওরা আগুন লাগাতে চায়। আর.এস.এসের একটা পলিটিক্যাল এজেন্ডা আছে, সেটা হচ্ছে unfinished task of partition-কে তারা finish করতে চাই। Unfinished task of partition-কে finish করার মধ্যে দিয়ে কার্যতঃ ভারতবর্ষের সংবিধানের মূলমন্ত্রকে তারা আঘাত করতে চায়। স্যার, আমাদের সবার খেয়াল আছে আজকে আমরা জন্মদিন পালন করেছি - শরৎ বসু, আবুল হাসিম, জ্যোতি বসু, সেই সময় বলেছিলেন ভারতবর্ষের বিভাজন যদি না রোখা যায়, তাহলে বাংলার বিভাজন অন্ততঃ রুখতে হবে। এই মনোভাব যখন BJP গ্রহণ করতে পারল না - তখন ছিল হিন্দু মহাসভা - তখন থেকেই তাঁরা বাংলাকে বিভাজনের চেষ্টা করেছে। অনেকে যাকে মনে করেন আইকন, সেই শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় তিনি এই বিভাজিত নাও হয়, তাহলে বাংলাকে বিভাজিত করতেই হবে। তিনি এই কথা বলে বেড়িয়েছেন, ব্রিটিশের পাশে দাঁড়িয়েছেন এবং গর্ব করে বলতেন You Jawaharlal, you divided India, I Shyama Prasad, I divided Bengal। এই তত্ত্ব যে বা যাঁরা চালু করেছেন, আজকে বাংলার সমগ্র অসুবিধার মূল ভিত্তি যাঁরা তৈরি করেছেন, তাঁরা আজকে

দিল্লীর ক্ষমতায় বসে আছেন। তাঁরা কোনোদিন বাংলার পাশে দাঁড়ায়নি, বাঙালীর পাশে দাঁড়ায়নি। বি.জে.পি. বাংলা বিরোধী, বাঙালী বিরোধী, এই নিয়ে কোনো সন্দেহ থাকতে পারে না। ওরা রবীন্দ্রনাথকে পর্যন্ত গ্রহণ করেনি, মাদার টেরিজা থেকে অমর্ত্য সেনকে ওরা মর্যাদা দেয়নি, বাংলার নিজস্ব সংস্কৃতিকে বাতিল করে দিয়ে রামনবমী, হনুমান জয়ন্তী বাংলার বুকে চাপিয়ে দিতে চায়। এর বিকল্পটা কিন্ত সূর্য মন্দির বা জগন্নাথ মন্দির নয়। এর বিকল্প হচ্ছে মানুষের ঐক্যবদ্ধভাবে রুখে দাঁড়ানো, জীবন-জীবিকার লড়াইকে সামনে রেখে রুখে দাঁড়ানো, নাহলে আর.এস.এসের তত্ত্বকেই সাহায্য করা হয়ে যাবে এটা আমাদের খেয়াল রাখাটা জরুরি। স্যার, বাজারে চালু আছে বাংলা ভাষী মানেই বাংলাদেশী। দিল্লীতে, মহারাষ্ট্রে অন্যত্র বারে বারেই এই প্রব্লেম হয়। বাংলায় কথা বলছে বলে পুলিশ ধরে নিয়ে চলে গেল, আইডেনটিটি নিয়ে খুঁজে বেড়াচ্ছে, আমাদের কোনো না কোনো বিধায়ককে এই সমস্যা ফেস করতে হয়েছে। একটা যেন অপরাধ চাপিয়ে দেওয়া হয়েছে বাংলার বিরুদ্ধে। এটা মেনে নেওয়া যায় না। N.R.C.-র মধ্যে দিয়ে আমাদের অখন্ড জাতি সত্ত্বাকে কার্যতঃ আঘাত করা হচ্ছে। স্যার N.R.C.-র খরচটা আপনি দেখেছেন। আসামে তিন কোটি মানুষ আছে, এখন বে-সরকারী হিসাবে বেরোচ্ছে খরচের পরিমাণ প্রায় তেরো হাজার কোটি টাকা। সবাই জানে এই কাজে আড়াই হাজার কোটি টাকা খরচ হয়েছে। আমার কথা হচ্ছে আড়াই হাজার হোক, আর তেরো হাজার হোক, সারা ভারতবর্ষে ১২০ কোটি মানুষ আছে। তাহলে তাদের জন্য কত লক্ষ কোটি টাকা খরচ হবে। তার পর ডিটেনশান ক্যাম্পের খরচ। যে তত্ত্বে N.R.C. এগোচ্ছে, যদি এক কোটি মানুষের গল্পও হয় তাহলে এক কোটি মানুষের থাকা খাওয়ার বন্দোবস্ত করা অসম্ভব ব্যাপার। পয়সা খরচা করে মানুষের অধিকার প্রতিষ্ঠা করা নয়, পয়সা খরচা করে মানুষকে অধিকারহীন করে দেওয়ার এই ব্যবস্থা রাস্ট্রীয় খরচে হতে পারেনা, তার বিরোধিতা আমাদের করতেই হবে। কোচবিহার, আলিপুরদুয়ার, এখানকার মেয়েরা বিয়ের পর ওখানে গেছে। একটা কাগজ তারা খুঁজে বেড়াচ্ছে। আমি মাননীয়া মুখমন্ত্রীকে এই ব্যাপারে চিঠিও দিয়েছিলাম। তারা কাগজের জন্য ৪০-৫০ হাজার টাকা খরচ করছে, একটা দালাল চক্র হয়রানি, চোখের জলের পরেও তাদের নাম উঠলো না। গোটা রাজ্য জ্বলবে, আগুনে তাদের জ্বালিয়ে দেওয়া হবে, এটা কখনো মেনে নেওয়া যায় না। স্যার, আমি বলব N.R.C.-র এই তত্ত্বটাকে যাঁরা নিয়ে আসবার চেষ্টা করছেন, তাঁরা ভারতবর্ষের সংবিধান, বি.আর.আম্বেদকরের মূল মর্মবস্তুকে বুঝতে পারে নি। আমাদের ভারতবর্ষের সংবিধানের প্রথম শব্দটা হচ্ছে We, the people of India, ভারতবর্ষের মানুষের এই মনোভাবটাকে তারা বুঝতে পারেনি। That is the beauty of Indian Constitution, এটাকে বাতিল করে দেওয়ার একটা প্রচেষ্টা এখানে চলছে। ফলে এই N.R.C.-র বিরোধিতা করা মানে সংবিধানকে রক্ষা করার লড়াইয়ের সঙ্গে সমতুল্য লড়াইয়ের সঙ্গে সহমত হয়ে আমাদের সেই ব্যবস্থা করতে হবে।

[2:30 – 2:40 p.m.]

স্যার, একটা কথা আসছে, নাগরিকত্ব। এখানেও কেউ কেউ বলার চেষ্টা করছেন। কথাটা বিশেষ করে এখনে আসছে কেন ? আসামে বি.জে.পি. এন.আর.সি. র তালিকা প্রকাশের পর,

বাজারে নেমেছে। বুঝতে পারছি। ইমরান এখানে তথ্যগুলো দিয়েছে, আমি সেই তথ্যের মধ্যে যেতে চাইছি না। সাড়ে ১১ লক্ষ লোক হিন্দু-মুসলমানটা আমাদের কাছে বড় কথা নয় - সাড়ে ১১ - র চাইতে আসলে অনেক বেশি হিন্দু, ১ লক্ষ গোর্খা মানুষ তারাও নাগরিকত্বহীন হয়ে যাবেন। প্রচুর পরিমাণে এই যে মানুষ, স্বাভাবিক কারণেই ওখানে বি.জে.পি. বিক্ষোভ করছে। তাতে লালিপপ কি দেওয়া হচ্ছে? যদি হিন্দু শরণার্থী হয়, আমরা নাগরিকত্ব দিয়ে দেবো। ভুল। নাগরিকত্বের যে প্রস্তাব, যা এখনো রাজ্য সভায় পাস হয়নি। সেই প্রস্তাবটা কী? ৩১ শে ডিসেম্বর অবধি বললেন, আবার, ৩১ শে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত যাঁরা এসেছেন, কোথা থেকে এসেছেন? পাকিস্তান, বাংলাদেশ, আফগানিস্তান। Why not Nepal? Why not Sri Lanka? Why not Mayanmar? এবং তারা হিন্দু, খ্রিষ্টান, শিখ ইত্যাদি, ইত্যাদি। ধর্মীয় নিপীড়নের কারণে, অথবা ধর্মীয় নিপীড়নের আশঙ্কায় এদেশে আসলে তারা নাগরিকত্বের দরখাস্ত করতে পারবে। They will be considered not that they will be given নাগরিকত্ব। তাই, তাদের ধর্মীয় নিপীড়নের কারণে চলে আসতে হয়েছে, এই সার্টিফিকেট কে দেবে? আফগানিস্তানের সরকার দেবে? পাকিস্তানের সরকার দেবে? বাংলাদেশের সরকার দেবে? লালিপপ দেখানো হচ্ছে আমাদের, মানুষকে ভুল বোঝানোর জন্য। স্যার, ভুল প্রেমাইসের ওপরে দাঁড়িয়ে কার্যত সর্বনাশ করা হচ্ছে। যদি ওরা নাগরিকত্ব করতে চান আপত্তির কিছু নেই কিন্তু ধর্ম নির্বিশেষে তা হতে হবে। জাত, বর্ণ, ধর্মের বিচারে নাগরিকত্ব হয় না। কেন ৩১ শে ডিসেম্বর ২০১৪? কেন ২০১৩ নয়, কেন ২০১৫ নয়? The date of accession of ChhithMahal in India - ৩১শে জুলাই ২০১৫, আন্তর্জাতিকভাবে স্বীকৃত সেই সময়টাই নিতে পারতেন যদি সৎ মনোভাব থাকতো নাগরিকত্বর বিষয়ে ওঁরা অসৎ মনোভাব থেকে চলছেন। স্বাভাবিক কারণে এর পক্ষে দাঁড়ানো যায় না এবং এটা কোনো নাগরিকত্ব নিয়ে বাড়তি সুবিধে করে দেবে এই ধারণাটা অবশ্যই ঠিক না, অবশ্যই ভুল। স্যার, আমি যে কথাটা বলে আমার কথা গুটিয়ে আনার চেষ্টা করবো, সেটা হচ্ছে কার্যত, এই আক্রমণটা মানুষের বিরদ্ধে - গ্রামের মানুষের বিরুদ্ধে, গরীব মানুষের বিরুদ্ধে। কাগজের অস্বস্তি যার যেমন বেশি, তার ওপরে তেমন আক্রমণ এবং সেই কারণেই প্রাক্তন রাষ্ট্রপতির পরিবারের নামও এন.আর.সি. - র তালিকায় থাকে না। সেনা জওয়ানের নামও পর্যন্ত এন.আর.সি. - র তালিকায় থাকে না। এইখান থেকেই বুঝতে পারা যায়, অসুবিধেটা কত বেশি। এন.আর.সি. আসাম স্পেশিফিক গোপীনাথ বরদলৈ মুখ্যমন্ত্রী, তখন Assam for Assameese, জওহরলাল নেহেরু আপত্তি করেছিলেন। তারপর ? তার পর সেটা নিয়ে অনেকদিন সমস্যা হয়েছে। তারপর সেখানে ভাষার দাবীতে, মানুষ ভাষা শহীদ হয়েছেন শিলচরে। সেখানকার প্রেক্ষাপট বাংলার সঙ্গে মিলবে না। আসাম Accord হয়েছে। আমাদের বাংলা এসব কোনো গল্প নেই। স্বাভাবিক কারণেই, রাষ্ট্রহীন হয়ে যেতে পারে মানুষ। আসামের সঙ্গে তুলনা করে লাভ নেই। রাষ্ট্রহীন হয়ে যেতে পারে। বাংলাদেশের সাথে আমাদের প্রত্যার্পণ চুক্তি নেই। detention camp আসলে হিটলারের concentration camp, তার মধ্য দিয়ে মানুষের গণতান্ত্রিক নাগরিক অধিকার কেড়ে নেওয়া যাবে না। এন.আর.সি. - র সূত্র হিসাবে, ওঁরা বলছেন, National

Population Register, NPR, bio-metric সহ তথ্য যোগাড় করবে। এত বড় তথ্য সংগ্রহ এবং তার পর তথ্য পাচারের সুযোগ কেন্দ্রীয় সরকার হাতে নিচ্ছে কেন? NPR একটা স্টেপ NRC-এর জন্য সেটা আমাদের খেয়াল করে দেখাটা উচিত। স্যার, আমি যে কথাটা বলি, আমার কথা গুটিয়ে আনবো সেটা হচ্ছে, স্বাধীনতা সংগ্রামের সময় যে আর.এস.এস. বিশ্বাসঘাতকতা করেছে, প্রথম ভারতবর্ষে যারা দ্বিজাতি তত্ত্ব নিয়ে এসেছে, তারা গোটা ভারতবর্ষের, বাংলার মানুষ, - বিশেষ করে একবার উদ্বাস্তু হয়েছেন - আর একবার তাদের রাষ্ট্রহীন করার চক্রান্ত যখন করছে, তার বিরুদ্ধে - আমাদের যার যা দল আছে থাকুক, যার যা মত আছে থাকুক, তর্ক থাকবে, বিতর্ক থাকবে, বিরোধ থাকবে, থাকুক - আমাদের রুখে দাঁড়াতে হবে কিন্তু এই প্রসঙ্গে, এই কারণেই আমরা প্রস্তাবটা দিতে চেয়েছিলাম বাংলার বাস্তবতায়। এন.আর.সি. মানে গরীবের বিরুদ্ধে যুদ্ধ, বাংলার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা। বাংলার বিরুদ্ধে দিল্লিকে যুদ্ধ ঘোষণা করতে দেবো না। No to N.R.C. in Bengal, বাংলায় এন.আর.সি. করতে দেওয়া যাবে না। এই সর্বসম্মত মনোভাব গোটা ভারতবর্ষের কাছে পৌঁছে দেওয়াটা আমাদের কাছে জরুরি, এই মনোভাব নিয়েই সবাই দেখবেন। সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আব্দুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের সবার পক্ষ থেকে আজকে এই NRCর উপরে যে প্রস্তাবটি ডঃ পার্থ চট্টোপাধ্যায় উত্থাপন করেছেন আমি তারই সমর্থনে কয়েকটি কথা বলব। স্যার, আমাদের একটা ধারণা হচ্ছে, N.R.C.টা শুধু বোধ'হয় মুসলিম বিতারণের জন্য। আমার আগে অনেক বক্তা অনেক বক্তব্য রেখেছেন, অনেক তথ্য দিয়ে বিশ্লেষণ করেছেন, কীভাবে non-muslimদেরও বিতারিত করা হচ্ছে, তাদের deport করার চেষ্টা করা হচ্ছে, তাদেরও আস্থাহীন করে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। স্যার, বিজেপি ঘোষণা করেছেন যে অনুপ্রবেশকারী কাউকে আমরা থাকতে দেব না। যদি তাই হত তাহলে সবার আগে তো ত্রিপুরার মুখ্যমন্ত্রীকে সেখান থেকে সরানো হত ; ১৯৭১ সালে ২৫শে November তিনি নিজে বলেছেন, তিনি নিজে তার বিধানসভাতে যে record, তাতে নিজে বলেছেন তিনি ১৯৭১ সালে ২৫শে November চাঁদপুরে জন্মগ্রহণ করেছিলেন। আজকে B.J.P.র যারা বড় প্রবক্তা, "আপনি আচরি ধর্ম অপরে শিখাও" সেটা আগে করুক তার পরে কথা বলবেন। তার পর প্রাক্তন বিধায়ক যে সমস্ত তালিকাভুক্ত, যেমন কারণগুলো দর্শানো হয়েছে তার মধ্যে পরে। তাদের আগে হোক তার পর বোঝা যাবে। আসলে বি.জে.পি.'র hidden agenda ছিল, এই অজুহাত দেখিয়ে ভারতবর্ষ বিশেষ করে বাংলা থেকে, মুসলমানদের বিতারিত করতে হবে। আমাদের কয়েকজন, সুজন চক্রবর্তী এবং শাসক দলের কয়েকজন বলেছেন যে, শাসক দল - আজকে যারা শাসক দল কেন্দ্রে, স্বাধীনতা আন্দোলনে অংশগ্রহণ না করলেও, স্বাধীনতার সময় দেশ ভাগের সময় বাংলাকে ভাগ করার জন্য উঠে-পড়ে লেগেছিলেন। সেদিন B.J.P. তথ্য দিয়ে বাংলাকে ভাগ করছিলেন একটাই কারণে। গান্ধীর বাধা শোনেননি, গান্ধীজি আমৃত্যু বাধা দিয়েছিলেন। বলেছিলেন না এটা নয় - আমাদের দেহটাকে ভাগ করে দেওয়া হচ্ছে। তখন বিজেপি ছিল না, R.S.S.এর নেতারা ভালভাবে জানতেন। ওদের মহৎ নেতা হিসাবে যাঁকে

ওরা চিহ্নিত করেছে তিনি বাংলারই সন্তান একজন তিনি জানতেন। যিনি Britishএর পতাকা স্যালুট না করার জন্যে Universityর Vice-Chancellor থেকে ৬জন ছাত্রকে বহিঃস্কার করেছিলেন, suspend করেছিলেন, তিনি সেদিন বাংলা-বিভাগের পক্ষে মত দিয়েছিলেন সুজনবাবু বললেন একটু আগে কারণ একটাই, বাংলা ভাগ না হলে যদি বাংলা এক থাকে তাহলে কোন দিন প্রধানমন্ত্রী হতে পারবেন না কারণ উভয় পক্ষের মানুষ হিন্দু-মুসলমান সবাই ছিল secularবাংলার সংস্কৃতি, বাংলার কৃষ্টি। আর ধর্মের দিক দিয়ে মুসলমানদের সংখ্যাটা অনেক বেড়ে যাবে। তাই ওঁরা বাংলাকে ভাগ করতে চেয়েছিলেন। তখন R.S.S. মদত দিয়েছিলেন আর একটা কারণে, ভারত ভাগকে তাঁরাও সেদিন মেনে নিয়েছিলেন। কারণ দ্বিজাতি তত্ত্ব তাঁরাই প্রকাশ করেছিলেন, তাঁরাই তা সেদিন করতে পেরেছিলেন। হিন্দু-মুসলমানের মধ্যে দাঙ্গা বাঁধিয়ে তাঁরা বুঝেছিলেন দুই বাংলা যদি এক থাকে তাহলে দুই বাংলা থেকে ২০০র মত M.P.হয়ে যাবে। একটাই ইউ. পি. ৮৫জন এম.পি. নিয়ে অভিজাত হয়ে উঠেছে। এই ৮৫জন এম.পি. নিয়ে গোটা ভারতবর্ষ কাঁপাতে চায়। ২০০ জন যদি বাংলা থেকে এম.পি. হন এবং তার মধ্যে মুসলমান এম.পি.ই বেশি, ১৫০র মতন থাকবে। তাহলে বাংলা থেকে যদি মুসলমান এম.পি. বেশি থাকে, তাহলে ভারতবর্ষের R.S.S.এর এই বিভাজনের নীতি কোনদিন থাকবে না। তাই গভীর ষড়যন্ত্র করে তাঁরা সেদিন হিন্দু-মুসলমানের মধ্যে দাঁঙ্গা বাঁধিয়েছেন, আর.এস. এস.এর জন্মলগ্ন থেকেই তাঁরা ধর্মীয় বিরূপতার জন্য তাঁরা লড়াই করেছেন। আজকে তার কুফল আমরা পাচ্ছি, সেদিন তাঁরা সফল হতে পারেনি, যেদিন জাতীয় কংগ্রেস দুর্বল হয়ে গেল তার পরেই তাঁরা সেই সুযোগটা পেয়ে গেলেন এতদিন তারা সেটা পাননি। যতদিন কংগ্রেস সবল ছিল, ততদিন কিন্তু এই প্রশ্ন তুলতে পারে নি। কংগ্রেসকে দুর্বল করেছে। আর.এস.এস. ভারতবর্ষের বিভিন্ন কংগ্রেস বিরোধী রাজনৈতিক দলগুলোর মধ্যে অনুপ্রবেশ করেছে।

[2:40 – 2:50 p.m.]

একা কোনদিন পারে নি, ভারতবর্ষের প্রত্যেকটা রাজনৈতিক চাল দুঃখের সঙ্গে ইতিহাসকে অস্বীকার করা যায় না। ইতিহাসকে মানতেই হবে। অপ্রিয় হলেও সত্যি কথাটা বলতে হয়। ভারতবর্ষে এমন একটা রাজনৈতিক দল দেখাতে পারবেন না, যারা কখনও না কখনও কংগ্রেসকে দুর্বল করার জন্য আর.এস.এস.-এর সঙ্গে বি.জে.পি. এর সঙ্গে হাত মিলিয়েছে। একটা বিড়াল ছিল, তাকে বাঘে রূপান্তরিত করেছে। আমরা যাকে দুটো আসনে নামিয়ে দিয়েছিলাম, তার পরেই সেই দলটাকে অপোজিশান কনক্লেভ ওমুক তমুক করে, এমনকি ফারুক আবদুল্লাকে নিয়ে এসেও এখানে, আরও অনেক জায়গাতেও, কংগ্রেসকে দুর্বল করতে হবে। পরবর্তীকালে বি.জে.পি. তাঁকে মদত দিয়ে গেলেন। শুধু কংগ্রেসকে হঠাবার জন্য। সেদিন যদি এই ভুল না করত, সেদিন যদি আর.এস.এস.-এর সাথে, বি.জে.পি.-র সাথে হাত না মেলাতাম, আজকে এই অবস্থা কিন্তু আমাদের হত না। অসমে হয়েছে, আমাদের এখানে তিন বিঘা নিয়েও হয়েছে, আমাদের এখানে অনুপ্রবেশ নিয়েও হয়েছে, সর্বত্র বিরোধিতা করেছে। আর.এস.এস.-এর যে মূল মন্ত্র, যে মূল স্লোগান, সেটাকে কোথাও কোথাও আমরা

পরোক্ষভাবে সমর্থন করেছি। আজকে তাই ভারতবর্ষের সমস্ত বিরোধী দল বুঝতে পারছে যদি গত কয়েক বছর ধরে অন্ধ কংগ্রেস বিরোধিতা করতে গিয়ে যদি বি.জে.পি.র হাতকে পরোক্ষ ভাবে শক্ত না করত, আজকে এটা হত না। আজকে এরা তাই কখনও কখনও স্লোগান তুলছে মুসলমানদের আমরা অনুপ্রবেশকারী বলে ধরব, হিন্দুদের বলে ধরব না। কেন ? ভারতবর্ষের সংবিধানে এই রকম কোনো কথা আছে, ভারতবর্ষের সংবিধানে এই রকম কোনো বক্তব্য রাখা আছে ? ভাবতে অবাক লাগে, বি.জে.পি.-র প্রধানমন্ত্রী এক সময় গোয়ায় দাঁড়িয়ে বলেছিলেন, ভারতবর্ষের মুসলমানদের হুমকি দিয়ে বলেছিলেন, ডোনাপাওলায় একটা জাতীয় পরিষদের সভাতে এন.ডি.এ.-র আমলে, ভারতবর্ষের মুসলমানরা যেন জেনে রাখে, যখন গোধরা কাণ্ড হচ্ছে, ভারতবর্ষের মুসলমানরা জেনে রাখুন 'তাদের বাদ দিয়ে আমরা দেশ শাসন করতে পারব'। লজ্জায় মাথা হেঁট হয়ে যায়। ভারতবর্ষের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী প্রাণ দিয়েছিলেন। তাঁকে বলেছিলেন প্রতিরক্ষার জন্য 'শিখ' সিকিউরিটি রাখবেন না। আমাদের মুখ্যমন্ত্রী জানেন, শিখ সম্প্রদায়ের লোক কত ? খুবই কম। কিন্তু প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী বলেছিলেন, আমার প্রাণ যায় যাবে, একটা সম্প্রদায়কে আমি অবিশ্বাস করতে পারব না। সেদিন কিন্তু একবারও ভাবেন নি, ইন্দিরা গান্ধী প্রাণ দিয়েছেন, কিন্তু কোনো সম্প্রদায়কে অবিশ্বাস করেন নি। আর সেই দেশের একটা দলের প্রধানমন্ত্রী বলছেন, মুসলমানদের বাদ, দিয়ে আমি দেশ শাসন করতে পারব, তারা যেন ভুলে না যায়। আজকে দেশের বর্তমান প্রধানমন্ত্রী, আর.এস.এস.-এর যে স্লোগান, সেই স্লোগান দিয়ে তিনি হিন্দুত্ববাদ জাগিয়ে তোলার চেষ্টা করছেন। আমরা যদি শুরুতেই অঙ্কুরের বীজটাকে নষ্ট করে দিতাম, তাহলে আমাদের এখানে সবাই মিলে আজকে এই আওয়াজ তুলে মোশান আনতে হত না বা কোনো প্রস্তাব আনতে হত না। এই পাপের ফল আমাদের সকলের। তাই প্রায়শ্চিত্ত আজকে সবাইকে করতে হবে। কখনও বি.জে.পি. হাতে অস্ত্র তুলে নিয়েছে অনুপ্রবেশকারীদের তাড়াতে হবে বলে স্লোগান দিয়ে, কখনও বলেছে অসমে বাঙালি খেদাও। বাঙালীকে তাড়ানো হয়েছে, সেদিন ভারতবর্ষের কোনো রাজনৈতিক দল আমাদের পাশে দাঁড়ায় নি, বাংলার পাশে দাঁড়ায় নি। সেদিন যদি বাংলার পাশে দাঁড়াত, অসমকে থ্রেট করত, করে নি। ইন্দিরা গান্ধী শত ঝুঁকি নিয়েও 'নেলী হত্যাকাণ্ড' করার পরেও অসমে শান্তি ফিরিয়ে এনেছিলেন। পরবর্তী ক্ষেত্রে আমরা দেখলাম, সেই অগপ, অনেকে হাত মিলিয়ে তাদের সঙ্গে সরকার গঠন করলেন, কংগ্রেসের বিরোধিতা করলেন। কিন্তু এই ঘটনাটা একদিনে আসে নি। প্রাক্ স্বাধীনতার যুগ থেকে স্বাধীনতার পরেও, যাঁরা স্বাধীনতা আন্দোলনে অংশগ্রহণ করেন নি, যাঁদের দেশপ্রেম বলে কিছু ছিল না, দেশের সংহতি রক্ষার জন্য যাদের কোনো অবদান নেই, আজকে তাঁরা সংহতিকে বিপন্ন করতে, দেশের মধ্যে সংহতিকে বিনাশ করতে উঠে পড়ে লেগেছেন। স্যার, আমাদের দুঃখ লাগে সেখানেই। যারা একটা বিষ বৃক্ষ রোপণ করে, সেই বিষ বৃক্ষ কাটতেও মায়া লাগে।

কিন্তু যাঁরা বিষবৃক্ষ রোপণ করেননি তাঁরা তো জানেন যে, বিষবৃক্ষ বিষই দেবে, বিষ ফলই দেবে অমৃত দেবে না। কিন্তু তবুও তাদের কাটতে মায়া লাগে। কারণ বিষবৃক্ষ রোপণ করেছেন

তাঁরাই। আমরা অমৃত না পেলেও আমরা বিষবৃক্ষকে কোনোদিন কাটতে পারব না। কারণ এই দেশকে স্বাধীন করেছি আমরা। এই দেশের সংহতি রক্ষার দায়িত্ব নিয়েছি আমরা। এই দেশের নাগরিকদের পবিত্র সংবিধান দিয়েছি আমরা। আমরা দিয়েছি এই দেশকে গণতন্ত্র হতে। আমরা এই দেশের ক্ষমতায় থাকি বা না থাকি আমরা বিষ ফল দেখলেও আমরা কিন্তু এই দেশটাকে ধ্বংস হতে দেব না। আমাদের জাতীয় কংগ্রেসের অঙ্গীকার সেটাই আমরা রাখব। আজকে তাই এই প্রস্তাবকে স্বর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

Smt. Mamata Banerjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে সর্বদল কর্তৃক যে প্রস্তাব নিয়ে সমস্ত রাজনৈতিক দল একসাথে আলোচনা করছি বিধানসভায় আপনার নেতৃত্বে এবং পরিষদীয় দলের যিনি মিনিস্টার তিনি নিজে এই সর্বদলীয় প্রস্তাবটি এনেছেন। শুধু টিম টিম করে জ্বলা একটা দল ছাড়া আর সবাই কিন্তু সমর্থন করেছেন। এবং এই জন্য আমি সবাইকে অভিনন্দন জানাচ্ছি। একদিন তাঁরাও হয়তো বুঝবেন যাঁরা কেন্দ্রের ক্ষমতাবলে বড্ড বেশি অহংকারী হয়ে গেছেন এবং ঔদ্ধত্যের দামামা বাজিয়ে দেশের গণতন্ত্রের প্রত্যেকটা কাঠামোকে ধ্বংস করার চেষ্টা করেছেন। টোটাল দেশটাকেই যেন হঠাৎ করে বদলে দেব একটা দেশ। স্বাধীন দেশটাকে পরাধিন করবার সব উদ্যোগই কামেয়াবি হয়েছেন, সফল হয়েছেন। এইটা আর একটা তাদের পলিটিক্যাল vendetta বলে আমি মনে করি। যাঁরা দেশ স্বাধীন করলেন, যাঁরা দেশের জন্য জীবন দিলেন, যাঁরা এক কাপড়ে ইউনাইটেড ইন্ডিয়া থাকার সত্ত্বেও কেউ কোনো দিন ভাবেনি যে, দেশ এই ভাবে ভাগ হয়ে যাবে কিন্তু এইটাই ইতিহাস। পাকিস্তানও ভাগ হয়ে গেছে। পাকিস্তান হয়ে গেছে, বাংলাদেশ হয়ে গেছে, ভারতবর্ষ ভারতবর্ষ হয়ে গেছে। ইতিহাসটাকে মেনে নিয়েই আমরা চলছি। ইতিহাসটাকে মেনে নিয়েই তো ভারতবর্ষ স্বাধীন হয়েছে। এগুলো তো অনেক আগেই হয়েছে আমরা তো এসে করিনি। আর ইতিহাসটাকে মেনে নিয়েই যখন আমরা স্বাধীন হয়েছি তখন দেশ স্বাধীন হওয়ার পরে দেশের সংবিধানও তৈরি হয়েছে এবং দেশের সংবিধান যে জিনিসগুলো মেনে নিয়েছে, আজকে হঠাৎ করে এমন কি ঘটলো, গণতন্ত্রের যতগুলি স্তম্ভ মিডিয়া থেকে শুরু করে, কন্সটিটিউশান থেকে শুরু করে, এমনকি বিচার পাওয়ার জায়গাটা থেকে শুরু করে সর্বত্রই যদি সেন্ট্রাল গভর্নমেন্টের সেন্ট্রাল এ্যাডভাইজারিতে চলে যায় তাহলে জনগণ আর গণজন, গণতন্ত্র আর লোকতন্ত্র, জনস্বত্তা - সেই জিনিসটাই থাকবে না। আজকে আমরা সেখানে এসে দাঁড়াচ্ছি কি? এই কশ্চেনটা কিন্তু আমাদের ভাবাচ্ছে। যারা একদিন এই দেশে ইন্ডিয়ান, ভেরি মাচ ইন্ডিয়ান যারা, জেনুইন ইন্ডিয়ান তাদের লিস্টে নাম নেই। কেন নাম নেই? জিজ্ঞেস করলেই বলছে, ডকুমেন্ট দাওনি। যখন স্বাধীনতার সময় আন্দোলন করেছিল তখন মনে ছিল না, ডকুমেন্ট-টা কী। তখন তো একটু বলেও দেওয়া হয়েছিল। একটা চুক্তি হয়েছিল ইন্দিরা-মুজিবর রহমান আর একটা চুক্তি হয়েছিল নেহেরু-লিয়াকত। সেই চুক্তি অনুযায়ী পাকিস্তানে একটা পাঞ্জাব আছে, ইন্ডিয়াতে একটা পাঞ্জাব আছে। অপরাধটা কোথায়? সেই ক্ষেত্রে যাদের বাঁধা দিতে হয় না আর একটা বাংলা দেশ আছে বলে বাংলার নামটার প্রতিও এ্যালার্জি তাদের। এখানে বি.জে.পি.র ঐ টিম টিম করে জ্বলা নেতারা

এখান থেকে ইন্সট্রাকশান দেয়, বাংলা নামে করা যাবে না। বাংলা নামটায় এত এ্যালার্জি কেন? বাংলা ভাষায় কথা বলাটা যদি মেনে নিতে না পারেন, লজ্জা করে না, বাংলার ওপরে ছড়ি ঘোরাবার অধিকার আপনাদের কে দিয়েছে? আমি শুনেছি, এখানে কেউ কেউ বলেছেন যে, আমরা ভোটে জিতেছি, ভোট আমাদের অধিকার দিয়েছে। এখনও মেজোরিটি পাননি আর জীবনে পাবেন না।

[2:50 – 3:00 p.m.]

কয়েকটা সিট জিতে যদি ভাবেন আমি দুনিয়াটা দখল করে নেব, মনে রাখবেন, it is not that easy. আমি মনমোহনের কথা উদ্ধৃত করেই বলি, ঠিক বলেছেন তিনি, রাজনৈতিক ভ্যান্ডেটা কম করুন। দেশের ইকোনোমিটা দেখুন। আজকে এশিয়ায় সবচেয়ে লোয়েষ্ট গ্রোথ ইন্ডিয়ার। নিজ দেশে নিজ দেশবাসীকে পরবাসী বানিয়ে দিচ্ছেন। নিজের দেশের নিজের ভূমির লোকেদের, নিজ ভূমিকে পরভূমি বানিয়ে দিচ্ছেন। স্বদেশিদের বিদেশি বানিয়ে দিচ্ছেন। কোনোদিন শুনবেন এরা আবার নোবেল প্রাইজ পেয়ে গেছেন। নোবেল প্রাইজ পাওয়ার জন্য একে ওকে তাকে টাকা দিয়ে আসছেন। কাউকে ডিফেন্স দিয়ে দেওয়া হয়েছে। কাউকে এয়ার ইন্ডিয়া, সিভিল অ্যাভিয়েশন দিয়ে দেওয়া হয়েছে। কাউকে ব্যাঙ্কিং সেক্টর দিয়ে দেওয়া হয়েছে। কী দেওয়া হয়নি? কাউকে রেল দেওয়া হচ্ছে। কাউকে কোল দেওয়া হচ্ছে। দিয়ে সব নোবেলের গোল করছেন। দেশে আর কিছু থাকবেনা। রেলও ডিসইনভেস্টমেন্ট টোটাল-টাই ; 100% রেল যাবে। বি.এস. এন.এল. যাবে। ডিফেন্স টোটালটাই ইজরায়েলকে দিয়ে দেওয়া হয়েছে। অন্য দেশের সম্বন্ধে আমি বলতে চাইনা। কিন্তু বাধ্য হচ্ছি বলতে। যেগুলো ফ্যাক্ট, সেগুলো ফ্যাক্ট। কালকে আবার দেখলাম রাশিয়ায় কী সব দান করে এসেছেন। পুতিনকে বলে এসেছেন এত টাকা দিচ্ছি, এত ডলার দিচ্ছি। নিজের থাকবার ক্ষমতা নেই শঙ্করাকে ডাকেন। নিজের দেশকে বাঁচাবার ক্ষমতা নেই আপনাদের। আপনারা সরকারে এসেছেন ভালো কথা। যদি জনগণ আপনাদের জিতিয়ে থাকেন তাহলে জনগণের কাজটা করুন ভালো করে। জনগণের কাজ পারেননা করতে আবার কাজ দেখান মানুষের অ্যাটেনশনকে টোটাল ডাইভার্ট করে দেওয়ার জন্য। ইকোনমিক ডিজাস্টার, ইকোনমিক ক্রাইসিসকে টোটাল ভুলিয়ে দেওয়ার জন্য চন্দ্র দেখাচ্ছেন। মনে হচ্ছে যেন নতুন এসে চন্দ্র করেছেন। আরে চন্দ্র তো চলছে আজকে ৫০ বছর ধরে, ৬০ বছর ধরে, ৭৫ বছর ধরে। এখন থেকে চারদিন চলবে চন্দ্র অভিযান। সব নাকি তারাই করে দিয়েছেন। বিজ্ঞানটাও তাঁরা তৈরি করে দিয়েছেন, পৃথিবীটাও তাঁরা তৈরি করে দিয়েছেন। আকাশটাও তাঁরা তৈরি করে দিয়েছেন। মেঘটাও তাঁরা তৈরি করে দিয়েছেন। চন্দ্র-সূর্য-গ্রহ-তারাও তাঁরা তৈরি করে দিয়েছেন। যেন গুহামানব হয়ে গেছেন এক একজন। সারা ভারতবর্ষে এমন কোনো পলিটিক্যাল পার্টি নেই, সব নেতারা চোর হয়ে গেছেন দেশে। আর, হাজার হাজার লক্ষ লক্ষ কোটি টাকা দিয়ে যারা ইলেকশন করল তাঁরা আজকে দেশে সাধু হয়ে বসে আছেন। চিদাম্বরমের কেসে কী আছে না আছে আমি জানিনা। Law will take its own course. কিন্তু কী চরিতার্থ করার জন্য তাকে তিহার জেলে একটা সাধারণ বন্দির মত রাখা হবে? এমন কী রাজনৈতিক বন্দির

মর্যাদাও তিনি পেয়েছেন কী না আমি জানিনা; আমি যা সংবাদ মাধ্যমে দেখেছি। অবশ্য এখন সংবাদ মাধ্যমেও সব বেরোয় না। Central Advisory দেওয়া হয়। It is an open - সবাই জানেন। সবটাতো জানতে পারবেন না। কেউ মরে গেলে যদি বলে দেয় বিষ খাইয়ে মেরেছে সেটাই আপনাকে বিশ্বাস করতে হবে। কাউকে মেরে ফেলে যদি বলা হয় accident করে মরেছে আপনাকে সেটাই বিশ্বাস করতে হবে। বলার লোক কমে গেছে, বলার লোক নেই। অনেকে ইন্দিরা গান্ধীর আমলের emergency নিয়ে কথা বলেন। এটা neither emergency nor fascism. আমি জানি না এটা কী চলছে দেশে। এর কোনো সংজ্ঞা নেই। সবটাই হারিয়ে গেছে। কাশ্মীরের বিষয়ে আমার আপত্তি আছে পদ্ধতি নিয়ে। ৩৭০ নিয়ে সাপোর্ট করতাম কী করতাম না আলোচনা করলে আমি তার উত্তর দিতাম। তা তো নয়। সবই যদি শান্তি থাকে তাহলে বন্দুকের নলটা কেন ? তাহলে কেন লক্ষ লক্ষ পুলিশ পাঠিয়ে মানুষকে বন্দী করে রাখা মাসের পর মাস? কেউ কথা বলার নেই। আমরা যারা একটু-আধটু বলি তাদের থ্রেট করা হয়। তার মানে কী দেশে কেউ বলার থাকবেন না? বলবার মত আর ক'জন বেঁচে আছেন? আমি ভেবে পাইনা এত কিছু করার পরেও অপোজিশন পলিটিক্যাল পার্টিগুলো একসঙ্গে একটা আন্দোলন করতে পারে না। এটা আমার দুঃখ! আমায় বললে, আমায় কিছু না দিলেও, আমায় আপনারা এখানে দশটা গালাগাল দিন but greater interest-এ আমি ছিলাম, আমি আছি এবং আমি থাকবো। আমি এখনও বলি সেই মানসিকতা আমাদের আছে।

কোনো আন্দোলন হয় না। কিছু হলে সব ঘরে ঢুকে বসে আছে। কাশ্মীরে ফারুক আবদুল্লাবিহীন কাশ্মীর। মহারাষ্ট্রে পাওয়ার বিহীন মহারাষ্ট্র। আরে চিদাম্বরম খারাপ হোক ভালো হোক সে তো একটা ফাইনান্স মিনিস্টার ছিল, একটা হোম মিনিস্টার ছিল। তুমি অ্যাট লিস্ট মিনিমাম রেসপেক্টটা তো দেবে। আজকে তোমরা ক্ষমতায় আছো চিরকাল তো থাকবে না। আর চিরকাল যদি থাকও তুমি কোথা থেকে থাকবে? কি করে থাকবে? একটা ছোট্ট জায়গা গুজরাট কেউ কোনোদিন চ্যালেঞ্জ করেনি। কংগ্রেসও উইক ছিল পরবর্তীক্ষেত্রে। ফলে ওয়ান সাইডেড করে গেছে কেউ কিছু বলেনি। সবার খুঁত ধরে বেড়াচ্ছে। আর এজেন্সি লাগিয়ে দিয়ে লোককে থ্রেট করা হচ্ছে। একটা সাংবাদিক কিছু বললে তার বিরুদ্ধে থ্রেট করা হচ্ছে। আজকে গৌরি লঙ্কেশের দুবছর তার মৃত্যুর বছর। কিছু না কিছু করা হচ্ছেই। ইভ্‌ন একজন সাংবাদিক একটা কথা বললে তাকে গ্রেফতার করা হচ্ছে না হয় এনকাউন্টার করা হচ্ছে নয় চাকরি খেয়ে নেওয়া হচ্ছে। কিছু না কিছু করা হচ্ছেই। মানুষ যাবে কোথায়? আমি এখনও মনে করি সংবাদ মাধ্যম থেকে কোন বিচার পাওয়া যাবে না। ওদের দোষ নেই। মালিকরা কেউ না কেউ কোনো ব্যবসা করে। তাদের থ্রেট করে মুখ বন্ধ করে দেওয়া হয়েছে। একটা লিউকোপ্লাস্টার মানে সেন্ট্রাল অ্যাডভাইজারি দেওয়া হয়েছে। এটা আপনাকে মানতে হবে, এটা বাস্তব। দ্বিতীয়ত আমাদের কথা ছেড়ে দিন, লে ম্যানদের কথা ছেড়ে দিন। আমাদের একটা উকিল নিতে গেলে কত টাকা খরচা পড়ে? চিদাম্বরম নিজে তো বড় ল ইয়ার। সেও তো প্লিড করেছিল একটা কেসে। কি হল? কি হল? এমন প্লিড করল তাকে তিহাড় জেলে চলে যেতে হল। কোন মূল্য নেই। বিমানদা

আপনিও একজন আইনজীবী। আমি নিজেও আইনে পড়াশোনা করেছি। আমি আইনের কথা বলছি না। বিচার ব্যবস্থা সম্বন্ধে আমাদের কোনো কথা বলবার কোনো অধিকার নেই। কিন্তু বলতে পারেন আমরা কোথায় যাচ্ছি? কোথায় যাচ্ছি আমরা? কোথায় বিচার পাওয়ার জায়গা আছে? এদেশে বিচারের জায়গাটা হারিয়ে যাচ্ছে। তাই অলটারনেটিভ আমি এখনও আপনাদের বলছি একমাত্র এগুলোকে রোখবার জন্য যদি কিছু অলটারনেটিভ হয় সেটা হচ্ছে মুভমেন্ট। মুভমেন্টের কোনো বিকল্প নেই। আসুন একসাথে মিলে সারা দেশ জুড়ে আমরা আন্দোলন করি। কার কত বড় হিম্মত আর কার কত বড় ক্ষমতা আমরাও আন্দোলন থেকে জন্ম নিয়েছি। বাংলার মাটি আন্দোলনের মাটি। এ মাটি সংগ্রামের মাটি। এ মাটি জন্ম দিয়েছে আমাদের আন্দোলনের মধ্য থেকে। এই মাটি যদি সবাইকে পথ দেখায় আজকে যখন সারা দেশের মানুষ কথা বলতে পারে না। অফ কোর্স বাংলা কথা বলতে পারে, এখনও বলতে পারে। যত বাধাই আসুক, যত বিপত্তিই আসুক, যত উত্তেজনাই আসুক, যত সঙ্কটই আসুক, মনে রাখবেন বাংলার মানুষকে ওরা ভয় পায়। কেন ভয় পায়? নাসা থেকে ভাসা আগেও বলেছি বাংলার ট্যালেন্টকে কাউন্টার করতে পারে না। বাংলার মাটিকে কাউন্টার করতে পারে না। বাংলার ব্রেনকে কাউন্টার করতে পারে না। স্বাধীনতা আন্দোলনই বলুন আর জাগরণই বলুন গান্ধীজী কেন সব কিছু ছেড়ে দিয়ে বাংলায় এসেছিলেন বলুন তো একটু? গান্ধীজী কেন রবীন্দ্রনাথ ঠাকুরের এত প্রিয় ছিলেন? নেতাজী সুভাষচন্দ্র বোস ওই ইন্ডিয়ান ন্যাশনাল আর্মি বলুন আর প্ল্যানিং কমিশন বলুন সবটাই তো নেতাজী সুভাষচন্দ্র বোসের পরিকল্পিত চিন্তাধারা ছিল। আজও তো আমরা জানি না তিনি কোথায়? কাজেই মনে রাখতে হবে বাংলার মানুষের একটা ঐতিহ্য আছে। আরেকটা বড় গুণ বাংলা সবাইকে নিয়ে চলে। কালকেই তো আমি বলছিলাম আপনাদের টিচার্স ডে আমরা কি করলাম- একটা হিন্দি বিশ্ববিদ্যালয় করলাম। কেন করলাম আমরা তো বাংলায় কথা বলি। প্রয়োজন ছিল কি? প্রয়োজন ছিল হয়তো না। কিন্তু আবার বলি প্রয়োজন থাকতেও পারে। ওই মানুষগুলোর কি দোষ? যারা বাংলাকে ভালবেসে দীর্ঘদিন নন বেঙ্গলি লোকেরা এখানে আছে। দে আর মোর দ্যান বেঙ্গলি আমি যেদিন থেকে জন্মগ্রহণ করেছি তারাও যদি সেদিন থেকে এখানে থাকে আমি তাকে কেন ছেড়ে দেব? বাংলা ভাষায় কথা বললেই সবটা খারাপ? দিল্লিতে বাংলা ভাষায় কথা বললে, - ইয়েস, বলে বাংলাদেশি।

[3:00 – 3:10 p.m.]

আমি নিজে এই কেস অনেকবার দেখেছি। উজ্জ্বল আমাকে এক সময় বলত, বাংলা ভাষায় কথা বলেছে ট্রেনে উঠিয়ে দিয়েছে, এখানে এসে ছেড়ে দিয়েছে। এইসব ঘটনায় অনেকবার প্রতিবাদ করেছি। মাঝে হয়েছিল সোনার দোকানে কাজ করে, শুধু বাংলা ভাষায় কথা বলে তাদের অপরাধ। ওরা মনে করে, বাংলা ভাষায় কথা বললে বাড়ির লোক করে রাখতে হবে। বাংলা ভাষায় কথা বললে তাকে বাড়তে দেওয়া যাবে না। আর লজ্জা করে না যারা এখানে বাংলা ভাষায় কথা বলে আর বিজেপি করে ? তাদের জিজ্ঞাসা করুন তাদের মায়েদের ভালবাসেন। আপনার মাতৃভূমিকে ভালবাসেন তো ? আপনার ভাষাকে ভালবাসেন

তো ? আপনার জন্মভূমিকে ভালবাসেন তো ? আমি হিন্দিভাষীকে ভালবাসি, কই আমার মধ্যে এই ধারনা নেই যে হিন্দিভাষীদের তাড়িয়ে দেবো ? আমি উর্দুভাষীকে ভালবাসি, উর্দুতে শায়েরী লিখি যতটুকু পারি, ভাল লিখতে পারি না। আমি তো বলি নি তাড়িয়ে দেবো। আপনাদের এত কীসের গায়ের জ্বালা ? ধর্মের ভিত্তিতে, জাতির ভিত্তিতে, বংশের ভিত্তিতে, ভাষার ভিত্তিতে লোক ভাগ করতে হবে। আগে নিজে দেখুন তো। আপনার দুটো চোখের মধ্যে একটা চোখ বাদ দিন। দুটো কানের মধ্যে একটা কান বাদ দিন। দুটো হাতের মধ্যে একটা হাত বাদ দিন। দুটো কিডনির মধ্যে একটা। কিডনি বাদ দিন। হয়তো বেঁচে থাকবেন কিন্তু শরীরটাকে অর্ধাঙ্গ করে দিলে আধাআধি শরীর নিয়ে বাঁচবেন ? পুরো শরীর থেকে একটা হাত বাদ দিলে আর একটা হাত দিয়ে সামলে নিতে পারবেন। শরীরটাকে যদি অর্ধেক করে দেন, অস্তিত্ব থাকবে ? অস্তিত্বটা বিলোপ হয়ে যাবে এটা মাথায় রাখবেন। মা দুর্গার দশটা হাত - এগুলোর মিনিং বুঝতে হবে। ধর্ম বেচে খেলে শুধু চলবে না। আর ধর্মকে বিক্রি করে বাজার থেকে টাকা তুললে চলবে না। আর ধর্মটা আবার কি ধর্ম বাবা ? উত্তরবঙ্গ গিয়ে বলছেন আমার মিষ্টি মানুষ রাজবংশী মানুষরা। সেখানে গিয়ে বলছে রাজবংশীরা সিটিজেনশীপ পাবে, বাঙালিরা পাবে না। বাঙালি আর রাজবংশীকে আলাদা করে দাও। হিন্দিভাষী এলাকায় গিয়ে বলছেন, বাঙালি আর নন-বেঙ্গলি ভাগ করে দাও। মুসলিম এলাকায় গিয়ে বলছে, হিন্দু আর মুসলমানে ভাগ করে দাও। সবাইকে ভাগ করে দেবে, হ্যাঁ। আর বড় বড় ভাষণ। জিতবো তারপর পুলিশকে জুতো পালিশ করাবো। কত বড় বড় নেতা সব। আমি চম্বলের সব ডাকাতদের নাম শুনেছি। অনেক নাম শুনেছি, ইতিহাস শুনেছি। এদের কি বলবো ? এদের কোন ভাষায় কথা বলবো ? বাংলার পুলিশ ওদের জুতো পালিশ করবে। তোমরা ক্ষমতায় আসলে তো জুতো পালিশ করবে ? জুতো পালিশটা অন্যায় নয়। জুতো পালিশ যে যার নিজেরটা করে। তুমি কার জুতো পালিশ করবে ঠিক করে নাও ? ভবিষ্যতে ঠিক করে নাও তুমি কার জুতো পালিশ করবে ? তুমি বলেছ বলে আমি খারাপ কথা বলবো না। তাহলে উত্তরপ্রদেশের পুলিশ কি তোমার জুতো পালিশ করে ? তোমাদের সেখানে বিজেপি রাজ্য আছে। না, রাজস্থানের পুলিস তোমার জুতো পালিশ করে। না, ত্রিপুরার পুলিস তোমার জুতো পালিশ করে ? অপমানকর কথাবার্তা, অসম্মানজনক কথাবার্তা। যখন যা পারে তখন তাই বলে। দেখিয়ে দেবো, করে নেবো। বাপরে হুমকির পর হুমকি। যেন মনে হচ্ছে হুমকি দেওয়ার জন্য বসে আছে। ভদ্রতা করা হয় বলে, মানবিকভাবে আমরা এইগুলো ট্যাক্‌ল করি বলে, সব সময় আমরা মানবিকভাবে লড়াই করি না, ঝাঁপিয়ে পড়ি না বলে- আমি করবো কেন ? আগে বাংলার কালচারটা শিখুন। বাংলার কালচার না শিখে বাংলায় এমন একটা কালচারের আমদানি করছেন - দিল্লি বসে থ্রেট করছেন বাংলায়। আরেব্বাস, বাংলায় আমরা হয়ে গেছি পরদেশি। যেন মনে হচ্ছে বাংলার মানুষগুলো নিজভূমি হারিয়ে ফেলেছে। দিল্লির দয়ায় আম থাকবো, দিল্লি কা লাড্ডু কা দয়ায়। এত সস্তা নয়। আমি আগেও বলেছি, এখনও সবার সাথে গলা মিলিয়ে বলছি আমার কোনো ডিফারেন্স ওপিনিয়ন নেই এই ক্ষেত্রে - ধর্মগত, জাতিগত, ভাষাগত বর্ণগত এই সব আমরা মানি না। এন.আর.

সি.সিটিজেনশীপের নামে আমাদের সবার ভোটার লিস্টে নাম আছে। কারোর না কারোর স্কুল সার্টিফিকেট আছে। কারোর না কারোর রেশন কার্ড আছে। কারোর না কারোর কোনো কার্ড করা আছে, লাইসেন্স আছে। ব্যাঙ্ক অ্যাকাউন্ট আছে, সবই আছে। পলিসিটা কী ? হঠাৎ করে এলাহাবাদ ব্যাঙ্ক, ইউ.বি.আই.ব্যাঙ্ক সব মার্জ করে দিয়ে বাংলা থেকে সব ব্যাঙ্ক তুলে নিয়ে যেতে হবে কেন? ব্যাঙ্কের অ্যাকাউন্টে সবার আছে নাম।

চালাকিগুলো আমরা বুঝি না ? vendetta politics, আমি এখনও বলি এটা একটা Assam Accord হয়েছিল রাজীব গান্ধীর আমলে শান্তি ফেরানোর জন্য। এই N.R.C. টা ছিল part of that Accord, only applicable to Assam, no other parts কিন্তু এখন যেভাবে ওরা ক্ষমতা কুক্ষিগত করেছে, ওরা যে কোনো জায়গায় বলবে কাল তোমার হয়ে গেল, তুমি এখানে নাই। তুমি আজকে এখানকার বাসিন্দা, তুমি চলে যাও, আমার দয়ার উপর নির্ভর করতে হবে। এত সস্তার খেলা নয়, আমরা পরিষ্কার বলছি N.R.C. আমরা মানব না। আসামে যা হয়েছে তা বাংলায় সম্ভব নয়। আমি নীতিশ কুমারকেও অভিনন্দন জানাচ্ছি, নীতিশ কুমার বিহারের মুখ্যমন্ত্রী, কাল বলেছেন আমরাও মানিনা। এই রকম করে একদিন সবাইকে বলতে হবে। আর যারা N.R.C. এবং Citizenship Amendment নিয়ে চিৎকার করে বেড়াচ্ছে, আগামী দিনে তারা কোথায় কোথায় থাকবেন, ভাল করে জায়গা খুঁজে রাখুন। অবশ্য চন্দ্রে যাচ্ছেন, আপনারাই নাকি সব করেছেন, ওখানে জায়গা দেখে রাখতে বলুন। ওখানে multi-storied building ভাল হবে আগামী দিনে। এখন থেকে জায়গা বুক করে রাখুন। সবাইকেই তাড়াচ্ছেন, আবার শুনছি একটা ভাল জেল তৈরি করছেন, মানে বন্দিদের রাখবার জন্য নয়, যাদের নাম বাদ দিয়েছেন, তাদের রাখবার জন্য, detention camp, বুঝুন। আমি তো একটা জিনিস জানি যে, যাদের অলরেডি আছে, হ্যাঁ, আমি লড়েছিলাম নো আই ডি কার্ড, নো ভোট। তাতে আপনার লাভ হয়েছে কি হয়নি ? তাতে কি কাউকে তাড়িয়ে দিতে হয়েছে ? রেশন কার্ডে সবাই নাম তোলে কেন আমি সেদিন ব্যাখ্যা করলাম। আরও তুলবে লোকে, কারণ আপনাদের এই চক্রান্তের জন্য, মানুষ তার অস্তিত্ব খুঁজে পাওয়ার জন্য, অস্তিত্বের ঠিকানা এটা। আগে নিয়ম ছিল কি ? গভর্নমেন্টের একটা হ্যান্ডবুক আছে, হ্যান্ডবুক অফ ইন্ডিয়ান সিটিজেনশিপ। তাতে তো পরিষ্কার বলা আছে রিফিউজি হয়ে যাঁরা যখন এসেছে In the case of applicants who have Refugee Certificate or Refugee Identity Cards or Border Slips, their previous state need not be regularised. তাহলে আপনি আবার নতুন করে করছেন কেন ? যারা আগে চলে এসেছেন, এটা বুঝতে পারছেন অনেকে অনেক কিছু হারিয়ে ফেলেছে। হারাতেই তো পারে। এই যে মেট্রো রেলে যাদের ঘর-বাড়িগুলো ধ্বংস হয়ে গেল, ধ্বংস করলেন আপনারা, আপনার ভুল পলিসির জন্য। সেই লোকগুলো এক কাপড়ে বাড়ির থেকে বেরিয়ে এসেছে। ভাবুন, যদি এটা আপনার হত তাহলে কি হত ? যারা এই সব বলে তাদের বলছি, কি হত ? তাকে বলেছে আপনি বেরিয়ে আসুন, আপনার জীবন বিপন্ন। সে নিজের জীবন বাঁচাবে, না বাক্স খুলে সার্টিফিকেট বের করবে ? আধার কার্ড বের করবে, রেশন কার্ড বের করবে, কাপড়

জামা গোছাবে, কোনটা করবে ? সব তো এক কাপড়ে বেরিয়ে এসেছে। ভুলে গেছেন সেই সময়, আমরা তো ইতিহাসে পড়েছি, কোথাও দাঙ্গা হয়েছে, কোথাও গন্ডগোল হয়েছে, কোথাও নিজেদের বাঁচাবার জন্য কীভাবে মানুষগুলো এপার থেকে ওপারে চলে এসেছে, তারা তো একটা এগ্রিমেন্ট অনুযায়ী এসেছে। তার জন্য দু'দেশের সরকার এগ্রিমেন্ট তৈরি করেছে। প্রথবার করেছেন নেহেরু - লিয়াকৎ, তার পরে করেছেন ইন্দিরা গান্ধী - মুজিবর রহমান, '৭১ সালে মার্চ মাস পর্যন্ত। দেখবেন, সবাইকে আপনি যদি রিফিউজি স্লিপ না দিয়ে থাকেন what is their responsibility? তার জন্য তো তার রেশন কার্ড আছে, তার আই ডি কার্ড আছে। আর কত দরকার ? প্রতিদিন তো কার্ডের সংখ্যা বাড়ছে। প্যান কার্ড, আই.ডি.কার্ড., আধার কার্ড, আর কি কিছু বাকি আছে ? একটা লোক কি শুধু গলায় কার্ডের মালা নিয়ে ঘুরে বেড়াবে ? আর কটা কার্ড হলে এই গভর্নমেন্ট শান্ত হবে, থামবে জিজ্ঞাসা করুন তো ? কাজ নেই, কর্ম নেই, নিস্কর্মার ঢেঁকি সব। আমাদের এখানেও ১ লক্ষ ৪০ হাজার নাম এসেছিল। আমরা ৬৪ হাজার ক্লিয়ার করে অলরেডি পাঠিয়ে দিয়েছি। আমাদের আলিপুরদুয়ারের অনেক লোক আসামে বছরের পর বছর ধরে থাকে। আমাদের কোচবিহারের অনেক লোক থাকে, একদম বর্ডার, জলপাইগুড়ির অনেক লোক থাকে। আসামেরও অনেক লোক এখানে থাকে, বিহারেরও অনেক লোক এখানে থাকে, ইউপিরও থাকে, উড়িষ্যার থাকে, পাঞ্জাবের থাকে, রাজস্থানেরও থাকে। তাহলে নিয়মটা কি সবার জন্য হবে ? নাকি নিয়মটা শুধুমাত্র হিন্দু মুসলমানে ভাগাভাগি করবার জন্য, আর জাতপাতের ভাগাভাগি করার জন্য শুধু বাঙালিদের হবে ? আমরা চাই না কোথাও এ নিয়ে কোনো উত্তেজনা হোক। আমরা চাই না নিয়ে এই নিয়ে দেশটা আবার টুকরো টুকরো হয়ে ভাগ হয়ে যাক। আমরা চাইনা নতুন করে দাঙ্গা হোক, নতুন করে অশান্তি হোক। নতুন করে অশান্তির বাতাবরণ তৈরি হোক, এটা আমরা নিশ্চয় চাই না।

[3:10 – 3:20 p.m.]

তাই আমরা মনে করি অনেকের হারিয়ে গেছে, হতেই পারে। যেমন মেট্রো রেলে যাদের চাপা পড়ে গেছে তারা একটা করে FIR করেছে। তার F.I.R. কপিটাই, it should be treated as a document. নর্থ বেঙ্গলে প্রায়শই বন্যা হয়। যে ইয়ারে বন্যা হয়ে গেছে, সেই ইয়ারের বন্যার রেকর্ড ধরে treat হওয়া উচিত। আমার কাছে কাগজ না থাকতে পারে, বন্যায় ভেসে যেতে পারে। তার ঘরে সব ভেসে যেতে পারে। সেটাকে treat করতে হবে। আমি এই দেশে ভোট দিই কি না, আমি এই দেশে আছি কত দিন। একটা দুটো লোক সব জায়গাতে দুষ্টু হয়। তাই বলে সব সমাজটাকে দুস্টু বলতে পারি আমরা ? যদি কেউ criminalহয় - criminals are criminals. criminals -এর কোনো caste থাকে না, ধর্ম থাকে না, জাত থাকে না, বর্ণ থাকে না। কিন্তু আপনি যদি মনে করেন ১০০% লোক criminals আর আপনি গেরুয়া পরে ঘুরে বেড়াচ্ছেন আপনি একমাত্র সাধু, এটা মানতে আমি রাজি নই। পরিষ্কার মানতে রাজি নই। হিন্দু ধর্মের কতটুকু জানেন আপনারা ? অসমে ১৯ লক্ষ যে বাদ দিয়েছেন তার মধ্যে খেয়াল আছে ১৭ লক্ষ বাংলাভাষী বাদ দিয়েছেন। তারমধ্যে সম্ভবত ১১ লক্ষ-এর উপর হিন্দুভাষী আছে,

হিন্দি স্পিকিং আছে। ইনটেনশনটা ছিল শুধু মুসলিমদের বাদ দাওয়া। সেই জন্যই ৪১ লক্ষ করেছিলেন। তারপর যখন নতুন করে N.R.C. বসল, ডকুমেন্ট দেখল তখন ওটা কমে গিয়ে ১৯ হল। ১৯ এর মধ্যে বি.জে.পি. -এর নেতারা কি বলছেন ? বর্ডারের নাম কি করে ঢুকল, আমাদের নাম কি করে কাটল ? আপনিই কেটেছেন। ঢুকিয়েছে আপনার administration, কেটেছেনও আপনি। কারও নাম ঢুকিয়ে কাটতেও পারেন আপনি? যার নাম বাদ দিয়েছেন তার নামও ঢোকানো উচিত বলে আমি মনে করি। যে ১৯ লক্ষ বাদ আছে, ১ লক্ষ গোর্খা আছে। দার্জিলিংয়ের এম.এল.এ.-রা আছে নাকি আজকে এখানে ? সরিতা ? No, she is not present here. আর। কেউ আছে না কি যারা সব বি.জে.পি -কে ভোট দিয়েছে ? জিজ্ঞেস করুন। আভি তো ১ লক্ষ বাদ হুয়া। হায়। গোর্খা লোক ভি নিকাল গ্যায়া। কেয়া কুছ ক্যাহেনা হায় ? কুছ বোলনা হায় ? আচ্ছা করকে ভোট দিজিয়ে উস লোগোকো। বোলা থা না কি গোর্খাল্যান্ড করেঙ্গে। বাংলাকো তোড়েঙ্গে। এই সব করেও যা ইচ্ছে তাই করে যাচ্ছে। সুতরাং আমি এখনও মনে করি এটা ভুল। কাউকে কাউকে তো টাকা দিয়ে বলা হচ্ছে, যা গিয়ে বল আমরা বাংলাটাকে ভাগ করতে চাই পার্টে পার্টে। বাংলাকে এত ঈর্ষা, এত হিংসা, এত দ্বেষ, এত ঘৃণা? বাংলা না থাকলে স্বাধীনতা আন্দোলন হত না। আজকে যে বসে আছেন চেয়ারে সব স্বাধীন সরকারের এই পোস্ট গুলি তৈরি করেছ, আজকে এটা তৈরি হয়েছে বাংলার মানুষের অবদানের জন্য। যান আন্দামানে গিয়ে দেখে আসুন, সেলুলার জেলে গিয়ে নাম গুলি মিলিয়ে আসুন। বাংলা যেমন আছে, বাংলার পরে পাঞ্জাব আছে, যাঁরা লড়াই করেছেন। আজকে তাদের অস্থিত্ব মুছে দিতে চান? ইতিহাসকে বদলে দিতে চান ? আজ সব কিছুতেই আপনাদের নাম, সব কিছুতেই। সবই নাকি ওনারা করেছেন। সবই নাকি ওনারা দিচ্ছেন। শুধু ওনাদের ছবি, ওনারা যা বলবেন তাই মানতে হবে। যা ইচ্ছে তাই হচ্ছে একটা দেশে, কেউ বলার নেই। অর্থনীতিতে ধস, রাজনীতিতে ধস, সমাজনীতিতে ধস, মানবিকতার ধস। এমন কি United Nations -এর যে আমাদের মানবিক অধিকারে যারা আছেন তাঁরাও পর্যন্ত একই কথা বলছেন। তাঁরাও যেটা বলছেন যে refugee সংক্রান্ত আধিকারিকরাও আশঙ্কা প্রকাশ করেছেন United Nations। এর ফলে ভবিষ্যতে লক্ষ লক্ষ মানুষের স্টেটলেস হয়ে পড়ার সম্ভাবনা রয়েছে। এটাতো সত্যি ঘটনা। একটা মানুষ বিপদে পড়লে United Nations -এর সিস্টেম আছে যে আমরা তাদের refugee হিসাবে, শরণার্থী হিসাবে protection দিই। যুদ্ধ লাগলে, দাঙ্গা লাগলে, disaster লাগলে শেল্টার দেওয়াতো দূরের কথা - N.R.C. করব ! N.R.C. না করতেই এই অবস্থা। বাংলাটাকে হারিয়ে দেওয়ার জন্য ? বাংলাটাকে শেষ করে দেওয়ার জন্য ? নাকি মানচিত্র থেকে বাংলার নামটা উঠিয়ে দেওয়ার জন্য। এটা বি.জে.পি. পার্টির চক্রান্ত। এই চক্রান্তের বিরুদ্ধে মনে রাখবেন যতদূর যেতে হয় বাংলা যাবে। এই চক্রান্তের বিরুদ্ধে লড়ার নেতৃত্ব বাংলাই দেবে।

আমরা এন.আর.সি. মানিনা। আমরা সিটিজেনশীপ অ্যামেন্ডমেন্টের নামে ধর্মগতভাবে, ভাষাগতভাবে, জাতিগতভাবে ভাগাভাগির মধ্য দিয়ে এটা করতে দেব না এটা নিশ্চিন্তে জেনে রাখুন। আর যারা বড্ড সেন্ট্রাল ফোর্স নিয়ে গামবুট পরে জোরে - জোরে হাঁটছেন, জোরে -

জোরে কথা বলছেন - মনে রাখবেন, সব দেখানোটাই কিন্তু শেষ হয় না, সব দেখানোটাই শেষ নয়। আপনি আমেরিকাকে ম্যানেজ করতে পারেন, আপনি রাশিয়াকে ম্যানেজ করতে পারেন, আপনি দেশ বেচে দিয়ে ইসরায়েলকেও ম্যানেজ করতে পারেন। কিন্তু প্লীজ, আমাদের বাংলাকে ম্যানেজ করবার চেষ্টা করবেন না। এটাই আমাদের শেষ কথা। জয় হিন্দ, জয় বাংলা।

মিঃ স্পিকার : ধন্যবাদ জানাই মাননীয়া মুখ্যমন্ত্রীকে।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এন.আর.সি. নিয়ে যখন এই প্রস্তাবটি আসে বিজনেস অ্যাডভাইজারী কমিটিতে, তখনই আমরা ঠিক করি যে, সবাই মিলে এই প্রস্তাব আনব। মুখ্যমন্ত্রী আমাকে সেদিন অনুমোদন দিয়েছিলেন যে, হ্যাঁ সবাই মিলে করলে খুব ভাল হয়। সেইমত আমরা প্রস্তাব রচনা করি। বোধ হয় আমি ইমরান রামজ্ প্রথমে এনেছিল। আজকে অত্যন্ত সুন্দর আলোচনার পর যেখানে মুখ্যমন্ত্রী নিজে অংশ নিয়ে এটা নিয়ে বিস্তারিতভাবে যা আলোচনা করেছেন এবং আলোচনা করে সুস্পষ্ট ভাষায় জানিয়েছেন যে, বাংলায় কোন অবস্থাতেই আমরা এন.আর.সি. - তে নামব না। এটা শুধুমাত্র এই সদনে নয়, আপনাদের খেয়াল থাকবে আসামে যখন এন.আর.সি নিয়ে সর্বপ্রথম বৈধ ভারতীয় নাগরিকদের উপর গা-জোয়ারী করে দেশ ছাড়ার জন্য চেষ্টা করা হয়েছিল, তখন এই রাজ্যের মুখ্যমন্ত্রী সর্বপ্রথম প্রতিবাদ করেছিলেন এবং সাংসদদের পাঠিয়েছিলেন। সেই সময় ববি হাকিম সহ কয়েকজন বিধায়কও গিয়েছিলেন এবং তাদেরকে বিমানবন্দরে গ্রেফতারও পর্যন্ত করা হয়েছিল। আজকের এই প্রস্তাব শুধুমাত্র এইখানেই থেমে থাকবে না, যে আবেদন, যে কথা আজকে মুখ্যমন্ত্রী এখানে বলেছেন - দুর্বার আন্দোলন করবার কথা এই কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে, তাঁদের নীতির বিরুদ্ধে, তাঁদের জনস্বার্থবিরোধী প্রায় প্রত্যেকটি বিষয়ে শ্রমজীবী মানুষের উপর আক্রমণ, এমনকি দেশকে যাঁরা বিক্রি করে দিতে চাইছেন নিজেদের স্বার্থে, তাঁদের বিরুদ্ধে -বি.জে.পি. বিরোধী সমস্ত শক্তিকে -সবাইকেই নিয়ে আজকে পথে নামতে হবে। আমি মনে করি এই আলোচনা করার পর আমরা নিশ্চয়ই সবাই একমত হব এবং আমাদের এই রাজ্যের মুখ্যমন্ত্রী নিজে যখন এই বিষয়টিকে এতো গুরুত্ব দিয়ে, শুধু আজকে নয়, প্রথম থেকেই গুরুত্ব দিয়েছেন এবং আমরাও নিজেরা বুঝেছি এবং সেইরকমভাবে শপথ নিই এবং আন্দোলন - দুর্বার আন্দোলনের মধ্য দিয়ে কেন্দ্রের এই বি.জে.পি. সরকারের মানুষ মারা নীতির বিরুদ্ধে একত্রিত হয়ে প্রতিবাদ করি। এটাই আমি আপনাদের কাছে। আবেদন জানাতে চাই।

[3:20 – 3:30 p.m.]

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আমি ধন্যবাদ জানাই যারা আজকে এই মোশানের পক্ষে বলেছেন। লক্ষ্য করলাম যেই মুখ্যমন্ত্রী বলতে শুরু করলেন তখন বি.জে.পি. মেম্বাররা উঠে পালিয়ে গেল। তার কারণ সত্য শুনবার যে ধৈর্য, যে ক্ষমতা সেটা ওদের দল শেখায়নি। কিন্তু আমরা যারা বাংলার মানুষ আমরা কিন্তু ঐক্যবদ্ধ ভাবে দেখিয়ে দিলাম যে, "হিন্দু না ওরা মুসলিম ঐ জিজ্ঞাসে কোন জন, কাণ্ডারি বল ডুবিছে মানুষ সন্তান মোর মার।" মুখ্যমন্ত্রী দেখিয়ে দিলেন যে

বাংলায় এইসব চলবে না। বাংলায় কাণ্ডারি হিসেবে মমতা ব্যানার্জী আছেন এবং আন্দোলনের ডাক দিয়েছেন সবাইকে নিয়ে। চলুন রাস্তায় নেমে আন্দোলন করি, এই বিভেদের পরিপ্রেক্ষিতে আন্দোলন করি। আপনার নির্দেশে আমরা আসামে গিয়েছিলাম। দেখে এসেছি যে কি অত্যাচার! সেই অত্যাচার বাংলায় হবে না। তাই নতুন করে বলার কিছু নেই। মুখ্যমন্ত্রী সব বলে দিয়েছেন। শুধু এইটুকু বলব আজকের আলোচনা আগামী দিনে ইতিহাস সৃষ্টি হবে এবং আবার ভারতবর্ষ সগর্বে বলবে What Bengal thinks today, rest of India thinks tomorrow. ভারতবর্ষকে এই অ্যাসেম্বলী থেকে আজকে আবার দিক দেখাচ্ছে। এটার ব্যাপারে আমরা গর্ব অনুভব করতে পারি। তাই আবার সবাইকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : There is no amendment to the Motion.

Now I put to vote the main Motion moved by Shri Firhad Hakim.

As many as are of that opinion please say AYE

As many as are of the contrary opinion will please say No.

AYES have it, AYES have it.

Closing of the Fourteenth Session of the 16th Legislative Assembly

Mr. Speaker : Today, the 6th September, 2019 is the last day of the Fourteenth Session of the Sixteenth Legislative Assembly. Before I adjourn the House sine die, I would like to narrate in brief the business transacted during the session.

1. QUESTIONS:

(A) Total Number of Notices of Questions received	430
(B) Total Number of Questions allocated	394
i) Starred	356
ii) Unstarred	38
(C) Total Number of Questions admitted	124
i) Starred	113
ii)Unstarred	11
(D) Total Number of Questions disallowed	3

(E) Total Number of Questions replied 50

i) Starred 50

ii) Unstarred NIL

(F) i) Total Number of replies to Questions received from the Departments but not yet placed in the order paper (Starred and Unstarred) 31

ii) Number of Questions pending with the Departments 43

iii) Number of Questions under Process 267

In addition, I would like to make an announcement that Starred Questions to which replies have been received in the Assembly Secretariat but not yet answered in the House would be treated as Unstarred ones and replies thereto would be circulated to the Members.

2. GOVERNMENT BILL:

(A) Number of Bills introduced 5

(B) Number of Bills passed 5

3. RESOLUTION

Resolution moved from the Chair remembering 100 years of Jallianwala Bagh massacre **Discussed and Adopted**

4. CALLING ATTENTION NOTICE :

(A) Notices received 31

(B) Notices admitted 9

(C) Statements made 3

In this connection I would also like to make an announcement that replies to the Calling Attention Notices admitted by me and not replied in the House would be sent direct to the Members concerned.

5. ADJOURNMENT MOTION :

(A) Notices received 6

(B) Consent witheld 6

6. MOTION UNDER RULE 185 :	
(A) Notices received	5
(B) Discussed and carried	1
7. RE-LAYING OF RULES :	
(A) Notices received	1
(B) Rules laid	1
8. LAYING OF REPORTS AND ACCOUNTS ETC. OF GOVERNMENT COMPANIES AND UNDERTAKINGS ETC. :	
Reports and Accounts etc. laid	9
9. MENTION CASES	**90**
10. ZERO HOUR	**29**
11. NUMBER OF SITTINGS	**10**
12. TOTAL HOUR OF SITTINGS	**23 hours 14 minutes (upto 3:00 p.m. today)**

Vote of Thanks

ডঃ পার্থ চ্যাটার্জি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই অধিবেশনে আপনার নেতৃত্বে যে সভা পরিচালিত হয়েছে সেই সভায় অত্যন্ত জরুরী বিষয়গুলো আলোচিত হয়েছে এবং আপনি তার সুযোগ করে দিয়েছেন। আমি আপনাকে ধন্যবাদ জানাই। ডেপুটি স্পীকারের অনুপস্থিতিতে চেয়ারম্যান যারা কাজ করেছেন বিশেষ করে তমোনাশ ঘোষ তাঁকেও আমি ধন্যবাদ জানাই। বিরোধী দলনেতা তাঁকেও আমি ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই বাম পরিষদীয় দলের নেতা সুজন চক্রবর্তী মহাশয়কে এবং বি.জে.পি.'র যিনি এখানে অংশ নিচ্ছেন তাঁকেও বলব বাংলার হয়ে যদি কথা বলতেন তাহলে তাঁকেও আমি আরও বেশি করে ধন্যবাদ দিতাম। আমাদের মন্ত্রীরা যাঁরা অংশ নিয়েছেন সকলকেই আমি ধন্যবাদ জানাই। বিরোধী বিধায়ক সহ আমাদের যে বিধায়করা অংশ নিয়েছেন তাদেরও আমি ধন্যবাদ জানাই। সচিব সহ বিধানসভা সচিবালয়ের সমস্ত সহযোগীকে আমি ধন্যবাদ জানাই। আমাদের নিরাপত্তা রক্ষী এবং কলকাতা পুলিশকেও আমি ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই সাংবাদিক বন্ধুরা যারা এই ক দিন নিয়মিত অংশ নিয়ে আমাদের খবর যতটুকু দেওয়ার তাঁরা দিয়েছেন। আমরা এবারে সব চেয়ে বেশি পেয়েছি মুখ্যমন্ত্রীকে, আমি মুখ্যমন্ত্রী যিনি এই বিধানসভার দলনেতা তাঁকেও আমি কিন্তু অভিনন্দন

জানাব যে তিনি অনেক সময় এই অধিবেশন চলাকালীন উপস্থিত হয়ে অংশ নিয়েছেন। আমি আমার চীফ হুইপ এবং তাপস রায় দুজনকেই ধন্যবাদ জানাব যে এই সভা চলার ক্ষেত্রে তারা উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছেন বলে।

শ্রী আবদুল মান্নান : মাননীয় স্পীকার স্যার, আজকে দু সপ্তাহ ব্যাপী অধিবেশনের সমাপ্তি। এই অধিবেশন সুষ্ঠুভাবে চালাতে আপনি যে ভাবে সহযোগিতা করেছেন, যদিও আপনার সহযোগিতার উপরে আমাদের সব দাবি পূরণ হয় নি, আপনার কিছু সীমাবদ্ধতা আছে। তবু আমি আপনাকে ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই ডেপুটি স্পীকার সাহেব যিনি এখন নেই, তিনি অসুস্থ। পরিষদীয় মন্ত্রী পার্থ চ্যাটার্জী এবং রাষ্ট্রমন্ত্রী তাপস রায়, সরকারী দলের মুখ্য সচেতক, মন্ত্রীসভার সদস্যবৃন্দ, আমাদের মুখ্যসচেতক, আমাদের বাম পরিষদীয় দলের নেতা ডঃ সুজন চক্রবর্তী, তাঁদের মুখ্যসচেতক, অন্যান্য রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, সরকার এবং বিরোধী পক্ষের সদস্যবৃন্দ তাঁদের আমি ধন্যবাদ জানাই। আমাদের বিধানসভার প্যানেল চেয়ারম্যানদের আমি ধন্যবাদ জানাই। আমাদের প্রধান সচিব মিঃ সোম, আমাদের সচিবালয়ের যুগ্ম সচিব, উপ সচিব, সহ সচিব অন্যান্য আধিকারিকবৃন্দ, আমাদের কর্মচারী এবং আমাদের রিপোর্টার্স, আমাদের নিরাপত্তা রক্ষীরা, আমাদের মার্শাল এবং রাজ্য সরকারের পুলিশ বাহিনী এই হাউসকে সফল করে তুলতে সহযোগিতা করেছেন। আর আমাদের বক্তব্য তুলে ধরতে এবং আমাদের কোথাও ভুল ভ্রান্তি হলেও সেটাকেও মানুষের কাছে বার্তা পৌঁছে দিতে আমাদের যারা মিডিয়ার লোক - ইলেকট্রনিক মিডিয়া বলুন, প্রিন্ট মিডিয়া বলুন যেভাবে সহযোগিতা করেছেন তার জন্য তাদের ধন্যবাদ জানাই।

[3:30 – 3:40 p.m.]

স্যার, আমি এখানে বিরোধী দলের নেতা হওয়ার পর থেকেই কয়েক বারই আমরা বয়কট করতাম। কারণগুলো আপনাকে বলেছি। আস্তে আস্তে কিছু কিছু সংশোধন হয়েছে, সব না হলেও কিছু কিছু দাবী আমাদের পূরণ হয়েছে। একটা কথা আছে হাউজ বিলংস্ টু দা অপোজিশান। এখানে সরকার পক্ষে বিপুল সংখ্যাধিক্য আছে, আমরা যদি কোন প্রস্তাব নিয়ে আসি, আমরা যেমন বলার সুযোগ পাই, তাঁরাও বলার সুযোগ পান। আমাদের অভিযোগ খণ্ডন করার সুযোগ তাঁদেরও আছে, আমরা যেমন সরকারের ব্যর্থতা তুলে ধরতে চাই, তাঁরাও সরকারের সাফল্যটাকে তুলে ধরতে চান। উভয় পক্ষই, আমরা সেখানে সফল হই। কিন্তু দুর্ভাগ্য, আপনি অধ্যক্ষ হওয়ার পর থেকে আমি তো ছিলাম না, আমি এই তিন বছর হলো এসেছি। আমি বিরোধী দলের সদস্য হয়েই এই হাউজে ছিলাম, সরকারী দলের সদস্য কোন দিন ছিলাম না। আমরা দেখেছি বিল যেমন সেশনে আসে, তেমনি প্রত্যেক সেশনে একবার করে হয় মুলতুবি প্রস্তাব তা নাহলে অনাস্থা প্রস্তাব আসে। আজকে যিনি পরিষদীয় মন্ত্রী, তিনিও বিধানসভার বিরোধী দলের নেতা ছিলেন, তিনিও দেখেছেন, এর ইতিহাস দেখলে দেখতে পাবেন তিনি কতবার মুলতুবি প্রস্তাব এনেছেন, কতবার অনাস্থা এনেছেন। তার আগে যিনি ছিলেন তিনি তো বছরে দুবার করে অনাস্থা প্রস্তাব

এনেছেন। কিন্তু দুর্ভাগ্য এবার আমরা কোন দিন মুলতুবি প্রস্তাব আনতে পারি নি। আমার মনে হয় এটাতে কিছুটা অধিকার ক্ষুণ্ণ হয়। তবুও মন্দের ভালো যে কিছু কিছু সুযোগ এবারে আমরা পেয়েছি। আপনি নিজেও উদ্যোগ নিয়েছেন, ধন্যবাদ আপনাকে। আপনি এবং পরিষদীয় মন্ত্রী দুজনে উদ্যোগ নেওয়ার ফলে আমাদের সময় যেটা অতীতে আমি যতদিন ছিলাম দেখেছিলাম ৫০% সময় ছিল ৩০ জন মেম্বার নিয়েও, সেটা কমে গিয়েছিল, ৪০% থেকে আবার ৫০%এ নিয়ে এসেছেন। আপনাকে এবং পরিষদীয় মন্ত্রীকে নিশ্চয়ই এর জন্য ধন্যবাদ জানাবো। আর আজকে আমি সমালোচনা করতে চাই না, যার শেষ ভালো তার সব ভালো। মুখ্যমন্ত্রী থাকলে আরও একটু সর্বাঙ্গীন সুন্দর হতো, মুখ্যমন্ত্রী একটু আগেও ছিলেন, তিনিও যদি ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবে থাকতে পারতেন তাহলে এটা বোধ হয় সম্পূর্ণ ভালোভাবে শেষ হতো। তবুও আবার সবাইকে ধন্যবাদ জানাই এবং আপনাকে বিশেষ করে। অনেক কটু কথা আমাদেরকেও বলতে হয়েছে, আপনিও উত্তেজিত হয়েছিলেন, আমরাও উত্তেজিত হয়েছিলাম। সে তো হবেই, এটা তো শ্মশানের শান্তি নয়, এ শান্তিটা তো শ্মশানের শান্তি নয়। বিধানসভাতে এটাই হবে, এটাই সংসদীয় গণতন্ত্রের ইতিহাস। এতেই গণতন্ত্র শক্তিশালী হয়। তবুও আমরা এই হাউজের মধ্যে ঝগড়া করি, আবার হাউজের বাইরে গিয়ে আর কেউ এটা মনে রাখি না, আপনারাও রাখেন না, মন্ত্রীসভার সদস্যরাও রাখেন না, কোন সদস্যও রাখেন না, আমরাও রাখি না। সেই জন্য আজকে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

ড: সুজন চক্রবর্তী : স্যার, দু সপ্তাহব্যাপী এই সভা খানিকটা দোলাচলের মধ্যে দিয়ে আজকে শেষ হলো। আমরা আজকে দুপুরে বুঝতে পারলাম যে আজকেই শেষ দিন। গতকাল পর্যন্ত জানতাম যে আরো হাউস চলবে, কারণ আজকে বি.এ. কমিটির মিটিং ডাকা ছিল। যাই হোক, দোলাচলের মধ্যে হলেও আজকে বিধানসভার শেষ দিন আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। স্পীকার হিসাবে এটা কঠিন কাজ, সেই কঠিন কাজটা যেভাবে আপনি করছেন তাতে ধন্যবাদ জানাবার কোন বিকল্প নেই। আপনার সহযোগী সহযোগী যাঁরা ডেপুটী স্পীকার, চেয়ারম্যান প্যানেল তাঁরাও একই রকম ভাবে সাহায্য করার মতো করেই চলেছেন, আমি ধন্যবাদ জানাচ্ছি আমাদের পরিষদীয় মন্ত্রীকে এবং তাঁর যাঁরা সহকারী হিসাবে তাঁর সঙ্গে যুক্ত থাকেন, বিশেষ করে হাউস পরিচালনার ক্ষেত্রে চীফ্ হুইপ্ সহ বাকি সবার গুরুত্বপূর্ণ ভূমিকা আছে, পরিষদীয় মন্ত্রী তার নেতৃত্ব দেন। আমি ধন্যবাদ জানাচ্ছি বিরোধী দলনেতা এবং তাঁর সমস্ত সঙ্গী বিধায়কদের, বামফ্রন্টের আমাদের যাঁরা বন্ধুরা আছেন সমগ্র বিধায়ক যাঁরা আমাদের এই হাউসে আছেন তাঁদের সবাইকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমাদের সচিবালয়ের কর্মচারীরা, তাঁরা এই কটা দিন খুবই বাড়তি পরিশ্রমের মধ্যে থাকেন আমি সেই কারণেই আপনাদের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। আমার এটাই কথা ভালোমন্দ মিলিয়েই আমাদের চলতে হবে এটা ঠিক, কিন্তু হাউস বিলংস্ টু অপোজিশান এটা যেন আমরা সব সময় খেয়াল রাখতে পারি, এখানে একটু ঘাটতি হলে খারাপ লাগে। আর মান্নানদার সঙ্গে কথা হচ্ছিল ঠিকই, অন্য দিন বলি না, কিন্তু লীডার অফ দি হাউস হাউসে আছেন, তিনি ধন্যবাদ জ্ঞাপনে না থাকলে যেন তালটা বোধ হয় কেটে যায়।

নিশ্চয়ই তা সত্ত্বেও আমাদের সবাইকে ধন্যবাদ জানাতে হয়, আপনি সহ সবাইকেই ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার সুযোগ্য পরিচালনায় এবারের বিধানসভা সুষ্ঠু ভাবে পরিচালিত হয়েছে। এ জন্য আপনাকে বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি। সেই সঙ্গে ডেপুটি স্পীকার মহোদয়, আপনার অনুপস্থিতিতে তিনি সভা পরিচালনা করেছেন তাঁকেও ধন্যবাদ জ্ঞাপন করছি। ধন্যবাদ জ্ঞাপন করছি বিরোধী দলের নেতা সম্মানীয় আব্দুল মান্নান মহাশয়কে, আমাদের বাম পরিষদীয় দলের নেতা সুজন চক্রবর্তী এবং সরকার পক্ষের পরিষদীয় নেতা মাননীয় পার্থ চট্টোপাধ্যায়সহ অন্যান্য নেতৃত্বকে। এখানে মন্ত্রী সভার সকল সদস্যগণ তাঁদেরকেও ধন্যবাদ জ্ঞাপন করছি। ধন্যবাদ জ্ঞাপন করছি অন্যান্য বিরোধী নেতৃত্বকে এবং উপস্থিতি সরকার ও বিরোধী উভয় পক্ষের সকল সদস্যগণ এবং সেই সঙ্গে বিধানসভার সচিবালয়সহ অন্যান্য সকল কর্মচারীকে। এখানে আছেন সাংবাদিক বন্ধুরা যারা বিধানসভার অভ্যন্তরের আলোচনাগুলো বিধানসভার বাইরে সাধারণ মানুষের কাছে পৌঁছে দেয় তাদেরও ধন্যবাদ জ্ঞাপন করছি। সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে আমি আমার কথা শেষ করছি। নমস্কার।

श्री मनोज तिग्गा : धन्यवाद सर, सबसे पहले आपको धन्यवाद देते है कि इतना धैर्य के साथ में हाउस को चलाना बहुत बड़ी बात है साथ ही परिषदीय मंत्री पार्थो दा हमलोग को डाटते है लेकिन डॉट में भी सिख होता है, शिक्षा होता है। बड़े भाई है डॉट सकते है लेकिन मैं उसमे शिक्षा ढूढ़ता हूँ कि मुझे यहाँ सिखने को क्या बात है और साथ ही हमारे विरोधी दल के नेता अब्दुल मन्नान साहब, बाम परिषदीय दल के नेता सुजन चक्रवर्ती और जितने भी विधायक गण जीत करके आये है वो भी वधाई के पात्र है क्योंकि सभी इसमें अंशग्रहण किये है। मंत्री सब भी है और विशेष करके आपके दाये बाँये और सामने जो बैठे है इस हाउस को सफल बनाने में सबसे बड़ा योगदान है क्योंकि जिस धैर्य से काम करते है। सेसन चलने तक यहाँ पर खडें रहते है वो भी वधाई के पात्र है और साथ ही मैं दो बात और उसमे जोड़ना चाहता हूँ हम इस सदन का समय का सही उपयोग करें क्योंकि एक शिक्षक और समय शिक्षक पहले पढ़ाता है फिर परीक्षा लेता है लेकिन समय पहले परीक्षा लेता है उसके बाद में शिक्षा देती है। तो एक Student जब फेल हो जाता है तब उसको एक साल का पता चलता है कि समय की कीमत क्या है जब पाँच मिनट के लिए कोई व्यक्ति का Flight छूट जाता है तब उसको पता चलता है कि समय की कीमत क्या है, जब एक एथेलेटिक्स जब एक सकेन्ड के लिए गोल्ड मेडल से वंचित हो जाता है तब उसको पता चलता है कि समय की कीमत क्या है तो मै सबसे आवेदन करना चाहता हूँ कि जब अपना सेशन चलता है हम समय का सही उपयाग करें। इसी के साथ आप सभी को धन्यवाद देते हुए मैं अपनी बात समाप्त करता हूँ ।

শ্রী নির্মল ঘোষ : স্যার, আজকের এই শেষ দিনে আপনাকে আমাদের সকলের পক্ষ থেকে এবং আমি নিজেও আপনাকে অশেষ ধন্যবাদ জানাই। এই হাউসকে আপনি অত্যন্ত সুন্দর ভাবে পরিচালনা করেছেন। তার জন্য আপনার প্রতি ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাই।

কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জানাই আমাদের মাননীয় মন্ত্রী এবং পরিষদীয় দলের ডেপুটি লিডার এখানকার হাউসের পার্থ চট্টোপাধ্যায়কে এবং তাপস রায় সহ আমাদের সমস্ত মন্ত্রীদের। স্যার, শুনেছি ডেপুটি স্পীকার অসুস্থ, উনি তাড়াতাড়ি সুস্থ হয়ে আসুন। এ ছাড়াও ধন্যবাদ জানাই চেয়ারপার্সন যারা আপনার অনুপস্থিতিতে ছিলেন তাদের সকলকেই। তার পর আমি বিরোধী দলনেতা শ্রী আব্দুল মান্নানকে যে, অনেক দেরিতে হলেও আমরা কাছাকাছি এসেছি হাউসে যে, এই হাউস সবার। উনি নিজেই বলেছেন যে, এই হাউস বিরোধীদের।

[3:40 – 3:46 p.m.]

অতএব বিরোধীদলের নেতা হিসাবে তাঁর যে উপলব্ধি সেইজন্য তাঁকে আর একবার ধন্যবাদ জানাই। আমাদের সুজন চক্রবর্তী, পরিষদীয় দলনেতা এবং মনোজ টিগ্গাসহ সমস্ত নেতৃত্বকে আমি ধন্যবাদ জানাই। সমস্ত MLAরা আমার মাননীয় সদস্যরা যারা হাউসে একটি ছোট্টো ঘটনা স্যার আজকেই ঘটেছে। যাই হোক, আপনি সেটা দেখবেন। কিন্তু সকল M.L.A.দের আমি আমার পক্ষ থেকে ধন্যবাদ জানাই। বিধানসভার সচিব এবং সচিবালয়ের সমস্ত বন্ধুদের আমি ধন্যবাদ জানাই। প্রেস মিডিয়া এবং আমাদের রাইটার সকলকে ধন্যবাদ জানিয়ে সবাই ভালো থাকবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

মিঃ স্পীকার : এবার আমার পালা। আমি নিজেকে নিজে ধন্যবাদ দিতে পারছি না কারণ অনেক কঠিন কাজ, সত্যিই কঠিন কাজ। পার্থবাবু বলেছেন, শ্রী আব্দুল মান্নান বলেছেন, ডঃ সুজন চক্রবর্তী বলেছেন, নর্মদাবাবু, মনোজ টিগ্গা, নির্মল ঘোষ বলেছেন। আসলে বিয়ে বাড়ীতে গেলে পরে যখন খাদ্য পরিবেশন করেন তখন যদি কেউ জিজ্ঞেস করেন যে খাবারটা কেমন হয়েছে সে খারাপ হলেও তাকে ভালোই বলতে হয়। সুতরাং এইখানে আপনারা যাঁরা রয়েছেন তাঁরা হয়তো আমার অনেক ব্যাপারে আপনাদের আমি সন্তুষ্ট করতে পারিনি। কিন্তু তা সত্ত্বেও আপনারা আমাকে ধন্যবাদ দিয়েছেন সেই জন্য আমি আপনাদের ধন্যবাদ জানাই। এখানে আজকে আমাদের অধিবেশন ভালোই চলছিল। কিন্তু আজকে একটা এমন ঘটনা ঘটে গেল যেটাতে আমিও খুব ব্যথিত এবং খুব দুঃখিত। এটা নাহলেই ভালো হতো বোধ হয়। একজন সদস্য যেভাবে ছুটে চলে গেলেন ওখানে এবং এই উত্তেজনা প্রশমনে মাননীয়া মুখ্যমন্ত্রীর ভূমিকার প্রশংসা করি, তিনিও আজকে উত্তেজনা প্রশমনে সহযোগিতা করেছেন। তার পরে আমাদের হাউস ঠিকঠাক চলেছে। এটা না হলেই ভালো হতো। যাঁরা পরিষদীয় দলের নেতৃত্ব তাঁরা নিশ্চই এটা দেখবেন। আমাদের উত্তেজনা হতে পারে, তকাতর্কি হতে পারে। তার একটা limitation যেন থাকে - এটা হওয়াই বাঞ্ছনীয় ছিল। আমাদের এই হাউসে এবারে পাঁচটা বিল পাস হয়েছে। তা ছাড়াও অত্যন্ত গুরুত্বপূর্ণ কতগুলো আলোচনা হয়েছে। যেমন, আমাদের 100 years of Jallianwalabagh Massacre এটা খুব গুরুত্বপূর্ণ আলোচনা। সেই আলোচনা আমাদের এই বিধানসভায় হয়েছে। সেইসঙ্গে আজকে N.R.C. নিয়ে আলোচনা হয়েছে। বিলের মধ্যে Hindi University Bill এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল, সেই বিলটাও পাস করা

হয়েছে। আর যে কথা সুজনবাবু বলছিলেন যে, House belongs to the Opposition এটা আমরা কেউ deny করি না। এটা আপনারা হয়তো লক্ষ্য করে দেখবেন যে, সবসময় আমি আপনাদের প্রধান্য দিতে চাই প্রশ্নোত্তর পর্বে। মাননীয় মন্ত্রীসভার সদস্যরা যাঁরা এখানে রয়েছেন তাঁরা সবাই উপস্থিত থাকেন।

আমি তো মনে করি তাঁরা যথেষ্ট যোগ্যতার সাথে তাঁদের প্রশ্নের উত্তর দেন। তৈরী হয়েই আসেন। বিরোধী দলের যে ভূমিকা সেটাকে মর্যাদা দেওয়ার জন্য number of supplementary questions asked by the Opposition Members, Total number of supplementary questions 192; 192টা supplementary question হয়েছে। Number of supplementary questions asked by the Opposition Members 109; Number of supplementary questions asked by the Ruling Members 83. সুতরাং বিরোধীদের সবসময় এখানে ভূমিকা বেশি আছে। আমি চাই বিরোধীরা আরো বেশি সদর্থক আলোচনা করুন। এবং আমাদের যাঁরা মন্ত্রীসভার সদস্য তাঁরা প্রত্যেকেই উপস্থিত ছিলেন তাঁদের যত প্রশ্ন ছিল সব প্রশ্নের উত্তর দিয়েছেন। তাঁরা বিভিন্ন আলোচনায় অংশগ্রহণ করেছেন। আমি দেখছি এবার আজকে মন্ত্রীসভার সদস্যরা এখানে এখনও বসে রয়েছেন। তাঁদের আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাই। আমাদের বিরোধীদলের যাঁরা রয়েছেন মান্নান সাহেব, সুজনবাবু এবং অন্যান্য যাঁরা পরিষদীয় দলের আপনাদের সহযোগিতা ছাড়া হাউস চালানো সম্ভব নয়। সবার সহযোগিতা দরকার। এবং আপনাদের সহযোগিতা প্রত্যেকবারই পাই। এবারেও, আমি অতিরিক্ত সহযোগিতা পেয়েছি। সেই জন্য আমি ধন্যবাদ জানাই। বিরোধী দলের যাঁরা মাননীয় সদস্য রয়েছেন, আমাদের বিধায়করা রয়েছেন, তাঁরাও সবাই চেষ্টা করেছেন তাঁদের সময়ের মধ্যে তাঁরা বিধানসভাতে participate করবার জন্য, তাঁদেরও আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাই। আমাদের Press-Media যাঁরা রয়েছেন তাঁদের ধন্যবাদ জানাই। সেই সঙ্গে সঙ্গে একটা আমার আক্ষেপ থেকে যায়, Press-Media দেখুন, যখন আপনারা কোনো political news হয় সবাই মিলে ঝাঁপিয়ে পড়েন। কিন্তু আমাদের এখানে মনীষীদের যখন শ্রদ্ধা জ্ঞাপন করা হয় - ধরুন অন্য সময়ে, আজকের কথা বাদ দিন। সেই সময়ে আমি Press Mediaর কোনো ভূমিকা দেখিনা। এটা অত্যন্ত আক্ষেপের ব্যাপার। যাই হোক, আমাদের এখানে যাঁরা আমাদের Secretariat সচিব রয়েছেন, সচিবালয়ের অন্যান্য যাঁরা কাজকর্ম করেন, বিশেষ করে Reporters Section এঁদের কঠিন পরিশ্রম করতে হয়। সুজনবাবুর অভিজ্ঞতা রয়েছে। সেদিন একটা উনি আমার কাছে permission চেয়েছিলেন, যাতে একটা unrevised copy সন্ধ্যের মধ্যে দিতে হবে, সেদিনই আলোচনা হয়েছে। এবং আমাদের যাঁরা রয়েছেন সচিবালয়ের তাঁরা এটা তৈরী করে সঙ্গে সঙ্গে দিয়েছেন। তাঁদের অত্যন্ত গুরুত্ব দিয়ে কাজকর্ম করতে হয়। এবং আমাদের এখানে Chief Whip রয়েছেন, তাপসবাবুর সহযোগিতা পেয়েছি। তমোনাশবাবুকে নিয়ে আমাদের আজকে যিনি Deputy Speaker, তিনি অসুস্থ, তাঁর absence এ আমাদের panelএ যাঁরা রয়েছেন তাঁদেরও সহযোগিতা পেয়েছি।

সেই সঙ্গে সঙ্গে আমাদের যাঁরা সচিবালয়ের কর্মচারী ছাড়াও, যাঁরা আমাদের শান্তিশৃঙ্খলা রক্ষার জন্য যে সমস্ত আমাদের মার্শাল, ডেপুটি মার্শাল সহ অন্যান্য যারা কর্মচারী বন্ধু রয়েছেন সিকিউরিটি, তাদের ধন্যবাদ জানাই। পুলিশের আধিকারিকরা, তাঁরাও আমাদের অনেক সহযোগিতা করেছেন। সুতরাং এই অধিবেশন, মোটামুটি যে কথা সুজন বাবু বলছিলেন, যে যা হোক করে আর কি, আপনি কি যেন একটা শব্দ ব্যবহার করলেন, সুজন বাবু ?

ডঃ সুজন চক্রবর্তী : দোলাচলে।

মিঃ স্পীকার : দোলাচল নয়, ঠিকই চলেছে। দোলাচল নয়, আমাদের ঠিকই চলেছে, সঠিকভাবেই চলেছে অধিবেশন। এবং আপনাদের সহযোগিতা ছাড়া এটা করা সম্ভব হোত না। আমি আপনাদের সবার সুস্বাস্থ্য কামনা করি। সামনে দুর্গাপুজা আসছে, দুর্গাপুজার অগ্রিম অভিনন্দন জানাই সবাইকে। আর একজনের কথা বলে শেষ করবো, আমি দেখছি, আমাদের সমর মুখার্জী, উনি কিন্তু শেষ পর্যন্ত বসে থাকেন। The House stands adjourned sine die.

(Accordingly, the House was adjourned sine die.)

INDEX TO THE

West Bengal Legislative Assembly Proceedings

Vol.-148, No.- VI

(September Session, 2019)

[From 2nd September to 6th September, 2019]

[The 2nd, 3rd, 4th, 5th and 6th September, 2019]

Date : 02.09.2019

Withdrawal of Members from the House

by — Mr. Speaker / P-1

Starred Questions
(to which oral answers were given)

*৩১ — শ্রীমতী শাওনী সিংহ রায় / PP-2-3
Replied by — ডা: শশী পাঁজা / PP-2-3

*৩৮ — শ্রীমতী নার্গিস বেগম / PP-3-5
— শ্রী সমর হাজরা / P-5
— শ্রী দীপক কুমার হালদার / PP-5-6
— শ্রী রুনু দত্ত / P-6
— শ্রীমতী সোনালী গুহ / PP-6-7
— শ্রী বিশ্বজিৎ কুণ্ডু / P-7
Replied by — ডা: শশী পাঁজা / PP-3-7

*৩৩ — শ্রী রফিকুল ইসলাম মন্ডল / PP-8-9
— শ্রীমতী রমা বিশ্বাস / PP-9-10
— শ্রী অসিত মিত্র / P-10
— শ্রীমতী বৈশালী ডালমিয়া / PP-10-11
— শ্রী আমিরুল ইসলাম / PP-11-12
— শ্রী হিতেন বর্মন / P-12
Replied by — ডা: শশী পাঁজা / PP-8-12

*৩৪	—	শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / PP-12-13
	—	শ্রীমতী জাহানারা খান / P-13
	—	শ্রী শীতল কুমার সর্দার / PP-13-14
	—	শ্রী সওকত মোল্লা / P-14
Replied by	—	ডা: শশী পাঁজা / PP-12-14
*৩৬	—	শ্রী জ্যোতির্ময় কর / PP-14-15
	—	শ্রী তন্ময় ভট্টাচার্য / PP-15-16
	—	শ্রী মনোজ চক্রবর্তী / P-16
	—	শ্রীমতী সাবিনা ইয়াসমিন / P-17
Replied by	—	ডা: শশী পাঁজা / PP-14-17
*৩৭	—	শ্রী মুস্তাক আলম / PP-17-18
	—	শ্রী ভূপেন্দ্রনাথ হালদার / PP-18-19
	—	শ্রী রামশঙ্কর হালদার / P-19
Replied by	—	শ্রী জাভেদ আহমেদ খান / PP-17-19

Starred Questions
(to which answer was laid on the 'Table')

*৩৯	—	শ্রী আব্দুল খালেক মোল্লা / PP-19-20

Held Over Starred Questions
(to which answers were held over)

*৩২	—	শ্রী সমীর কুমার জানা / P-21
*৩৫	—	শ্রীমতী রমা বিশ্বাস / P-21

Adjournment Motion

by	—	Shri Abdul Mannan / PP-21-22

Calling Attention (Notices)

by	—	i) Shri Asit Mitra
		ii) Shri Deepak Kumar Haldar (selected) / P-22

Mention Cases

by — শ্রীমতী জাহানারা খান / PP-22-23
— শ্রী রুনু দত্ত / P-23
— শ্রী সুজিত চক্রবর্তী / PP-23-24
— শ্রী অজিত রায় / P-24
— শ্রী প্রদীপ কুমার সাহা / P-24
— শ্রী দীপক কুমার হালদার / P-24
— শ্রী শীতল কুমার সর্দার / PP-24-25
— শ্রী আব্দুল খালেক মোল্লা / P-25
— ডঃ রোহিত শর্মা / P-25
— শ্রী আব্দুল মান্নান / PP-25-26
— শ্রী শেখ ইব্রাহিম আলি / P-26
— শ্রী অসিত মিত্র / P-26

ZERO HOUR

by — ডঃ সুজন চক্রবর্তী / P-27
— শ্রী শেখ আমজাদ হোসেন / P-28
— শ্রী সুজিত চক্রবর্তী / P-28
— শ্রী মুস্তাক আলম / P-29
— শ্রী শ্যামল মন্ডল / PP-29-30
— শ্রী জ্যোতির্ময় কর / P-30

Announcement From The Chair

by — Mr. Speaker / P-32

Date : 03.09.2019

Held Over Starred Questions
(to which oral answers were given)

*৫ — শ্রী রফিকুল ইসলাম মন্ডল / PP-33-34
— শ্রী আখরুজ্জামান / PP-34-35

— শ্রী আমিরুল ইসলাম / P-35
— শ্রী নর্মদা চন্দ্র রায় / PP-35-36
— শ্রী স্বপন কুমার বেলথারিয়া / P-36
— শ্রীমতী মিতালী রায় / PP-36-37
— শ্রীমতী সেলিমা বিবি / P-37
Replied by — শ্রী শুভেন্দু অধিকারী / PP-33-37

Starred Questions
(to which oral answers were given)

*৪০ — শ্রী আব্দুল মান্নান / PP-37-41
— শ্রী আনিসুর রহমান / P-41
— শ্রী কল্লোল খাঁ / P-42
Replied by — শ্রী শুভেন্দু অধিকারী / PP-37-42

*৪১ — শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / PP-42-43
— শ্রী কমলেশ চ্যাটার্জী / PP-43-44
— শ্রী বিশ্বনাথ চৌধুরী / P-44
— শ্রীমতী শ্যামলী প্রধান / P-44
— শ্রী যোগরঞ্জন হালদার / P-44
— শ্রীমতী নার্গিস বেগম / P-45
Replied by — শ্রী মলয় ঘটক / PP-42-45

*৪২ — শ্রীমতী জাহানারা খান / PP-45-46
— শ্রী কালিপদ মণ্ডল / P-47
— শ্রীমতী সাবিনা ইয়াসমিন / PP-47-48
Replied by — শ্রী মলয় ঘটক / PP-45-48

*৪৩ — শ্রী আব্দুল খালেক মোল্লা / P-48
— শ্রী আখরুজ্জামান / PP-48-49
— শ্রী শীতল কুমার সর্দার / P-49
— শ্রীমতী সোনালী গুহ / P-49
Replied by — শ্রী সুজিত বসু / PP-48-49

*88 — শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / PP-50-52

— শ্রী নগেন্দ্রনাথ রায় / P-52

Replied by — ডঃ অমিত মিত্র / PP-50-52

Announcement From The Chair

by — Mr. speaker / PP-52-53

Leave of Absence

by Smt. Rahima Mondal / P-53

Adjournment Motion

by — ডঃ সুজন চক্রবর্তী

— শ্রী স্বাধীন কুমার সরকার / PP-53-54

CALLING ATTENTION (NOTICES)

by — (i) Shri Asit Mitra (selected)

(ii) Shri Ram Shankar Haldar

(iii) Shri Dulal Chandra Bar

(iv) Shri Sujit Chakraborty

(v) Shri Samir Kumar Jana / P-55

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORTS AND ACCOUNTS / P-56

MENTION CASES

by — শ্রীমতী রমা বিশ্বাস / P-57

— শ্রী রফিকুল ইসলাম / P-57

— শ্রী মনোজ চক্রবর্তী / P-57

— শ্রী সুজিত চক্রবর্তী / P-58

— শ্রী দুলাল বর / P-58

— শ্রী নগেন্দ্রনাথ রায় / P-59

— শ্রী অজিত রায় / P-59

— শ্রী ইব্রাহিম আলি / P-59

— শ্রী ঈদ্রিশ আলি / P-59

— শ্রী সমীর কুমার জানা / P-59
— শ্রী রফিকুল ইসলাম মন্ডল / PP-59-60
— শ্রীমতী নার্গিস বেগম / P-60
— শ্রী উজ্জ্বল চ্যাটার্জী / P-60
— শ্রী কল্লোল খাঁ / P-60
— শ্রী পার্থ ভৌমিক / P-61

SUSPENSION OF MEMBER FROM THE SERVICE OF THE HOUSE

by — Mr. Speaker / PP-61-62

ZERO HOUR

by — শ্রী সুজিত চক্রবর্তী / P-62
— শ্রীমতী সোনালী গুহ / P-62
— শ্রী জ্যোতির্ময় কর / PP-62-63
— শ্রীমতী সাবিনা ইয়াসমিন / P-63
— শ্রী তমোনাশ ঘোষ / P-63
— শ্রী রামশঙ্কর হালদার / P-64

LEGISLATION

The West Bengal Staff Selection Commission (Repealing) (Repealing) Bill, 2019

Consideration and Passing / PP-64-84

discussed by — শ্রী অসিত মিত্র / PP-64-68
— শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য / PP-68-70
— শ্রী শেখ ইব্রাহিম আলি / PP-70-71
— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / PP-72-73
— শ্রী মলয় ঘটক / PP-73-78

Replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-78-80

Date : 04.09.2019

Held Over Starred Questions
(to which oral answers were given)

*১০ — শ্রীমতী গীতারানী ভূঁঞ্যা / PP-85-87
— শ্রী প্রদীপ সাহা / P-87
— শ্রীমতী সেলিমা খাতুন / P-87
— শ্রী আনিসুর রহমান / PP-87-88
— শ্রী সমর হাজরা / P-88
— শ্রী স্বপন বেলথারিয়া / P-88
Replied by — শ্রী স্বপন দেবনাথ / PP-85-88
*১৩ — শ্রী সুজিত চক্রবর্তী / PP-89-90
— শ্রী মনোজ চক্রবর্তী / P-90
— শ্রীমতী সোনালী গুহ / P-90
— শ্রী কল্লোল খাঁ / P-90
— শ্রী ধীরেন্দ্রনাথ লায়েক / P-91
— শ্রীমতী নার্গিস বেগম / PP-91-92
Replied by — শ্রী স্বপন দেবনাথ / PP-89-92

Starred Questions
(to which oral answers were given)

*৪৬ — শ্রী জ্যোতির্ময় কর / PP-92-94
— শ্রী রফিকুল ইসলাম মন্ডল / PP-94-95
— শ্রী বিশ্বজিৎ কুণ্ডু / PP-95-96
Replied by — শ্রী উজ্জ্বল বিশ্বাস / PP-92-96
*৪৭ — শ্রী বিশ্বনাথ চৌধুরী / PP-96-97
— শ্রী নেপাল মাহাতো / P-97
— শ্রীমতী ফিরোজা বেগম / P-97
Replied by — শ্রী উজ্জ্বল বিশ্বাস / PP-96-97
*৪৮ — শ্রী দেবেশ মন্ডল / PP-98-100
— শ্রীমতী সাবিনা ইয়াসমিন / P-100
— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / PP-100-101

— শ্রী হিতেন বর্মন / P-101

— শ্রী রামশঙ্কর হালদার / P-101

— ডঃ সুজন চক্রবর্তী / P-102

Replied by — শ্রী সুব্রত মুখার্জ্জী / PP-98-102

Starred Questions

(to which oral answer was laid on the 'Table')

*৪৫ — শ্রী নর্মদা চন্দ্র রায় / P-102

ADJOURNMENT MOTION

by — শ্রী আব্দুল মান্নান / PP-103-104

CALLING ATTENTION (NOTICES)

by — (i) Shri Sekh Sahonawez

(ii) Shri Ram Shankar Haldar

(iii) Smt. Jahanara Khan

(iv) Shri Idris Ali

(v) Shri Moshtaque Alam

(vi) Shri Bisowajit Kundu (Selected) / PP-104-105

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORT

Reports of the Examiner of Local Accounts on Urban Local Bodies, West Bengal for the years 2015-2016 and 2016-2017.

by — Shri Firhad Hakim / P-105

MENTION CASES

Raised by — শ্রী তন্ময় ভট্টাচার্য / PP-105-106

— শ্রী শেখ ইব্রাহিম আলি / P-106

— শ্রী শেখ শাহনাওয়াজ / P-106

— শ্রী হিতেন বর্মন / P-106

— শ্রী শীতল কুমার সর্দার / P-106

— শ্রী বিশ্বজিৎ কুণ্ডু / PP-106-107

— শ্রী অসীম মাঝি / P-107

— শ্রী পুলিনবিহারী রায় / P-107
— শ্রীমতী নার্গিস বেগম / P-107
— শ্রী রুনু দত্ত / P-107
— শ্রীমতী জাহানারা খান / P-108
— শ্রী রামশঙ্কর হালদার / P-108
শ্রী রফিকুল ইসলাম / P-108
— শ্রী সুজিত চক্রবর্তী / P-108
— শ্রী অজিত রায় / P-109
— শ্রী মনোজ চক্রবর্তী / P-109
— শ্রী প্রদীপ কুমার সাহা / P-109
— শ্রী মোস্তাক আলম / P-109

ZERO HOUR

by — শ্রী আনিসুর রহমান / PP-109-110
— শ্রী রুনু দত্ত / P-110
— শ্রী মোস্তাক আলম / PP-110-111
— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / P-111
— শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য / P-111
— শ্রী শ্যামল মন্ডল / PP-111-112

LEGISLATION

The Swami Vivekananda University Bill, 2019
Introduction, Consideration and Passing / PP-112-143

duscussed by — শ্রী নেপাল মাহাতো / PP-113-116
— শ্রী ব্রজমোহন মজুমদার / PP-116-118
— শ্রী শেখ ইব্রাহিম আলি / PP-118-120
— শ্রী জ্যোতির্ময় কর / PP-120-123
— শ্রী প্রদীপ কুমার সাহা / PP-124-127
— ডঃ রমেন্দ্রনাথ বিশ্বাস / PP-127-128
— শ্রী অসিত মিত্র / PP-129-134
Replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-134-137

Report of the Business Advisory Committee

by — Mr. Speaker / PP-123-124

Motion

by — ডঃ পার্থ চ্যাটার্জী / P-124

Date : 05.09.2019

LEGISLATION

The Hindi University, West Bengal, 2019

Introduction, Consideration and Passing / PP-145-173

duscussed by — শ্রী মনোজ টিগ্গা / PP-146-147
— শ্রী লক্ষ্মীরতন শুক্লা / PP-147-149
— শ্রী আলি ইমরান রামজ / PP-149-150
— শ্রী ব্রজমোহন মজুমদার / PP-150-152
— ডঃ সুজন চক্রবর্তী / PP-152-154
— শ্রীমতী বৈশালী ডালমিয়া / PP-154-156
— শ্রীমতী ফিরোজা বেগম / PP-156-158
Replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-159-160

Date : 06.09.2019

Unstarred Questions

(to which written replies were laid on the 'Table')

— শ্রী অসিত মিত্র / PP-175-178
— শ্রীমতী গীতারানী ভুঞ্যা / PP-178-184
— শ্রী অখিল গিরি / P-184
— শ্রী সমর হাজরা / PP-184-185
— শ্রী সমীর কুমার জানা / PP-185-189
— শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / PP-189-190
— শ্রী রুনু দত্ত / PP-190-192
— শ্রী সুজিত চক্রবর্তী / P-193
— শ্রী অসিত মজুমদার / PP-193-194
— শ্রী জ্যোতির্ময় কর / PP-194-195
— শ্রীমতী নার্গিস বেগম / P-195
— শ্রী নর্মদা চন্দ্র রায় / PP-196-197
— শ্রীমতী রমা বিশ্বাস / P-197
— শ্রী সমীর কুমার পোদ্দার / PP-197-200

— শ্রী দেবেশ মন্ডল / PP-200-201
— শ্রী দীপক কুমার হালদার / P-201
— শ্রী নগেন্দ্রনাথ রায় / PP-202-204
— শ্রী হিতেন বর্মন / PP-204-205
— শ্রী আব্দুল খালেক মোল্লা / PP-205-207
— শ্রী প্রদীপ কুমার সাহা / PP-208-209
— প্রদ্যুৎ কুমার ঘোষ / P-209

Starred Questions
(to which oral answers were given)

*৪৯ — শ্রী আব্দুল মান্নান / PP-209-218
— ড. সুজন চক্রবর্তী / PP-218-219
— শ্রী উদয়ন গুহ / PP-219-220
— শ্রীমতী রমা বিশ্বাস / PP-220-221
— শ্রী মনোজ চক্রবর্তী / P-221
Replied by — শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য / PP-209-221
*৫০ — শ্রীমতী গীতারানী ভূঁঞ্যা / PP-221-222
— শ্রীমতী শিউলি সাহা / P-222
— শ্রী কল্লোল খাঁ / PP-222-223
— শ্রী বিশ্বনাথ চৌধুরী / P-223
— শ্রী সমর হাজরা / PP-223-224
— শ্রী আব্দুল খালেক মোল্লা / P-224
— শ্রীমতী প্রতিমা রজক / PP-224-225
— শ্রী রফিকুল ইসলাম মন্ডল / P-225
Replied by — শ্রী শুভেন্দু অধিকারী / PP-221-225
*৫১ — শ্রী বিশ্বনাথ চৌধুরী / PP-225-227
— শ্রী শেখ আমজাদ হোসেন / PP-227-228
Replied by — শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / PP-225-228

Starred Questions
(to which answer was laid on the 'Table')

*৫২ — শ্রী দীপক কুমার হালদার / P-228

ANNOUNCEMENT FROM THE CHAIR

by — Mr. Speaker / P-229

CALLING ATTENTION (NOTICES)

by — (i) Shri Ram Shankar Haldar (Selected)
(ii) Shri Dipak Kumar Halder / PP-229-230

Presentation of Committee Report

by — Shri Narmada Chandra Roy / P-230

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORTS

by — Shri Jyoti Priya Mallick / P-230

MENTION CASES

by — শ্রী রফিকুল ইসলাম মন্ডল / P-231
— শ্রী রামশঙ্কর হালদার / PP-231-232
— শ্রী প্রদীপ কুমার সাহা / P-232
— শ্রী মনোজ চক্রবর্তী / P-232
— শ্রী ইব্রাহিম আলি / PP-232-233
— শ্রী দীপক কুমার হালদার / P-233
— শ্রী ঈদ্রিশ আলি / P-233
— শ্রী কল্লোল খাঁ / P-233

Motion Under Rule 185

discussed by — শ্রী অসিত মিত্র / PP-234-238
— শ্রী স্বাধীন কুমার সরকার / PP-238-240
— শ্রী আলি ইমরান রামজ / PP-240-241
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-241-245
— শ্রী মনোজ টিগ্গা / PP-245-247
— ডঃ সৌরভ চক্রবর্তী / PP-247-249
— শ্রী নর্মদা চন্দ্র রায় / PP-249-250
— শ্রী উদয়ন গুহ / PP-250-252
— ডঃ সুজন চক্রবর্তী / PP-252-257
— শ্রী আব্দুল মান্নান / PP-257-260
— শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-260-268

— ডঃ পার্থ চ্যাটার্জী / P-268

Replied by — শ্রী ফিরহাদ হাকিম / PP-268-269

Closing of the Fourteenth Session of the 16th Legislative Assembly

by — Mr. Speaker / PP-269-271

Vote of Thanks

Speech delivered by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-271-272
— শ্রী আব্দুল মান্নান / PP-272-273
— শ্রী সুজন চক্রবর্তী / PP-273-274
— শ্রী নর্মদা চন্দ্র রায় / P-274
— শ্রী মনোজ টিগ্গা / P-274
— শ্রী নির্মল ঘোষ / PP-274-275
— মি: স্পিকার / PP-275-277

Printed at:
Saraswaty Press Ltd.
11 B.T. Road, Kolkata - 700 056

SPL-2021-300-LAP-077(308)